CUK-H04595-46-G146569

আঞ্চলিক
বাংলা ভাষার অভিধান

46

পঞ্চম খণ্ড
(গু — ঘ)

প্রধান সম্পাদক
উজ্জ্বলকুমার মজুমদার

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY

কলিকাতা বিশ্ববিদ্যালয়
কলিকাতা ৭০০ ০৭৩

আঞ্চলিক বাংলা ভাষার অভিধান
পঞ্চম খণ্ড (গু—ঘ)
A Dictionary of Dialectal Bengali Language
Vol–V

প্রথম প্রকাশ : ডিসেম্বর ২০১২

প্রকাশক : শ্রীপ্রদীপকুমার ঘোষ
সুপারিনটেনডেন্ট ॥ কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রেস
Publisher Pradip Kumar Ghosh
Superintendent. Calcutta University Press

© শিক্ষাবিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
© Education Department
Government of West Bengal

ফটো টাইপ সেটিং
ওয়ার্ড ওয়ার্কস
৯ শ্যামাচরণ দে স্ট্রীট, কলকাতা-৭৩

মুদ্রণ
কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রেস

প্রচ্ছদ : তপন কর

দাম : দুই শত টাকা মাত্র
Price Rs. Two hundred only

G-146569

উৎসর্গ

ড. সুভদ্রকুমার সেন

ড. তুষারকান্তি মহাপাত্র

আঞ্চলিক বাংলা ভাষার অভিধান

সম্পাদকমণ্ডলী

ড: বেলা দত্তগুপ্ত
ড: উজ্জ্বলকুমার মজুমদার
ড: সত্যরঞ্জন বন্দ্যোপাধ্যায়
ড: পরেশচন্দ্র মজুমদার
ড: সুহৃদকুমার ভৌমিক
ড: সুভাষচন্দ্র বন্দ্যোপাধ্যায়

গবেষকমণ্ডলী

কেশব আড়ু
মায়াদীপা চক্রবর্তী
ড: দীপ্তি জানা
বাসুদেব মোশেল
সুজাতা রায়

সহায়ক কর্মী

চন্দ্রকান্ত ভট্টাচার্য

সূচিপত্র

শুভেচ্ছা
উপাচার্য, কলিকাতা বিশ্ববিদ্যালয়

প্রসঙ্গ-কথা

প্রতিবর্ণীকরণ (I.P.A)

বর্তমান অভিধানে ব্যবহৃত বর্ণানুক্রম

সংকেতসূচি
ব্যাকরণ
গ্রন্থ
গ্রন্থকার

জেলা নামের সংকেত

থানা নামের সংখ্যাসূচক সংকেত

অভিধান ১—১৪৭

Professor Suranjan Das
M.A. (Cal), D. Phil (Oxon)

Vice-Chancellor
University of Calcutta
&
Member, Indian Council of Historical Research
Government of India.

UNIVERSITY OF CALCUTTA
SENATE HOUSE, 87/1 COLLEGE STREET
KOLKATA - 700 073, WEST BENGAL, INDIA
Phone :2219-3763
TeleFax :2241-3288
Fax :2257-3026
E-mail :suranjandas2000@yahoo.co.in
suranjan323@gmail.com

No. ....

নভেম্বর ২, ২০১২
Date ....

শুভেচ্ছা

খুবই খুশির কথা যে, গবেষণা পরিষদের উদ্যোগে কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে 'আঞ্চলিক বাংলা ভাষার অভিধান-এর চতুর্থ ও পঞ্চম খণ্ড প্রকাশিত হতে চলেছে। নগরায়নের চাপে গ্রামজীবন সংকুচিত এবং ক্রমান্বয়ে বিবর্ণ হয়ে যাচ্ছে। অনুরূপভাবে উচ্চতর সংস্কৃতির চাপে লোকসংস্কৃতিও হারিয়ে যেতে বসেছে। বিংশ শতাব্দীর নানা সময়ে রবীন্দ্রনাথ, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, মুহম্মদ শহীদুল্লাহ, সুনীতিকুমার চট্টোপাধ্যায় প্রমুখ মনীষীগণ এ বিষয়ে যথেষ্ট যত্নবান হবার আবেদন রেখেছিলেন। রবীন্দ্রনাথ ছাত্রদের সভায় একদা (১৯০৬) বলেছিলেন : *"দেশী ভাষার ব্যাকরণ চর্চা করো, অভিধান সংকলন করো, পল্লী হইতে দেশের আভ্যন্তরিক বিবরণ সংগ্রহ করো।"* মুহম্মদ শহীদুল্লাহ, কামিনীকুমার রায় প্রমুখ সেই কাজ অনেকটা করেছিলেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রাক্তন অধ্যাপক অসিতকুমার বন্দ্যোপাধ্যায় ও উজ্জ্বলকুমার মজুমদারের সাগ্রহ তৎপরতায় গবেষণা পরিষদের কয়েকজন গবেষক গ্রামজীবনের ভাষা-সংস্কৃতিকে ভিত্তি করে, 'আঞ্চলিক বাংলা ভাষার অভিধান' সংকলনে নিযুক্ত হয়ে রয়েছেন। এই জটিল আর্থিক সংকটের দিনে স্বল্পমাত্র মাসিক ভাতা সম্বল করে গবেষকদের এই কর্মকাণ্ড অবশ্যই প্রশংসার দাবি রাখে।

ড: অসিতকুমার বন্দ্যোপাধ্যায়ের প্রয়াণের পর ড: উজ্জ্বলকুমার মজুমদারের উপর এই কাজ পরিচালনার পূর্ণ দায়িত্ব এসে পড়েছে। এই প্রবীণ বয়সেও তিনি যেভাবে কাজটির পরিণতি দান করে চলেছেন তা অবশ্যই ধন্যবাদার্হ। কাজটির সম্পূর্ণ পরিণতি কামনা করি।

সুরঞ্জন দাস।

(সুরঞ্জন দাস)
উপাচার্য
কলিকাতা বিশ্ববিদ্যালয়

প্রসঙ্গ-কথা

অনিবার্য কারণে শব্দের আদিতে 'গ' দিয়ে সমূহ শব্দাবলি চতুর্থ খণ্ডে দেওয়া গেল না। প্রথমত, বর্ণ-সংস্থাপনের কাজটি এতোই জটিল যে, কোনো সংস্থাই কাজটি করতে রাজি নয়। খোদ বিশ্ববিদ্যালয়ের প্রেসই রাজি হয়নি। অনেক খোঁজাখুঁজির পর একটি সংস্থাকে সম্মত করা গিয়েছিল। কিন্তু তাদের কাজের গতি এতো মন্থর যে 'গ' দিয়ে শব্দাবলিকে দ্বিভাগ করে অপর একটি সংস্থাকে দিতে বাধ্য হয়েছি। সেখানে 'গ'-এর শেষ অংশ এবং 'ঘ' দিয়ে শব্দাবলির বর্ণ-সংস্থাপন হয়েছে।

দ্বিতীয়ত ঐ সংস্থার I. P. A.-এর হরফে কিঞ্চিৎ ভিন্ন রূপ আছে। তাই একই খণ্ডে দুই রকম হরফ যাতে না হয়, সেজন্য 'গু' থেকে 'ঘ' পর্যন্ত শব্দাবলি দিয়ে পঞ্চম খণ্ডের পরিকল্পনা করতে বাধ্য হয়েছি। মূলত কাজটির গতি অব্যাহত রেখে কাজটির সফল রূপ দেওয়াই লক্ষ্য।

পরিশেষে সবার কাছে পুনরায় নিবেদন করছি যে, সকলের সহযোগিতা আমাদের একান্ত কাম্য।

উজ্জ্বলকুমার মজুমদার
গবেষণা পরিষদ
কলিকাতা বিশ্ববিদ্যালয়

প্রতিবর্ণীকরণ
আন্তর্জাতিক ধ্বনিবর্ণমালা (I.P.A)

অ	আ	ই	উ	এ
ɔ	a	i	u	e
এ্য	এ্যা	ঐ	ও	ঔ
ɛ	æ	oĭ	o	oŭ

ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ
k	k^h	g	g^h	ŋ	c	c^h	j
ঝ	ট	ঠ	ড	ঢ	ত	থ	দ
j^h	ʈ	$ʈ^h$	ɖ	$ɖ^h$	t̪	$t̪^h$	d
ধ	ন	প	ফ	ব	ভ	ম	র
d^h	n	p	p^h	b	b^h	m	r
ল	শ	স	হ	ড়	ঢ়	ং	ঁ
l	ʃ	s	h	ɽ	$ɽ^h$	ŋ	~

বর্তমান অভিধানে ব্যবহৃত বর্ণানুক্রম

অ	আ	ই	উ	এ	এ্যা	ঐ	ও	ঔ				
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ	ট	ঠ	ড	ঢ
ত	থ	দ	ধ	ন	প	ফ	ব	ভ	ম	র	ল	শ
ষ	স	হ	ড়	ঢ়								

* আনুনাসিকভাবে উচ্চারিত বর্ণের স্থান মূল বর্ণের পরে

সংকেত সূচি

ব্যাকরণ

অনুজ্ঞা—অনু
অব্যয়—অ
অসমাপিকা ক্রিয়া—অস ক্রি
অসমীয়া—অস
অস্ট্রিক শব্দাবলী—অস্ট্রিক
আদর্শ বাংলা—আ বা
আনুমানিক—★
আরবি—আ
ইংরাজি—ইং
ওড়িয়া—ও
ক্রিয়া—ক্রি
ক্রিয়া বিশেষণ—ক্রি বিণ
তুর্কী—তুর্কী
তুলনীয়—তু
দ্রাবিড়—দ্রা
পর্তুগীজ—প
পালি—পা
প্রাকৃত—প্রা
প্রাচীন বাংলা—প্রা বা
ফারসি—ফা
বিশেষণ—বিণ
বিশেষ্য—বি
মধ্য বাংলা—ম বা
সম্বোধন—সম্বো
সর্বনাম—সর্ব
সাঁওতালি—সাঁও
সাদরি—সাদরি

গ্রন্থ

উদ্ভিদ অভিধান—উ অ
কাঁচের কাঞ্চনমালা—কাঁচ
(গোলকনাথ বসু)

জীব অভিধান—জী অ
চর্যাপদ—চর্যা
চলন্তিকা—চল
(রাজশেখর বসু)

দোহাকোষ—দোহা
বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান—আঞ্চলি
ভাষার অভিধান
লৌকিক শব্দকোষ—লৌকিক
(কামিনীকুমার রায়)
শ্রীকৃষ্ণকীর্তন—শ্রীকৃষ্ণ
সোণার পাথরবাটি—সোণা
(গোলকনাথ বসু)

A Comparative Dictionary of the Indo-Aryan Language
by R. L. Turner —Turner

Campbell's English-Santali Dictionary
Edited by R. M. Macphail
—Campbell

Campbell's Santali-English Dictionary
Edited by R. M. Macphail
—Mac

গ্রন্থকার

জ্ঞানেন্দ্রমোহন দাস—দাস
সুকুমার সেন (লিখিত বই)—সেন
সুকুমার সেন (মৌখিক অভিমত)—সু সেন
সুনীতিকুমার চট্টোপাধ্যায়—চট্টো
হরিচরণ বন্দ্যোপাধ্যায়—বন্দ্যো

জেলা নামের সংকেত

কোচবিহার	—	কোচবি
চব্বিশ পরগনা	—	চব্বিশ
জলপাইগুড়ি	—	জলপা
দার্জিলিং	—	দার্জিলি
নদীয়া	—	নদীযা
পশ্চিম দিনাজপুর	—	পদিনা
পুরুলিযা	—	পুরুলি
বর্ধমান	—	বর্ধমা
বাঁকুড়া	—	বাঁকুড়া
বীরভূম	—	বীরভূ
মালদহ	—	মালদা
মুর্শিদাবাদ	—	মুর্শিদা
মেদিনীপুর	—	মেদিনী
হাওড়া	—	হাওড়া
হুগলি	—	হুগলি

[নব গঠিত জেলার নাম ব্যবহৃত হযনি]

থানা নামের সংখ্যাসূচক সংকেত

কোচবিহার

কোচবিহার-১
তুফানগঞ্জ-২
দিনহাটা-৩
মাথাভাঙ্গা-৪
মেখলিগঞ্জ-৫
শীতলকুচি-৬
সীতাই-৭
হলদিবাড়ি-৮

চব্বিশ পরগনা

আমডাঙ্গা-১
আমতলা-২
আলিপুর-৩
কাকদ্বীপ-৪
কাঁচড়াপাড়া-৫
কুলতলি-৬
কুলপি-৭
ক্যানিং-৮
খড়দহ-৯
গাইঘাটা-১০
গোসাবা-১১
জগদ্দল-১২
জয়নগর-১৩
টিটাগড়-১৪
ডায়মণ্ডহারবার-১৫
দেগঙ্গা-১৬
নামখানা-১৭
নৈহাটি-১৮
পাথরপ্রতিমা-১৯
ফলতা-২০
বনগাঁ-২১
বসিরহাট-২২
বাগদা-২৩
বাদুড়িয়া-২৪
বারাসাত-২৫
বারুইপুর-২৬
বাসন্তী-২৭
বিষ্ণুপুর-২৮
ব্যারাকপুর-২৯
ভাঙ্গড-৩০
মগরাহাট-৩১
মথুরাপুর-৩২
মন্দিরবাজার-৩৩
সাগরদ্বীপ-৩৪
সোনারপুর-৩৫
স্বরূপনগর-৩৬
হাবড়া-৩৭
হাসনাবাদ-৩৮
হেলেঞ্চা-৩৯

জলপাইগুড়ি

আলিপুরদুয়ার-১
কুমারগ্রাম-২
জলপাইগুড়ি-৩
ধূপগুড়ি-৪
নাগরাকাটা-৫
ফালাকাটা-৬
ময়নাগুড়ি-৭
মাদারিহাট-৮
মালবাজার-৯
রাজগঞ্জ-১০

দার্জিলিং

খড়িবাড়ি-১
নকশালবাড়ি-২
ফাঁসিদেওয়া-৩
শিলিগুড়ি-৪

নদীয়া

করিমপুর-১
কালীগঞ্জ-২
কৃষ্ণগঞ্জ-৩
কৃষ্ণনগর কোতোয়ালি-৪
চাকদহ-৫
চাপড়া-৬
তেহট্ট-৭
নবদ্বীপ-৮
নাকাশিপাড়া-৯
রানাঘাট-১০
শান্তিপুর-১১
হরিণঘাটা-১২
হাঁসখালি-১৩

পশ্চিম দিনাজপুর (উত্তর ও দক্ষিণ একত্রে)

ইটাহার-১
ইসলামপুর-২
করণদীঘি-৩
কালিয়াগঞ্জ-৪
কুমারগঞ্জ-৫
কুশমুণ্ডি-৬
গঙ্গারামপুর-৭
গোয়ালপুকুর-৮
চোপড়া-৯
তপন-১০
বংশীহারী-১১
বালুরঘাট-১২
রায়গঞ্জ-১৩
হিলি-১৪
হেমতাবাদ-১৫

পুরুলিয়া

আদ্রা-১
আরশা-২
কাশীপুর-৩
জয়পুব-৪
ঝালদা-৫
নিতুরিয়া-৬
পাড়া-৭
পুঞ্চা-৮
পুরুলিযা-৯
বরাভূম ববাবাজার-১০
বলরামপুর-১১
বাঘমুণ্ডি-১২
বান্দোয়ান-১৩
মানবাজার-১৪
রঘুনাথপুব-১৫
সাঁতুড়ি-১৬
হুড়া-১৭

বর্ধমান

অণ্ডাল-১
আউসগ্রাম-২
আসানসোল-৩
কাঁকসা-৪
কাটোয়া-৫
কালনা-৬
কেতুগ্রাম-৭
কুলটি-৮
খণ্ডঘোষ-৯
পূর্বস্থলী-১৪
ফরিদপুর-১৫
বর্ধমান-১৬
বার্নপুর-১৭
বারাবনি-১৮
বুদবুদ-১৯
ভাতার-২০
মঙ্গলকোট-২১
মন্তেশ্বর-২২
গলসী-১০
চিত্তরঞ্জন-১১
জামালপুব-১২
জামুড়িয়া-১৩
মেমারি-২৩
রানীগঞ্জ-২৪
রায়না-২৫
সালানপুব-২৬

বাঁকুড়া

ইন্দপুব-১
ইন্দাস-২
ওন্দা-৩
কোতুলপুর-৪
খাতড়া-৫
গঙ্গাজলঘাঁটি-৬
ছাতনা-৭
জয়পুর-৮
তালডাংরা-৯
পাত্রসায়ার-১০
বড়জোড়া-১১
বাঁকুড়া-১২
বিষ্ণুপুর-১৩
মেজিযা-১৪
রাইপুর-১৫
রানীবাঁধ-১৬
শালতোড়া-১৭
সিমলাপাল-১৮
সোনামুখী-১৯

বীরভূম

ইলামবাজার-১
খয়বাশোল-২
দুবরাজপুর-৩
নলহাটি-৪
নান্নুর-৫
বোলপুর-৬
ময়ূরেশ্বর-৭
মহম্মদবাজার-৮
মুরারই-৯
রাজনগর-১০
রামপুরহাট-১১
লাভপুর-১২
সাঁইথিয়া-১৩
সিউড়ি-১৪

মালদহ

ইংরেজবাজার-১
কালিয়াচক-২
খড়বা-৩
গাজল-৪
চাঁচল-৫
বামনগোলা-৬
মানিকচক-৭
মালদা (পুরানো মালদা)-৮
রতুয়া-৯
হবিবপুর-১০
হরিশ্চন্দ্রপুব-১১

মুর্শিদাবাদ

কাগ্রাম-১
কান্দি-২
খড়গ্রাম-৩
জঙ্গীপুর-৪
জলঙ্গী-৫
জিয়াগঞ্জ-৬

ধুলিয়ান-৭
ডোমকল-৮
নওদা-৯
নবগ্রাম-১০
ফরাক্কা-১১
বরঞা-১২
বহরমপুর-১৩
বেলডাঙা-১৪
ভগবানগোলা-১৫
ভরতপুর-১৬
রঘুনাথগঞ্জ-১৭
রানীনগর-১৮
লালগোলা-১৯
লালবাগ-২০
সাগরদীঘি-২১
সামসেরগঞ্জ-২২
সুতি-ঔরঙ্গাবাদ-২৩
হরিহরপাড়া-২৪

মেদিনীপুর (পূর্ব ও পশ্চিম একত্রে)

এগরা-১
কাঁথি-২
কেশপুর-৩
কেশিয়ারি-৪
খড়্গপুর-৫
খেজুরি-৬
গড়বেতা-৭
গোপীবল্লভপুর-৮
গোয়ালতোড়-৯
ঘাটাল-১০
চন্দ্রকোনা-১১
জামবনী-১২
ঝাড়গ্রাম-১৩
ডেবরা-১৪
তমলুক-১৫
দাঁতন-১৬
দাসপুর-১৭
দীঘা-১৮
নন্দীগ্রাম-১৯
নয়াগ্রাম-২০
নারায়ণগড়-২১
পটাশপুর-২২
পাঁশকুড়া-২৩
পিংলা-২৪
বিনপুর-২৫
ভগবানপুর-২৬
ময়না-২৭
মহিষাদল-২৮
মেদিনীপুর-২৯
মোহনপুর-৩০
রামনগর-৩১
শাঁকরাইল-৩২
শালবনি-৩৩
সবং-৩৪
সুতাহাটা-৩৫
হলদিয়া-৩৬

হাওড়া

আমতা-১
উদয়নারায়ণপুর-২
উলুবেড়িয়া-৩
জগাছা-৪
ডোমজুড়-৫
পাঁচলা-৬
বাউড়িয়া-৭
বাগনান-৮
বালি-৯
শ্যামপুর-১০
সাঁকরাইল-১১
হাওড়া-১২

হুগলি

আরামবাগ-১
উত্তরপাড়া-২
কোন্নগর-৩
খানাকুল-৪
গোঘাট-৫
চণ্ডীতলা-৬
চুঁচুড়া-৭
জাঙ্গীপাড়া-৮
তারকেশ্বর-৯
দাদপুর-১০
ধনিয়াখালি-১১
পাণ্ডুয়া-১২
পুড়শুড়া-১৩
পোলবা-১৪
বলাগড়-১৫
মগরা-১৬
শ্রীরামপুর-১৭
সিঙ্গুর-১৮
হরিপাল-১৯

গুই[১] **gũĭ** বি গুনিন a man with an occult power (মেদিনী ৬)

গুই[২] **gũĭ** বিণ ঘোলা turbid গুঁই গ্যাছে—(জল) ঘোলা হয়ে গেছে (মেদিনী ৩৫)

গুঁই[৩] **gũĭ** বি গরুর দড়ির খুঁটো a peg (বীরভূ ৩) **~ছুঁই gũĭc^{h}ũĭ** গুণ সূঁচ (নদিয়া ১১) **~ছুঁচ gũnĭc^{h}uc** দ্র গুঁই ছুঁই (নদিয়া ৭ বর্ধমা ২৩)

গুই আড়ুকেল্ guĭ aɽkel বি গোসাপ varanus salvator (চব্বিশ ৫)

গুইওড়্ gũĭoɽ বি গুগলি oyster (মালদা ১১)

গুঁই গুঁই আঁধার gũĭ gũĭ ãd^{h}ar বিণ ঘুটঘুটে অন্ধকার deep darkness (পুরুলি ১৩)

গুইচে নেওয়া guĭce neŏa ক্রি গুছিয়ে নেওয়া to make things orderly কাজটাকে গুইচে নেই দাঁড়া—কাজটাকে গুছিয়ে নিই, দাঁড়া (নদিয়া ১০)

গুইজ্[১] **gũĭj** দ্র গুঁই[১] (বীরভূ ১০, ৩৪)

গুইট্ gũĭt বি গোড়ালি the ankle (মেদিনী ১৬)

গুইট্লা gũĭtla বি গুলির মতো like a small round ball (বর্ধমা ২৬)

গুইটায়েঁ রাকা gũĭtaẽ raka ক্রি গুছিয়ে রাখা to keep things in order ঠাট্‌বাট্ গিলা গুঁইটায়েঁ রাক্, আল্‌মাল্ কইরে পালায়ে দিয়েছিস—জিনিসপত্রগুলো গুছিয়ে রাখ, এলোমেলো করে ফেলে দিয়েছিস (পুরুলি ৮)

গুইঠা guĭt^{h}a বি ঘুঁটে a cake of dried cow-dung used as fuel (মেদিনী ২৮, ৩৪) > গো বিষ্ঠা

গুঁইঠা[১] **gũĭt^{h}a** দ্র গুইঠা (মুর্শিদা ১১)

গুঁইঠা[২] **gũĭt^{h}a** বি লাথি a kick গুঁইঠাই দিমু—লাথি মারবো (মেদিনী ৮, ২০)

গুঁইঠি gũĭt^{h}i দ্র গুঁইট্ মোর গুঁইটি ফুলি গ্যালা—আমার গোড়ালি ফুলে গেল (মেদিনী ৮, ২০)

গুঁইঠে gũĭt^{h}e দ্র গুঁইট্ গুঁইঠের উপোর কাপোড় পরেচে—গোড়ালির উপর কাপড় পরেছে (মেদিনী ১৬)

গুঁইঠ্যা gũĭt^{h}æ দ্র গুইঠা[২] (পুরুলি ৫)

গুইড্ড্যা guiɖɖæ দ্র গুঁইঠি (মুর্শিদা ২)

গুঁইড়্চ্যা gũĭ[cæ বি কাঠবিড়ালি a squirrel (বাঁকুড়া ১)

গুঁইড়া gũĭ[a বিণ অলস, কুঁড়ে idle (মেদিনী ২৫) < কুঁইড়া

গুঁইড়া পিম্‌ড়া gũĭ[a pim[a বি ছোট লাল রঙের পিপঁড়া (গুঁড়িপিপড়ে small red ant (মেদিনী ১৭)

গুইড়ানো guĭ[ano ক্রি [বাদ্যযন্ত্র] জোরে বাজানো to play

গুঁইড়্চ্যা

drums loudly ধামসাটা খুব গুইড়্ছে—ধামসাটা খুব জোরে বাজছে (পুরুলি ৩৭)

গুঁইড়ো gũĭ[o বি নৌকার কাঠামোর মধ্যস্থল the bottom of a boat (মুর্শিদা ২৪)

গুঁইড়্যা[১] **gũĭ[æ** বি কুঁড়ো (ধানের) rice-powder (মুর্শিদা ১৯)

গুঁইড়্যা[২] **gũĭ[æ** বিণ মিঠে (গুড়) sweet ঝোলটা বড় গুঁইড়্যা হঁয়ে গ্যাচে—ঝোলটা বড় মিঠে হয়ে গেছে (বাঁকুড়া ৬) তু গুড় (আ বা)

গুঁইড়্যা[৩] **gũĭ[æ** বি পুকুর a pond (মেদিনী ২৮)

গুইধা guĭd^{h}a বি বাচ্চা ছেলে a child (মুর্শিদা ২০)

গুইধামো guĭd^{h}amo বিণ ছেলেমানুষি childishness অতো গুইধামো করিস না—অত ছেলেমানুষি করিস না (মুর্শিদা ১৭)

গুইন্[১] **guĭn** দ্র গুঁই[১] স্ত্রী (মেদিনী ৩৫)

গুইন্[২] **guĭn** বি চটের বস্তা a sack (বাঁকুড়া ১৮)

গুইনি guĭni বি স্ত্রী-গুনিন, গুনিনের স্ত্রী woman with an occult power, wife of *gunin* দ্র গুঁই[১] (মেদিনী ২৫)

গুইম্‌ঠা guĭmt^{h}a বিণ গোমড়া glum and grave উ বৌউটা গুইম্‌ঠা মুখি—ওই বৌটা খুব গোমড়ামুখি (বীরভূ ৯)

গুঁইয়া নেওয়া gũĭa neŏa ক্রি গুণে নেওয়া to count গুঁইয়া লে—গুণে নে (মেদিনী ২৬)

গুইয়া বোনি guĭa boni বি এক জাতীয় শালিক— কালো রঙের পালক, গলার কাছে সাদা, ঠোঁট হলুদ রঙের a pied myna (sturnopastor contra) (মেদিনী ১৬, ২৮, ৩৫)

গুইয়া মাছি guĭa mac^{h}i বি নীল রঙের মাছি [আম কাঁঠাল পাকা তাল প্রভৃতির গন্ধে এই মাছি আসে] a big sized blue fly (মেদিনী ৩৪)



গুকোকিল্

গুঁইয়ে gũĭe ক্রি ছড়িয়ে (দেওয়া) to lay out ধান গুঁইয়ে দেইসে যাও—ধান ছড়িয়ে দিয়ে যাও (মেদিনী ১৯)

গুঁইরা থাকা guĭra thaka ক্রি ঘুরে থাকা to turn back (মুর্শিদা ১৫)

গুইরানো guĭrano ক্রি গুঁড়ো করা to grind into powder মশলা গুইর্‌বো—মশলা গুঁড়ো করবো (বীরভূ ১০)

গুঁইরে gũĭre দ্র গুঁইট্ (বর্ধমা ২)

গুইল্‌লা guĭlla দ্র গুঁইট্ (বর্ধমা ১৬ মুর্শিদা ২)

গুইল্‌লো guillo দ্র গুঁইট্ (মুর্শিদা ১৪)

গুইল্‌ল্যা[১] guillæ দ্র গুঁইট্ (মুর্শিদা ২৪)

গুইল্‌ল্যা[২] gũillæ দ্র খোনা[৩] (মুর্শিদা ৬)

গুঁইলা gũĭla দ্র গুঁইট্ (বীরভূ ৫)

গুঁইলি guĭli দ্র গুঁইট্ (মুর্শিদা ১৬)

গুইলে guĭle দ্র গুঁইট্ (বর্ধমা ৭, ১৬ মুর্শিদা ১৬)

গুইলে নেওয়া guĭle neŏa ক্রি গুটিয়ে নেওয়া to roll up (চব্বিশ ২৭)

গুইলো[১] guĭlo দ্র গুইল্‌ল্যা (বর্ধমা ৫ মুর্শিদা ১৪)

গুইলো[২] guĭlo দ্র গুঁইট্ (নদিয়া ৭)

গুইল্যা guĭlæ দ্র গুইল্‌ল্যা (মুর্শিদা ১৫)

গুইশাপ্ guĭ/ap দ্র গুই আড়্‌কেল্ (কোচবি ২, ৩, ৬ জলপা ৭)

গুঁইসাপ্ gũĭsap দ্র গুই আড়্‌কেল্ (পদিনা ৮) আ বা গোসাপ

গুঁই হাঁড়োল guĭhã[ol দ্র গুই আড়্‌কেল্ (নদিয়া ৭)

গুইট্‌টা পোকা guĭt[ta poka বি গুবরে পোকা the dung beetle (জলপা ৭)

গুং আল্ guŋal বি জমির আলের চোরাগর্ত concealed hollow on lykes (মুর্শিদা ২)

গুং গো[২] guŋgo বি বোবা mute (বীরভূ ৭) সাঁও—গুঙ্গ (ক্যাম্)

গুক্‌টা পোকা guk[a poka দ্র গুউট্‌টা পোকা (জলপা ২)

গুকোকিল্ gukokil বি কুকা পাখি centropus sinensis (বীরভূ ১১)

গুখোয়া শাড়ি gukhoa /a[i দ্র গুইয়া বোনি (পদিনা ২)

গুগ্‌গুল্ করা guggul kɔra ক্রি হাত পা পুড়ে যাওয়ায় জ্বালা burns on hands & feet (চব্বিশ ১৯)

গুগ্‌লি gugli বি একজাতীয় শামুক [জলে বাস করে, আকৃতিতে একটু লম্বা সরু, এগুলি সাধারণত হাঁসের খাদ্য] a kind of a snail (মেদিনী ৯)

গুগ্‌লি খুর্ gugli khur বি গরুর পায়ের পশ্চাদ্ ভাগে যে খুর থাকে—উপখুর high hoof of the cattle (বাঁকুড়া ৭)

গুগ্‌লি চোক্ gugli cok বি ছোট চোখ small eyed (হুগলি১২)

গুগ্‌লি চোখু gugli cokhu দ্র গুগ্‌লি চোক্ (বর্ধমা ৬)

গুগ্‌লি শামাক্ gugli /amak দ্র গুঁইওড় (চব্বিশ ২১)

গুগ্‌লির্ তর্‌কারি guglir tɔrkari বি একপ্রকার শামুকের তরকারি [কড়াই-এ তেল পাঁচফোড়ন, তেজপাতা দিয়ে গুগ্‌লি গুলি ভাল করে কষতে হবে, তারপর আড়াআড়ি করে কাটা আলু, লম্বাভাবে কাটা বেগুন, সোজাসুজিভাবে কাটা টমেটো, পিঁয়াজ ও শাক ইত্যাদি আনাজ এবং লঙ্কা, হলুদ,জিরে, ধনে বাটা দিয়ে ভাল করে আবার কষে জল দিতে হবে। সিদ্ধ হয়ে গেলে উনুন থেকে নামিয়ে নিতে হবে] a kind of snail curry (বর্ধমা ১০)

গুঁগা gũga বি বোবা mute (চব্বিশ২১)

গুগাচি gugaci বি গরুর লেজের চুল hairs of a cows tail (বীরভূ ৫)

গুগাল্ gugal দ্র গুং আল (বীরভূ ৩, ১৪)

গুগালি gugali দ্র গুগাচি (বীরভূ ১, ২)

গুগি gugi বি মাছ ধরার সরঞ্জাম দ্র ঘুগি[২] (হুগলি১২)

গুগিজ্‌নি gugijni দ্র অর্জুন নুড়ি (মালদা ৭)

গুঁ গুঁইয়ে gũgũie দ্র গুগাঁ (নদিয়া ৯)

গু গু করা gu gu kɔra ক্রি জ্বালা করা burning sensation or pain লঙ্কা বাট্‌থিলি বলিয়্যা হাতটা গু গু করছে—লঙ্কা বাটছিলাম বলে হাতটা জ্বালা করছে (মেদিনী ১, ১৯, ২২, ২৬, ৩৪) গুল্ গুল্ করা (আ বা)

গুগুলি guguli দ্র গুঁইওড় (বর্ধমা ২ বীরভূ ১৪)

গুঙা[১] gu*ŋ*a বি সরু বাতা বা বাখারি—বাঁশের ফালি a piece of split bamboo (মেদিনী ৩৫)

গুঙা[২] gu*ŋ*a দ্র গুঁগা (নদিয়া ৩, ১৩)

গুঁচ্ gũc বি কানের ভিতরের ময়লা ear-wax (মুর্শিদা ৬)

গুচ্ guc বি গুলি খেলায় জরিমানা [যা গুলি দিয়েই দেওয়ার নিয়ম] penalty in marble game (চব্বিশ ১৪)

গুচ্ করা guc kɔra ক্রি জড়ো করা to bring together, to collect আ বা গুছিয়ে অর্থে (গুচ্ছ)। কতকগুলো ধান এ্যাক জায়গায় গুচ্ কোরে আনা হয়—কতকগুলো ধান এক জায়গায় জড়ো করে আনা হয় (বাঁকুড়া ১৪)

গুচ্ক্যা পাথর্ guckæ pat^{h}ɔr বি নুড়ি-পাথর stone-chip (পুরুলি ৩)

গুচ্চাক্ guccak বিণ বেশ কিছু পরিমাণ a certain amount (বাঁকুড়া ৫)

গুচ্চার্ guccar দ্র গুচ্চাক্ (মেদিনী ৯)

গুচ্চেক্ guccek গুচ্চাক্ (বাঁকুড়া ৫, ৬)

গুচ্ছু gucc^{h}u বি গুলি খেলার গর্ত a hole for marble playing (মুর্শিদা ১৭)

গুচ্ছেক্ gucc^{h}ek দ্র গুচ্চাক্ (বাঁকুড়া ৭)

গুচ্ছের্ gucc^{h}er দ্র গুচ্চাক্ (মুর্শিদা ৩, ১৭)

গুচ্দাগ্ gucdag বি গুলি খেলায় একটি নির্দিষ্ট দাগ a specific line or mark in marble playing (চব্বিশ১৪) দ্র গোড়েন গুলি খ্যালা

গুচ্রেক্ gucrek দ্র গুচ্চাক্ (মেদিনী ১৫)

গুচই gucɔĩ বি এক জাতীয় মাছ [দেখতে পাঁকাল মাছের মতো। ঠোঁট সূঁচালো, গায়ে আঁশ আছে, লেজের কাছে কয়েকটি কালো রঙের ফুটকি আছে। সাধারণত খালে-বিলে-পুকুরে এই মাছ পাওয়া যায়] a kind of eel fish (মুর্শিদা ৫)

গুচা[১] guca বি খাম আলু dioscorea alata (মালদা ২ মুর্শিদা ২৩)

গুচা[২] guca বি গরুর গলায় গোল করে যে দড়িটা সব সময় বাঁধা থাকে a rope tied on the cows neck as buckles (মুর্শিদা ১৪)

গুচানো gucano ক্রি ফেলে দেওয়া to remove লাল্ শালুকের বিজার চোপাটা গুচাতে হবে—লাল শালুকের মূলের খোসাটা ফেলে দিতে হবে (বাঁকুড়া ১৬) < ঘুচানো

গুচি[১] guci বি (আটা বা ময়দার) লেচি a lump of dough



গুচি[২]

to be rolled and then fried (চব্বিশ ২১ নদিয়া ৪ হুগলি ১৫)

গুচি[২] guci বি চাষের জমিতে জলসেচের জন্য নির্মিত কাঠামোর বিশেষ অংশ [এই অঞ্চলে বলে 'জাত্, হাওড়ায় বলে 'ডোঙাকল'। এতে জলসেচের জন্য বাঁশের একটা কাঠামো করে। চারটি বাঁশ পুঁতে মূল কাঠামো তৈরি হয়। সেই কাঠামোটি হলো গুচি] a part of an indigeneous equipment used to irrigate plants in a feild (পদিনা ১১)

গুচি[৩] guci বি ধান জমিতে ধানগাছ রোপণ করার সময় একেবারে যে কটি ধানচারা রোপণ করা হয় [ধান চারাগুলি জমিতে রোপণের সময় ৪/৫টির একত্রীকরণের নাম 'গোছ্'] a bunch (বর্ধমা ২, ৬, ১৪) ~ **কাটা guci kaʈa** ক্রি (আটা ও ময়দা) লেচি করা দ্র গুচি[১](বর্ধমা ৬)

গুচি মাচ্ guci mac বি পাঁকাল মাছ a kind of eel fish (পদিনা ৯ মালদা ১ মুর্শিদা ২০)

গুঁচি gũci দ্র গুচই (নদিয়া ৭)

গুচিল্ gucil বি চিল a kind of rapacious bird (মুর্শিদা ১৭)

গুচু খ্যালা gucu k^{h}æla বি একপ্রকার গ্রামীণ খেলা a kind of rural game (বাঁকুড়া ৯)

গুচুটি gucuʈi বি ফসল কাটার পরে যে উৎসব পালিত হয় harvest-festival (চব্বিশ ১৪)

গুছ্ guc^{h} বি ছড়া বা থোকা a bunch এ্যাক্ গুছ্ কলা—এক ছড়া কলা (পুরুলি ৫) গুছ্ < গুচ্ছ

গুছ্ করা guc^{h} kɔra ক্রি গোছ করা to set in due order কাপড় গুলা গুছ্ করে্য রাখ্—কাপড়গুলো গোছ করে রাখ (বাঁকুড়া ১৫ মেদিনী ১১)

গুজ্

গুছ্ কাঠি guchkaʈhi বি লোহার খিল [কোদালের হাতল ঢোকানোর পর যে লোহার খিল গুঁজে দেওয়া হয় হাতল শক্ত করার জন্যে তাকে গুছ্ কাঠি বলে] an extra metal chip inserted in the handle of spade (নদিয়া ৫)

গুছ্না[১] guchna বি আবর্জনা sweepings (মুর্শিদা ১১,১৮, ২৪)

গুছ্না[২] guchna বিণ সারিবদ্ধ arranged in a row or line (মেদিনী ১৫)

গুছ্নি[১] guchni বি বালিশ বা লেপের ওয়াড় a pillow case or quilt case (বাঁকুড়া ১, ৭ মেদিনী ৭, ২৫, ২৬, ৩৪)

গুছ্নি[২] guchni বি ঝালর্ a valance (মেদিনী ৬)

গুছ্ন্যা guchnæ দ্র গুছ্না (মুর্শিদা ২৪)

গুছা[১] guccha বি কাস্তের হাতলের অংশ বিশেষ a part of sickle-handle (নদিয়া ৭)

গুছা[২] guccha ১ দ্র গুঁইড়ো (মুর্শিদা ২৪) ২ বি নৌকার কাঠামোর উপকরণ বিশেষ [নৌকার পাশের তক্তাকে আটকে রাখার জন্য দু পাশের লম্বা কাঠ দুটি ও তৎসংলগ্ন অতিরিক্ত কাঠটির মধ্য দিয়ে নৌকার তলদেশ পর্যন্ত যে কাঠের অর্ধগোলাকৃতি টুকরো পেরেক দিয়ে আটকে রাখা হয়] a wooden part of a boat (চব্বিশ ২১)

গুছা[৩] guccha ক্রি গুটিয়ে নেওয়া to roll up চক্‌রাটা গুছাই দে—চটটা গুছিয়ে দে (মালদা ১১)

গুছাটি guchaʈi বি ১ উলুটি coated with mud and reedy grass (পুরুলি ১৭ বাঁকুড়া ৫, ৬, ১৬) ২ দ্র গান্‌দেয়ালি (বাঁকুড়া ৫) ৩ বি মাটির বাড়ির দেওয়ালে লেপন ও চিত্রাঙ্কনের কাজে ব্যবহৃত মাটি (লাল রঙের মাটিকে বলে লাল গুছাটি এবং সাদা রঙের মাটিকে বলে ছুঁদ্ গুছাটি। সাদা মাটি লেপনের পর তা শুকনো হওয়ার আগে আঙুল দিয়ে নানা রকম নক্‌শা আঁকা হয়] coloured earth used for wall painting (পুরুলি ৩)

গুছাতি guchati দ্র গুছাটি (বাঁকুড়া ৫, ১৬) **~মাটি guchati maʈi** বি মাটির দেওয়াল তৈরির পর মসৃণতা আনার জন্য যে পাতলা মাটি দেওয়ালে লেপা হয় [এতে বালির ভাগ কম থাকায় আঠালো হয় এবং কম ফাটে] coated with mudy sand (পুরুলি ১০)

গুছানি guchani বিণ কাজে পটু expert মেয়েটা ভালো গুছানি নয়—মেয়েটা ভালো কাজের নয় (মেদিনী ১৭)

গুছানিয়া guchania দ্র গুচ্ করা (মেদিনী ৩১)

গুছি[১] guchi দ্র গুচি[৩] (চব্বিশ ৪, ৭) ২ রোয়া ধানচারার পাশ থেকে যে নতুন ধানচারা জন্মায় newly born plant from planted paddy-plant (বর্ধমা ২৩) ৩ জমিতে বীজধানচারা রোপণের জন্য কয়েকটি ধানচারা নিয়ে যে গুচ্ছ a bunch for plantation (হুগলি ৪)

গুছি[২] guchi দ্র গুচি[১] (চব্বিশ ২১, ২৩)

গুছি[৩] guchi দ্র গুচি[২] (পদিনা ৬, ৮)

গুছি[৪] guchi দ্র গুছ্ (বর্ধমা ২৬ মেদিনী ১৫)

গুছিংলিয়া guchiŋlia ক্রি গুছিয়ে দেওয়া to arrange properly ধানগুলেন্ গুছিং দে—ধানগুলি গুছিয়ে দে (মুর্শিদা ২৩)

গুছ্যাটি guchæʈi দ্র গুছাটি (বাঁকুড়া ১, ৫)

গুজ্ guj বি আগর [ছুতারের কাঠে বড় ধরনের ছিদ্র করার সরঞ্জাম]-এর শেষ প্রান্তের সূঁচালো অংশ carpenter's boring or drilling tool (মালদা ১)

গুঁজ্[১] gũj দ্র গুই[১] (মেদিনী ৩৪)

গুঁজ্[২] gũj বি বাঁশের তৈরি খুঁটো [যাতে গরুর দড়ি বেঁধে রাখা হয়] a small peg of bamboo (মুর্শিদা ১২, ১৪, ২৪ নদিয়া ৭)

গুঁজ্ গেঁতে বসা gũj gete bɔʃa ক্রি দীর্ঘ সময় ধরে বসা to stay for a long time (বীরভূ ১০)

গুজ্ গুইজা কালো guj guĭja kalo বিণ ঘন কালো রং deep black (বর্ধমা ৮)

গুজ্ গুজ্ করা[১] guj guj kɔra ক্রি ফিস্‌ফিস্ করা to whisper (বর্ধমা ৯) সং গুজ্ (কুজনে) + গুজ্ (একাধিক জনের অব্যক্ত শব্দে) তু গুঞ্জন (দাস)

গুজ্ গুজ্ করা[২] guj guj kɔra ক্রি গিজ্ গিজ্ করা to crowd thickly নদিয়ে মাছ্‌গা গুজ্‌গুজ্ কর্‌ছে—নদীতে মাছগুলো গিজ্ গিজ্ করছে (মেদিনী ২৮)

গুজ্ গুজে guj guje বিণ খিট্‌খিটে peevish (চব্বিশ ১৫)

গুজ্ গ্যান্‌ডা guj gænɖa দ্র গুঁইগুড় (মেদিনী ৩৫)

গুজ্‌জি gujji দ্র গুঁচ্ (মালদা ৭, ৯)

গুজ্‌ড়া gujɽa বিণ বেঁটে short-statured গুজ্‌ড়া গোরু—বেঁটে গরু (মেদিনী ২০)

গুজ্‌নানো gujnaṇo ক্রি খোঁচানো to prick গুজ্‌নোচ্ছিস ক্যানে—খোঁচাচ্ছিস কেন? (মেদিনী ১৬)

গুজ্‌নি gujni বি খোঁচা a thorn, a sudden prick গুজ্‌নিই গেলো—খোঁচা লেগে গেলো (মেদিনী ১১)

গুজ্‌নিই যাওয়া gujnii jaŏa ক্রি খোঁচা লেগে যাওয়া to mark off with a prick (মেদিনী ১১)

গুজ্‌নো gujno ক্রি রগড়ানো to rubচোখ গুজ্‌নোচ্ছিস্ কেন—চোখ রগড়াচ্ছিস কেন? (মেদিনী ৭)

গুজ্‌রাতি gujrati বি এলাচ cardamom (পদিনা ৫ মুর্শিদা ২২)

গুজ্‌রি[১] gujri বি শোলার তৈরি প্রতিমার পায়ের গহনা ornament made from cork (চব্বিশ ৮)

গুজরি[২] gujri দ্র গুঁইগুড় (দার্জিলি ১) **~আম্ gujri am** বি কুসি আম the mango in green and undeveloped state (পদিনা ৬)

গুজ্‌রোতি gujroti দ্র গুজ্‌রাতি (মালদা ২২ মুর্শিদা ২৩)

গুঁজ্‌লি gũjli বিণ সরু narrow গুঁজ্‌লি রাস্তা—সরু রাস্তা (বাঁকুড়া ১৫)

গুঁজ্‌লুনো gũjluno দ্র গুজ্‌নানো গুঁজ্‌লুচ্ছে—খোঁচাচ্ছে (হুগলি ৫)

গুজপ্ gujɔp বি গল্প-গুজব gossip আমরা গুজপ্ ছাঁতে ছাঁতে আলি—আমরা গল্প করতে করতে এলাম (পুরুলি ১৩)

গুজব্ করা gujɔb kɔra ক্রি আড্ডা দেওয়া to join in an assembly of idle talkers (পুরুলি ১৩)

গুজা guja দ্র খিল্ (চব্বিশ ২১)

গুঁজা gũja দ্র গুছ্‌না[১] গুঁজাগুলা ঝেঁটিন্ দে—আবর্জনাগুলো ঝেঁটিয়ে দে (বর্ধমা ৭ বীরভূ ৩ মুর্শিদা ১০, ১৭) **~তেল্ gũja tel** বি এক প্রকার তেল [সরষের মতো দেখতে এক ধরনের বীজের (গর্জন) তেল] juice of gurjan (মেদিনী ১২) **~পাতি gũja pati** দ্র গুঁজা (বীরভূ ১)

গুজা দেওয়া guja deŏa ক্রি খড়ের চালের যেখান দিয়ে বৃষ্টির জল পড়ে সেইস্থানে নতুন করে খড় দিয়ে ছাওয়া to plug up a leak in an old thatch by inserting new straw (বর্ধমা ২১)

গুঁজি[৩]

গুজাপ্ gujap বিণ অহংকার pride, vanity আপনার গুজাপে থাকে—নিজের অহংকারে থাকে (বাঁকুড়া ১৭)

গুজি[১] guji বি লাঙলের অংশবিশেষ [লাঙলে ঈশ আটকানোর জন্য যে কাঠের খিল ব্যবহৃত হয়] a kind of a short stake used in plough (নদিয়া ১১)

গুজি[২] guji বি ছোট ছেলেমেয়েদের পোশাক small piece of cloth worn by children [সাদা মার্কিনের ছোট টুকরো (দু-আড়াই হাত লম্বা) বাচ্চারা লুঙ্গির মতো কোমরে বেঁধে পরে] (পদিনা ১)

গুজি[৩] guji বি তীরের ফলা an arrow-head (মেদিনী ২০)

গুজি[৪] guji বি খুঁচি a vessel for measuring rice paddy (মেদিনী ১১)

গুজি[৫] guji হাড়িকাঠের কাঠি middle bar of guillotin (বাঁকুড়া ৬)

গুজি[৬] guji দ্র গুঁচ্ (পদিনা ২ মালদা ২ মুর্শিদা ১১) **~কলম guji kɔlɔm** বি এক জাতীয় সরু ধান a kind of paddy (পদিনা ১০) **~খেল্ guji k^{h}el** বি এক জাতীয় গ্রামীণ খেলা a rural game (পুরুলি ১২) **~গ্যাড়া guji gæɽa** দ্র গুঁইওড় (মেদিনী ২৮) **~গ্যান্‌ডা guji gænɖa** দ্র গুঁইওড় (মেদিনী ২, ১৮, ৩১) **~তুরি gujituri** বি সাদা সরিষা white mustard seed (পদিনা ২) **~ভাঁড় guji b^{h}ã[** দ্র গুঁজি[৮] (বাঁকুড়া ১২)

গুঁজি[১] gũji বি ঝাঁটার খিল বা গোঁজ [ঝাঁটার মধ্যে যে কাঠ গোঁজা থাকে] a wooden pin of a broom (নদিয়া ৭, ১০ বর্ধমা ১, ৯)

গুঁজি[২] gũji বিণ ছোট small গুঁজি সিং—ছোট সিং (পুরুলি ১৭) < সং ক্ষুদ্র

গুঁজি[৩] gũji বি কুমারের চাকের যে অংশে লাঠি আটকে



গুট্‌কা

ঘোরানো হয় [চাকের চারটি বাহুর মধ্যে একটি বাহুতে গুঁজি (বাঁশের দুই ইঞ্চি লম্বা ফালি উল্টানো অবস্থায় থাকে) লাগানো থাকে। অন্যান্য অঞ্চলে আবার চারটি বাহুতেই গুঁজি লাগানো থাকে] a wedge in a handle of one of the bars of a potter's wheel (বর্ধমা ৬, বাঁকুড়া ৯ মালদা ১)

গুঁজি[৪] **gũji** বি সূত্রধরের সরঞ্জাম 'কুর্‌শুদ্‌'-এর অংশ বিশেষ [এটি একটি ছোট কাঠের টুকরো, মাপ কমানো বাড়ানোর কাজে লাগে। এছাড়া এটি খুলে নিয়ে 'কুর্‌শুদ্‌'-এর মাঝের কাষ্ঠখণ্ডকে ইচ্ছামত ডাইনে-বাঁয়ে সরানো যায়] an instrument's part of a carpenter (বর্ধমা ৫)

গুঁজি[৫] **gũji** বি হুড়ুকা [দরজার পিছনে খিল দেওয়ার পর দুই পাশের দেয়ালে গর্ত করে তার মধ্যে যে মোটা বাঁশের খণ্ড আটকে দেওয়া হয়] a door bar—a bolt (বর্ধমা ১৮)

গুঁজি[৬] **gũji** বি ১ লাঙলের অংশ বিশেষ [লাঙলে ঈশ আটকানোর জন্যে যে কাঠের খিল ব্যবহৃত হয়] a kind of a short stake (বর্ধমা ৮ বীরভূ ১৪) ২ বি জোয়ালের অংশ বিশেষ a part of a yoke (বর্ধমা ২০ বীরভূ ১)

গুঁজি[৭] **gũji** বি রাঁদা [কাঠ মসৃণ করার সরঞ্জামের মাঝখানে ছোট কাঠের গোঁজলা] an instrument of a carpenter (বর্ধমা ৯)

গুঁজি[৮] **gũji** বি খেজুর গাছের রসবাহী নল বা নালী বাঁশের টুকরো a bamboo made small duct (নদিয়া ৪ বাঁকুড়া ৪, ৬, ১৫) **~ফাঁদ gũji p^{h}ãd** বি বক ধরার একজাতীয় ফাঁদ a trap to catch the crane (হুগলি ১১)

গুজি গুজি guji guji বি ছোট ছোট small গুজি গুজি আম্‌—ছোট ছোট আম (মেদিনী ১৫)

গুজি বুজি guji buji বি কিল্‌বিল্‌ movement in a swarm মাছগুলো গুজি বুজি হইয়্যে আছ্যে—মাছগুলো কিল্‌বিল্‌ করছে (মুর্শিদা ২২)

গুঁজুড়ি gũju[i দ্র গুঁইগুড় (জলপা ১, ৭, ৯, ১০ দার্জিলি ২)

গুঁজুড়ে যাওয়া gũju[e jaõ a ক্রি একগুঁয়ে হয়ে যাওয়া to the obstinate (বর্ধমা ২৩)

গুজু পাথর্‌ guju pat^{h}ɔr বি নুড়িপাথর stone, pebble (পুরুলি ৩)

গুজুয়া[১] **gujua** দ্র গুঁচ্‌ (মালদা ৯)

গুজুয়া[২] **gujua** বি, বিণ বোকা foolish (পদিনা ১) স্ত্রী গুজুয়ানি

গুজুয়া[৩] **gujua** বিণ আবোল তাবোল কথা incoherent talk (পদিনা ৪)

গুজুর্‌ গুনিয়্যা gujur guniæ দ্র গুঁজুড়ে যাওয়া (বাঁকুড়া ৭)

গুজুর্‌ ফুসুর্‌ gujur p^{h}usur ক্রিবিণ ফিস ফিস করা to whisper অত গুজুর্‌-ফুসুর্‌ কি কচ্ছিস—অত ফিস্‌ফিস্‌ কি করছিস (পুরুলি ১১ মালদা ২ হাওড়া ১)

গুজুরাতি gujurati বি নূপুর an anklet set with small bells—an ornament of woman (জলপা ৭)

গুজুরি gujuri বি কাঁথা a cotton wrapper (দার্জিলি ৩)

গুজোব্‌ করা gujob kɔra দ্র গুজব্‌ করা (মুর্শিদা ১৭) ফা. গুজার (অতিবাহন) (দাস)

গুজোর্‌ gujor দ্র গুঁচ (মালদা ৮)

গুজ্যার্‌ ঘাট্‌ gujær g^{h}a[বি খেয়াঘাট a ferry ghat (মুর্শিদা ১৭)

গুট্‌ gu[ক্রি কুণ্ডলী to twist into a coil গুট্‌ হইয়ে বোসে আছে—কুণ্ডলী পাকিয়ে বসে আছে (বর্ধমা ৮)

গুট্‌কা gu[ka বি কাঠের খিল a blot of a door (জলপা ৭)

গুট্‌কিয়া gu[kia বি একটি মাত্র a single one (জলপা ৩) < গুটিকতক

গুট্‌কে বাও gu[ke baõ বি পায়ের তলার উঁচু ও শক্ত মাংসযুক্ত পদার্থ, কড়া corn, a hard growth esp. on the foot (বর্ধমা ২)

গুট্‌গুটিয়া অন্ধকার gu[gu[ia ɔnd^{h}ɔkar বিণ ঘুটঘুটে অন্ধকার deep dark, pitch dark (বাঁকুড়া ১২)

গুট্‌টা gu[[a বি জ্বালানি বিশেষ [পাট কাঠির গায়ে গোবর

লেপে জ্বালানির মতো ব্যবহার করা হয়] a cowdung fuel (পদিনা ১০) গো-বিষ্ঠা > ঘুটে

গুট্টি gut̪ti বি পায়ের গাঁট a joint (মুর্শিদা ২১)

গুট্ঠি gut̪^{h}i বি আঁঠি (ফলের) a stone of a fruit (মালদা ২, ৯)

গুট্ঠে gut̪t^{h}e বিণ অনেক many গুট্ঠে ছুয়া হোইচি — অনেক বাচ্চা হয়েছে (মেদিনী ৩১)

গুট্মা gut̪ma বিণ গোল round আম্ড়া গাশে গুট্মা গুট্মা ফল ফোলিশে—আমড়া গাছে গোল গোল ফল ফলেছে (কোচবি ৪)

গুট্ মুইঠালো gut̪muĭt̪^{h}alo দ্র গুট্মা গুট্ মুইঠালো দেখতে—গোলাকৃতি দেখতে (মুর্শিদা ২)

গুট্রা gut̪ra দ্র গুঁইট্ (দার্জিলি ১, ৩)

গুট্রিয়া gut̪ria দ্র গুঁইট্ (বাঁকুড়া ১২)

গুট্লি[১] gut̪li দ্র গুট্ গুট্লি মেরে বসা—কুণ্ডলী পাকিয়ে বসা (মেদিনী ১৭)

গুট্লি[২] gut̪li দ্র গুচি[১] (দার্জিলি ২)

গুট্লি মাটি gut̪li mat̪i বি গোলাকৃতি মাটির ঢেলা a small lump of earth (বীরভূ ৪)

গুট্ল্যা gut̪læ দ্র গুট্লি মাটি (বাঁকুড়া ১৬)

গুট্শুল gut̪ʃul দ্র গুট্কে বাও (নদিয়া ১৩)

গুঁটশুল gũt̪ʃul দ্র গুট্কে বাও (নদিয়া ১১, ১৩)

গুটা gut̪a বি ছোট ঘুঁটে বা গুঁড়ো ঘুঁটে a small cake of dried cow-dung used as fuel (পদিনা ৫)

গুটাইং দেয়া gut̪aiŋ dea ক্রি এঁটো বাসন-পত্র তোলা to remove the plates when dinner is over গুটাইং দে—এঁটো তুলে দে (বাঁকুড়া ১৭) > গুটিয়ে

গুটানো gut̪ano ক্রি গুছানো to arrange property গুটাই ঢুকাইন্ দাও—গুছিয়ে ঢুকিয়ে দাও (বর্ধমা ৮)

গুটাম্ gut̪am বি বোতাম a button (মেদিনী ৩৩)

গুটি[১] gut̪i বি মুকুল থেকে সদ্যজাত আম বা ডাবের মুচি fresh fruition of fruit-trees (চব্বিশ ৩৭ নদিয়া ২ মেদিনী ১৫, ২৮ হুগলি ১)

গুটি[২] gut̪i দ্র গুট্কে বাও (হাওড়া ৮)

গুটি[৩] gut̪i বি ১ গুলি/মার্বেল (খেলার) marble (চব্বিশ ১৯ পদিনা ১১ পুরুলি ১৪) ২ ঘুঁটি a piece or pawn in game (কোচবি ২ পুরুলি ১১)

গুটি[৪] gut̪i বি কাঁকর a coarse grain of sand গুটি বাছা—কাঁকর বাছা (মেদিনী ১৩, ২৮)

গুটি[১২]

গুটি[৫] gut̪i বি বলদের কাঁধে ফোলা রোগ a kind of cattle disease (নদিয়া ১১, ২৭ হুগলি ৫)

গুটি[৬] gut̪i দ্র গুট্লি (চব্বিশ ৭ পদিনা ১২ বর্ধমা ২৫ মেদিনী ২৮ হুগলি ১)

গুটি[৭] gut̪i বি লাটাই a bobbin (কোচবি ২, ৪)

গুটি[৮] gut̪i বি বুটি diaper গুটি দেওয়া কাপোড়—বুটিদার কাপড় (বর্ধমা ২)

গুটি[৯] gut̪i বি ইঁটের টুকরো a small piece of brick (বাঁকুড়া ১৫)

গুটি[১০] gut̪i ক্রি দলা (পাকিয়ে যাওয়া) to press or knead (মেদিনী ২৭)

গুটি[১১] gut̪i বি তাঁতের যে অংশে বোনা কাপড় গুটিয়ে রাখা হয় a rooller in a weaver's loom (বর্ধমা ১২)

গুটি[১২] gut̪i বি 'শিউনি' নামক জল সেচের টিনের পাত্রের চারটি দড়ির শেষ প্রান্তে বাঁধা কাঠের চারটি ছোট খণ্ড four small pieces of wood used in a equipment of water irrigation (মেদিনী ১৪)

গুটি[১৩] gut̪i দ্র গুট্ঠি (মুর্শিদা ১৭) **~করা gut̪i kɔra** দ্র গুচি[১](মেদিনী ২৯) **~খ্যালা[১] gut̪i k^{h}æla** ক্রি গুলি খেলা to play marble game (জলপা ৪)

গুটিখ্যালা gut̪i k^{h}æla বি মেয়েদের গুটি খেলা [আঙিনায় বসে পাঁচটি গুটি নিয়ে খেলা হয়। পাথরের ছোট ছোট নুড়ি দিয়ে গুটি তৈরি হয়। দুজনের মধ্যে এই খেলায় প্রতিযোগিতা হয়। এই খেলায় কতকগুলি পর্যায় আছে। পর্যায়গুলি নিম্নরূপ—

১. পাঁচটি গুটি একত্রে বসিয়ে সেখান থেকে একটি তুলে নিতে হয়। এবার সেটিকে উপরে ছুঁড়েদিয়ে নিচে বসানো চারটিকে এক মুঠোর মধ্যে নিয়ে উপরের ছোঁড়া গুটিটি লুফে নিতে হয়। এই রকম পাঁচ বার করতে হয়। দ্বিতীয়



গুটি বাঁশ

বার থেকে আর পাঁচটি গুটি একত্র বসানো হয় না। তখন থেকে চারটি মাটিতে বসানো হয়, আর একটিকে উপরে তোলার জন্য হাতেই রাখা হয়। এই পর্যায়ের নাম 'গাছ'। প্রতি বারে গুটি উপরে ছোঁড়ার সময় মুখে বলা হয়— 'গাছো খেলা একটি, গাছো খেলা দুটি...' ইত্যাদি।

২. দ্বিতীয় পর্যায়ের নাম 'আগুল'। এই সময় সব গুটিই ছড়িয়ে দেওয়া হয়। সেখান থেকে একটি তুলে নিয়ে, সেটিকে উপরে ছুঁড়ে, নিচে পড়ে থাকা গুটিগুলোর ভিতর থেকে একটি হাতের মুঠোয় তুলে নিতে হয়। এমনি করে পাঁচ বারে সব গুটিকে হাতের মুঠোয় তুলে তুলে নিতে হয়। এই সময় মুখে বলা হয়—'আগুল একটি, আগুল দুটি....' ইত্যাদি।

৩. এই পর্যায়েও সব গুটি ছড়িয়ে দেওয়া হয়। তারপর একটি তুলে উপরের দিকে ছুঁড়ে দিয়ে, প্রথমে দুটি গুটি একত্রে হাতের মুঠোয় তুলতে হয়। তারপরে আবার একটি একটি করে দুবারে তুলতে হয়, আগের মতো। এই সময় মুখে বলা হয়—'বড়োর বউকে একটি; বড়োর বউকে দুটি...' ইত্যাদি।

৪. এই পর্যায়ে তৃতীয় পর্যায়ের মতোই খেলা হয়। তবে প্রথমে হাতে একটি গুটি তোলা হয়, তারপরে আর একটি, সবশেষে দুটি তোলা হয়। এই সময় মুখে বলা হয়— ছোটর বউকে একটি, ছোটর বউকে দুটি....' ইত্যাদি।

৫. এই পর্যায়ে তিনটি গুটিকে একত্রে হাতে তোলা হয়, পরে চতুর্থটি। এই সময় মুখে বলা হয়—'তিন থালা একটি, তিন থালা দুটি...' ইত্যাদি।

৬. এই পর্যায়েও তিনটি গুটিকে একত্রে প্রথমে হাতে তোলা হয়, পরে আর একটি। এই সময়ে মুখে বলা হয়—'তেল পাই একটি, তেল পাই দুটি....' ইত্যাদি।

৭. এই পর্যায়ে প্রথমে দুটি গুটিকে হাতে তোলা হয় একত্রে। তার পরেও অপর দুটিকে একসঙ্গে হাতে তোলা হয়। এই সময় মুখে বলা হয়—'ব্রাহ্মণ ঠাকুর একটি, ব্রাহ্মণ ঠাকুর দুটি....' ইত্যাদি।

৮. এই পর্যায়ে চারটি গুটি একত্রে হাতে নিয়ে এক জায়গায় দুটি রাখা হয়, অপর দুটি আর এক জায়গায় রাখা হয়। এই সময় ছড়া বলা হয় এই রকম—'শ্রীপঞ্চক পাকা/ তোমার মুখে ঢাকা। ছয়েতে লেখাজোখা/ সাতেতে শালিক নাচা। আটেতে বান্দো খাটা/নয়েতে নয়টি ঘোড়া। এক দশমে দাম দেখা.... 'ইত্যাদি। এইসময় দু জায়গায় যে দুটি করে চারটি আলাদা গুটি রাখা ছিল, ছড়া শেষ হলে তা একত্রে বসানো হয়।

৯. এই পর্যায়ে সমস্ত গুটি ছড়িয়ে দিয়ে, দুটি করে একত্রে তুলতে হবে। কিন্তু কোন দুটিতে জোড়া হবে তা বিপক্ষ দল বলে দেবে। এইভাবে পাঁচ বার হবে।

১০. এই সময় নিজেকেই দুটি গুটি এক জায়গায় অন্য দুটিকে আর এক জায়গায় রাখতে হয়। এই ভাবে পাঁচ বার করে তুলে একই জায়গায় রাখতে হয়। এই সময় নিম্নরূপ ছড়া বলা হয়—

'এগারোয় একটি/ বারোয় ঝাপ্‌টি/ তেরোয় তেতের কাটি/ চোদ্দোয় চৌকাটি/ পনেরোয় পানসুপারি/ ষোলোয় ষষ্টিপুজো/ সতেরোয় সতরঞ্চি/আঠেরোয় বাঁশকঞ্চি/উনিশে লতাপাতা/ কুড়িতে বিশ'। এই বিশ হলেই একগাছি। এমনি করে যে যত বেশি গাছি করতে পারে, সে জেতে] a kind of rural play with five pebble (নদিয়া ১০)

গুটি পাজা guʈipaja দ্র গুট্‌কে বাও (হাওড়া ১) **~পাট guʈipaʈ** বি একজাতীয় পাট (তেতো পাট, নিচু ও জলা ভূমিতে হয়) a kind of jute (চব্বিশ ৩৭ হুগলি ১৫) **~পাথর্ guʈipatʰɔr** দ্র গুজুপাথর (মেদিনী ৩২) **~ফল guʈipʰɔl** বি বটফল the banyan fruit (বর্ধমা ২) **~বাইগুন্ guʈibaĭgun** বি টম্যাটো the tomato (কোচবি ৬) **~বাঁশ guʈibã/** বি গরুর গড়ির কাঠামোয় ব্যবহৃত বিশেষ বাঁশ [টাঙা বাঁশ বা ফড় বাঁশের সঙ্গে লম্বা ভাবে যে দুটি বাঁশ থাকে] a particular bamboo used in a bullock cart (মেদিনী ৩৪) **~ব্যাজা guʈi bæja** দ্র গুট্‌কে বাও (হাওড়া ৮) **~ব্যারাম্ guʈi bæram** বি বসন্ত রোগ pox (দার্জিলি ১) **~মাচ guʈi mac** বি ল্যাঠামাছ species of small soft fish (মালদা ১১ মুর্শিদা ১১) **~হাড়ু guʈi haʈ** বি মেরুদণ্ডের মাঝখানে যে গোল হাড় থাকে bones of spine (পুরুলি ১২)

গুটিকি guṭiki অসক্রি গুটিয়ে winding up কাপড়টা গুটিকে পোর্‌চে—কাপড়টা গুটিয়ে পরেছে (মেদিনী ১৬)

গুটিকে গুটি guṭike guṭi বিণ একটা-আধ্‌টা a few (হুগলি ১৯)

গুটিয়ানো guṭiano ক্রি জড়ো করা to collect, to bring together চালগুলি গুটিয়াও—চালগুলি জড়ো কর (বাঁকুড়া ১৬) তু গুটিয়ে আনো (আ বা)

গুটুম্ guṭum দ্র গুজুপাথর্ [যখন এই নুড়ি পাথরগুলি খেলায় ব্যবহৃত হয় তখনই এর নাম গুটুম্। সাধারণত এগুলি ছোট ছোট মেয়েরা খেলে] (হাওড়া ১,৮)

গুটুম্ খেলা guṭum kʰela বি নুড়ি পাথর নিয়ে গ্রামীণ খেলা বিশেষ a rural indoor game of girls' with five pebble [পাঁচটি নুড়ি নিয়ে দু'জন কিশোরী প্রতিযোগিতা মূলক এই খেলাটি যে কোনো একস্থানে বসে খেলে। খেলাটির পাঁচটি পর্যায় আছে। প্রথমে একজন ঐ পাঁচটি গুটি খুবই সংক্ষিপ্ত পরিসরে ছড়িয়ে দেয়। এবার যে কোনো একটি গুটি তুলে নিয়ে উপরে ছুঁড়ে দেয় ও সেটি পড়ার আগেই মাটির একটি গুটি তুলে হাতে নিয়ে পড়ন্ত গুটিটিকে ধরে। এইভাবে হাতের একটি ছুঁড়ে দেয় ও মাটির একটি তুলে নিয়ে আসে। এই পর্যায়ে সফল হলে দ্বিতীয় পর্যায় শুরু করে। একটি গুটি তুলে ছুঁড়ে দিয়ে একত্রে দুটি গুটি মাটি থেকে তুলে পড়ন্ত গুটিকে ধরে। আবারও এই ভাবে আরো দুটিকে তুলে সব গুটি এনে ফেলে। তৃতীয় পর্যায়ে একটি গুটি মাটি থেকে নিয়েই পড়ন্ত গুটিকে ধরে। চতুর্থ পর্যায়ে প্রথমে একটি তুলে উপরে ছুঁড়ে দিয়ে বাকি চারটি একত্রে নিয়ে পড়ন্ত গুটি ধরে। পাঁচটি পর্যায়ে পাঁচটি গুটি ছড়িয়ে দিয়ে আবার একত্রে তুলে নেয়] (হাওড়া ১, ৮)

গুটুরা guṭura দ্র গুট্‌রা (দার্জিলি ৩)

গুটুল্[১] guṭul দ্র গুট্‌রা (পদিনা ৬)

গুটুল্[২] guṭul দ্র গুট্‌মা গুটুল্ করি পাকাও—আটার লেচি (বা গুলি) কাটো (চব্বিশ ৪ মেদিনী ২)

গুটুল্[৩] guṭul বি খৈনি রাখার কৌটা a small container of quid (পুরুলি ১৩)

গুটুল্ পুঁটি guṭul pũṭi বি সরল পুঁটি a tiny fresh-water fish (মুর্শিদা ১৪)

গুটুলে guṭule দ্র গুট্ সাপটা গুটুলে হোয়ে বসে আছে—সাপটা কুণ্ডলী পাকিয়ে বসে আছে (বর্ধমা ১৯)

গুটে guṭe দ্র গুইঠা (চব্বিশ ৭)

গুঁঠি[৫] বেল

গুটেক্ guṭek বিণ অল্প বা কম (পরিমাণ) a few (পুরুলি ১৭)

গুটে কথা guṭe kɔtʰa বি একটি কথা single word (মেদিনী ৮)

গুটে শুটে guṭe ʃuṭe বিণ গুটি-সুটি coweringly গুটে-সুটে বসলো—গুটি-সুটি হয়ে বসলো (মেদিনী ৩২)

গুটোল্ guṭol বি সুতোর গুটানো গুলি বা গোলা a bundle of thread (দার্জিলি ৩)

গুঁঠ্‌রা gũṭʰra দ্র গুজ্‌ড়া (পুরুলি ১৩)

গুঁঠ্‌রি gũṭʰri দ্র গুঁঠরা (মুর্শিদা ১৮)

গুঠ্‌লি guṭʰli বি পুরুষাঙ্গের নিম্নাংশ lower part of penis (দার্জিলি ৩)

গুঠা[১] guṭʰa দ্র গুইঠা (পদিনা ৪, ৯ জলপা ৪, ৯)

গুঠা[২] guṭʰa বি ছাই ashes (পদিনা ১)

গুঁঠা gũṭʰa দ্র গুঠা[২] (পুরুলি ৯)

গুঠাল্ guṭʰal বি দড়ির বাণ্ডিল a bundle of cord (মালদা ১১)

গুঠি[১] guṭʰi দ্র গুটি (মালদা ২, ৮)

গুঠি[২] guṭʰi দ্র গুট্‌রা (চব্বিশ ১৭, ১৯)

গুঠি[৩] guṭʰi দ্র গুটি[৩] (বাঁকুড়া ৫)

গুঠি[৪] guṭʰi বি ছক কেটে খেলার জন্য ব্যবহৃত গুটি pown in chess and similer other games (জলপা ৩, ৭)

গুঠি[৫] guṭʰi বি গরুর পশ্চাদ্‌ভাগের উপরাংশের হাড় a particular backside bone of cow (বাঁকুড়া ১৮) **~পাট guṭʰi paṭ** দ্র গুটি পাট্ (মালদা ১০ মুর্শিদা ৫) **~বেল guṭʰi bel** বি ছাঁচি বেল the wood-apple (পদিনা ৬) **~হাড় guṭʰi haṛ** বি কনুই the elbow (পুরুলি ৪)

গুঁঠি[১] gũṭʰi দ্র গুট্‌রা (মেদিনী ৬, ১৬, ২৬)



গুড়্ডি পাইতা খ্যালা

গুঁঠি[২] **gũt[hi** দ্র গুট্টি (পুরুলি ৫)

গুঠিং **gũt[hi,y** বি ক্ষুদ্র গোলাকৃতি পাথর [এই পাথর থেকে চুন তৈরি হয়] round stone of small size (মালদা ১০)

গুঠুইলা **gut[huila** বি রুপোর কানের অলংকার বিশেষ a silver earring (মেদিনী ২৫)

গুঠুরা **gut[hura** দ্র গুঁইট্ (দার্জিলি ৩)

গুঠে **gũt[he** দ্র গুইঠা (মেদিনী ২৮)

গুঠো **gũt[ho** গুইঠা (পদিনা ১)

গুঠ্যা **gut[hæ** দ্র গুইঠা (মেদিনী ১৫, ২৮, ৩৫) **~কাঁক্ড়া** **gũt[hæ kãk[a** বি একজাতীয় মেটে রঙের কাঁকড়া a kind of crad (বীরভূ ৪)

গুড্ডা **gudd[a** দ্র গুট্রিয়া (জলপা ৭ বীরভূ ৯)

গুড্ডি[১] **gudd[i** বি ঘুড়ি kite (কোচবি ২, ৪ দার্জিলি ২ পদিনা ৬, ১০ পুরুলি ৩ বীরভূ ৭ মালদা ৩, ৬, ১১, ১৭ মুর্শিদা ১১, ২৩)

গুড্ডি[২] **gudd[i** দ্র গুট্রিয়া (বীরভূ ৭, ১১)

গুড্ডি পাইতা খ্যালা **gudd[i païta khæla** বি গ্রামীণ খেলা বিশেষ [একটি ছকএঁকে দুজনে খেলে। প্রত্যেকের দশটি বা আঠারোটি করে গুটি থাকে। প্রথমে সব গুটি বসাবে না। একজন নিজের একটি গুটি সারা ঘরের যে কোনো স্থানে বসাবে। অপর জন তখন একটা গুটি বসাবে। এইভাবে পাল্টা-পাল্টি করে একটি একটি করে গুটি বসাবে। প্রথম থেকেই প্রত্যেকে চেষ্টা করে একে অপরের গুটি মারতে। দুই পাশের অর্ধ গোলাকার দাগও খেলায় ব্যবহার হয়। 'ক' স্থানে যদি একজনের এবং 'খ' স্থানে অপর জনের গুটি থাকে আর 'গ' স্থান যদি ফাঁকা থাকে, তবে যার 'ক' স্থানে গুটি আছে সে 'খ' স্থানের গুটিকে মেরে দেবে 'গ' স্থানে এসে। এইভাবে অপর গোলাকার দাগও ব্যবহৃত হয়। যার সব গুটি বিপক্ষজন মেরে দেবে, সে পরাজিত বলে গণ্য হয়] a rural game on checkered board (কোচবি ৬)

গুড্ডিম্ **gudd[im** বি ১ পাখির বাচ্চার প্রাথমিক অবস্থা, যখন উড়তে পারে না a fledgling bird (পুরুলি ৯) ২ **~ভাঙা** বিণ অল্প বয়সে পাকা পাকা কথা precocious (বাঁকুড়া ৭)

গুড্ডে **gudd[e** দ্র গুঁইট্ (বীরভূ ১১)

গুড্ড্যা **gudd[æ** দ্র গুঁইট্ (মুর্শিদা ৩, ১৭)

গুড্ড্যায়ে **gudd[æe** দ্র গুঁইট্ গুড্ড্যায়ে লেথাইলি ক্যানে—গোড়ালি দিয়ে লাথি মারলি কেন? (মুর্শিদা ২)

গুঁড়ি পোকি **gũd[i poki** বি বটের পাখি rain quail, coturnix coromandelica (মালদা ৪)

গুড্রা **gud[ra** দ্র গুঁইট্ (জলপা ১০ পদিনা ১৫)

গুঁড়ি গুঁড়ি **gũ[i gũ[i** বিণ কুচি কুচি a very small piece (মেদিনী ৩১)

গুডিম্ **gud[im** দ্র গুড্ডিম্ (পুরুলি ১৫)

গুড়ু **gud[u** দ্র গুজ্ড়া (মুর্শিদা ১৭)

গুড়ু গুড়ু **gud[u gud[u** বি বুড়ি বসন্ত বা বউ বসা জাতীয় খেলার দৌড়ানোর সময় শ্বাস নেওয়ার স্বরের শব্দ sound made by 'hadu-du' players (জলপা ৯)

গুড়ুরা **gud[ura** দ্র গুঁইট্ (দার্জিলি ৩)

গুড়ুরি **gud[uri** দ্র গুঁইট্ (পদিনা ৭)

গুড্যা **gud[æ** দ্র গুঁইট্ (বীরভূ ৯)

গুডিয়্যা **gud[iæ** দ্র গুঁইট্ (মুর্শিদা ১৭)

গুড়্ **gu[** বি পা a leg or a foot (মেদিনী ৮) **~আলু** **gu[alu** বি রাঙা আলু sweet potato, solanum tuberosum (বাঁকুড়া ৪) **~কুন্দা** **gu[kunda** বি গুড়ের কলসি an earthen pitcher for molasses **~গুইচ্যা** **gu[guïcæ** বি কাঠবিড়ালি squirrel (বাঁকুড়া ১১) **~গুড়ু**[১] **gu[gu[** বি খুঁত খুঁত (করা) carping (মেদিনী ৩১) **~গুড়ু**[২] **gu[gu[** বিণ টিপ্‌টিপ্ drizzling (চব্বিশ ৩৩) **~গুড়ু**[৩] **gu[gu[** বিণ দাউ দাউ rive blazing in flames দাউ দাউ জলা—দাউ দাউ করে জ্বলা (বর্ধমা ৯ বাঁকুড়া ৫) **~গুড়াইন্** **gu[gu[ain** ক্রি হামাগুড়ি দেওয়া to creep to move on all fours গুড়ু গুড়ইন্ যাইতে হয়—হামাগুড়ি দিয়ে যেতে হয় (পুরুলি ১৬) **~গুড়ানো** **gu[gu[ano** ক্রি শিহরণ বা কাঁটা দেওয়া thrilled গা-টা গুড়্গুড়াচ্ছে—গা-টা কাঁটা দিচ্ছে (বাঁকুড়া ১৫) **~গুড়ি**[১]

gu[gu[i বি কুঁচকি ওঠা (রোগ) swelling of the groin (পদিনা ১০ মালদা ১০ মুর্শিদা ১৯) **~গুড়ি[২] gu[gu[i** দ্র গুঁড়্ড়ি পোকি (নদিয়া ৪, ১০ মুর্শিদা ২৪) **~গুড়ি[৩] gu[gu[i** বি এক জাতীয় খেলার উপকরণ [এটি একটি গোলাকৃতি লোহার তৈরি রিং, একে পৃথক তারের সাহায্যে ঘোরানো হয়] an iron ring in play (বর্ধমা ২৬) **~গুড়ি[৪] guɾguɾi** বি বাড়ির উঠানের জল নিষ্কাশনের নালা a drain (পুরুলি ১৫) **~গুড়ি[৫] guɾguɾi** বি ঘুলঘুলি [মাটির বাড়ির দেয়ালে গোলাকৃতি যে ফাঁক রাখা হয়, অনেকটা ভেন্টিলেটারের মতো] a bay-window (পুরুলি ১৫) **~গুড়ি[৬] guɾguɾi** বি কুলুঙ্গি a small self in a wall (বাঁকুড়া ৭) **~গুড়ি[৭] guɾguɾi** দ্র গুচি (মালদা ৮) **~গুড়িনামা guɾ-guɾinama** দ্র গুড়্ গুড়ি[১] (মুর্শিদা ৬) **~ গুড়িয়া[১] guɾguɾia** বি ঢালু জমি a sloping land (পুরুলি ৫) **~গুড়িয়া[২] guɾguɾia** বি পোলুই দিয়ে মাছ ধরার কাজে সহায়ক সরঞ্জাম বিশেষ [দুটি লাঠির মাথায় আট দশ হাত মাপের দড়ি বাঁধা হয়। ঐ দড়িতে ছোট ছোট ভাঙা ইঁটের টুকরো অথবা ভাঙা হাঁড়ি-কলসির কানা বাঁধা থাকে। জলাশয়ে দু'জন দুদিক দিয়ে টেনে নিয়ে যায়। পাঁকের উপর দিয়ে ঐ ইঁট ইত্যাদি টুকরো গড়িয়ে যায়। ঐ ইঁট বা অন্য টুকরোগুলো পাঁকের উপর দিয়ে যাওয়ার সময় পাঁকে থাকা মাছগুলো নড়া-চড়া করতে থাকে। মাছেদের এই নড়া-চড়া অনুমান করে পোলুইধারীরা পোলুই চাপা দিয়ে মাছ ধরে] a fishing instrument (মালদা ১১) **~গুড়িয়া[৩] guɾguɾia** দ্র গুজ্ড়া (বাঁকুড়া ৭) **~গুড়িয়া[৪] guɾguɾia** দ্র গুঁইড়্চ্যা (বাঁকুড়া ৭) **~ গুড়িয়া পিঠা guɾguɾia pit^{h}a** বি চাল গুঁড়ি দিয়ে তৈরি একপ্রকার পিঠে a sweet pie, one kind of cake (জলপা ১০) **~ গুড়ে পাখি guɾguɾe pak^{h}i** বি ছাতারে পাখি jungle babbler (চব্বিশ ৩৭) **~চাউলি gu[caŭli** বি বিবাহানুষ্ঠানের একটি মেয়েলি লোকাচার [শুভদৃষ্টির পর কনের মা গুড়, আতপচাল ও একটু হলুদ দিয়ে মিশিয়ে বর-কনের পিঠে তিনবার করে মেরে দেয়। এই লোকাচারটির নাম 'গুড় চাউলি'] a marriage ritual practiced by women গুড়-চাউল দিয়ে যে অনুষ্ঠান (হাওড়া ১০) **~চাকলি guɾ cakli** বি এক প্রকার চাঁদা মাছ pomfret fish (মেদিনী ১৫) **~জল্[১] guɾjɔl** বি মদ্য [গুড় থেকে মদ তৈরি হয় বলে গুড় জল বলা হয়]

গুড়ে পাখি

wine, country liquor made from mollases (হাওড়া ১১) **~জল্[২] guɾjɔl** বি মিষ্টি জল [বিবাহের অনুষ্ঠানে বর-কনেকে খাওয়ানো হয়। মিষ্টান্ন সহযোগে জলপানকেও 'গুড়্জল' বলা হয়] a light repast of sweets (মেদিনী ১৩) **~জাওয়ালি guɾ jaŏali** বি এক জাতীয় মাছ four thread tassel fish (চব্বিশ ১১ হাওড়া ১১) **~ জাড়া দেওয়া guɾ jaɾa deŏa** ক্রি আখের শুকনো বা বুড়ো পাতা ভেঙে নিয়ে সেই পাতাগুলো দিয়ে আখ গাছকে জড়িয়ে বেঁধে দেওয়া [এটি আখ চাষের অন্যতম পদ্ধতি। চারা বের হবার প্রায় দু'মাস পরে গুড়্ জাড়া দিতে হয়] to bind sugarcane plants with some leaves (পদিনা ১৪) **~ তুলা নান্দ guɾ tula nandɔ** বি গুড়ি তৈরি করার জন্য বিশেষ ধরনের কড়াই a bowl to boil sugarcane juice (বর্ধমা ২৬) **~দেয়া guɾ dea** ক্রি ঘাই দেওয়া (মাছের) to stroke on the surface of water made by fish with its tail মাচ্ মাঝে গুড়্ দিচ্ছে—মাছ (জলের) মাঝে ঘাই দিচ্ছে (বাঁকুড়া ১৮) **~পাটি guɾ paɾi** বি গুড়ের পাটালি a discoid solid tablet of molasses (পুরুলি ১৭ বাঁকুড়া ৫) **~পিঠা guɾ pit^{h}a** বি এক প্রকার পিঠা [চালের গুঁড়ি, গুড়, কলা নারকেল-কোরা এক সঙ্গে মেখে গোলা তৈরি করে, এক হাতা পরিমাণ গোলা দিয়ে তেলে ভাজা পিঠা] a kind of home-made cake (বাঁকুড়া ১৬ মেদিনী ৩৪) **~পিঠে guɾ pit^{h}e** দ্র গুড়্ পিঠা (চব্বিশ ৭ হাওড়া ১১) **~পিঁপড়া খেলা guɾ pĭp[a k^{h}ela** বি হা-ডু-ডু খেলা an Indian outdoor game, *kabadi* (পুরুলি ৯) **~পেটা বসা guɾ peɾa bɔsa** ক্রি বাবু হয়ে বসা to squat (বাঁকুড়া ১৮) **~পোনি মেয়ে guɾ poni mee** বি ধাত্রী a nurse mother (চব্বিশ ৩১) **~ভাত**



গুঁড়

guʃb^{h}at বি পায়েস a sweet dish prepared by boiling rice in milk with sugar and other ingredients (পুরুলি ৫) **~মাড়ুলি দিয়ে বসা guʃ maʃuli die bɔsa** দ্র গুড় পেটা বসা (বর্ধমা ৮) **~মালু guʃ malu** দ্র গুড় আলু (মেদিনী ১৫) **~মুইল্ল guʃ muillɔ** দ্র গুট্‌রিয়া (বর্ধমা ১৪) **~মাইলো guʃ mailo** দ্র গুট্‌রিয়া (নদিয়া ৬) **~ মুড় guʃ muʃ** দ্র গুট্‌রিয়া (চব্বিশ ৩৭) **~মুড়ি guʃ muʃi** দ্র গুট্‌রিয়া (নদিয়া ৪) **~মুড়ি খেলা guʃ muʃi k^{h}ela** দ্র খোই দোই খেলা (হাওড়া ১,৩,৮) **~মুড়ো guʃ muʃo** দ্র গুট্‌রিয়া (চব্বিশ ১৪, ১৮ নদিয়া ৩) **~মুলি guʃ muli** দ্র গুট্‌রিয়া (মুর্শিদা ৯) **~মেলা বসা guʃ mela bɔsa** দ্র গুড় পেটা বসা (বাঁকুড়া ৯)

গুড়্‌চাঁ guʃcã দ্র গুঁইড়্‌চা (বাঁকুড়া ১, ১৫ মেদিনী ৯)

গুড়্‌চ্যা guʃcæ দ্র গুঁইড়্‌চ্যা (বাঁকুড়া ১৬ মেদিনী ২৫)

গুড়্‌ড়িয়া guʃʃia দ্র গুট্‌রা (বাঁকুড়া ১৫)

গুড়্‌দা guʃda বি হৃদপিণ্ড the heart (পদিনা ২)

গুড়্‌নি guʃni বি ওড়না a piece of thin cloth worn usually as a modesty scarf by women (বর্ধমা-২৬)

গুড়্‌ন্যা guʃnæ ক্রি গুটানো to roll কুম্‌পেট্‌টা গুড়্‌ন্যা গ্যালা—গলাবন্ধটা (comforter) গুটিয়ে গেল (মেদিনী ৮)

গুড় পোড়া guʃ poʃa বি, বিণ মন্ত্রপূত গুড় [যেমন চাল পড়া, জলপড়া। হাওড়ায় 'অ'-কার-কে 'ও'-কার উচ্চারণের প্রবণতা আছে] sanctified by means of uttering the prescribed mystic word (হাওড়া ৩)

গুড়্‌মি আলু guʃmi alu বি মিষ্টি আলু—রাঙা আলু the red or sweet potato (হাওড়া ৩)

গুড়্‌মুড়ি খ্যালা guʃmuʃi k^{h}æla দ্র খোই দোই খ্যালা[১] (হাওড়া ১, ৩,৮)

গুড়্‌মো g^{h}ʃmo বি পায়ের নিচের কড়া a corn (হাওড়া ৩, ৬)

গুড়্‌রা guʃra দ্র গুট্‌রিয়া (মালদা ৪)

গুঁড়্‌বি gũʃbi দ্র গুট্‌রিয়া (বাঁকুড়া ৭)

গুঁড়্‌রিয়া gũʃria দ্র গুট্‌রিয়া (বাঁকুড়া ১২)

গুড়্‌শে guʃ/e দ্র গুট্‌রিয়া (বর্ধমা ৯)

গুড়্‌হা[১] guʃha বিণ ছোট small গুড়্‌হা খেত্‌—ছোট ক্ষেত (পুরুলি ১৩)

গুড়্‌হা[২] guʃha দ্র গুট্‌টা (মুর্শিদা ১৫)

গুড়্‌হা বাড়্‌ guʃha baʃ বি ছিটে-বেড়া [বাঁশ বা কঞ্চির উপর মাটির প্রলেপ দিয়ে তৈরি দেয়াল] a wall made of mud-plastered bamboo laths (বাঁকুড়া ১, ৫)

গুড়্‌হা বেড়া guʃha beʃa দ্র গুড়্‌হা বাড়্‌ (মেদিনী ২৫)

গুড়্‌হা লেমু guʃha lemu বি গোঁড়ালেবু (আকারে বড় ও অতিশয় টক লেবু) the citron (মালদা ১৯)

গুড়্‌হি[১] guʃhi বি মাটির দেওয়ালের স্তর stratification of mud-wall (পুরুলি ১৩)

গুড়্‌হি[২] guʃhi বি জেলে a fisherman (মালদা ৯)

গুড়্‌হিয়্যা guʃhiæ বি মেয়েদের গ্রাম্য খেলার খেলোয়াড় (ছেলেদের ক্ষেত্রে প্রযোজ্য নয়) a player (girl) in rural game (মালদা ১)

গুড় guʃɔ দ্র গুড় (মেদিনী ১৮)

গুঁড় gũʃɔ বি কাঁকড়ার দাঁড়া the claw of a creb (মেদিনী ৩০)

গুড়্‌ন্চ guʃɔncɔ বি গুলঞ্চ heart leaved (মেদিনী ৬)

গুড়ল্‌ guʃɔl বি ঘানির গোরুর ঘূর্ণন স্থান—যে গোল বেড়ের মধ্যে ঘানিগাছ চালাবার সময় গোরু ঘোরে সেই জায়গাকে বলে the circle in which an oil-guinder's ox moves (বীরভূ ১০)

গুড়ল্‌ guʃɔl বি লাথি a kick গুড়ল্‌বো—লাথি দেবো (বাঁকুড়া ১০) আবা গোড়ালি

গুড়া[১] guʃa বি কুঁড়ো (ধানের) rice-powder (দার্জিলি ২ পদিনা ১৪ মালদা ২) **~চাইলোন্‌** বি সরু ছিদ্র যুক্ত চালুনি [কুঁড়ো বের করার জন্য বাঁশের পাতলা বাতার তৈরি সরঞ্জাম] a sieve (পদিনা ১৪)

গুড়া[২] guʃa বি গাছের গুঁড়ি a stump (বর্ধমা ৯)

গুড়া[৩] guʃa বি চালের উপরের লাল খোসা the red skin of rice (মালদা ১১)

গুড়া[৪] **guɽa** বি নৌকার দুই প্রান্তের সংযোগকারী কাষ্ঠখণ্ড a piece of plank bridging the ends of a boat (চব্বিশ ২৭)

গুড়া[৫] **guɽa** বি কামারশালে লৌহবস্তুকে অর্ধেক পিটানোর অবস্থা [সম্পূর্ণ পেটানোর পর বলা হয় 'মাঠা'] half done iron work in a workshop (মেদিনী ২৯)

গুড়া[৬] **guɽa** ক্রি লাথি মারা to kick উয়াক্ গুড়ান্ কেয়া —ওকে লাথি মারিস কেন? (কোচবি ২)

গুড়া[৭] **guɽa** বি কুঁজো a hump back গুড়িয়ে গুড়িয়ে চলছে—কুঁজো হয়ে চলছে (বাঁকুড়া ১১)

গুড়া[৮] **guɽa** বি কলাইয়ের ডালের খুদ [এটি রান্না করাও যায়] fragment of any grain of leguminous seeds (মুর্শিদা ২২)

গুড়া[৯] **guɽa** বি গোড়া বা মূল the base কানের গুড়া— কানের গোড়া (বর্ধমা ৯) **~জল guɽa jɔl** বি অল্পবৃষ্টি drizzle (মেদিনী ২৮) **~পুয়াল্ guɽa pual** বি কুঁচো খড় (কাটা খড়) to cut into small pieces (পুরুলি ১৬) **~বাড়ু guɽa baɽ** দ্র গুড়ুহা বাড়ু (মেদিনী ২৫) **~মাছ guɽa mac** বিণ চুনো মাছ any variety of small fish (জলপা ৭) **~মুখি guɽa mukʰi** বিণ গম্ভীর প্রকৃতির reserved and grave গুড়ামুখি লোক— গম্ভীর প্রকৃতির লোক (মেদিনী ৩৫) **~মেলেই কি বোইচা guɽa meleĭki boĭca** ক্রি পা মেলে বসা to sit scattering legs (মেদিনী ৩৫)

গুঁড়া[১] **gũɽa** দ্র গুড়া[১] (চব্বিশ ৪ মালদা ২)

গুঁড়া[২] **gũɽa** দ্র গুড়া[২] (বর্ধমা ৬) **~চুল gũɽa cul** বি ছোট চুল small hair (মেদিনী ১৯) **~লাই gũɽa laĭ** বি গোঁড় (পিণ্ডাকার উচ্চ নাভি) raised navel (হাওড়া ৩)

গুড়াই[১] **guɽaĭ** দ্র গুঁইঠি (মেদিনী ৩৪)

গুড়াই[২] **guɽaĭ** দ্র গুড়ন্যা জামার হাতাটা গুড়াই লে— জামার হাতাটা গুটিয়ে নে (মেদিনী ৫ বাঁকুড়া ৭)

গুড়াই[৩] **guɽaĭ** ক্রি তোলা to pick up কাপড়্টা শুকনা হোইচে গুড়াই লিয়া আইস— কাপড়টা শুকনো হয়েছে তুলে নিয়ে এসো (মেদিনী ৩৩) **~যাওয়া guɽaĭ jaŏa** ক্রি দমে যাওয়া to become dejected or depressed or downcast (পুরুলি ৭) **~ শুয়া guɽaĭ/ua** ক্রি কুঁকড়ে শোয়া to lie crouchin gly গুড়াই শুয়েছে— কুঁকুড়ে শুয়েছে (বাঁকুড়া ১, ৭)

গুড়ান্ দিয়ে বসা

গুঁড়াই পরা gũɽaĭ pɔra ক্রি গুটিয়ে পরা to put on folding কাপড়টা গুঁড়াই পর—কাপড়টা গুটিয়ে পর (বাঁকুড়া ১)

গুড়ান্ guɽan ক্রি গোটান to roll up (মেদিনী ১৫)

গুড়ান্ দিয়ে বসা guɽan die bɔsa ক্রি উঁচু হয়ে বসা to sit on one's heels (বাঁকুড়া ১৬)

গুড়ান guɽanɔ দ্র গুড়ান্ (মেদিনী ৩)

গুড়ানা guɽana দ্র গুড়ান্ খুলা চুলটা গুড়ানা থাকে— খোলা চুলটা গোটানো থাকে (মেদিনী ২৯)

গুড়ানো[১] **guɽano** দ্র গুড়ান্ গুড়ানো পা দেখিস্ নাই— গুটানো পা দেখিস নি (পুরুলি ৮, ৯ বর্ধমা ৯ বাঁকুড়া ৭, ১০)

গুড়ানো[২] **guɽano** ক্রি কুড়নো, খুঁটে তোলা to pick up চাল কটি গুড়িয়ে তুলে নে—চাল গুলো খুঁটে তুলে নে (চব্বিশ ৪, ২৮)

গুঁড়ায় পরা gũɽaĕ pɔra ক্রি মালকোঁচা দিয়ে কাপড় পরা to tuck up loin cloth tightly (পুরুলি ৩)

গুড়ালি guɽali দ্র গুঁইট্ (বর্ধমা ৬, ১২ মেদিনী ১৭, ৩৪ হুগলি ১৫)

গুড়ালু guɽalu দ্র গুড়্মি আলু (বাঁকুড়া ১, ৭)

গুড়ি[১] **guɽi** বি ১ কিল (ঘুসি) a fist (পদিনা ১০) ২ লাথি kick গুড়াইলেক্ মোক্—আমাকে লাথি মারল (কোচবি ২ জলপা ৮)

গুড়ি[২] **gʉɽi** বি বস্তি, গঞ্জ quarters for the poor people (জলপা ৭)

গুড়ি[৩] **guɽi** দ্র গুটি ৪ (মেদিনী ৮, ১৩, ২০)

গুড়ি[৪] **guɽi** বি ১ মাটির দেয়ালের স্তর tier of mud wall (পুরুলি ৮, ৯, ১০, ১১, ১৪) ২ বাড়ির ভিত foundation (পুরুলি ৪ বাঁকুড়া ৬, ৭, ১৫)

গুড়িয়া[৬]

গুড়ি[৫] **guɽi** ক্রি কুড়ানো to pick up চাউগা পোড়িছে গুড়ি লাও—চালগুলো পড়ে গেছে কুড়িয়ে নাও (মেদিনী ১৯, ২২, ২৬)

গুড়ি[৬] **guɽi** বি রান্নার জিনিসপত্র রাখার জন্য মাটির ঘরের কোণে পাঁচ ছ'ফুট উচ্চতায় মাটি ও কাঠ দিয়ে কোণাকুণিভাবে যে তাক করা হয় a kind of shelf (বর্ধমা ৪)

গুড়ি[৭] **guɽi** ক্রি গুটিয়ে নেওয়া চুলটা গুড়ি লিবে—চুলটা গুটিয়ে নেবে to roll up hair in bun (মেদিনী ২৯) ২ অসক্রি কুঁচকে shrivelled কাপড়্টা খুব গুড়ি গ্যাছে—কাপড়টা খুব কুঁচকে গেছে—(মেদিনী ১৭)

গুড়ি[৮] **guɽi** দ্র গুট্‌রা (পদিনা ১২) **~ঘর guɽi gʰɔr** বি চারচালা বিশিষ্ট গৃহ four thatched house (পুরুলি ৪) **~চটান guɽi cɔʈanɔ** ক্রি বাড়ির ভিত্ কাটা to dig up plinth (বাঁকুড়া ৩) **~চটানা guɽi cɔʈana** দ্র গুড়ি চটান (বাঁকুড়া ১২) **~চাপা guɽi capa** বি ছোট ঢেলা a small lump (কোচবি ২) **~ছাই guɽi cʰaĭ** বি নিকি a nit (মেদিনী ২০) **~তাড়া guɽi taɽa** দ্র গুড়ি চটান (বাঁকুড়া ১৫) **~দেওয়া guɽi deŏa** ক্রি কুড়িয়ে নেওয়া to pick up (মেদিনী ৭ হাওড়া ১৮) **~দেয়া guɽi dea** ক্রি মাড়িয়ে দেয়া to trample গুড়ি দিলুং—মাড়িয়ে দিলাম (কোচবি ৪) **~দোড়ি guɽi doɽi** বি 'ছাকুনি জাল' নামক মাছ ধরার জালের বিশেষ দড়ি a particular rope of fishing net (চব্বিশ ১৯) **~ধরানা guɽi dʰɔrana** দ্র গুড়ি চটান (বাঁকুড়া ১০) **~নেয়া guɽi nea** দ্র গুড়ি দেওয়া (হাওড়া ১, ৮) **~মারা**[১] **guɽi mara** দ্র গুড়া[৬] (পদিনা ৫) **~মারা**[২] ক্রি উঁকি মারা to peep (চব্বিশ ৩৬)**~মিলে ঢোকা guɽi mile dʰoka** ক্রি নিচু হয়ে ঢোকা to enter crawling (বর্ধমা ৪) **হাত guɽi hat** বি চালের গুঁড়ি a powder of rice (হুগলি ১১) **~হোয়ে guɽi hoe** অসক্রি নিচু হয়ে benting down গুড়ি হোয়ে জিনিসটা তুললুম—নিচু হয়ে জিনিসটা তুললাম (মুর্শিদা ১৪)

গুঁড়ি[১] **gũɽi** দ্র গুড়ি[৪] (পুরুলি ৪, ৫, ১২, ১৫ বাঁকুড়া ১)

গুঁড়ি[২] **gũɽi** বি কুঁজো humpbacked গুঁড়ি হোয়ে হাঁটা—কুঁজো হয়ে হাঁটা (বীরভূ ১০, ১১ মুর্শিদা ১০)

গুঁড়ি[৩] **gũɽi** বিণ বন্ধ্যা barren women/cow গুঁড়ি গাই—বন্ধ্যা গাই (পুরুলি ১২)

গুঁড়ি[৪] **gũɽi** বি দাঁতের মাড়ি the gum (পুরুলি ২)

গুঁড়ি[৫] **gũɽi** বি ছোট ঝিনুক the small size cockle (হাওড়া ১০)

গুঁড়ি[৬] **gũɽi** বি ১ ছাতু gram powder (মেদিনী ৬) ২ চালের গুঁড়ি বা পিটুলি rice powder (বর্ধমা ৯ মেদিনী ৩৩)

গুল্যাল্ gulæl দ্র গুল্‌ঠি (মুর্শিদা ৬)

গুশুবাবা gu/ubaba বি প্রপিতামহ a great-grand father (মেদিনী ২০)

গুস্‌কে রাখা guske rak^{h}a ক্রি গুছিয়ে রাখা to keep in due order (চব্বিশ ৩৭)

গুস্‌কের্ gusker বিণ অল্প কিছু just a little আর গুসকের্ ভাত দাও—আরও অল্প কিছু ভাত দাও (নদিয়া ৯)

গুস্‌গুশানো gusgu/ano ক্রি মনে মনে রাগান্বিত হওয়া to be angry in mind উ রাগে গুস্‌গুশাইছে—সে মনে মনে রাগান্বিত হয়েছে (পুরুলি ৬)



গুহির চাম্

গুস্‌টি ভায়াদ্ gusʈi b^{h}aĕad বি জ্ঞাতি-গোষ্ঠী kinsmen (বর্ধমা ৮)

গুস্‌টি কুড়ুম্যা gusʈi kuʈmæ বি আত্মীয়-স্বজন kith and kin ওর বিহাতে সব গুস্‌টি কুড়ুম্যা চলি আইল্‌ছে—ওর বিয়েতে সব আত্মীয়-স্বজন চলে এসেছে (মুর্শিদা ১৭)

গুঁসা gũsa ক্রি মালিশ করা to rub or massage গাঁ গুঁসা—গা মালিশ করা (মেদিনী ২৫)

গুসা গুসি করা gusa gusi kɔra ক্রি গুছানো বা গোছগাছ করা to set in due order বিস্‌না পত্তোর্ গুসাগুসি কোরি—বিছানাপত্র গোছগাছ করি (জলপা ২০)

গুসুম্ গুসুম্ gusum gusum বিণ কুসুম কুসুম (গরম) luke warm (বর্ধমা ২০)

গুঁসেই অজ্জা gũseĭ ɔja বি স্বামীর মাতামহ grand-father of husband (মেদিনী ৩১)

গুঁসেই আই gũseĭ aĭ বি স্বামীর মাতামহী grand mother of husband (মেদিনী ৩১)

গুঁসেই সসুরো gũseĭ sɔsuro দ্র গুঁসেই অজ্জা (মেদিনী ৩১)

গুঁসেই সাসু gũseĭ sasu দ্র গুঁসেই অজ্জা (মেদিনী ৩১)

গুসোল্ করা gusol kɔra ক্রি গা ধোয়া to take one's bath (বর্ধমা ২)

গুহা[১] **guha** দ্র গুয়াল্[১] গুহা কাড়া—গোয়াল নিকানো to clean the cow-shed (মেদিনী ২০)

গুহা[২] **guha** বি গোড়া (গাছের) the bottom (পদিনা ১০, ১১) ~গাঁদাড়ি **guha gãdaʈi** দ্র গুয়ে গাইন্‌ডাল্ (পুরুলি ২, ১৩) ~ডিমা **guha ɖima** দ্র গুয়ের্ ডিম্ (মালদা ১) ~ বুনি **guha buni** বি গাঙ্‌শালিখ bank myna, acridotheros ginginianus (পুরুলি ৯) ~ বোনি **guha boni** দ্র গুহাবুনি (পুরুলি ১৪)

গেইলে

গুহাইল্ guhail দ্র গুয়াল্[১] (মেদিনী ৯, ১২)

গুঁহাড়্ gũhaɽ ক্রি লাথি মারা to kick (পুরুলি ৯)

গুহাতেই guhateĭ বি গোড়াতেই, প্রথম থেকেই from the begining তোক্ গুহাতেই কাম্খান্ কোর্বা কেহিন্নু মুই—তোকেপ্রথম থেকেই কাজটা করতে আমি বললাম (পদিনা ৪)

গুহাল্[১] guhal দ্র গুয়াল্[১] (মেদিনী ৯, ২০)

গুহাল্[২] guhal বি গোবর ও প্রস্রাব সহ গোয়ালঘরের আবর্জনা cow-dung with other things thrown away (মালদা ৫) ~ঘর্ **guhal gʰɔr** দ্র গুয়াল্[১] (মেদিনী ৮, ১৬)

গুহালি guhali দ্র গুয়াল্ (পদিনা ৩)

গুহি[১] guhi দ্র গুয়ে হাঙর্ (জলপা ২, ৩, ৫, ৭)

গুহি[২] guhi বি [গাছ লাগানোর] নালা ditch/furrow for new plants (পদিনা ৪) ~বাবুগাচ্ **guhi babugac** দ্র গুয়ে বাব্লা (মালদা ১১) ~সাপ্ **guhi sap** বি গোসাপ the iguana (জলপা ১,৫,৭)

গুঁহি gũhi বি নন্দাই (ননদের স্বামী) the husband of sister of one's husband (বাঁকুড়া ১৮)

গুহিড়ি guhiɽi বি জলা জায়গার রাস্তা a through marshyland (মেদিনী ১৩)

গুহির্ চাম্ guhir cam বি সারেন্জা নামক বাদ্য যন্ত্রের চামড়া [এটি স্বর্ণগোধিকার চামড়া, যা সারেন্জার ডুকির সঙ্গে যুক্ত থাকে] a part of a musical instrument (জলপা ৭)

গুহুঁদা guhũda ক্রি পদ দলিত করা to trample হামাকে উ গুহুঁদিলা—আমাকে ও পা দিয়ে মাড়িয়ে দিল (পুরুলি ১২)

গুহের্ ডিম্ guher ɖim দ্র গুহাডিমা (মুর্শিদা ২৩)

গুহোর্ ব্যাটা guhor bæʈa বি এক জাতীয় গালি বিশেষ one kind of an abusive word (হাওড়া ৮)

গুহ্যা guhæ বি স্ব-পক্ষের খেলোয়াড় one's own party player তোর গুহ্যাকে তুই দ্যাখ্—তোর খেলোয়াড়দের তুই দ্যাখ (মুর্শিদা ২২, ২৩)~ডিম্ **guhæɖim** দ্র গুহাডিমা (মুর্শিদা ১৫)

গুঁসাগুসি gũsa gusi ক্রি কানে কানে কথা বলা to whisper গুঁসাগুসি কোর্ছিস ক্যানে—কানে কানে কথা বলছিস কেন? (মুর্শিদা ১৪)

গৃহা griha বি মালিক—যে লোক অন্যেকে দিয়ে কাজ করায় one who makes others work (মেদিনী ১৩, ২৫)

গে ge অ -গো o,oh মাগে—মাগো (মালদা ১১)

গেইচং geĭcɔŋ ক্রি গিয়েছিলাম I went মুই ওত্তিকোনা গেইচং—আমি ওখানে গিয়েছিলাম (কোচবি ২)

গেইচিলো geĭcilo ক্রি গিয়েছিলো he or she went বিকালা তো দোকান্ গেইচিলো—বিকালে তো দোকানে গিয়েছিলো (হাওড়া ১)

গেইচে geĭce ক্রি গেছে have/has gone সে বাজার গেইচে—সে বাজারে গেছে (বর্ধমা ৪) পা ঝিন্ঝিনিয়ে গেইচে—পায়ে ঝিন্ঝিন্ লেগে গেছে (বর্ধমা ২০) ভাজ্ ভাঙিয়া গেইচে—ভাঁজ খুলে (ভেঙে) গেছে (কোচবি ২) নুচা গেইচে—নুনছাল (চামড়ার) উঠে গেছে (বর্ধমা ৪)

গেইছিলা geĭcʰila ক্রি গিয়েছিলে you have gone কোথায় গেইছিলা—কোথায় গিয়েছিলে (বর্ধমা ৫)

গেইছিলো geĭchilo ক্রি গিয়েছিলো went (বর্ধমা ২)

গেঁইংছে gẽ iŋcʰe ক্রি গেছে he or she has/have gone (মেদিনী ১২) রাঁগি গেঁইংছে—রেগে গেছে (মেদিনী ১২)

গেইছে-কাল্ geĭcʰekal বি গতকাল yesterday (বর্ধমা ২)

গেইঠাল্ geĭʈʰal বি গাঁটছড়া the Hindu custom of tying a corner of the bride's sharee with a corner of the bridegroom's scarf at wedding (বাঁকুড়া ১১)

গেইঠালি geĭʈʰali দ্র গেইঠাল্ (বাঁকুড়া ১৬)

গেইঠালো geĭʈʰalo দ্র গেইঠাল্ (বাঁকুড়া ৭)

গেইড়ে geĭɽe বি, বিণ গভীর গর্ত a deep hole (নদিয়া ৩)

গেইতাম্ geĭtam ক্রি গিয়েছিলাম went আমি গেইতাম্—আমি গিয়েছিলাম (বর্ধমা ৫)

গেইদে geĭde ক্রিবিণ খুব জোরে, দাউ দাউ state of burning furiously, bursting into a blaze গেইদে জ্বাল জ্বলছে, জ্বালটা কমিয়ে দাও—খুব জোরে (দাউ দাউ) আগুন জ্বলছে, আগুনটা কমিয়ে দাও (মুর্শিদা ১৬)

গেইন্ gein বি গায়ক the singer (পদিনা ২)

গেইয়ে দেওয়া geĭe deŏa ক্রি পুনর্বার রোপণ করা [জমিতে ধানচারা রোপণ করার পর অতিবৃষ্টি বা ঝড় ঝঞ্ঝায় কখনো কখনো কিছু কিছু ধানচারা নষ্ট হয়ে যায়। তখন পুনরায় ঐ নষ্ট হওয়া ধানচারার স্থলে নতুন চারা রোপণ করা হয়] to plant the paddy shoot once again (নদিয়া ৭, ১০)

গেইলা-হে geĭla-he ক্রি গিয়েছিলে (you) have/has gone কোথায় গেইলা-হে—কোথায় গিয়েছিলে (বর্ধমা ৫)

গেঁইলে gẽile বি একপ্রকার টাকার থলি [খুচরো টাকা পয়সা রাখার জন্য প্রধানত ব্যবসায়ীরা এই থলিকে কোমরে বেঁধে রাখে] a kind of money sack made of cloth (বর্ধমা ৫)

গেইলো geĭlo ক্রি গিয়েছিলো (he or she) went আমাদের পাড়ায় গেইলো—আমাদের পাড়ায় গিয়েছিলো (চব্বিশ ৩৭)

গেইল্যা দেওয়া geĭlæ deŏa ক্রি নিংড়ে দেওয়া to squeeze out, to wring out লেবুটা গেইল্যা দে ক্যানে—লেবুটা নিংড়ে দে না (মুর্শিদা ১৭)

গেইশে geĭʃe ক্রি গেছে fall down তোর কি হোহিশে মানা, শাইস্থ খারাপ হইয়া গেইশে—তোর কি হয়েছে বাছা, স্বাস্থ্য খারাপ হয়ে গেছে (কোচবি ১)

গেইহা geĭha বি গর্ত the hole (দার্জিলি ৪) দ্র গেইড়ে

গেঁইহা (বাটি) gẽiha (baʈi) বি এক প্রকার কাঁসার (বাটি) [এই বাটির গভীরতা একটু বেশি] a kind of bowl made of bell-metal গেঁইহা বাটি ডুবিয়া ডুবিয়া মুড়ি দেওয়া হবে—কাঁসার বাটি ভর্তি করে মুড়ি দেওয়া হবে (মেদিনী ৫)

গেঁউচি gẽuci বি ব্যাঙাচি a tadpole (মালদা ২)

গেঁউটুলি করা gẽuʈuli kɔra ক্রি হাতে ঝুলিয়ে রাখা to sustain or to hang [কিছু অসাধু ওঝা সাপের বিষ সম্পূর্ণ না ঝেড়ে রুগীকে দীর্ঘস্থায়ী অসুস্থ করে রাখে।

গেউর্ বাশ্

লোকবিশ্বাস যে, সাপের বিষ ওঝা ইচ্ছেমতো নামাতে পারে] ওঝা বিষ গেঁউটুলি করে রেখেছে—ওঝা বিষ ঝুলিয়ে রেখেছে (নদিয়া ১২)

গেঁউটে নেওয়া gẽŭʈe neŏa ক্রি মাঠে চরাতে নেওয়া [সাধারণত একজন মালিকের একজন রাখাল থাকে। সে মাঠে মালিকের গরু চরায়। তবে কখনো কখনো মালিকের গরু কম থাকলে দ্বিতীয় কোনো মালিকের গরুও ঐ রাখালকে মাঠে একত্রে চরাতে হয়। এই দ্বিতীয় মালিকের গরু চরাতে নেওয়াকে বলা হয় 'গেঁউটে নেওয়া'। এই দ্বিতীয় মালিকের গরু চরানোর জন্য দেয় টাকা প্রথম মালিক নেয়, রাখাল পায় না] to tend or feed cattle all together আমি অর্ গোরু গেঁউটে নিয়েচি—আমি ওর গরু [মাঠে] চরাতে নিয়েছি (নদিয়া ৯) তু গোঠে নেওয়া

গেঁউড়্ gẽuʈ বি [গাছের] মূল the root (মেদিনী ১৫)

গেঁউড়া gẽŭʈa বি চড়াই passer domestrious (মালদা ৩)

গেউড়ি geŭʈi দ্র গেঁউড়া (পদিনা ২)

গেউড়িয়া geŭʈia দ্র গেঁউড়া (পদিনা ২)

গেউর্ (বাশ্) geur (baʃ) বি একপ্রকার বাঁশ [এই বাঁশের কঞ্চিতে ছোট ছোট প্রচুর কাঁটা থাকে। মূলত সব্জীক্ষেতে বেড়া দেবার জন্য এই বাঁশ ব্যবহৃত হয়] a particular kind of thorny bamboo (পদিনা ৩)

গেউরি geŭri দ্র গেঁউড়া (দার্জিলি ৩ পদিনা ৭, ৯)

গেঁউলি gẽŭli বিণ গেঁয়ো, গ্রাম্য rural, rustic (বর্ধমা ২১)

গেওড়ান্ geŏʈan বি গাড়োয়ান্ a carter, a coachman, a waggoner (মেদিনী ২৮)

গেওন্ডা geonɖa দ্র গেঁউড়া (পদিনা ৩)



গেঁজ[৪]

গেঁংগা **gẽɣga** বি বিড়ালের ডাক mewing of cats বিড়াল্ গেঁংগাইচে—বিড়াল ডাকছে (বাঁকুড়া ৫)

গেংগুট্ **geɣguʈ** বি সাদা গোলাকৃতি এক ধরনের ছোট ছোট পাথর [কুমোরের মাটির সঙ্গে এই ধরনের পাথর মিশে থাকে। এগুলি বেছে নিয়ে তবে কুমোর মাটির হাঁড়ি কলসি তৈরি করে। পাথুরে এলাকা বলেই এই অবাঞ্ছিত পাথরগুলি মাটির মধ্যে পাওয়া যায়] a kind of white roundish pebbles (পুরুলি ১০)

গেংটি **geɣʈi** বিণ বেপরোয়া reckless or desperate (মেদিনী ৩২)

গেঁগিট্ **gẽgiʈ** দ্র গেংগুট্ (পুরুলি ৫)

গেচ্চি **gecci** বি পাঁকাল (মাছ) a kind of eel fish [mestacembelus pancalus] (মালদা ১১)

গেচা **geca** বি গাছা [সংখ্যার একক] a, the, an [a unit of number] এক গেচা চুড়ি—এক গাছা চুড়ি (চব্বিশ ২০)

গেঁচি **gẽci** দ্র গেচ্চি (মুর্শিদা ১১)

গেঁচুড়ে **gẽcuʈe** বি গেছো দ্র গাচাল্ ২ (চব্বিশ ১৪ বর্ধমা ৬ হাওড়া ২, ৬ হুগলি ১১)

গেচেল্ **gecel** দ্র গেচুড়ে (হাওড়া ১, ৮ হুগলি ৪)

গেচো **geco** দ্র গেচুড়ে (হাওড়া ১, ৮) **~ইদুর্ geco idur** বি ধেড়ে ইঁদুর a grown-up mouse (চব্বিশ ১৫) **~তাব্বোল্ geco tabbol** বি একপ্রকার বিষধর সাপ [এই সাপ প্রধানত গাছে থাকে] a kind of poisonous snake (হাওড়া ১০)

গেচোল্ **gecol** দ্র গেঁচুড়ে (বর্ধমা ১০)

★ গেছ্নি **gec^{h}ni** ক্রি গিয়েছিলাম [I] went আমি গেছ্নি—আমি গিয়েছিলাম। তুমি গেছ্ল—তুমি গিয়েছিলে। তুই গেছ্লু—তুই গিয়েছিলিস্। সে গ্যাছ্ল—সে গিয়েছিল (মেদিনী ১, ১৯, ২২, ২৬, ২৭, ২৯)

গেছ্নু **gec^{h}nu** ক্রি গিয়েছিলাম [I went] আমি হোতা পাইলে গেছ্নু—আমি ওখানে পালিয়ে গিয়েছিলাম (হাওড়া ৬)

গেছ্লি **gec^{h}li** ক্রি গিয়েছিলাম [I] went (মেদিনী ২১)

গেছা[১] **gec^{h}a** বি ১ কুপি, লম্ফ the kerosine lamp (দার্জিলি ১, ২, ৩, ৪) ২ প্রদীপ the lamp made of clay or metal (জলপা ১০ পদিনা ১১)

গেছা[২] **gec^{h}a** বি ১ জালা a large fat-bellied earthen jar (মেদিনী ১১) ২ বড় গোলাকার একপ্রকার পাত্র [সিমেন্টের তৈরি, দেখতে অনেকটা কুয়োর মতো। ধান ভেজানোর কাজে ব্যবহৃত হয়] a barrel made of cement akin to the well used for soak the paddy (মেদিনী ১১)

গেছাল্ **gec^{h}al** দ্র গেঁচুড়ে (মুর্শিদা ১০)

গেছিয়াল্ **gec^{h}ial** দ্র গেঁচুড়ে (বীরভূ ৮)

গেছিয়ে দেওয়া **gec^{h}ie deɔa** দ্র গেইয়ে দেওয়া (নদিয়া ২)

গেছুটি **gec^{h}uʈi** বি পান গাছের সারি [বরোজের মধ্যে পানগাছগুলি আলের মতো উঁচু মাটিতে সারিবদ্ধভাবে বসানো হয়। এই সারিবদ্ধ পানগাছকে বলে 'গেছুটি'] the rows of the betel leaf plant (হাওড়া ৮)

গেছুড়ে **gec^{h}uʈe** দ্র গেঁচুড়ে (চব্বিশ ২০, ৩৩ হাওড়া ৩ হুগলি ১৮)

গেছেল্ **gec^{h}el** দ্র গেঁচুড়ে (হাওড়া ২)

গেছো **gec^{h}o** দ্র গেছা[২] ১ (মেদিনী ৭ হুগলি ৫) **~ডাইন্ gec^{h}o ɖain** বি গিরগিটি lizard [colotes versicolor] (চব্বিশ ৩৬) **~ তব্বোল্ gec^{h}o tɔbbol** দ্র গেচো তাব্বোল্ (হাওড়া ১০)

গেঁছো **gẽc^{h}o** দ্র গেঁচুড়ে (চব্বিশ ১৮)

গেছোড়ে **gec^{h}oʈe** দ্র গেঁচুড়ে (হাওড়া ৩)

গেছোল্ **gec^{h}ol** দ্র গেঁচুড়ে (হাওড়া ৮, ১০)

গেছ্যাল্ **gec^{h}æl** দ্র গেঁচুড়ে (মুর্শিদা ১৭)

গেঁজ্ড়ে বসা **gẽjʈe bɔsa** ক্রি পাশ ফিরে বসা (গোঁ ধরে) to chage sitting posture (পুরুলি ১৩)

গেজ্বাতি **gejbati** বি হ্যাজাক a powerfull lamp (দার্জিলি ৩) তু গ্যাস-বাতি

গেঁজ্লানো **gẽjlano** ক্রি চটকানো to knead, to handle roughly, to man-handle, to fondle vigorously (পুরুলি ১১)

গেজ্‌লি gejli ক্রি গিয়েছিলাম [I] went (মেদিনী ২৪)

গেঁজ্‌লে gẽ jle বি একপ্রকার থলি [সুতোর তৈরি এই থলিতে গ্রামীণ ছেলেরা পয়সা রাখে। এই থলির দুই প্রান্তে মোটা সুতো থাকে—যার দ্বারা এই থলি তারা কোমরে বেঁধে রাখে] a threaded money bag (বর্ধমা ৫)

গেজা geja বি ফেনা [ডাল ভাত ইত্যাদি রান্নার সময় জলের উপরে এই ফেনা দেখা যায়। বাছুর দুধ খাবার সময় মুখের দুইপ্রান্তে এই ফেনা বের হয়] the foam, the forth, the scum (মেদিনী ৩৪)

গেঁজা[১] gẽja দ্র গেজা (চব্বিশ ৩১ মুর্শিদা ৫ হাওড়া ১০)

গেঁজা[২] gẽja বি অঙ্কুর [কলাগাছের, বাঁশগাছের, আখের চারা, আলু, ছোলা ইত্যাদির অঙ্কুর] the sprout, a shoot, a sapling (বর্ধমা ৯)

গেঁজা[৩] gẽja বি গাঁজা ganja (হাওড়া ১, ৮)

গেজানি gejani দ্র গেজা (হাওড়া ১০)

গেজাল্‌ gejal বি বড় পেরেক a large and thick nail, a peg (পদিনা ১০) আ বা গজাল

গেঁজালি gẽjali বি গল্প-গুজব gossip যতো সব গেঁজালি কথাবাত্তা—যত সব গল্প-গুজবের কথাবার্তা (মেদিনী ১৭ হাওড়া ১,৮)

গেঁজি[১] gẽji দ্র গেঁজা[২] (নদিয়া ২)

গেঁজি[২] gẽji বি বেজি ichneumon, mongoose দ্র গেঁজা (হুগলি ১২)

গেঁজি[৩] gẽji বিণ ধূর্ত [গ্রামীণ খেলায় কিছু কিছু ছেলেমেয়ে থাকে যারা জয়লাভের জন্য চাতুরি, চুরি, ছলনার আশ্রয় নেয়] sly, wily (পুরুলি ৫, ১১)

গেঁজি[৪] gẽji বি জালতি—একপ্রকার ছোট জাল [ক্ষেতের ফসল যাতে গরু খেতে না পারে সেজন্য গরুর মুখে দড়ির তৈরি এই জাল বেঁধে দেওয়া হয়] a kind of small net made of cord used as a covering the face of the cow (বর্ধমা ৯, ১২)

গেঁজি[৫] gẽji বি গেঞ্জি guernsey (বর্ধমা ৯ মেদিনী ৬, ৭) ~ **দেওয়া gẽji deõ a** ক্রি গুঁজে দেওয়া to insert কাছাটা ভালা করি গেঁজি দে—কাছাটা ভালো করে গুঁজে দে (মেদিনী ৮)

গেজিয়া gejia দ্র গেঁজি[৩] (পুরুলি ১৩)

গেঁজু gẽ ju বি মার্বেল খেলায় বিশেষভাবে নির্দিষ্ট এক খেলোয়াড় [মার্বেল গুলি খেলার নানান বৈচিত্র্য আছে। তার মধ্যে 'চরাং' নামক একপ্রকার গুলি খেলা আছে।

গেঁঠুরে

এই খেলায় যে খেলোয়াড় সবশেষে মারার সুযোগ পায় সে 'গেঁজু'] a particular player in the marble play (বীরভূ ১১)

গেঁজুড়ি gẽjuɽi দ্র গেঁজা[২] (নদিয়া ৭)

গেঁজুর্‌ কুটা gẽjur kuɽa বি চেঁচাড়ি [বাঁশ বা বাখারি মসৃণ করে নেবার পর আবর্জনা স্বরূপ এইগুলি পড়ে থাকে] the slip or lath of bamboo (পুরুলি ৯) তু খড়কুটা

গেজুশিলা geju/ila বি বিছা the scorpion (বাঁকুড়া ১৬)

গেজে[১] geje দ্র গেঁজি[৩] (চব্বিশ ৯, ১৮)

গেজে[২] geje দ্র গেঁজ্‌লে (নদিয়া ৯)

গেঁজে[১] gẽje দ্র গেঁজি[৩] (চব্বিশ ৯, ১৮, ৩৭ নদিয়া ১২ বর্ধমা ১২ বাঁকুড়া ৪ হুগলি ৫, ১১)

গেঁজে[২] gẽje দ্র গেঁজ্‌লে (বর্ধমা ২০ হুগলি ১, ১৮)

গেঁজে[৩] gẽje বি ১ একপ্রকার জাল [মূলত চৈতালি ফসলের ভুষি বইবার জন্য এই জাল ব্যবহৃত হয়] a kind of net for carrying the chaff/husk/bran (মুর্শিদা ২৪) ২ এক প্রকার মাছ ধরার জাল a kind of fishing net (হাওড়া ৩)

গেঁজোড়্‌ gẽjoɽ বি নোংরা, আবর্জনা the garbage, refuse, the waste product (পুরুলি ১৭)

গেজো-পেটা gejo-peɽa বিণ পিলে পেট enlargement of the spleen গেজো-পেটা ছা— পিলেপেটে ছেলে (বাঁকুড়া ১৩)

গেজোর্‌ gejor দ্র গেজুশিলা (পুরুলি ১০)

গেঁজোশিলা gẽjo/ila দ্র গেজুশিলা (পুরুলি ১৩)

গেঁজ্যা gẽjɛ বি আখগাছের খুব সরু শিকড় অঙ্কুর-সদৃশ [আখগাছের গোড়ার দিকে অধিকাংশ গাঁট থেকে সরু শিকড় বের হয়। মূলত মাটি থেকে রস টানবার জন্যই



গেড়া[৩]

এগুলি বের হয়, যদিও মাটির থেকে একটু উঁচু অংশের গাঁটেই এই শিকড়গুলি বের হয়] the thin root of the sugarcane plant (মালদা ১) দ্র গেঁজা[২]

গেঁট্[১] **gẽt̪** বি গাঁট [আঙুলের, বাঁশের, আখের ইত্যাদির] a joint (চব্বিশ ১৮, ৩৭ নদিয়া ১২ পুরুলি ২)

গেঁট্[২] **gẽt̪** বি ট্যাঁক [কোমরের কাপড়ের বিশেষ একটি ভাঁজ] (rare) the waist, the fold of the loin-cloth tied at the waist (চব্বিশ ৩১)

গেঁটি **gẽt̪i** বিণ বেঁটে (মেয়ে) dwarfish girl (বর্ধমা ৯) ~কোড়ি **gẽ t̪i koɽi** বিণ ছোট কড়ি the small cowrie-shell [cypera-moneta] (চব্বিশ ৩৬)

গেঁটে **gẽt̪e** বিণ বেঁটে (ছেলে) dwarfish boy short statured [boy] (চব্বিশ ৩৭ বর্ধমা ৯) ~চিংড়ি **gẽt̪e ciɲɽi** বি, বিণ এক প্রকার চিংড়ি [ছোট আকারের মোটা এবং কালো পেটে ডিম থাকে, চিংড়িগুলি নদীতে থরজালে ধরা পড়ে] a kind of prawn [penaeus carinatus] (চব্বিশ ১৫ হাওড়া ১০) ~ট্যাংরা **gẽt̪e tæɲra** বি, বিণ এক প্রকার ট্যাংরামাছ [আকারে ছোট, নদীতে পাওয়া যায়] a kind of mystus tengra, mystus vittalus, macrones vittalus [small size] (চব্বিশ ১১) ~পান্নাই ধান **gẽt̪e panni dʰan** বি একপ্রকার ছোট ও সরু ধান a kind of paddy (চব্বিশ ১৫)

গেঁটেলা গাছা **gẽt̪ela gacʰa** দ্র গেইঠাল্ (হুগলি ৫)

গেঁটো **gẽt̪o** দ্র গেঁটে (মেদিনী ৯)

গেঁঠা **gẽt̪ʰa** দ্র গেঁটে (মেদিনী ১৭)

গেঁঠালি **gẽt̪ʰali** দ্র গেইঠাল্ (মেদিনী ৩)

গেঁঠা লোটা **gẽt̪ʰa lotʰa** একজাতীয় ছোট লতানে গাছ a kind of creeper (পুরুলি ৩)

গেঁঠালো **gẽt̪ʰalo** দ্র গেইঠাল্ (বাঁকুড়া ৭)

গেঁঠাল্যা **gẽ t̪ʰalæ** দ্র গেইঠাল্ (বাঁকুড়া ১৫)

গেঁঠি **gẽt̪ʰi** দ্র গেঁটি (মেদিনী ১৭)

গেঁঠু **gẽ t̪ʰu** বি লেচি [আটা-ময়দার রুটি লুচি করার জন্য জল দিয়ে মাখানো আটা-ময়দার খণ্ড খণ্ড অংশ] a lump of dough to be rolled and then fried or baked গেঁঠু পকাও—লেচি কাটো (মেদিনী ২)

গেঁঠুরে **gẽt̪ʰure** ১ দ্র গেঁটে (বাঁকুড়া ৪) ২ গরু ছাগলের নবজাত বাচ্চা the newly born calf/young goat (বাঁকুড়া ১০)

গেঁঠে **gẽ t̪ʰe** দ্র গেঁটে (বর্ধমা ১) ~চিংড়ি **gẽt̪ʰe ciɲɽi** দ্র গেঁটেচিংড়ি (চব্বিশ ১৫ হাওড়া ৮)

গেঁঠেল্ **gẽ t̪ʰel** দ্র গেইঠাল্ (বাঁকুড়া ৫) ~গাছা **gẽ t̪ʰel gacʰa** দ্র গেইঠাল্ (হুগলি ৫)

গেঠোল্ **ge t̪ʰol** দ্র গেইঠাল্ (বর্ধমা ৪)

গেঁঠ্যা **ge t̪ʰæ** দ্র গেঁটে (পুরুলি ৩ বর্ধমা ১)

গেঠ্যা (শাগ্) **ge t̪ʰæ (/ag)** বি নটে (শাক) [amaranth] a kind of pot-herb having different species (পুরুলি ৬)

গেটি দুয়া **gedʰi dua** ক্রি তাড়িয়ে দেওয়া to tend, to cause to graze, to ward off গোরুটা কআ গাচ্ খাইয়া ল্যাঠে তাতাড়ি গেটি দিয়ায়—গরুটা কলাগাছ খেয়ে নিচ্ছে, তাড়াতাড়ি তাড়িয়ে দিয়ে আয় (মেদিনী ২২) কুত্তাটাকে গেটি দে—কুকুরটাকে তাড়িয়ে দে (মেদিনী ২৬) অকে গ্যাঢা—ওকে তাড়া (মেদিনী ২৬)

গেঁড়্ **gẽɽ** বি গাছের মূল [মূলত শালুক, কলা, কচু ইত্যাদি গাছের] the root (হাওড়া ১০) ~খ্যালা **gẽɽ kʰæla** বি 'গেঁড়' নামক একপ্রকার বল নিয়ে খেলা [গ্রামীণ খেলার এই 'গেঁড়' হলো এক প্রকার বল—যা কাপড় ছেঁড়া, কাগজ, দড়ি ইত্যাদি জড়িয়ে তৈরি করে। এই খেলায় প্রচলিত নিয়ম-কানুন বেশি কিছু নেই] a kind of rural outdoor game played with a hand made ball (বাঁকুড়া ৫)

গেঁড়্গুয়ালি **gẽɽguali** বি কেন্নো common Indian Millipede [streptogonopus phipsoni] (পুরুলি ৫)

গেঁড়্গেঁড়া **gẽɽgẽɽa** দ্র গেঁড়্গুয়ালি (পুরুলি ১৩)

গেঁড়্সি **gẽɽsi** বি কুঁচকির ফোঁড়া the boil at the groin (পুরুলি ৭)

গেঁড়্হা[১] **gẽɾha** দ্র গেঁড়্ (পুরুলি ৬)

গেঁড়ুহা[২] **gẽɾha** বি শামুক the snail (পুরুলি ৮, ১৩) ~ চোক **gẽɾha cok** বিণ কটা চোখ brownish eye as of a cat, cat-eyed (মেদিনী ১৩)

গেঁড়ুহি (বাঁশ) **gẽɾhi (bã/)** বি এক প্রকার বাঁশ [শক্ত মোটা নিরেট এই বাঁশ বাড়ি তৈরিতে বিশেষ উপযোগী] a kind of bamboo [hard and stout, firm used to built the hut] (বীরভূ ৯ মুর্শিদা ১০, ১৭)

গেড়ুহ্যা **geɾhæ** বি পুকুর a pond, a pool, a tank (পুরুলি ৯)

গেড়স্থি **geɾɔsthi** বি গৃহস্থালি house hold (জলপা ৯)

গেড়া[১] **geɾa** বি ডোবা a small pool of water, a pit full of water (বাঁকুড়া ১৩ মেদিনী ৩, ২৫)

গেড়া[২] **geɾa** বি গিঁট [দড়ি, সুতো ইত্যাদির] a knot of cord, thread (হুগলি ১) ~মেরে দেওয়া **geɾa mere deõa** ক্রি গিঁট দেওয়া to knot (হুগলি ১)

গেড়া[৩] **geɾa** দ্র গেঁটে (মেদিনী ২৭, ২৯)

গেড়া[৪] **geɾa** বি ফাৎনা—ছিপের সুতোয় বাঁধা থাকে একপ্রকার হাল্কা বস্তু [এটি দেখতে ৪ সংখ্যার মতো। বঁড়শির প্রায় চার-পাঁচ ইঞ্চি উপরে এটি থাকে। এর দুই প্রান্তে সুতো বা ডোর বাঁধা থাকে। এটির রঙ গেঁড়ি-গুগলির মতো। তাই মাছ এটি দেখে ভয় পায় না। ডোর বা সুতোটি বেশি পাক খেতে পারে না এটি থাকার ফলে। ডোর বেশি পাক খেলে দ্রুত ছিঁড়ে যাবার আশঙ্কা থাকে। তবে পেশাদার মাছ-শিকারী ব্যতীত অন্যে এটি ব্যবহার করে না] the sinker of a fishing line (দার্জিলি ৪)

গেঁড়া[১] **g̃eɾa** দ্র গেঁটে (পুরুলি ৫, ৬ বর্ধমা ৮ বাঁকুড়া ১ মেদিনী ১৭, ২৯ হাওড়া ১, ৮)

গেঁড়া[২] **gẽɾa** দ্র গেঁড়্হা[২] (মেদিনী ৩৩, ৩৪)

গেঁড়া গেঁড়া করা **gẽɾa gẽɾa kɔra** ক্রি ডুমো ডুমো করা to cut into cube shaped pieces আলু গেঁড়া গেঁড়া করবে—আলু ডুমো ডুমো করে কাটবে (বর্ধমা ৪)

গেঁড়ানো **gẽɾano** ক্রি চুরি করা to steal ছাতাটা পাচ্চি নি, কেউ গেঁড়িচে—ছাতাটা পাচ্ছি না, কেউ চুরি করেছে (হাওড়া ১, ৮)

গেড়াম্ **geɾam** বি গ্রাম a village (জলপা ৭)

গেঁড়ি[১] **gẽɾi** দ্র গেঁটি (চব্বিশ ৪ মেদিনী ১৭)

গেঁড়ি[২] **gẽɾi** দ্র গেঁড়্হা[২] (মেদিনী ৮, ৯, ১৪, ৩৩ হাওড়া ১, ৬, ৮, ১০)



গেঁড়ি মুটি খ্যালা

গেঁড়ি[৩] **gẽɾi** দ্র গেড়া[১] (নদিয়া ১)

গেঁড়ি[৪] **gẽɾi** বি কাঠের গুঁড়ি [কাটা গাছের কাণ্ডটিকে একাধিক খণ্ড করে চেলা করার সুবিধার জন্য] a stock of a tree (পুরুলি ১২)

গেঁড়ি[৫] **g̃eɾi** বি কুমোরের চাকের নির্দিষ্ট গর্ত [কুমোরের চাকের একপ্রান্তে একটি ছোট গর্ত থাকে। ঐ গর্তে লাঠির প্রান্তভাগ ঢুকিয়ে কুমোর চাকটিকে দ্রুতহারে ঘোরায়] a hole in the potter's wheel (বাঁকুড়া ১৫)

গেঁড়ি[৬] **g̃eɾi** বি শোলার টোপরের ফুল বিশেষ [শোলার টোপরের গোড়ার দিকে দুই বা ততোধিক ছোট ছোট শোলার ফুল ঝুলিয়ে রাখে। ঐ ফুলগুলি দেখতে অনেকটা কদমফুলের মতো] the flower ornament of the conical sola-hat (চব্বিশ ১১)

গেঁড়িচা **gẽɾica** দ্র গেঁড়ি[৪] (বাঁকুড়া ১৫)

গেঁড়ি-ভাল্‌কি **gẽɾi bʰalki** বি একপ্রকার বাঁশ [শক্ত মোটা এবং নিরেট এই বাঁশ উৎকৃষ্ট] a kind of bamboo—hard and stout, firm] (বাঁকুড়া ১১) দ্র গেঁড়ুহি (বাঁশ)

গেঁড়ি মাটি **gẽɾi maṭi** বি গৈরিক মাটি, তিলক মাটি the loly clay of the Ganges and other holy places with which sectarian marks are painted (বর্ধমা ৯)

গেঁড়ি মুটি খ্যালা **gẽɾi muṭi kʰæla** বি এক প্রকার গ্রামীণ খেলা [সমান সংখ্যক খেলোয়াড় দুইদলে থাকে, আর একজন নিরপেক্ষ খেলোয়াড় থাকে—তার নাম 'বুড়ি'। খেলার উপকরণ—একটি কাদামাটি মাখানো গেঁড়ি। প্রতিপক্ষ দুই দলের খেলোয়াড়েরা একজন করে প্রতিযোগী ঠিক করে নেয়। এবার একে অপরের চোখ টিপে ধরে। এই অবসরে 'বুড়ি' গেঁড়িটি দূরে ছুঁড়ে দেয়। এবার সকলে

গেঁতু জাল্

সেটি খোঁজার চেষ্টা করে এবং যে-দলের খেলোয়াড় পায় তারা জয়ী হয়। 'বুড়ি' হিসাব রাখে কে কতবার পেয়েছে। খোঁজার সময় কেউ পেয়ে গেলেও প্রতিপক্ষের কেউ তা কেড়ে নিতে পারে। তাই সকলে নীরবে খোঁজে। পেলেও না-পাওয়ার ভাণ করে সরাসরি তা 'বুড়িকে' দেয়] a kind of rural out door game of boys (চব্বিশ ১৫)

গেড়িয়া ge৲ia বি পুকুর দ্র গেড়্হ্যা (চব্বিশ ১৭ মেদিনী ৪) **~ক্যাগ্ড়া ge৲ia kæg৲ a** বি একপ্রকার কাঁকড়া [লাল রঙের এই কাঁকড়া প্রধানত পুকুরে হয়] one type of crab [cancer pagurus] (মেদিনী ১৯) **~ঘাট্ ge৲ia g^{h}a৲** বি পুকুর ঘাট a ghat, a landing-stage (চব্বিশ ১৭ মেদিনী ৬, ১৯, ৩৪)

গেঁড়িয়া ge̦৲iæ দ্র গেড়া[১] (বাঁকুড়া ১৮)

গেঁড়িয়্যা ge̦৲iæ দ্র গেড়িয়া (বাঁকুড়া ১)

গেড়ু ge৲u বি নারিকেলের ফোঁপল the vegetating seed within a coconut (চব্বিশ ১৯)

গেঁড়ু ge̦৲u বি ঘাসগুচ্ছ বা ঐ জাতীয় ছোট ছোট গাছের শিকড়-সহ গোড়ার অংশ the bunch of grass or the bunch of root of the small plants (মেদিনী ১৪)

গেঁড়ুয়া[১] ge̦৲ua দ্র গেঁড়ু (বর্ধমা ১৩ বাঁকুড়া ৭, ১২)

গেঁড়ুয়া[২] ge̦৲ua দ্র গেঁড়ু (বাঁকুড়া ৭)

গেঁড়ুয়া[৩] ge̦৲ua বিণ বাচাল talkative (মেদিনী ১৩)

গেঁড়ুল্ ge̦৲ul বি বটের পাখি coturnix coromandelica, quail (মুর্শিদা ১২)

গেঁড়ুলি ge̦৲uli বি গোড়ালি the heel (বীরভূ ১)

গেঁড়ে ge̦৲e দ্র গেইহা [উঁচু জমির জল নিচু জমিতে নিয়ে যাবার জন্য আলের নিচে একপ্রকার গর্ত করে দেওয়া হয়] (নদিয়া ৭)

গেড়ে[১] ge৲e বি হাঁস the duck (পুরুলি ২, ৪)

গেড়ে[২] ge৲e বি নর্দমা a drain (নদিয়া ৩)

গেড়ে দেওয়া ge৲e deŏa ক্রি পুঁতে দেওয়া to drive in খুঁটা গেড়ে দিয়া হোলো—খুঁটি পুঁতে দেওয়া হলো (মেদিনী ১৩ হাওড়া ১, ১০ হুগলি ৮, ১১)

গেড়েই (মাচ) ge৲eĭ (mac) বি ল্যাঠা (মাছ), গড়ই মাছ, লেঠা মাছ ophiocephalus punctatus o. barca (পদিনা ২)

গেঁড়ে দেওয়া ge̦৲e deŏa দ্র গেড়ে দেওয়া (মেদিনী ৩)

গেঁড়েশ্ কাচি ge̦৲e/ kaci বি হাল বা দাঁড়ের কাছি [নৌকার সঙ্গে দাঁড় বা হালকে বেঁধে রাখার জন্য কাছি অর্থাৎ মোটা দড়ি ব্যবহৃত হয়। এই দড়িকেই বলে 'গেঁড়েশ্ কাচি'] the hawser of an oar/a helm (চব্বিশ ১৫)

গেঁড়ো[১] ge̦৲o দ্র গেঁড়ু (বীরভূ ১ বর্ধমা ২ বাঁকুড়া ১১)

গেঁড়ো[২] ge̦৲o বি লাঙলের বিশেষ অংশ [লাঙলের মুঠি থেকে ঈশের সংযোগস্থল পর্যন্ত অংশ] a particular part of a plough (বর্ধমা ২০)

গেঁড়ো[৩] ge̦৲o বি মুষ্টি পরিমাণ a handful এ্যাক্ গেঁড়ো চাল্ দাও—এক মুষ্টি পরিমাণ চাল দাও (নদিয়া ১০)

গেড়ো কোচু ge৲o বি এক প্রকার নিকৃষ্ট জাতের কচু low quality esculant edible root (বর্ধমা ১৫)

গেড়োয়ান্ ge৲oan বি গাড়োয়ান দ্র গেওড়ান্ (মেদিনী ২৮)

গেড়োয়াল্ পোখি ge̦৲oal pok^{h}i বি চড়াই পাখি the sparrow (পদিনা ১৩)

গেঁড়্যা ge̦৲æ দ্র গেঁটে (মেদিনী ১৫) **~আঁটি ge̦৲eræ ăti** বিণ উঁচু জায়গা high land (মেদিনী ১৫)

গেঁত্কোড়া (মাচ্) getkoৃa mac বি পাঁকাল মাছ দ্র গেচ্চি (বাঁকুড়া ৭)

গেঁতা (মাচ্) getta mac দ্র গেঁত্কোড়া (মাচ্) (পুরুলি ৯)

গেতান্ getan বি পানগাছ বসানোর পদ্ধতি a process for planting the betel leaf plant (মুর্শিদা ২৩)

গেঁতি[১] geti বি গাঁইতি a pick oxe (মেদিনী ৩৩)

গেঁতি[২] geti বি জ্ঞাতি a kinsman (fem : a kinswoman) (হাওড়া ১, ৮)

গেঁতি[৩] ge̦ti বি একপ্রকার মাছ [অনেকটা পাঁকাল মাছের মতো, তবে এই মাছ আকারে ছোট ও সরু] a kind of fish akin to the eel (মেদিনী ৫)

গেঁতু জাল্ getu jal বি মাছ ধরার একপ্রকার জাল [প্রায়

১/২ ইঞ্চি ফাঁশ দিয়ে এই জাল বোনা হয়। চওড়ায় দুই তিন হাত, লম্বায় প্রায় ৬০-৭০ হাত হয়। পুকুরের জলে এই জাল পাতা হয়। নিচের দিকে লোহার কাঠি একটি একটি করে সম দূরত্বে বাঁধা থাকে। উপরের দিকে হাল্কা কাঠের তৈরি 'ফুই' একটি একটি করে সম দূরত্বে বাঁধা থাকে। এগুলি জালকে ঝুলে থাকতে সাহায্য করে। পুঁটি, বাঁশপাতা, মরলা ইত্যাদি মাছ যাতায়াতের সময় এই জালের ফাঁশে আটকে যায়। এইভাবে ঐসব মাছ এই জালে ধরা হয়] a kind of fishing net (পুরুলি ৮)

গেঁতুই জাল্ gẽtuĭjal দ্র গেঁতু জাল্ (পুরুলি ১৫ বাঁকুড়া ১৬, বীরভূ ৮)

গেতো[১] geto বি অলস idle (মেদিনী ৬, ১০ হাওড়া ১, ৮) গেতো লোকের ভাত্ জুটবে না—অলস লোকের ভাত জুটবে না (হাওড়া ১)

গেতো[২] geto বি একপ্রকার মাছ [সাপের মতো দেখতে, তামাটে রঙ, প্রায় ছয় ইঞ্চি লম্বা] a kind of fish looked like a snake (বাঁকুড়া ১২)

গেঁতো gẽto দ্র গেতো[১] (হাওড়া ১১)

গেতোমি getomi বিণ আলসেমি idleness খেটে খা, গেতোমি কোরিস্ নি—পরিশ্রম করে খা, আলসেমি করিস না (হাওড়া ১)

গেঁতোই জাল্ gẽtoĭ, jal দ্র গেঁতু জাল্ (মেদিনী ২৫)

গেথ্লি get^{h}li ক্রি গিয়েছিলাম I went (মেদিনী ২১)

গেথা গুঠা শাক্ get^{h}a gu[^{h}a ʃak বি এক জাতীয় শাক a kind of edible plant (বীরভূ ৪)

গেঁথে চিংড়ি gẽt^{h}e ciŋ[i দ্র গেঁটে চিংড়ি (চব্বিশ ১৫)

গেদ্রা gedra বি ঘৃণা hate, hatread, aversion, dislike (পদিনা ৪)

গেদ্রানি gedrani বি তলানি less, dregs, sediment, (বাঁকুড়া ১১)

গেদ্রি gedri বিণ অগোছালো (মেয়ে) unsystematic, messy [fem.] (কোচবি ১ জলপা ১)

গেদা[১] geda বি অহংকার self-conceit, vanity, pride (চব্বিশ ৩৩ হাওড়া ১) অদের্ খুব গেদা, অনেক্বার বললে তবে খেতে এস্বে—ওদের খুব গর্ব, অনেকবার বললে তবে খেতে আসবে (হাওড়া ১)

গেদা[২] geda বিণ ছোট ছেলে a little boy (বর্ধমা ১৩) দ্র গেদি[১]

গেঁধ্লে

গেদা[৩] geda বি দাঁতের মাড়ি the gum (জলপা ৩, ১০ দার্জিলি ১, ৩, ৪)

গেদা[৪] geda বি গোড়ালি দ্র গেড়ুলি (জলপা ২)

গেঁদাল্ (পাতা) gẽdal (pata) বি গাঁদাল (পাতা) [সবুজ চওড়া পাতার ছোট গাছ। দুর্গন্ধ যুক্ত। পেটের রোগে-এর পাতা বেটে মাছের ঝোলে খায়] dog's bane, paederia foetida (হাওড়া ১, ৮)

গেঁদালি (পাতা) gẽdali (pata) বি এক প্রকার লতানে গাছ [এই গাছের পাতা লম্বা ও সবুজ। সর্দি কাশিতে উপকারী। এর পাতা চালগুঁড়ির সঙ্গে বেটে পিঠে তৈরি করে গরম গরম খাওয়ালে সর্দি ভালো হয়। তবে পিঠে খাবার পর জল খাওয়া নিষেধ] a kind of creeper (বর্ধমা ৯)

গেদি[১] gedi বিণ ছোট মেয়ে a little girl (বর্ধমা ১৩) দ্র গেদা[২]

গেদি[২] gedi বি মাথার ঘিলু the brains, the grey matter within the skull (পুরুলি ৫ বর্ধমা ২৩, ২৬ বাঁকুড়া ১২, ১৭ বীরভূ ৮) গেদিটা বিরাই গেছে—ঘিলুটা বেরিয়ে গেছে (বর্ধমা ২৬)

গেদি[৩] gedi বিণ গদ্গদে, থকথকে, তলতলে [নরম কাদার মতো] splashed state, sticky (বর্ধমা ১৯)

গেদি খাওয়া gedi k^{h}aŏa ক্রি ঠেসে খাওয়া, আকণ্ঠ খাওয়া to eat and drink to excess, to overfeed, to surfeit বিয়ে বাড়িতে গেদি খেয়েচে—বিয়ে বাড়িতে ঠেসে খেয়েছে (নদিয়া ৯)

গেদে[১] gede বি আগাছা বিশেষ [ধান ক্ষেতে এই শ্যাওলা জাতীয় আগাছা দেখা যায়। তুঁতে ছড়িয়ে তাকে নষ্ট করে দিতে হয়] a kind of weed or aquatic algæ (হাওড়া ১, ৩, ৮, ১০) **~পড়া gede pɔ[a** ক্রি সজোরে থুবড়ে

গেন্তুল্

পড়া to fall flat on one's face forcibly (বাঁকুড়া ৩ বীরভূ ১০) **~বসা gede bɔsa** ক্রি চেপে বসা tight fitting, close fitting (বাঁকুড়া ১০ বীরভূ ৫) জামাটা গায় গেদে বোসে আছে—জামাটা গায়ে চেপে বসে আছে (বীরভূ ৫)

গেদে[২] **gede** বিণ অনেক, প্রচুর huge, large quantity (বর্ধমা ১৩, ১৫, ১৮, ২০ বাঁকুড়া ১২) গেদে জল্ এলো—জোরে বৃষ্টি এল (বর্ধমা ১৩) গেদে মার্ মেরেচি—ভীষণ মেরেছি (বর্ধমা ১৫) গেদে মোজা—খুব মজা (বর্ধমা ১৮) গেদে নুন্ দিইচে বটে—খুব নুন দিয়েছে (বর্ধমা ২০)

গেঁদে gẽde দ্র গেদে[১] (হাওড়া ১০)

গেদে গুল্লি gede gulli বিণ খুব নোংরা too much dirty, too much filthy, too foul (জলপা ৭)

গেদের্ geder দ্র গেদা[১] (নদিয়া ৯)

গেদেরা gedera বিণ অপরিচ্ছন্ন [ছেলে] dirty, untidy, unclean [boy] (জলপা ১) দ্র গেদেরি

গেদেরি gederi বিণ অপরিচ্ছন্ন [মেয়ে] dirty, untidy, unclean [girl] (জলপা ১) দ্র গেদেরা

গেদো gedo দ্র গেদে[২] তর্‌কারিতে নুন্‌টা খুব্ গেদো হয়ে গেয়েচে—তরকারিতে নুন খুব বেশি হয়ে গেছে (বর্ধমা ২০)

গেদোর্[১] **gedor** দ্র গেতো[১] (নদিয়া ৩)

গেদোর্[২] **gedor** বি পাটকাঠির গায়ে লেগে থাকা পাটের সামান্য অংশ বিশেষ the fibre of jute attached to the stalk of the jute plant (হুগলি ১০)

গেদোর্[৩] **gedor** বিণ অপরিচ্ছন্ন নোংরা dirty, unclean তুই গেদোর—তুই খুব নোংরা, বা অপরিচ্ছন্ন (হাওড়া ১১)

গেঁধ্‌লে gẽdʰle বি শিয়াল কাঁটা the mexican poppy, prickly poppy [argemone mexicana] (মুর্শিদা ২০)

গেধি[১] **gedʰi** বি নাড়িভুঁড়ি intestines, entrails of [animal and insect] (বাঁকুড়া ১ মেদিনী ২৫) পোকাটাকে এমুন্ পিট্‌কাই দিল যে একেবারে গেধি বার করে দিল—পোকাটাকে এমন থেঁতলে দিল যে একেবারে নাড়িভুঁড়ি বেরিয়ে গেল (বাঁকুড়া ১)

গেধি[২] **gedʰi** বি ঘিলু বা মগজ the soft or grey matter within the skull, brains (মেদিনী ২৫)

গেঁধি লাগা gẽdʰi laga ক্রি গন্ধ লাগা to smell বাঁধে গেঁধি লাইগেছে, সব্ লোক মাছ্ ধর্‌বার লাইগে ছুইট্‌ছে—পুকুরের জলে (পচা) গন্ধ লেগেছে সব লোক মাছ (ভেসে ওঠা) ধরবার জন্য ছুটছে (পুরুলি ৮)

গেঁধিলে gẽdʰile দ্র গেঁধ্‌লে (মুর্শিদা ২৪)

গেঁধুয়া gẽdʰua বি নাকের ময়লা dried nasal mucus (মেদিনী ২) দ্র খাট্‌টি[১]

গেঁন্‌জ gẽnj ক্রিবিণ ঠাসাঠাসি over crowding, huddling গেঁন্‌জে যাস্ না—ঠাসাঠাসি (ভিড়ে) যাস না (বাঁকুড়া ১২)

গেঁন্‌জা হওয়া gẽnja hɔ̃a ক্রি দাঁতের মাড়ি ফোলা gum inflamation গেঁন্‌জা হোঁইয়েছে—(দাঁতের) মাড়ি ফুলেছে (বর্ধমা ২৬)

গেন্‌জাম্ genjam বি ভিড় a crowed, a mob উখেনে গেন্‌জাম্ লেগেছে—ঐখানে ভিড় হয়েছে (বাঁকুড়া ৪)

গেন্‌ঠাপাল্ gentʰa pal বি গরুর পাল a herd of cattle (পুরুলি ১৫)

গেন্‌ডা gendɑ বিণ বেঁটে dwarfish, short-statured (পুরুলি ৬)

গেন্‌ডে-গুন্‌ডে খাওয়া gendɑe gundɑe kʰaõa দ্র গেদি খাওয়া (নদিয়া ১০)

গেন্‌ডেল্ (দোকান) gendɑel (dokan) বি পাইকারি (দোকান) wholesale [shop] (পুরুলি ৭)

গেন্‌তুল্ gentul বি 'বাদেগুলি খ্যালা' (badeguli kʰæla) নামক একপ্রকার গুলিখেলায় যে খেলোয়াড়ের গুলি প্রথমবার চালার সময় গর্তের সবচেয়ে দূরে থাকে [যার গর্তের সবচেয়ে কাছে পড়ে তাকে পাশ্ বলে] a particular marble player who is far away from hole (হুগলি ১৬)

গেন্দ্‌সুয়াই করা gendsuaĭ kɔra ক্রি মুখভার করা to darken with huff, to sulk মুক্‌টা গেন্দ্‌সুয়াই আছে—মুখটা গোঁজ করে [মুখভার] আছে (বাঁকুড়া ১২)

গেন্দা genda বি গাঁদা (ফুল) a merigold flower (জলপা ৪ বীরভূ ১)

গেন্দা (পাকি) genda (paki) দ্র গেঁউড়া (মালদা ৪)

গেন্দাল্ (ছেলে) gendal (c^{h}ele) বিণ কনিষ্ঠ শিশু youngest baby (কোচবি ৩)

গেন্দি (ফুল্) gendi (p^{h}ul) দ্র গেন্দা (জলপা ৫)

গেন্দু gendu বি গাব ফল the mangosteen [garcinia cambojia] (কোচবি ১)

গেন্দো (ফুল) gendo (p^{h}ul) দ্র গেন্দা (পদিনা ৪)

গেন্‌ধি (পোকা) gend^{h}i (poka) বি গান্ধী পোকা, গন্ধ পোকা [একজাতীয় ছোট কালো রঙের পোকা বর্ষাকালে দেখা যায় যা চারিপাশে দুর্গন্ধ ছড়িয়ে থাকে] rice bug [leptocorisa acuta] (মেদিনী ৩২)

গেন্‌ধি (ফুল) gend^{h}i (p^{h}ul) দ্র গেন্দা (পদিনা ৩)

গেন্‌ধি (সাপ) gend^{h}i (sap) বি মেটে সাপ [সরু মেটে রঙের ফণাহীন সাপ] a non-venomous mud-coloured snake [tropidonotus statatus] (দার্জিলি ৩)

গেন্‌না genna বি গলা the neck, the throat (পদিনা ২)

গেনাই genaĭ বি মদ (সাঙ্কেতিক ভাষা) wine (বর্ধমা ৭)

গেনি[১] geni ক্রি গেলাম (we) went মন্নে গেনি—আমরা গেলাম (মেদিনী ১৫)

গেনি[২] geni বি কঞ্চির গোড়া [বাঁশ মসৃণ করে ছুলে নেবার পূর্বে কঞ্চিগুলোকে কেটে নেয় প্রথমে। তখন কঞ্চির গোড়া বাঁশের গায়ে লেগেই থাকে। তারপর বাঁশ মসৃণ করে ছুলে নেয়] the bottom of the branches of the bamboo (পুরুলি ৫)

গেনু genu দ্র গেনি[১] (জলপা ৭ হুগলি ৫) মুই বাজার গেনু—আমি বাজার গেলাম (জলপা ৭)

গেঞ্জাম্ genjam দ্র গেন্‌জাম্ (বাঁকুড়া ৪)

গেণ্ডা gendɖa দ্র গেন্‌ডা (বর্ধমা ১৩)

গেণ্ডে গুণ্ডে খাওয়া gendɖe gundɖe k^{h}aŏa দ্র গেন্‌ডে গুন্‌ডে খাওয়া গেণ্ডে গুণ্ডে খেয়েছিস্ ক্যানা তাই পেট ব্যাথা কর্‌চে—বেশি খেয়েছিস কেন তাই পেট ব্যথা করছে (নদিয়া ১০)

গেণ্ডেল্ দোকান্ gendɖel dokan দ্র গেন্‌ডেল্ দোকান (পুরুলি ৭)

গেরা[১]

গেন্দা (ফুল্) genda (p^{h}ul) দ্র গেন্দা (জলপা ৭)

গেন্দি (ফুল্) gendi (p^{h}ul) দ্র গেন্দা (জলপা ৫)

গেন্দু gendu দ্র গেন্দু (কোচবি ১)

গেন্ধি পোকা gend^{h}i poka দ্র গেন্‌ধি পোকা (জলপা ৯)

গেন্ধি (সাপ্) gend^{h}i (sap) দ্র গেন্‌ধি (সাপ্) (দার্জিলি ৩)

গেবি যাওয়া gebi jaŏa ক্রি কাঁসা পিতলের বাসনে কলঙ্কের দাগ ধরা [পিতলের বাসনে অম্ল-জাতীয় কিছুক্ষণ থাকলে একপ্রকার ছোপ ছোপ দাগ পড়ে] to stain on the utensils made of brass and bell-metal (নদিয়া ৭)

***গেবে যাওয়া[১] gebe jaŏa** দ্র গেবি যাওয়া (বর্ধমা ৪ বাঁকুড়া ৩ বীরভূ ৮) বাসন্ গেবে গেইছে—বাসনে কলঙ্ক ধরেছে (বীরভূ ৮)

***গেবে যাওয়া[২] gebe jaŏa** ক্রি গিজ্‌গিজ্ করা to express a state of crowding or swarming আর জল হবে নে, আকাশে তারা গেবে গ্যাচে—আর বৃষ্টি হবে না, আকাশে তারা গিজ্‌গিজ্ করছে (হাওড়া ১, ৮)

***গেবে যাওয়া[৩] gebe jaŏa** ক্রি জলে কাদায় ঘোলা হয়ে যাওয়া to become muddy (বর্ধমা ২, ৩ বীরভূ ৮) জল্‌টা গেবে গেচে—জলটা (পুকুরের) ঘোলা হয়ে গেছে (বীরভূ ৮)

***গেবে যাওয়া[৪] gebe jaŏa** ক্রি ক্লান্ত হয়ে যাওয়া to become extremely tired, wearied, exhausted (পদিনা ১০)

গেম্‌বাটি gembaṭi বি অল্প কানাযুক্ত বাটি বিশেষ a hemispheroidial cup with little brim (বীরভূ ৯)

গেমা gema বি একপ্রকার ছোট গাছ [অনেকটা আখ গাছের মতো দেখতে। তবে এর পাতা মসৃণ। মূলে একগুচ্ছ শিকড় থাকলেও নিচের দিকের গাঁটে গাঁটে সাদা শিকড় বের

গেস্‌তে করা

হয়। জমির উর্বরতা বৃদ্ধির জন্য জৈব সার হিসেবে এই গাছ রোপণ করা হয়] a kind of small tree (বর্ধমা ৫)

গেমি কুমড়ো gemi kumɽo বি একজাতীয় কুমড়ো [অনেকটা ঘটির মতো দেখতে, তবে ভিতরটা চাল-কুমড়োর মতো] one type of pumpkin akin to the evergreen variety (চব্বিশ ৩৭)

গের্‌দানি gerdani জলের তলানি দ্র গেদ্‌রানি (বাঁকুড়া ১২)

গেরজ গাছালি gerɔj gac^{h}ali বি গৃহস্থ দ্র গেড়স্থি (বীরভূ ৯)

গেরন্‌ gerɔn বি গ্রহণ an eclipse চাঁদে গেরন্‌ লেগেছে—চাঁদে গ্রহণ লেগেছে (নদিয়া ৯ বর্ধমা ৬)

গেরস্থি gerɔst^{h}i বি গৃহস্থ দ্র গেড়স্থি (জলপা ৯)

গেরা[১] gera বি ধুঁধুল, ধুন্দুল, তরই, তরুই bath sponge, a kitchen-vegetable cylindrical and tapering at both ends (জলপা ৭)

গেরা[২] gera বিণ বোবা dumb, speechless (পদিনা ২)

গেরাজ্জি gerajji ক্রিবিণ গ্রাহ্য, পাত্তা acceptable, perceptible [to care] (মেদিনী ১১)

গেরানে খাটা gerane k^{h}aʈa ক্রি দিন-মজুরি খাটা to work as a daily-labourer (মেদিনী ২৫)

গেরাফি gerap^{h}i বি নোঙর an anchor (চব্বিশ ১১)

গেরাম্‌ geram বি গ্রাম a village (মেদিনী ২৫ হাওড়া ১ হুগলি ১৬) কুন্‌ গেরামে যাবে—কোন্‌ গ্রামে যাবে (হাওড়া ১)

গেরাম্‌থান্‌ geramt^{h}an বি গ্রাম-দেবতার স্থান [গ্রামীণ দেব-দেবীর পীঠস্থান হিসাবে গণ্য করা হয়] the place of the deity in the village (বাঁকুড়া ১)

গেরি পাথর্‌ geri pat^{h}ɔr বি গৈরিক পাথর red-ochre coloured stone (বর্ধমা ১৩)

গেরিয়া geria বি গেড়্‌হ্যা (মেদিনী ২৬)

গেরু পাথর্‌ geru pat^{h}r দ্র গেরি পাথর্‌ [পুরুলিয়ার পাহাড়-প্রবণ অঞ্চলের মাটি খুঁড়ে এই পাথর পাওয়া যায়। এই পাথর ঘষলে লাল রঙ বের হয়। পূজা উৎসব উপলক্ষে ঘরের চৌকাঠ ও দেওয়াল চিত্রণে এই রঙ ব্যবহার করা হয়। এছাড়া এর ক্বাথ গরম করে চোট-আঘাত লাগা স্থানে প্রলেপ দিলে ব্যথার উপশম হয়] saffron coloured stone used for wall painting (পুরুলি ১১ মেদিনী ৮)

গেরুয়া gerua বি মাটির ছোট হাঁড়ি-কলসি [রস রাখার কাজে ব্যবহৃত হয়] the small size urn-shaped clay pot or clay-pitcher used for keeping exudation (মালদা ২)

গেঁরুল্‌ gẽrul দ্র গেঁড়ুল (বীরভূ ১১)

গেঁরুল্‌ পাক্‌ gẽrul pak বি ভাটি তিতির, ভাট তিতির sand-grouse, pterocles exustus erlangeri (বীরভূ ১৪)

গেরে ছোয়া gere c^{h}oa বি হাঁসের ছানা the duckling (পুরুলি ৫)

গেরো gero বি ১ কনুই the elbow (চব্বিশ ৩৭) ২ আঙুলের গাঁট the joint of the finger (চব্বিশ ১০, ৩৭) ৩ গিঁট a knot গেরো দিয়েচি—গিঁট দিয়েছি। গেরো দ্যাওয়া—গিঁট দেওয়া (চব্বিশ ১৪ হাওড়া ১০)

গেরোন্‌ goron দ্র গেরো ৩ (চব্বিশ ২১)

গেরো পুড়ে খাওয়া gero puɽe k^{h}aõa দ্র গেন্‌ডে গুন্‌ডে খাওয়া (বীরভূ ১৩)

গেরোম্‌ gerom দ্র গেরোন্‌ (হুগলি ৮)

গেরোস্‌তালি gerostali দ্র গেরস্থি (মেদিনী ৬, ৭)

গেরোহেন্‌ gerohen দ্র গেরন্‌ (চব্বিশ ২১ মেদিনী ১১)

গেরোস্‌তো gerosto বি গৃহস্থ the house-holder, house-wife (বর্ধমা ২ বীরভূ ৫)

গেল্‌ gel ক্রি ১ গিয়েছে (he/she) has gone দুদ্‌খান্‌ ফাটে গেল্‌—দুধটা কেটে গেছে (পদিনা ২) ২ গিয়েছিল was frightened সব্‌কোই ডার্‌ খাই গেল্‌—সবাই ভয় পেয়ে গিয়েছিল (পদিনা ৯) ৩ গেল made muddy হেলিয়া জলখান্‌ ঘোলা হইয়া গেল্‌—সাঁতার দিয়ে জল ঘোলা হয়ে গেল (দার্জিলি ৩)

গেল্‌ছিলম্‌ gelc^{h}ilɔm ক্রি গিয়েছিলাম I went সকাল্যে বহরমপুর গেল্‌ছিলম্‌—সকালে বহরমপুর গিয়েছিলাম (মুর্শিদা ২, ১৪)

গেল্‌ছিলা gelc^{h}ila ক্রি গিয়েছিলে have/has gone কোথায় গেল্‌ছিলা—কোথায় গিয়েছিলে (বর্ধমা ৫)

গেল্‌ছিলি gelc^{h}ili ক্রি গিয়েছিলি have/has gone কথা গেল্‌ছিলি—কোথায় গিয়েছিলি (পুরুলি ৯)

গেল্‌ছিলিস্‌ gelc^{h}ilis ক্রি গিয়েছিলি you have/has gone তুই কি গেল্‌ছিলিস্‌—তুই কি গিয়েছিলি (মুর্শিদা ১০)

গেল্‌ছিলো gelc^{h}ilo ক্রি গিয়েছিল (he/she) went (বীরভূ ১১)

গেল্‌ছে gelc^{h}e ক্রি গেছে he/she has gone কথা গেল্‌ছে—কোথায় গেছে (মুর্শিদা ২২, ২৪)

গেল্‌লা gella বি বদনাম discredit, bad reputation infamy গেল্‌লা করছে—বদনাম করছে (মুর্শিদা ২৪)

গেল্‌হা gelha বি আদর caress, cordiality, cordial reception, fondness, love affection, appreciation গেল্‌হা ঝিঅ—আদরের মেয়ে (মেদিনী ৮)

গেলা gela সর্ব-গুলো many অনেক গেলা—অনেক গুলো (বর্ধমা ১)

গেলাপ্‌ gelap বি (বালিশের) ওয়াড় a slip for a pillow or bolster, a pillow case, a pillow-slip ওয়াড় (চব্বিশ ১৪ বর্ধমা ২)

গেলা মেয়া gela mea বিণ বেশি কথা বলা মেয়ে talkative girl (মেদিনী ৩৫)

গেলাশ্‌ শোঙা মাতাল্‌ gela*ʃ* *ʃ*o*y*a matal বিণ, বি অল্প নেশা করে যে মাতলামি করে to become intoxicated fast with a slight quantity of wine (বর্ধমা ৯)

গেলাহি gelahi ক্রি গেছে [কেবলমাত্র স্ত্রীলিঙ্গ বাচক শব্দে ব্যবহৃত হয়] has gone বিটি ঝেল্‌দা গেলাহি—আমার মেয়ে ঝালদা গেছে (পুরুলি ৫)

গেলাহে gelahe ক্রি গেছে (পুংলিঙ্গ) has gone হামর্‌ ব্যাটা ঝেল্‌দা গেলাহে—আমার ছেলে ঝালদা গেছে (পুরুলি ৫)

গেলুঁ gelũ ক্রি গেলাম (I) went আমি ডাক্তার ঘর্‌ গেলুঁ—আমি ডাক্তার-বাড়ি গেলাম (মেদিনী ৫) তি হোথা গেলুঁ ক্যানে নি—তুই ওখানে গেলি না কেন (পদিনা ৯)

গেলুয়া gelua বিণ বাচাল দ্র গেঁড়ুয়া (চব্বিশ ৪)

গেলেস্‌ geles বি গেলাস a glass (চব্বিশ ২৭ বীরভূ ৭)

গেলো gelo দ্র গেলুয়া (হাওড়া ১, ১০) **~ভাত gelo b^{h}at** বিণ গলা ভাত the rice excessively softened/soft

গোইঠি

(চব্বিশ ১৪ নদিয়া ৪ বর্ধমা ৫ মুর্শিদা ১৪ হুগলি ১) ভাত্‌টা গেলো হোই গেইয়্যাচে—ভাতটা গলা হয়ে গেছে (মুর্শিদা ১৪) **~মাধব্‌ gelo mad^{h}ɔb** দ্র গেলুয়া (হাওড়া ১০) **~হোই যাওয়া gelo hoï jaŏa** ক্রি গলা (ভাত) হয়ে যাওয়া the rice to become excessively softened (নদিয়া ২)

গেল্লা gella দ্র গেল্‌লা (মুর্শিদা ২৪)

গেস্‌তে করা geste kɔra ক্রি ঘাস ছেঁটে দেওয়া [জমির আলের ঘাস বড় হয়ে গেলে কোদাল দিয়ে ছেঁটে দেওয়া হয়] to trim the grass (হাওড়া ৩)

গেস্‌নু gesnu ক্রি গিয়েছিলাম (I) went আমি কাল্‌ কোল্‌কাতা গেস্‌নু—আমি কাল কলকাতায় গিয়েছিলাম (হুগলি ৮, ১৬, ১৮)

গেসোঁ gesõ ক্রি গেছি (I) went মুই হাটোৎ গেসোঁ—আমি হাটে গেছি (জলপা ৭)

গেস্তো gesto দ্র গেরোস্‌তো (হাওড়া ৬)

গেহন্‌ gehɔn দ্র গেরন্‌ (বর্ধমা ২)

গেহস্ত hehɔstɔ দ্র গেরোস্‌তো (মেদিনী ৬)

গেহুম্‌ gehum বি গম the wheat (মালদা ৯)

গেহেন্‌ gehen দ্র গাইন্‌ (জলপা ৭)

গেহেস্‌তা gehesta বি শববাহক carrier of dead bodies (কোচবি ৪)

গো^{১} go বি গোলমাল noise গো করিস নি—গোলমাল করিস না (মেদিনী ৩৪)

গো^{২} go বি গোয়াল a cow-shed (মেদিনী ২৬)

গোই^{১} goï বি ১ গর্ত দ্র গোইহা (বর্ধমা ২ বীরভূ ১) আখার গোইটা খোঁড়ো—উনানের গর্তটা খোঁড়ো (বীরভূ ১) ২ ছোট সরু নালা the small and narrow drain/chan-



গোইব্‌রা পোকা

nel (চব্বিশ ৮ বীরভূ ১ হুগলি ১০) **~জমি goĭ jomi** বিণ নাবাল (জমি) low land (বীরভূ ৯)

গোই[২] **goĭ** বি গলি narrow lane (মেদিনী ২৬) **~গাঁ goĭgã** বি পাড়াগাঁ interior village (নদিয়া ৪) বীরভূ ৯ মুর্শিদা ৩) **~গ্যারাম্ goĭ gæram** দ্র গোই গাঁ (নদিয়া ১) **~ঘর goĭ g^{h}ɔr**বি গোয়ালঘর (মেদিনী ২৪, ৩৫)

গোইখ্‌র‍্যা goĭk^{h}ræ বি গোখ্‌রো (সাপ) the cobra, di capello [naja tripudians] (মেদিনী ২৬)

গোইজ্‌জে গুড়ুল্ goĭjje guɽul বিণ গোমড়ামুখী sullen and silent, glum and grave বৌটা খুব গোইজ্জেগুড়ুল বটে—বৌটা খুব্ গোমড়ামুখী আছে (বাঁকুড়া ১৪)

গোইজ্‌র‍্যা (চোক) goĭjræ (cok) বিণ রাঙা (চোখ) red eyed, the eye red with anger (মুর্শিদা ২৪) তু গর্জন

গোইট্ হওয়া goiɽ hɔŏa ক্রি পুষ্ট হওয়া well-developed, grown up ধানে ভেঁপু লেগেছে, চাল্ গোইট্‌লক্ নাই—ধানে ভেঁপু (পোকা) লেগেছে, চাল পুষ্ট হল না (বাঁকুড়া ৯) তু গড়ে ওঠা>গড়লো

গোঁইটা gõĭɽa বি ঘুঁটে a cake of drid dung used as fuel (মেদিনী ২৯)

গোঁইঠা goĭɽ^{h}a দ্র গোঁইটা (পদিনা ৮ মালদা ৩, ৯)

গোঁইঠা gõĭɽ^{h}a দ্র গোঁইটা (পুরুলি ৪ মুর্শিদা ২২ মেদিনী ৫, ২২)

গোইঠি goĭɽ^{h}i বি উপ-ক্ষুর [গরুর পায়ের পিছন দিকে ক্ষুরের একটু উপরে আঙুলের মতো দুটি করে উপ-ক্ষুর থাকে] an upper hoof (বাঁকুড়া ১৮ মেদিনী ৮)

গোঁইঠ্যা gõĭɽ^{h}æ দ্র গোঁইটা (পুরুলি ৯, ১২)

গোইড়্[১] **goiɽ** বি মাটির দেওয়ালের স্তর the layer of the clay built wall (বাঁকুড়া ১)

গোইড়্[২] **goiɽ** বি দল group আমাদের গোইড়ে যোইগ্ দিতে হবে—আমাদের দলে যোগ দিতে হবে (মুর্শিদা ৯) **~করা goiɽ kɔra** ক্রি প্রণাম করা to lie prostrate or bend and touch one's feet in obeisance (পুরুলি ১৩)

গোইড়্[৩] **goiɽ** বি পা leg (পুরুলি ১১) **~ধুয়া ধুয়ি goĭɽ d^{h}ua d^{h}ui** বি প্রাক-বিবাহের আচার [কন্যা দেখতে বরপক্ষের অভিভাবকরা যখন বাড়িতে আসে তখন কন্যা অভ্যাগতদের পা ধুইয়ে দেয়। বরপক্ষের অভিভাবকদের পক্ষ থেকে কন্যাকে আশীর্বাদ-সূচক কিছু টাকা দেওয়া হয়। আবার কন্যাপক্ষ যখন বর দেখতে বরের বাড়ি যায় তখন বরপক্ষের কোনো মহিলা পা ধুইয়ে দেয়। সেও আশীর্বাদ-সূচক কিছু টাকা পায়] one type of pre-marrige rituals of the Hindus (পুরুলি ১১)

গোইড়্‌হা goiɽha বি পুকুর দ্র গেরিয়া (বীরভূ ৯) ২ ডোবা a small pool of water, a pit full of water (মালদা ৯)

গোইড়া[১] **goĭɽa** বিণ ১ অলস idle (মুর্শিদা ১৯) বিণ ২ ভবঘুরে vagabond, leading a wandering life (মেদিনী ২৫)

গোইড়া[২] **goĭɽa** বি কলসি (পিতলের) the pitcher, (made of brass) (বাঁকুড়া ৭)

গোইড়া[৩] **goĭɽa** দ্র গোইড়্‌হা ১ (বীরভূ ১১)

গোইড়িয়া goĭɽia দ্র গোইড়া[১] ১ (মেদিনী ৯)

গোইড়িয়্যা goĭɽiæ দ্র গোইড়া[২] (বাঁকুড়া ১৮)

গোইড়্যা[১] **goĭɽæ** দ্র গোইড়া[২] (বাঁকুড়া ১৮)

গোইড়্যা[২] **goĭɽæ** দ্র গোইড়া[১] ১ (মুর্শিদা ১৫, ১৭)

গোইড়্যা (জাল) goĭɽæ (jal) বি একপ্রকার খেওলা জাল [এই জাল প্রায় সাত-আট হাত লম্বা হয় এবং ১/২ ইঞ্চি ফাঁশ] one type of casting net (পুরুলি ১৫)

গোইড়্যে goĭɽɛ গোইড়্‌হা ১ (মুর্শিদা ২২) ২ দ্র গোইড়্‌হা ২ (বর্ধমা ৮ মুর্শিদা ২৩)

গোইড়্যে goĭɽɛ দ্র গোইড়া[১] (মুর্শিদা ১৪)

গোইতে-পোইতে goĭte-poĭte বি আত্মীয়-স্বজন kith and kin (মেদিনী ১৭)

গোইন্‌দা goinda বি ঘটক a match-maker (বর্ধমা ২৬)

গোইন্‌ধা goind^{h}a দ্র গোইন্‌দা (বর্ধমা ৮)

গোইনা goĭna বি গয়না ornament (মেদিনী ৬, ১৫, ১৯, ২২, ২৫, ২৬) গোইনা গা তুয়্যা রাখ্ চোর জাঁইতে পারলে লিয়া লিবে—গয়নাগুলো তুলে রাখ, চোর জানতে পারলে নিয়ে নেবে (মেদিনী ২৬)

গোইন্দা goinda দ্র গোইন্‌দা (বর্ধমা ২৬)

গোইন্ধা goind^{h}a দ্র গোইন্‌দা (বর্ধমা ৮)

গোইব্‌রা পোকা goibra poka বি গোবরে পোকা, গুবরে পোকা the dung beetle, the dor beetle, the dor-fly (মেদিনী ১৯, ২২, ২৬)

***গোইবে goĭbe** ক্রি গল্‌বে will pass in গয়া দিয়া কুন কিছু গোইবে নি—গলা দিয়ে কোনো কিছু গলবে না (মেদিনী ২৬)

গোইর্ goir বি পা দ্র গোইড়্ (মেদিনী ১২)

গোইর্‌হ্যা goirhæ দ্র গোইড়্‌হা (বীরভূ ৯)

গোইরব্ goĭrɔb বি গর্ব, অহংকার the vanity, pride (কোচবি ২ পদিনা ৬) তু গৌরব

গোইরা[১] goĭra ১ দ্র গোইড়্‌হা (বর্ধমা ১৩ বাঁকুড়া ৭)

গোইরা[২] goĭra বিণ গভীর deep গোইড়্যাটার মাঝুমা জাইসি না, খুব গোইরা আছে—পুকুরটার মাঝে যাস না, খুব গভীর আছে (মেদিনী ৬, ১৫)

গোইরা[৩] goĭra দ্র গোই[১] ১ (মেদিনী ২) ~ **চোখি goĭra cok^{h}i** বিণ কোটরাগত চোখ যার sunken eye person (মেদিনী ২১) **~প্যাটা goĭra pæʈa** বিণ পেটুক gluttonous, voracious, fond of eating টকাটা খুব গোইরা প্যাটা—ছেলেটা খুব পেটুক (মেদিনী ২৬)

গোইরা[৪] goĭra বি কলসি the pitcher made by metal or clay (বাঁকুড়া ১৮ মেদিনী ৫, ১২)

গোইরা[৫] goĭra দ্র গোইড়া[১] ১ (বাঁকুড়া ১৮)

গোইরার্ পাড়ু[৪] goĭrar paʈ বি ডাবা বসানোর স্থান [জাবনা খাবার ডাবা বিশেষ-স্থানে বসানো হয়] the particular place where the large earthen tub placed (মুর্শিদা ৫)

গোইরিয়া goĭria দ্র গোইরা[৪] (মেদিনী ২৫)

গোইরে যাওয়া goĭre jaŏa ক্রি গড়িয়ে যাওয়া to go rolling, to flow on, to roll down (বর্ধমা ২২)

গোইর্যে goĭrɛ দ্র গোইড়া[২] (বাঁকুড়া ৭)

গোইর্যা (ইঁট) goĭræ (ĩʈ) বি এক প্রকার ইঁট [সাধারণ ইঁটের থেকে এই ইঁট উচ্চতা ও প্রস্থে কম)] a kind of brick [smaller than the standard] (মালদা ১)

গোখ্‌রি

গোইল্ goĭl বি গোয়াল the cow-shed (চব্বিশ ২১, ৩৬, ৩৭ বর্ধমা ২০ বীরভূ ২ হুগলি ৯) গোইল দুয়োর—গোয়ালের দরজা (বর্ধমা ২০)

গোই লতা goĭ lɔta বি লতাজাতীয় গাছ [এই গাছের পাতা তিন ভাগে বিভক্ত। গরুর 'খুকি বাদোল' নামক অসুখে যে খাবার ওষুধ দেওয়া হয় তার অন্যতম উপকরণ। এছাড়াও এই লতাকে ঘুঁটের আগুনে পুড়িয়ে গরম করে গরুর সারা গায়ে সেঁক দেওয়া হয়] a kind of creeper (বীরভূ ৫)

গোইলা goĭla বি গোয়ালা the milkman (মেদিনী ৬, ১১, ১৫, ২৬)

গোইলি goĭli দ্র গোইল্ (চব্বিশ ৩১, ৩৭)

গোইলে goĭle বি গোয়ালে in the cow-shed (চব্বিশ ২৭ মেদিনী ২৯ হাওড়া ১, ৩, ৮) মা গোইলে গ্যাচে গাই দুইতে—মা গোয়ালে গেছে গাই দুইতে (হাওড়া ১)

গোউখ্‌ড়া gouk^{h}ʈa বি গোখরো সাপ the cobra (মেদিনী ৯)

গোউগ্‌লি (মাক্‌ড়ি) gougli (makʈi) বি কানে পরার একপ্রকার অলংকার [কানে একাধিক ফুটো করে একাধিক বলয় জাতীয় অলংকার পরা হতো] a kind of ear-ring (বাঁকুড়া ১)

গোউভনো goŭb^{h}ɔno বিণ গর্ভবতী, গাভিন big with young গোউভনো ছাগল—গাভিন ছাগল (চব্বিশ ২৩)

গোউর্ ধুল্ gour d^{h}ul বি বৈষ্ণবীয় বন্ধুত্ব [হরিনাম কীর্তন-স্থলে অপরের সঙ্গে বন্ধুত্ব হলে সেই যুগল বন্ধুকেই বলা হয় 'গোউর্ ধুল্'] the friendship of two 'vaishnabas' (বীরভূ ৮)

গোউর বচন্ gour bɔcɔn বি নাপিতের শ্লোক [হিন্দু বিবাহের



গোচ্[৩]

অনুষ্ঠানে নাপিত কিছু শ্লোক বলে। এই শ্লোক না হওয়া পর্যন্ত কনের মাথায় সিঁদুর-দান হবে না] the barbar quotes some folk rhymes–songs during the Hindu marriage ceremony (মালদা ১০)

গোউর্ মশ্‌লা gour mɔ/la বি গরম মশলা cardamom cloves and cinnamon (জলপা ২)

গোউরি goŭri বি অবিবাহিত কন্যা an unmarried daughter (মেদিনী ১৫)

গোউহা লাগা goŭha laga ক্রি গ্রহণ লাগা an eclipse commences চাঁদে গোউহা লেগেছে—চাঁদে গ্রহণ লেগেছে (মুর্শিদা ২৩)

গোওড়া gooɽa বি গরুর অস্থায়ী বিশ্রাম স্থল (গোয়াল ঘরে গরু রাত্রে থাকে। দিনের বেলায় গোয়াল ঘরের বাইরে একটি চালায় বা গাছ তলায় গরুকে বেঁধে রাখা হয় এবং ঐখানেই খাবার দেওয়া হয়) the temporary resting place of cattle during the day time (হাওড়া ১০)

গোংগা[১] goŋga বিণ বোবা the dumb (জলপা ৯ দার্জিলিং ২ নদিয়া ১৩ পদিনা ৪ বর্ধমা ৫ মালদা ৪, ৯)

গোংগা[২] goŋga বি একপ্রকার ফড়িং (গঙ্গা ফড়িং) grass-hopper (জলপা ৪)

গোংলানো goŋlano ক্রি কুলকুচা করা to wash mouth by rinsing (পদিনা ১০)

গোক্‌কুরা gokkura দ্র গোউখ্‌ড়া (কোচবি ২)

গোক্‌শে ধরা gok/e dʰɔra ক্রি চেপে ধপা, ঠেসে ধরা to press somebody forcefully (কোচবি ২)

গোকাল্ পুজো gokal pujo বি (লৌকিক) গাভী মাতার পূজা [গাভীকে গো-মাতা রূপে হিন্দু রমণীরা পূজা করে। বৈশাখ মাসে এই পূজা হয়। কোথাও বা কুমারী মেয়েরা এই পূজা করে (বর্ধমা ২১) । সকালে অভুক্ত অবস্থায় থেকে সিঁদুর, হলুদ, সাদা চন্দন, লাল চন্দন গুলে গাভীর কপালে ফোঁটা দেয়, পরে চার পায়ে গঙ্গাজল দেয়। গাভীকে আয়না দেখায়, পাখার বাতাস দেয়। দুর্বা ঘাস ও পাকা কলা মাখিয়ে গাভীকে খাইয়ে দেয়। গাভীর শিঙে তেল হলুদ মাখানো হয়। এছাড়া কিছু লৌকিক ছড়া বা মন্ত্র বলে] the worship of mother cow [a holy festive of the Hindus (বর্ধমা ১৪, ২১ হুগলি ৫)

গোকুল পিঠে gokul piʈʰe বি একপ্রকার পিঠে [উপকরণ : দুধ, আটা, চিনি, ঘি বা তেল। প্রথমে দুধ ঘন করে জ্বাল দিয়ে প্রচুর পরিমাণে চাঁচি করতে হবে। চাঁচিগুলোকে চাকা চাকা করে কেটে রাখতে হবে। এরপর আটা জল দিয়ে ঘন করে গুলতে হবে। এবার ঐ চাঁচির চাকাগুলিকে আটা-গোলায় ডুবিয়ে ঘি বা তেলে ভাজতে হবে। তারপর চিনির রসে কিছুক্ষণ ডুবিয়ে রাখতে হবে] a variety of pan cake (মুর্শিদা ২২)

গোকুল্ (ফুল্) gokul (pʰul) বি বাক্‌সনা, বক ফুল [অনেকটা কাঠ চাঁপা ফুলের মতো তবে রঙ সাদা] agati, sesban (মুর্শিদা ১৭)

গোখ্‌রি gokʰri বি জরি—শোলার সাজের উপকরণ [হিন্দু দেব-দেবীকে যে-সব শোলার কাজের অলংকার পরানো হয় সেই সব অলঙ্কারে এগুলি ব্যবহৃত হয়] thread of golden or silver colour used on sponge wood-dress or ornaments for Hindu goddess or the ornament made of sola embroidered with the threads of gold and silver colour (চব্বিশ ৮)

গো-খাউড়ি go-kʰaŭɽi বি গোষ্পদ a cow's foot print (মুর্শিদা ১২)

গো-খানা go-kʰana বি ভাগাড় a waste land for de-positing carcass (মুর্শিদা ২০)

গো-খাব্‌ড়ি go-kʰabɽi দ্র গো-খাউড়ি (নদিয়া ৯ মুর্শিদা ১২)

গো-খাবুরি go-kʰaburi দ্র গো-খাউড়ি (বীরভূ ১৩)

গো-খুব্‌ড়া go-kʰubɽa দ্র গো-খাউড়ি (নদিয়া ৬)

গো-খুব্‌রা go-kʰubra দ্র গো-খাউড়ি (মুর্শিদা ৯) **~রাস্তা go-kʰubra rasta** বিণ উঁচু-নিচু রাস্তা uneven unmetalled road, high and low road (মুর্শিদা ৯)

গো-খুর্[৪] go-kʰur দ্র গো-খাউড়ি (জলপা ৪)

গো-খোখোর্ go-kʰokʰor দ্র গো-খুব্‌রা রাস্তা (বাঁকুড়া ১৯)

গো-খোঁচ্ go-kʰõc দ্র গো-খাউড়ি (বাঁকুড়া ৬)

গো-খোপ্‌ড়া **go-k^{h}opɽa** দ্র গো-খাউড়ি (নদিয়া ১)
গো-খোপোর্ **go-k^{h}opor** দ্র গো-খাউড়ি (বাঁকুড়া ৪)
গো-খোবোর **go-k^{h}obor** দ্র গো-খাউড়ি (বর্ধমা ৯, ১৬)
গোগ্ **gog** ক্রিবিণ চিৎকার, চেঁচামেচি shout, to screan (পদিনা ৩, ৮, ৯) উয়ায় গোগ্ দিছে—সে চিৎকার করছে (পদিনা ৮) সবাই গোগ্ দ্যাছ্যেন্ ক্যান্যে—সবাই চেঁচামেচি করছ কেন (পদিনা ৩) **~আল্ gog al** বি গর্তবিহীন আল a dyke without any hole (বর্ধমা ১৫) **~গুলি gog guli** বি গুগ্‌লি the oyster (বর্ধমা ১৯) **~থোর্ gogt^{h}or** বি [কলাগাছের] থোড় the spathe of a banana tree (পদিনা ১৫)
গোগ্‌রো **gogro** দ্র গোউখ্‌ড়া (মেদিনী ১১)
গোগ্‌রোনো পাত্তর্ **gogrono pattɔr** বিণ গর্তযুক্ত পাত্র [এই পাত্রের মধ্যস্থলে গর্ত থাকে] a vessel with hole in the centre (মেদিনী ১১)
গোগ্‌লা থাল্ **gogla t^{h}al** বি খুব উঁচু কানা বা বাড় যুক্ত থালা [এই থালায় সাধারণত ভাত-তরকারি রান্না করে ঢেলে রাখা হয়] a dish with very high edge/brim/rim (পদিনা ১০)
গোগ্‌লি **gogli** দ্র গোগ্‌গুলি (মেদিনী ৫, ৩২)
গোগ্‌লু **goglu** বি ফড়িং দ্র গোংগা[২] (নদিয়া ১)
গোগ্‌লো **goglo** দ্র গোগ্‌লু (মুর্শিদা ১৮)
গোগ্‌রাস্ **gogras** ক্রিবিণ গোগ্রাস to eat hastily in large morsels, to gobble গোগ্‌রাসে গিল্‌ছিস যাবি কোথা—গোগ্রাসে খাচ্ছিস কোথায় যাবি (নদিয়া ১০)
গোগা **goga** বিণ বোবা দ্র গেরা[২] (চব্বিশ ৯, ১৪, ২৭, ৩৭)
গো-গাঁ **go-gã** বিণ গণ্ডগ্রাম remote village (মুর্শিদা ২৩)
গো-গাড়ি **go-gaɽi** বি গোরুর গাড়ি a bullock-cart (নদিয়া ৭ হুগলি ১১)
*গোঁগানো **gõgano** ক্রি গোঙানো to groan, to whine (বর্ধমা ২১ বাঁকুড়া ১ মেদিনী ৯)
গোগাল[১] **gogal** বি আলের গর্ত [জমির আলে সাধারণত ইঁদুর এই গর্ত করে থাকে। এই গর্ত বেয়ে এক জমির জল অন্য জমিতে চলে যায়। এজন্য চাষের পূর্বে চাষীরা আল ভালভাবে মেরামত করে নেয়] the hole of the dyke (বর্ধমা ৭ বীরভূ ১, ২, ১০, ১৪ মুর্শিদা ১৬)
গোগাল[২] **gogal** বি গোরুর লেজের চুল the tuft hair at the tail of the cow (বর্ধমা ২৬)

গোচ্[৪]

গোগাল্‌চি **gogalci** দ্র গোগাল্[২] (বীরভূ ৮, ১০)
গোগালি **gogali** দ্র গোগাল্[২] (বর্ধমা ২, ১৫, ১৮, ২১ বীরভূ ১)
গোগুলি **goguli** দ্র গোগ্‌গুলি (বর্ধমা ৪, ২০) **~খুড়্ goguli k^{h}uɽ** বি উপক্ষুর দ্র গোইঠি (বীরভূ ১০)
গোগোর্ মারা পোকা **gogor mara poka** বি ঝিল্লি a species of insect, the cricket (মালদা ২)
গোগোলি **gogoli** দ্র গোগ্‌গুলি (বাঁকুড়া ৭ বীরভূ ৩, ৮)
গোঘাট্ **gog^{h}aɽ** বি পুকুরঘাট দ্র গোড়িয়াঘাট্ (মেদিনী ১৫)
গোঘাসি[১] **gog^{h}asi** বি নাড়িভুঁড়ি [গরু, ছাগল, মাছ ইত্যাদির] intestines (নদিয়া ৪ বর্ধমা ১৪, ২৩ বীরভূ ১, ১৫)
গোঘাসি[২] **gog^{h}asi** বি জাবর [গোরুর একবারের চিবানো খাদ্য] cud (চব্বিশ ২৭ নদিয়া ১১)
গোঘাসি[৩] **gog^{h}asi** দ্র গোখানা (নদিয়া ২)
গোঙা **goŋa** দ্র গোংগা (জলপা ৩, ৭ নদিয়া ১২ পদিনা ২ মালদা ১ মুর্শিদা ১১)
গোঙাল্ **goŋal** দ্র গোগাল্[১] (বীরভূ ৯, ১১, ১২, ১৩)
গোচ্[১] **goc** বি মাংস meat (মুর্শিদা ২৪ হুগলি ৮) তু গোস্ত্
গোচ্[২] **goc** বি পায়ের অংশ বিশেষ [হাঁটু থেকে গোড়ালি পর্যন্ত অংশ] a part of the leg [from knee to ankle] (বাঁকুড়া ৫, ১৮)
গোচ্[৩] **goc** বি পালের দড়ি [নৌকোর পালের নিচের একটি কোণে দড়ি বাঁধা থাকে নৌকোর সঙ্গে টান দিয়ে। এই দড়িটিকে খোলা হয় না এবং নাড়ানো হয় না] the rope of the sail (চব্বিশ ১৫ হাওড়া ১০)
গোচ্[৪] **goc** বি জালের অংশ বিশেষ ['থর্‌জাল' নামক এক প্রকার মাছ ধরার জালের বিশেষ অংশ। এই অংশটি

গোছা[১]

ছয়-সাত হাত লম্বা হয় এবং এই অংশের ফাঁশ-বুনন অপেক্ষাকৃত ঘন হয়। এই অংশ ঘন হবার কারণ এই অংশে জলের চাপ বেশি পড়ে] a part of a fishing net (চব্বিশ ১৫)

গোচ্[৫] **goc** বি কুমোরের চাকের বিশেষ গর্ত [কুমোরের চাকের মধ্যে একাধিক বাহু থাকে। ঐ বাহুগুলির মধ্যে একটির সংযোগ স্থলে ছোট্ট একটি গর্ত থাকে। ঐ অংশে চাক-ঘোরানোর লাঠি আট্‌কে চাকটি জোরে ঘোরায়] a particular hole of a potter's wheel (মেদিনী ২৯) দ্র গেঁড়ি[৫]

গোচ্[৬] **goc** বি ফুটবল খেলার গোলপোস্ট the goalpost of the football game (কোচবি ১)

গোচ্[৭] **goc** বি খড়ের তৈরি দড়ি the rope or cord made by straw (মেদিনী ২০)

গোচ্[৮] **goc** বি ১ গুচ্ছ a bunch (চব্বিশ ২০, ২১ পুরুলি ৬ বর্ধমা ১০, ১৪ বাঁকুড়া ৩, ৬, ৭ মেদিনী ১৫ হাওড়া ১, ৮, ১০) ২ গোষ্ঠী a class, a group ই সব এক গোচের লোক—এসব এক গোষ্ঠীর লোক (নদিয়া ৬) **~পড়া goc pɔɽa** ক্রিবিণ দীর্ঘকালীন অকর্ষিত [জমি] the uncultivated land for a long term/time (হুগলি ১)

গোচ্ছা **gocc^{h}a** বিণ আইবুড়ো unmarried (বীরভূ ৯)

গোচ্ছে দেওয়া **goce^{h}e deŏa** ক্রি গুটিয়ে দেওয়া, গুছিয়ে দেওয়া to roll up, to wind up, to set in proper order, to arrange properly বিছানাটা গোচ্ছে দে—বিছানাটা গুটিয়ে দে (মুর্শিদা ১৯)

গোচ্ ধোরে দেওয়া **goc d^{h}ore deŏa** দ্র গেইয়ে দেওয়া (হাওড়া ১০)

গোচ্‌নি[১] **gocni** বি বালিশের ওয়াড়্ দ্র গেলাপ্ (বাঁকুড়া ৭)

গোচ্‌পুন্নি **goc punni** বিণ প্রথম রোপণের দিন [আমন ধান চাষের মরশুম শুরু হলে প্রথম যেদিন চাষী তার রোপণ কাজ শুরু করে, ঐ দিন জমির এক কোণে—সাধারণত ঈশান কোণে ঘট বা ছোট কলাগাছ পুঁতে ফলমূল কেটে পূজা দেওয়া হয়। কেউ কেউ গুড় মুড়ি নারকেল বিতরণ করে। এই পূজায় ব্রাহ্মণ লাগে না। এটি একটি মাঙ্গলিক অনুষ্ঠান] the first day of sowing the crops (হাওড়া ১, ১০)

*গোচ্‌ম্যা হওয়া **gocmæ hɔŏa** ক্রি ফুলে ওঠা to swell up গোচ্‌ম্যা হইয়্যা গ্যালো—ফুলে উঠল (কোচবি ৪)

গোচনা **gocɔna** বি গোমূত্র cow's urine (বর্ধমা ১৬)

গোচর্ **gocɔr** বি গোচারণ ভূমি grazing field (মেদিনী ২০)

গোচা **goca** দ্র গোচ্[২] (চব্বিশ ১৫)

গো-চালা **go-cala** দ্র গোওড়া (হুগলি ১)

গোচি[১] **goci** বি বীজচারা [বিলজমিতে এই বীজচারা রোপণ করা হয়ে থাকে] the paddy shoot (পদিনা ১৪) **~মাচ্ goci mac** বি পাঁকাল মাছ a kind of eel, mestacembelus pancalus (জলপা ৭ দার্জিলি ২, ৩ পদিনা ২ বীরভূ ৩, ৫, ৮, ১০, ১৩, ১৪ মুর্শিদা ১৪, ২৩) **~মাচ্ ওঠা goci mac oɽ^{h}a** ক্রি [লাঠির আঘাতে গায়ে পাঁকাল মাছের মতো] ফুলে ওঠা to swell up like an eel fish by beating with the stick (পদিনা ১২)

গোচি[২] **gici** বি গুঁজি, ছোট খিল [গরুর গাড়ির চাকার আড়কাঠকে হালের নিচের কাঠের সঙ্গে শক্তভাবে লাগানোর জন্য কাঠের ছোট খিল ব্যবহার করা হয়] wooden peg for fining or fortening (নদিয়া ১২)

গো-চিল **go-cil** বি এক প্রকার চিল a kind of rapacious bird, the hawk, the kite (বীরভূ ১৩)

গোচিয়া **gocia** গেঁড়ুসি (মালদা ৪, ১১)

গোচ্ছা **gocc^{h}a** দ্র গোচ্ছা (বীরভূ ৯)

গোচ্ছে দেওয়া **gocc^{h}e deŏa** দ্র গোচ্ছে দেওয়া (মুর্শিদা ১৯)

গোছ্[১] **goc^{h}** দ্র গোচ্[৮] ১ (মেদিনী ১, ৩ হাওড়া ৩ হুগলি ১৫)

গোছ্[২] **goc^{h}** দ্র গোচ্[২] (বাঁকুড়া ৭, ১৫)

গোছ্[৩] **goc^{h}** দ্র গোচ্[১] (মুর্শিদা ১৪)

গোছ্[৪] gocʰ বি (পান) পরিমাপের একক [৫০টি পানে এক গোছ হয়] a bunch (হাওড়া ৮)

গোছ্নি gocʰni দ্র গোচ্নি (বাঁকুড়া ৩, ১১, ১২, ১৫ মেদিনী ১১)

গোছ্নো gocʰno ক্রি গোছানো to arrange properly, to set in proper order (মেদিনী ২৮)

গোছ্পুন্য gocʰ punnɔ দ্র গোচ্পুন্নি (চব্বিশ ১১)

গোছ্মুরো gocʰ muro দ্র গোড়ুলি (চব্বিশ ৩৬)

গোছল্ gocʰɔl বিণ গেছো [লোক] a tomboy (বীরভূ ১১)

গোছা[১] gocʰa বি নৌকা গড়ার বিশেষ কাঠ [নৌকার ভিতরে আড়াআড়িভাবে পাতা ছোট কাঠ। এগুলি নৌকার তলার ও পাশের কাঠগুলিকে মজবুত রাখার জন্য দেওয়া হয়] a special type of wood to construct a boat (চব্বিশ ২৭ মালদা ৭ মেদিনী ২৩)

গোছা[২] gocʰa বি ১ কুপি, লম্ফ the kerosine lamp stand (জলপা ১, ৬, ৭, ৯ মেদিনী ৩৫) ২ পিলসুজ a lamp stand (পদিনা ১০ মালদা ৮)

গোছা[৩] gocʰa দ্র গোচ্[৮] ১ (বর্ধমা ২৩)

গোছা[৪] gocʰa বি মণিবন্ধ the wrist (চব্বিশ ১৫)

গোছা[৫] gocʰa বি কোঁচা [কাপড়ের] the plaited end of loincloth tucked at the front of the wearer (বাঁকুড়া ১২)

গোছাতি দেওয়া gocʰati deŏa ক্রি লেপন করা, নিকানো to coat, to wast, to smear, to rub with a swab or mop drenched in a solution of cow-dung দেয়ালে গোছাতি দাও—দেয়ালে লেপে দাও (বাঁকুড়া ১৫)

গোছাল্ জাল্ gocʰal jal বি একপ্রকার মাছ ধরার জাল [এই জালের ফাঁশ বড়। এতে খুব বড় বড় মাছ ধরা হয়] a kind of fishing net (মালদা ২)

গোছালি gocʰali বি যারা পান গোছানোর কাজ করে those who work to arrange the betel leaf properly (বীরভূ ১৪)

গোছিন্ দেওয়া gocʰin deŏa ক্রি যেচে দেওয়া to offer something to somebody (against) in one's own desire/will (মুর্শিদা ১৭)

গোছি বিচন্ gocʰi bicɔn বি ধানচারার গুচ্ছ the bunch of paddy shoot (পদিনা ৭, ১০, ১২)

গোঁজা[৩]

গোছিয়া বসা gocʰia bɔsa ক্রি উবু হয়ে বসা to sit on one's heals, to squat (মালদা ২)

গোছুয়া gocʰua দ্র গোছল্ (মেদিনী ৩১)

গোছোর্ দেওয়া gocʰor deŏa ক্রি গরুকে মাঠে [চরার জন্য] বেঁধে রাখা to fasten the cow to a pole in a grazing field গোছোর্ দিয়ে আসা হয়েচে—গরুকে মাঠে [চরার জন্য] বেঁধে রেখে আসা হয়েছে (চব্বিশ ৩৯) তু গরু চরতে দেওয়া

গোছোল্ করা[১] gocʰol kɔra ক্রি স্নান করা to take a bath, to bathe (মুর্শিদা ২৩)

গোছোল্ পোন্ gocʰol pon বি একটি কৃষি-উৎসব [বৎসরের প্রথম ধান গাছ রোপণের দিন এই উৎসব হয়। শুভদিন দেখে গৃহকর্তা ইষ্ট দেবতার পূজা দেন, বহু-প্রতিবেশীদের একত্রিত করে ভোজন করান। হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের মধ্যেই এই প্রথা আছে। মূল লক্ষ্য কৃষিকাজের শুরুতে সবার আশীর্বাদ প্রীতি-ভালবাসা কামনা করা] the harvest festival (পদিনা ১০) দ্র গোচ্ পুন্নি

গোছ্যা gocʰæ দ্র গোছুয়া (মুর্শিদা ৩)

গোছ্যাইন্ থুয়া gocʰæin tʰua ক্রি গুছিয়ে রাখা to place in order বোইগিলা গোছ্যাইন্ থু—বইগুলো গুছিয়ে রাখ (মুর্শিদা ২৩)

গোঁজ্[১] gõj বি খুঁটো, খুঁটি a wooden post or piller, a peg, a stake (চব্বিশ ২১, ৩৯ পদিনা ২ পুরুলি ১২, ১৫ বর্ধমা ৬, ১৪, ২৩ বাঁকুড়া ৩, ৭ বীরভূ ১ মেদিনী ৯, ১১, ২৫, ২৯ হাওড়া ১ হুগলি ৪, ১৫)

গোঁজ্[২] gõj বি গুচ্ছ a bunch, cluster (নদিয়া ৬ মেদিনী ৩৪)

গোজ্না gojna দ্র গেঁজোড় (মুর্শিদা ২৪)

গোজ্নি gojni দ্র গোচ্নি (বর্ধমা ৯ হুগলি ৫)

গোটা[২]

গোঁজ্‌মুকো gojmuko বিণ যে-মুখভার করেছে এমন silent and glum with discontent person (হাওড়া ১, ৩, ৮, ১০)

গোজ্‌রি gojri বি আগাছা [ক্ষেতে ধানগাছ কেটে নেবার পর নাড়া-অংশের গাঁট থেকে পুনরায় ধানগাছ জন্মায়। ঐ গাছে আর ধান জন্মে না। তাকে আগাছা হিসাবেই গণ্য করা হয়] the weed (হুগলি ১৫)

গোজ্‌রি উঠা gojri ut^{h}a ক্রি গর্জন করা to roar বাঘ গোজ্‌রি উঠেছে—বাঘ গর্জন করছে (নদিয়া ৯)

গোজ্‌রিয়ে তাকানো gojrie takano ক্রি চোখ পাকিয়ে তাকানো to goggle in anger, to roll one's eye's, to frown (বর্ধমা ৫)

গোঁজ্‌লা gõjla বি নর্দমা the drain, the gutter (চব্বিশ ১)

গোজ্‌লি gojli বিণ সরু মেঠো রাস্তা [গ্রামের] a path through an open field formed by frequent movement of people (বাঁকুড়া ১৫)

গোজা[১] goja দ্র গোঁজ্[১] (পদিনা ৬, ১১)

গোজা[২] goja দ্র গেঁজোড়্ (বর্ধমা ২, ১০, ১৬, ২০ মুর্শিদা ১৬)

গোজা[৩] goja বি নাড়া [ধান গাছ কেটে নেবার পর গোড়ার যে-অংশ জমিতে থেকে যায়] a stubble [cut stalks of cereal plants left sticking up after harvest] (বাঁকুড়া ১১ হুগলি ৫)

গোজা[৪] goja বি থোড় [কলাগাছের] the spathe of a banana tree [before it shoots from the stem] (জলপা ৬)

গোজা[৫] goja বিণ সরু slender beak ঠোঁট্‌টা গোজা—ঠোঁটটা সরু (জলপা ৭) **~চোক্ goja cok** বিণ ট্যারা চোখ squint-eyed (হুগলি ৫) **~পিঠে goja pit^{h}e** বি একপ্রকার পিঠে a kind of pan-cake (মুর্শিদা ১৬) দ্র গড়া পিঠে

গোঁজা[১] gõja বি বাঁশের বা কাঠের তৈরি গুঁজি a nail made of bamboo or wood (পদিনা ১০) দ্র গুঞ্জা, গোন্‌জা

গোঁজা[২] gõja দ্র গেঁজোড়্ (বর্ধমা ২, ৪, ১০, ১৬, ১৮, ১৯, ২০, ২১ বাঁকুড়া ৪, ১৪ বীরভূ ২, ৫, ৭, ৯, ১৪ মুর্শিদা ১০ হুগলি ১)

গোঁজা[৩] gõja বি খুঁচি, কুঁচি [মুড়ি ভাজার জন্য একগুচ্ছ কাঠি ব্যবহার করা হয়। এই কাঠি নারকেল পাতার বা বাঁশেরও হতে পারে] a bunch of a small broom or besom (মেদিনী ৭) **~দেওয়া gõja deŏa** ক্রি ১ পুনর্বার রোপণ করা [রোপণ করা ধান জমিতে অতিবৃষ্টি ইত্যাদির জন্য কখনো কখনো কিছু কিছু ধানের গুচ্ছ উঠে যায় বা পচে যায়। তখন পুনর্বার ঐসব স্থানে রোপণ করা হয়] to plant the paddy-seeds second time when the first plantation becames spoiled by rain বানের জলে অনেক্ রুয়ো পোচে গ্যাচে, সেখিনে গোঁজা দুবো—বানের জলে অনেক রোয়া পচে গেছে, সেখানে পুনর্বার রোপণ করবো (হাওড়া ৩) ২ গোঁজা দেওয়া—পুনর্বার ছাউনি করা [মাটির বাড়িতে খড়ের ছাউনির কিছু কিছু অংশ এক বছরের পর পচে যায়। ঐ পচা অংশ ছাড়িয়ে নিয়ে সেখানে পুনর্বার ছাউনি দেওয়া হয়] to plug up a leak in an old thatched house by inserting new straw গ্যালো বছরের ছাওয়া পোচে গ্যাচে, এ বছর আবার গোঁজা দুবো—গত বছরের ছাউনি পচে গেছে, এবছর আবার ছাউনি দেব (হাওড়া ১, ৩, ৮ হুগলি ৪) দ্র খুচি দেওয়া

গোজার্ gojar বি তাল-আঁটি [পাকা তাল খাবার পর ঐ তালের আঁটি উঠানে একত্রে জড়ো করে রাখা হয়। মাস খানেক পর ঐ আঁটি থেকে অঙ্কুর বের হয়। তখন ঐ আঁটি কাটলে তার মধ্যে এক প্রকার নরম শাঁস পাওয়া যায়। তা খাওয়া হয়] the stone of the palmyera fruit (মেদিনী ১৭)

গোজাল্ gojal দ্র গেঁজা[২] (চব্বিশ ৩৩)

গোজি goji বি একপ্রকার পরিধেয় বস্ত্র [অনেকটা গামছার মতোই। সাধারণত কিশোরী বয়সের মেয়েরা এটি লুঙ্গির মতো পরে, তারা বুকের কাছে ঝুলিয়ে এটি বাঁধে। আবার

গরিব পুরুষরাও এটি গামছার মতো পরে এবং শীতে চাদর হিসাবে ব্যবহার করে] a type of towel similar to *lungi* (কোচবি ৬ জলপা ৩, ৫, ৭ দার্জিলি ৩ পদিনা ৩, ৭, ১১, ১৫ মেদিনী ২৫) দ্র কাপা

গোজি খ্যালা goji k^{h}æla বি একপ্রকার গ্রামীণ খেলা [দ্র গাদি খ্যালা] a type of rural game (চব্বিশ ৮ মেদিনী ১৪, ৩৪)

গোজি (ডাল্) goji (ɖal) বি গাছের সরু ডাল the thin branches of the tree (বর্ধমা ১৬)

গোজুড়ে যাওয়া gojuɽe jaŏa ক্রি [কাল] কেটে যাওয়া to pass over the time সাত্‌পুরুষ্ গোজুড়ে গেইচে—সাতপুরুষ কেটে গেছে (বর্ধমা ১৯)

গোঁজুড়ে gõjuɽe অসক্রি উপুড় হয়ে [শোয়া] lying with face on the ground/prostrate লোক্‌টা গোঁজুড়ে পোড়ে আছে—লোকটা উপুড় হয়ে পড়ে আছে (বাঁকুড়া ১২)

গোজুবে gojube ক্রি গজাবে will sprout, originate, grow (বর্ধমা ২৫)

গোজুয়া gojua বিণ ১ বোকা idiot, fool (পদিনা ১, ৩, ১১, ১৩ মালদা ৩, ১১) ২ একগুঁয়ে obstinate (জলপা ১ পদিনা ৬)

গোজুল্ gojul বি পেরেক a nail (বীরভূ ৭)

গোজে goje দ্র গোঁজা[১] (নদিয়া ৯)

গোজোর্ দোমা gojor doma দ্র গজড়্‌দম্‌ফ (মেদিনী ১)

গোঝি goj^{h}i বি গলি lane (পুরুলি ৪)

গোট্[১] goṭ বি অলংকার বিশেষ [সাধারণত মহিলারা কোমরে হারের মতো সোনা বা রুপোর তৈরি এই অলংকার পরে। তবে শিশুরাও কোমরে নানা রকমের এই অলংকার পরে থাকে] girde for the waist (কোচবি ৭ জলপা ৭ হাওড়া ১, ৮)

গোট্[২] goṭ দ্র গোচর্ (বাঁকুড়া ১১ মুর্শিদা ২৪) ২ দ্র গোওড়া (চব্বিশ ৮ বাঁকুড়া ৩, ১১, ১২ হাওড়া ১)~**বাগাইলা goṭ bagaĭla** বি রাখালি the profession or wages of a cowherd or herdsman (পুরুলি ৯)

গোট্[৩] goṭ বি পাল, দল a herd, a flock (পুরুলি ৯ বাঁকুড়া ১৫ মেদিনী ১৩, ২০) এ্যাক্ গোট্ গোরু গ্যাল—একপাল গরু গেল (পুরুলি ৯) এ্যাক্ গোট্ ছা—একদল ছেলে (মেদিনী ১৩)

গোট্[৪] goṭ ক্রিবিণ নিকট, পাশ nearly by the side

গোটি মাছ

মড়াহাটি খানের গোট্ দিয়া আসির্ কালে মোর্ জিউটা হাক্‌কাৎ করি উঠিল্—মড়াহাটির পাশ দিয়ে আসবার সময় আমার প্রাণটা ধক্ করে উঠল (জলপা ৭)

গোট্ঠাং দেওয়া goṭṭ^{h}aη deŏa ক্রি ল্যাং মারা [বল খেলায় ব্যবহৃত হয়] to trip (মালদা ১)

গোট্ঠি goṭṭ^{h}i বি গাঁট [আঙুলের] the joint of the finger (মেদিনী ১৮)

গোট্‌পুজা goṭ puja বি গোয়াল পূজা [আশ্বিন মাসে হিন্দুদের গোয়ালে এই পূজা হয়। এতে ঝিঙে বলি দেওয়া হয়। সাধারণত গোয়ালে কোনো গরু অকস্মাৎ মারা গেলে গোয়ালের মঙ্গল কামনায় এটি করা হয়। পুরোহিত পূজা করে] a folk-deity of cowshed (হুগলি ১) দ্র গো-ফাগুনে

গোট্-বিগড়্যা goṭ-bigɽæ বিণ অবাধ্য disobedient, obstinate (মেদিনী ৬, ২৬) টটাকা খুব গোট্‌বিগড়্যা, গটে কথা কইলে সুঁয়েনি—ছেলেটা খুব অবাধ্য, একটা কথা বললে শুনে না (মেদিনী ২৬) > তু গোট্+ বিগড়া

গোট্ বেগুন্ goṭ begun বি টম্যাটো a tomato (হাওড়া ৩)

গোট্‌লা goṭla সর্ব সবটা the total, the whole, the entire thing, the total amount (পদিনা ২, ৩)

গোটা[১] goṭa বি চামড়ার উপরের অবাঞ্ছিত ফোলা অংশ [মশা ইত্যাদি পোকা-মাকড় কামড়ালে চামড়ার উপর একটু ফুলে উঠে। এটি দীর্ঘক্ষণ থাকে] inflated portion of the skin (পদিনা ১০)

গোটা[২] goṭa বি কুমোরের ব্যবহৃত একটি সরঞ্জাম [এটি পোড়া মাটির বা পাথরের নিরেট সরঞ্জাম। মাটির হাঁড়ি-কলসি তৈরির সময় এটিকে বাঁ-হাতে ধরা হয় ঠেক দেবার



গোড়[১]

জন্য। ডান-হাতে কাঠের তৈরি পিটানি নিয়ে পিটিয়ে মাটির জিনিস গড়ে] a kind of tools used by the potter (পুরুলি ৯ বর্ধমা ৫)

গোটা[৩] goʈa বি দলা বা তাল [কুমোরের চাকের উপর বসানো হয় এক তাল মাটি। এই মাটি থেকেই নানাবিধ জিনিস তৈরি হয়] a lamp (মালদা ১)

গোটা[৪] goʈa ক্রি সংগ্রহ করা, জড়ো করা to gather, to collect, to bring together, to assemble গোটে আনেক্—সংগ্রহ করে নিয়ে আয় (কোচবি ১, ২)

গোটা[৫] goʈa বি অবাঞ্ছিত আবর্জনা [কৃষিক্ষেত্রে লাঙল করার সময় ফালের উপরদিকে এবং মই দেবার সময় মই-এর ফাঁকে স্তূপীকৃত হয়ে উঠে কিছু অবাঞ্ছিত আবর্জনা] unwanted worthless (নদিয়া ৭) **~চাল goʈa cal** বি সিদ্ধ চাল parboiled rice (বর্ধমা ২) **~মারা goʈa mara** দ্র গোট্‌ঠাং দেওয়া (নদিয়া ২) **~রান্না goʈa ranna** বি একপ্রকার রান্না পুজো [এই রান্নায় শাক সব্‌জি সবই গোটা গোটা রান্না হয়। কোথাও হয় সরস্বতী পুজোর দিন (হাওড়া ২), আবার কোথাও হয় পরের দিন (মেদিনী ৫)] a cooking festival (মেদিনী ৫ হাওড়া ২)

গোটাই goʈaĭ দ্র গোট্‌লা তুই গোটাই কাম্‌লা খুব জল্‌দি কোর্‌বার চাহেছ—তুই সব কাজটা খুব তাড়াতাড়ি করতে চাইছিস (পদিনা ৯) গোটাই বাত্‌লা আগোত্ গোড়োত্ বল—সব কথা আগাগোড়া খুলে বল। গোটাই দিন্‌লা মছল্‌লা ভ্যান্‌ভ্যান্ কর‍্যেছ্যে—সারাদিন ধরে মাছি ভন্‌ভন্ করছে। (পদিনা ৮, ৯)

★**গোটাইশে goʈa ĭʃe** ক্রি জমায়েত হয়েছে assembled, gathered এ্যাক্ প্যালা মান্‌সি এঠিন্ গোটাইশে—একদল মানুষ এখানে জমায়েত হয়েছে (কোচবি ২)

গোটাখানেক্ goʈa kʰanek সর্ব আগাগোড়া from beginning to end, from top to bottom, from head to foot (কোচবি ৮)

গোটা পিড়্যা ঘর goʈapiʈæ gʰɔr বি একটি বারান্দার সঙ্গে আর একটি বারান্দা যুক্ত বাড়ি [পিড়্যা= বারান্দা। বারান্দার উপর ঘর হলে 'কাটা পিড়্যা ঘর' বলে] a house of joint veranda (বীরভূ ৭)

গোটায় goʈaĕ সর্ব সবটা whole, entire, all (কোচবি ৬, ৮) গোটায় গিলি ফেলা—সবটা গিলে ফেলা (কোচবি ৬)

গোটাল্ goʈal দ্র গোট্‌লা (কোচবি ১, ২ পদিনা ২)

গোটালি goʈali বিণ গর্ভবতী [ধানগাছ] an ear of paddy corn about to be sprouted (পুরুলি ১২)

গোটিমাচ্ goʈimac বি ল্যাঠা, গড়ই, টাকি মাছ ophiocephalus punctatus, o. barca (মুর্শিদা ২২, ২৩)

গোটিং মারা goʈiŋ mara দ্র গোট্‌ঠাং দেওয়া আজ্ গোটিং মেরে দিয়েছি—আজ ল্যাং মেরে দিয়েছি (মুর্শিদা ১৬)

গোটে goʈe ক্রিবিণ সম্পূর্ণ, পুরো entire (পদিনা ৩ বাঁকুড়া ৭ মেদিনী ২০) ছোয়াডা গোটে কাম্ কোরিছ্যে—ছেলেটা সম্পূর্ণভাবে কাজ করেছে (পদিনা ৩৩) **~খানে goʈe kʰane** দ্র গোটে (পদিনা ৩)

গোটেলায় goʈelaĕ ক্রিবিণ সব মিলিয়ে all total গোটেলায় দশ্‌জন্ আসিছ্যে—সব মিলিয়ে দশজন এসেছে (পদিনা ৩)

গোটো করা goʈo kɔra ক্রি সঙ্কুচিত করা, জড়ো করা to contract, to gather (কোচবি ৩ চব্বিশ ২৩ জলপা ৭ দার্জিলি ২, ৪ নদিয়া ১২ মেদিনী ৩৪) শিতে গোটো হয়ে শুয়েছে—শীতে কুঁকড়ে শুয়ে আছে (নদিয়া ১২) ধান্‌লাক্যে এ্যাখাট্যে গোটে কর—ধানগুলোকে এক জায়গায় জড়ো কর (দার্জিলি ২) ঠ্যাং গোটো করি বস্‌চে—ঠ্যাং গুটিয়ে বসছে (কোচবি ৩)

গোটো হওয়া goʈo hɔŏa ক্রি সমবেত হওয়া to gather (জলপা ৩, ৭) মিটিংয়ের জন্যি লোক্ গোটো হোইচে—মিটিংয়ের জন্য লোক জড়ো হয়েছে (জলপা ৩)

গোঠ্-টাঁইড়্ goʈʰ-ʈãiʈ দ্র গোট্[২] (মেদিনী ১৩)

গোঠা[১] goʈʰa বি বোঁটা [ফলের] a petione (দার্জিলি ৩ মালদা ৪)

গোঠা[২] goʈʰa বি এক প্রকার জ্বালানি ঘুঁটে [হাতখানেক লম্বা পাটকাঠির উপর গোবর মুঠো-মুঠো করে লাগিয়ে রাখে।

সেগুলিকে শুকিয়ে নিয়ে জ্বালানি হিসাবে ব্যবহার করা হয়] a type of faggot made of jute-stalk and cow-dung (পদিনা ৩, ৯ মালদা ১, ২ মুর্শিদা ১১)

গোঠান্ goʈʰan দ্র গোট্[২] (মেদিনী ১৩)

গোঠি মাচ্ goʈʰi mac দ্র গোটি মাচ্ (মালদা ২, ১০)

গোঁঠি[১] gõʈʰi দ্র গেড়া[২] (মেদিনী ৩৫)

গোঁঠি[২] gõʈʰi দ্র গেঁট্[১] (মেদিনী ৮, ১৮, ৩০, ৩১)

গোঠে রাখা goʈʰe rakʰa ক্রি গুছিয়ে রাখা to arrange orderly/properly (কোচবি ২)

গোঠোর্ টাঁড়্ goʈʰor ʈãɽ দ্র গোওড়া (পুরুলি ১৭)

গোঠ্যে goʈʰɛ দ্র গোটা[৩] (বীরভূ ৯)

গোড়্ডহড়্ goɖɖɔhɔɽ বি ভাগাড় দ্র গো-খানা (মুর্শিদা ১৭)

গোড়্ডহারা goɖɖɔhara দ্র গোড়্ডহড়্ (মুর্শিদা ২২)

গোড়্ডা (চোক্) goɖɖa (cok) বিণ ডাগর চোখ wide, large, big eye (মুর্শিদা ৩)

গোড়্ডিম্ ভাঙা goɖɖim bʰaɟa ক্রি প্রাপ্তবয়স্ক হওয়া [ডিম ফুটে পাখির বাচ্চা বের হবার পর তার পিছন দিকের অংশ খুবই নরম ও ভারী থাকে, দেখতে অনেকটা ডিমের মতোই। কয়েকদিন পর ঐ অংশ হাল্কা হয় এবং তখন পাখি উড়তে পারে। এই সময়টিকে বলা হয় 'গোড়্ডিম্ ভাঙার' বয়স। এই বিষয়টিই অর্থবিস্তার হয়েছে শিশু-কিশোর বয়সের ছেলেদের ক্ষেত্রে। ছোট ছেলেরা যখন অনধিকার চর্চা করে তখন তাকে ভর্ৎসনা করা হয় তার 'গোড়্ডিম্ ভাঙেনি' বলে। অকাল পক্কতা] to adult, to mature untimely (হাওড়া ১, ৮)

গোড়্ডোহাড়া goɖɖohaɽa বি নির্জন স্থানের আস্তাকুঁড় [শিশু প্রসব হবার পর প্রসূতির ফুল নাড়ি ইত্যাদি নিয়ে নতুন মাটির হাঁড়িতে রেখে জঙ্গলের নির্জন স্থানে পুঁতে রাখা হয়, যাতে শেয়াল-কুকুর খেতে না পারে] the solitary place of jungle to deposit abandoned matters after child birth (মুর্শিদা ২২)

গোঁড়্রি gõɖri বি গোড়ালি দ্র গেড়ুলি (বাঁকুড়া ৫)

গোডহর্ goɖɔhɔr দ্র গো-খানা (বীরভূ ৪, ৭, ৮)

গোডহরা goɖʰɔhɔra দ্র গোডহর্ (মালদা ১০)

গোডাগ্ড়া goɖagɽa দ্র গোডহর্ (মালদা ১)

গোডানি goɖani বি উল্কি the tatoo, the tatu (দার্জিলি ১)

গোডাহর্ goɖahɔr দ্র গোডহর্ (মুর্শিদা ১২)

গোডাহার্ goɖahar দ্র গোডহর্ (মুর্শিদা ১৯)

গোড়্হাং

গোডোড় goɖoɽ দ্র গোডহর্ (মুর্শিদা ১১)

গোড্ডিম্ ভাঙা goɖɖim bʰaɟa দ্র গোড়্ডিম্ ভাঙা (হাওড়া ১, ৮)

গোড়্[১] goɽ বি ১ মাটির দেওয়ালের স্তর the layer of the mud/clay built wall (বাঁকুড়া ৫) ২ [মাটির বাড়ির খড়ের] ছাউনির একটি স্তর a layer of the thetched roof (মুর্শিদা ১৮) **~ছাওয়া goɽ cʰaŏa** খড়ের ছাউনির বিশেষ পদ্ধতি [খড়ের ছাউনির বিশেষ পদ্ধতি হলো প্রথমে চালের প্রান্তসীমায় খড়ের আঁটির ডগের দিক উপর দিকে থাকবে। পরের বার আঁটির ডগের দিক নিচের দিকে থাকবে] the special process to roof/thatch the thatched house by the straw (চব্বিশ ১, ১১ বাঁকুড়া ১০)

গোড়্[২] goɽ বি ১ পা leg (পুরুলি ৫ মেদিনী ২, ৪, ৮, ১৬, ২০, ৩০) সে গোড়্ নবেই কোরি বস্‌লা—সে পা মেলে বসলো (মেদিনী ৮) গোড়্ হলায়টে—পা নাড়াচ্ছে (মেদিনী ১৬) **~খস্‌রি যাওয়া goɽ kʰɔsri jaŏa** ক্রি পা পিছলে যাওয়া to slip, to slite, to glide [to lose one's footing] গোড়্ খস্‌রি গ্যালা—পা পিছ্‌লে গেল (মেদিনী ৮) ২ গোড়ালি the heel, the ankle (চব্বিশ ২৩) **~গাঁট্ goɽ gãʈ** বি গোড়ালি the heel, the ankel (বর্ধমা ২৩)**~ গুড়েই বসা goɽ guɽeĭ bɔsa** ক্রি পা মুড়ে বসা to double up (মেদিনী ৮) **~চালানো goɽ calano** ক্রি হাঁটা to walk পট্‌কিয়ে গোড়্ চালায় দে—তাড়াতাড়ি হাঁট (মেদিনী ১৬)

গোড়্[৩] goɽ বি গোড়া, মূল [গাছের, চুলের, দাঁতের ইত্যাদি] root (কোচবি ২, ৩, ৭, ৮ জলপা ১, ৭ দার্জিলি ৪ মালদা ৬) **~দেওয়া goɽ deŏa**ক্রি পা মাড়ানো বা লাথি মারা to trample, to tread, to kick সে

গোড়াগোড়ু

গোড়ুড়াইলো— সে লাথি মারল (মেদিনী ২৫) ~বাইট্ **goʃ baiʈ** বি মাটির দেওয়ালের নিচের প্রথম স্তর the first layer of the bottom of the clay/mud wall (মালদা ৬)

গোড়ু[৪] **goʃ** বি গড়ু [ঢেঁকির গর্ত] the hole in front of the husking pedal (বর্ধমা ৯ মেদিনী ৯) ~হওয়া **goʃ haõ a** দ্র কাঁড়ি হওয়া (চব্বিশ ২৭)

গোড়ু[৫] **goʃ** বি ফোঁড়া the boil (চব্বিশ ৭) ~ছনি **goʃcʰɔni** বি কাণ্ড a stem (পদিনা ২)

গোড়ু[৬] **goʃ** ক্রিবিণ নিকট near, close ওই মোর্ গোড়ু দে গ্যালো— সে আমার নিকট দিয়ে গেল (পদিনা ১২) ~গোড়ু **goʃ goʃ** অ হাঁসকে কাছে ডাকার শব্দ a particular sound for the peted drake (চব্বিশ ৩৭)

গোড়ু[৭] **goʃ** বি নালাপথ [পুকুরের অতিরিক্ত জল যে নালাপথে জমিতে গিয়ে পড়ে] a narrow canal (বর্ধমা ৭)

গোঁড়[১] **gõʃ** দ্র গোড়ু[৫] (চব্বিশ ১৫)

গোঁড়ু[২] **gõʃ** বি বৃহদাকার নাভি [প্রসবের পর শিশুর নাড়ি কাটার সময় অল্প কিছু ত্রুটি থাকলে নাভি শক্ত হয়ে ফুলে থাকে। এতে শারীরিক কোনো অসুবিধা হয় না, কেবল উঁচু হয়ে থাকে মাত্র] inflamed umbilicus/navel (চব্বিশ ১২ মুর্শিদা ১৬ হাওড়া ১০ হুগলি ১৫)

গোড়ুকেল্ **goʃkel** বি গোসাপ iguana, common Indian monitor [varanus monitor] (চব্বিশ ৩৭ হাওড়া ১০)

গোড়ুতি[১] **goʃti** ক্রিবিণ গড়ানে sliding, slanting (পদিনা ১৪)

গোড়ুবাত্ **goʃbat** বি ভিত [বাড়ি তৈরির] the foundation, the plinth (পদিনা ৭, ১০, ১২)

গোড়ুভোক্তি **goʃbʰokti** বি সাষ্টাঙ্গে প্রণাম touching the ground with one's eight limbs, lying at full length with one's face to the ground (কোচবি ১, ৩)

গোড়ুমুড়ো **goʃmuʃo** দ্র গোড়ুগাঁট্ (চব্বিশ ২১)

গোড়ুমোড়া দেওয়া **goʃmoʃa deõ a** ক্রি গড়াগড়ি দেওয়া to welter, to wallow (পদিনা ১)

গোড়ুবি **goʃbi** দ্র গোড়ুগাঁট্ (বাঁকুড়া ১২)

গোড়ুলা[১] **goʃla** বি, বিণ ছোট চিংড়ি the shrimp, apocryptes lanceolatus] (মালদা ২)

গোড়ুসুন্ **goʃsun** বি শণ্ [পাটগাছের মতো এই গাছের ছাল থেকে দড়ি তৈরি হয়। তবে পাটগাছের থেকে লম্বায় ছোট এবং সরু। এছাড়া পাটগাছকে প্রায় ১৫ দিনের বেশি পচিয়ে তার ছাল বের করা হয়, শণ গাছের ছাল বের করার জন্য মাত্র আড়াই দিন পচাতে হয়। শণের দড়ি খুব সরু এবং শক্ত হয়। এর দড়িতে জেলেদের জালও বোনা হয়] san hemp, Indian hemp [crotolaria juncea] (মালদা ২)

গোড়ুসোত্তানো **goʃsottano** ক্রি মাটি খুঁড়ে পরিষ্কার ও ঝুরঝুরে করা [গাছের তলার মাটিকে খুঁড়ে আগাছা তুলে নেওয়া হয় এবং মাটিকে ঝুরঝুরে করে দেওয়া হয়। এতে গাছের বৃদ্ধি ঘটে] to dig the land and make it clean and freed from moisture পাশুন্ দিয়ে গোড়ুসোত্তইতে হবে—পাশুন্ [মাটি খোঁড়ার সরঞ্জাম] দিয়ে [গাছের] গোড়া খুঁড়ে মাটি পরিষ্কার ও ঝুর্ঝুরে করতে হবে (কোচবি ৭)

গোড়ুহা[১] **goʃha** দ্র গোঠা[২] (মালদা ৯ মুর্শিদা ১১)

গোড়ুহা[২] **goʃha** বি (কুমোরের) পনের [পোয়ানের] অংশ বিশেষ [মাটির জিনিস পোড়ানোর জন্য পন সাজিয়ে কুমোর মাটির সঙ্গে খড় কেটে উপরে মোটা আস্তরণ বিছিয়ে দেয়] the part/portion of the potter's furnace (পদিনা ১০) ~নেমু **goʃha nemu** বি গোঁড়া লেবু lemon [c. medical] ~মুখা **goʃha mukʰa** বিণ গোমড়া মুখো sullen and silent glum and grave, darkened with huff (মুর্শিদা ২৩)

গোঁড়ুহা **gõʃha** বিণ অ-মিশুক [কিছু ছেলে মেয়ে থাকে যারা অপরের সঙ্গে মেলামেশা করতে চায় না] unsociable, uncompanionable (মুর্শিদা ২২) তু গোঁড়া

গোড়ুহাং **goʃhaŋ** বি ভারদণ্ড a beame of balance (মালদা ৩)

গোড়্হিয়া goɽhia বি যে-জেলে নৌকা নিয়ে মাছ ধরে the fisherman who catches fish with the help of boat/canoe (মালদা ৭)

গোড়্হে যাওয়া goɽhe jaŏa ক্রি পচে যাওয়া to rot পাটালা পানিখানৎ গোড়্হে গ্যাচে—পাটগুলো জলে পচে গেছে (পদিনা ৮)

গোঁড়্হের্কের gõɽherker দ্র গোড়্কেল্ (চব্বিশ ১৮)

গোড়্হ্যা goɽhæ বি ছোট পুকুর a pond, tank (বীরভূ ৪ মুর্শিদা ২, ১১, ১৫, ১৭)

গোড়ন্দার goɽɔndar বি নির্মাণকারী [টালি, আসবাবপত্র ইত্যাদির নির্মাণকারী] a builder, a maker (হাওড়া ১০)

গোড়া[১] goɽa বিণ ফর্সা fair complexion (জলপা ৯ কোচবি ৪) তু গোরা আ বা

গোড়া[২] goɽa দ্র গোড়্হ্যা (বাঁকুড়া ১২)

গোড়া[৩] goɽa বিণ পতিত জমি deserted or unoccupied land (পুরুলি ১৩ বাঁকুড়া ১৬)~**পান goɽa pan** বি শীতকালের পান the betel leaf of winter season (মেদিনী ৩৫) ~**ভিটা goɽa bʰiʈa** বি ডাঙাজমি high land (পুরুলি ৮)

গোড়া[৪] goɽa বি লেচি [আটা ময়দার ছোট ডেলা—রুটি লুচি তৈরির জন্য] a lump of dough to be rolled and then fried or baked (মেদিনী ১৩)

গোড়া[৫] goɽa অলস দ্র গোইড়া[১] গোড়া-কুড়্যার সাতজন্ম উন্নতি নাই—অলস (ব্যক্তির) সাতজন্ম উন্নতি নাই (বাঁকুড়া ১২)

গোড়া[৬] goɽa দ্র গোওড়া (মুর্শিদা ১৮)

গোড়া[৭] goɽa দ্র গোড়্[৩] (পদিনা ১৫ পুরুলি ৯)

গোড়া[৮] goɽa দ্র গেঁড়ুরি (জলপা ৮ পদিনা ১০ মালদা ৬)

গোড়া[৯] goɽa দ্র গোঁড়ু[২] (চব্বিশ ১৭) ~**লিয়াই goɽa liaĭ** বি বিশেষ বড় আকৃতির নেহাই a special large size anvil/stithy (বাঁকুড়া ১৪)

গোড়া[১০] goɽa দ্র গোট্[২] (পুরুলি ১৩)

গোড়া[১১] goɽa বি বৃহদাকার মাটির জালা [এতে ক্ষুদ্র চাষীরা ধান ভরে রাখে] a large fat-bellied earthen jar, a large earthen barrel (বীরভূ ৭, ১১)

গোড়া[১২] goɽa বি উঁচু জমি [এখানে রবিশস্য হয়] high land (পুরুলি ৮)



গোড়াশ্

গোঁড়া gõɽa বি (ফুলের) বোঁটা a leaf-stalk, a leaf-base, a petiole (বর্ধমা ২ বীরভূ ১)

গোড়াইড়ি দেওয়া goɽaiɽi deŏa ক্রি লাথি মারা to kick (বর্ধমা ২)

গোড়াকাঠি goɽakaʈʰi বি ১ এক মুঠো খড়, খড়ের আঁটি a handful of straw, a bundle of straw/hay (চব্বিশ ১৭, ১৯ পুরুলি ৯ মেদিনী ২৪, ২৯) ২ নাড়া [জমিতে ধান কেটে নেবার পর খড়ের গোড়ার যে অংশ মাটিতে থেকে যায়] the stubble (বাঁকুড়া ১২)

গোড়াগাল্ goɽagal ক্রিবিণ মাথামুণ্ডু, অগ্র-পশ্চাৎ head or tail, considering what is before and after, having foresight and hindsight, pro and con, comprehensively কথার্ গোড়াগাল্ নেই—কথার মাথামুণ্ডু নেই (পদিনা ১০)

গোড়াগুড়ি goɽaguɽi ক্রিবিণ পাশাপাশি adjoining, situated side by side, contiguous, adjacent অস্মার গোড়াগুড়ি ঘর্—ওদের পাশাপাশি ঘর (পদিনা ৭, ১০, ১২)

গোড়াগোড়্ goɽagoɽ বি বাড়ির চালে খড় বিছানোর পদ্ধতি বিশেষ [খড়ের আঁটির ডগার দিকে বেঁধে ঐ ডগার দিক উপরে রেখে গোড়া নিচের দিকে একসারি বাড়ির চালের ছাঁচে অর্থাৎ প্রান্তে বিছানো হয়। এই প্রকার দেওয়াকে বলে 'লোট্'। আর বাঁধা আটি সারি করে যখন ডগের দিক নিচে বিছানো হয় তাকে বলে 'গোড়াগোড়্' দ্র গোড়[১] ছাওয়া (হাওড়া ৬)

গোড়াগোল্ঠি দেওয়া goɽagolʈʰi deŏa দ্র গোড়্মোড়া দেওয়া (বাঁকুড়া ৫)

গোড়াঠি goɽaʈʰi বিণ গোড়ার অংশ [সাধারণত গোড়ার অংশ বোঝাতে এই শব্দটি ব্যবহার করা হয়] the por-



গোড়ে[৭]

tion of the root, bottom portion গোড়াঠি শিন্‌টা—পাটকাঠির গোড়ার অংশ (পদিনা ১১)

গোড়াতন্ goʃatɔn দ্র গোওড়া (মেদিনী ১৫)

গোড়াদ্দু goʃaddu বিণ অনেক much, many গোড়াদ্দু মান্‌সি—অনেক লোক (পদিনা ৭, ১০, ১২)

গোড়াদন্ goʃadɔn দ্র গোওড়া (মেদিনী ২৭)

গোড়ান্ goʃan বিণ ঢালু sloping, slanting downwards, declining (বাঁকুড়া ১২) **~চিংড়ি goʃan ciɲʃi** বি একপ্রকার চিংড়ি a kind of prawn [apocryptes lanceolatus] (হাওড়া ৮)

গোড়ানি goʃani দ্র গোড়ান্ (মেদিনী ১৪) **~চিংড়ি goʃani ciɲʃi** দ্র গোড়ান্ চিংড়ি (হাওড়া ১০)

গোড়া নেবু goʃa nebu বি একপ্রকার লেবু [এই লেবুর আকার অনেকটা কমলালেবুর মতো, তবে খোসার রঙ সবুজ এবং খোসা খুবই মোটা। এছাড়া এই লেবুর রস খুব টক। কাঁচা অবস্থাতেই খাওয়া হয়। এই লেবুর একটু স্বতন্ত্র গন্ধ আছে] a kind of lemon [C. medeca] (মেদিনী ২৭)

***গোঁড়ানো gõʃano** দ্র গোড়াইড়ি দেওয়া আমাকে দমে গোঁড়ায়ে দিলে—আমাকে জোরে লাথি মেরে দিল (বাঁকুড়া ১৬)

গোড়াপাক্ goʃa pak বি গোড়ালির তলার কড়া [গোড়ালির তলার মাংসপেশী খুব শক্ত হয় এবং স্বাভাবিকভাবে পা ফেলা যায় না। কোনো কারণে লেগে গেলে প্রচণ্ড ব্যথা লাগে] the corn under the heel (পদিনা ১৪)

গোড়া পান্ goʃa pan বি বিশেষ ধরনের পান [এই পান পাতা শীতকালে ভাঙা হয়] special season betal-leaf (মেদিনী ৩৫)

গোড়া ভিটা goʃa bʰiʈa বি ডাঙা জমি [এখানে গর্ত খুঁড়ে কুমোরের কাজের উপযোগী মাটি সংগৃহীত হয়] high and dry land (পুরুলি ৮)

গোড়া মাচা goʃa maca বিণ [গোয়ালের] ডাবা বসানোর স্থান the place where the large earthen through or tub are placed in the cow-shed (হাওড়া ১)

গোড়ায় goʃaĕ ক্রি তৈরি করে making বিড়ি গোড়ায়—বিড়ি তৈরি করে (কোচবি ৫)

গোড়ার্ দেওয়া goʃar deŏa ক্রি ল্যাং মারা to cause to stumble or fall by catching one's foot, to trip, to betray suddenly গোড়ার্ দিয়্যাঁ দমে ঠুক্যে দিল—ল্যাং দিয়ে জোরে আঘাত করল (বাঁকুড়া ১১)

গোঁড়ারা gõʃara দ্র গোঁড়ানো (বাঁকুড়া ১৩ মেদিনী ২৯)

গোড়ারে দেওয়া goʃare deŏa দ্র গোঁড়ানো (বাঁকুড়া ৬, ১৩) আমাক্ গোড়ারে দিল—আমাকে লাথি মারল (বাঁকুড়া ৬)

গোড়াল্ goʃal বি লাথি a kick (বর্ধমা ১০, ১৯) এ্যাক্ গোড়াল্ মাল্‌লে আমাকে—এক লাথি মারলে আমাকে (বর্ধমা ১৯)

গোড়ালি দেওয়া goʃali deŏa দ্র গোঁড়ানো (বর্ধমা ১৩ হুগলি ৫)

গোড়ালি মারা goʃali mara দ্র গোঁড়ানো (বর্ধমা ৪)

গোড়ালে[১] goʃale বি গোড়ালি দ্র গেড়ুলি (চব্বিশ ৩৭) **~দেওয়া goʃale deŏa** দ্র গোঁড়ানো (বর্ধমা ৯, ১৯, ২০ হুগলি ১)

গোড়ালে[২] goʃale বি [পাটকাঠির] গোড়া-অংশ bottom portion, the portion of the root (চব্বিশ ১২) দ্র গোড়াঠি

গোঁড়ালে দেওয়া gõʃale deŏa দ্র গোঁড়ানো ছেলেটা আমাকে গোঁড়ালে দিইচে—ছেলেটা আমাকে লাথি মেরেছে (বাঁকুড়া ১০)

গোঁড়া লেবু gõʃa lebu দ্র গোড়া নেবু (বর্ধমা ৭ হাওড়া ১, ৮)

গোড়াশ্ goʃa/ বি [দড়ির তৈরি] খাটিয়ার বিশেষ অংশ [দড়ি দিয়ে বোনা খাটিয়ার একপ্রান্তে দড়িগুলো লম্বালম্বিভাবে টান দিয়ে রাখা হয়। বুননের গোড়ার অংশ হিসাবেই এটিকে গণ্য করা হয়] the part of an improvised cot (বর্ধমা ১৮)

গোড়াশাল্ goʃa/al দ্র গোওড়া (মেদিনী ২৭)

গোড়াশি gora/i বি গাছের গুঁড়ি a stock of a tree, a bole, a stump (দার্জিলি ২, ৩)

গোড়াহা[১] goʃaha দ্র গোঠা (মালদা ২)

গোড়াহা[২] goʃaha দ্র গোড়া মাচা (মালদা ২)

গোড়া-হেল্‌কে goʃa helke দ্র গোড়্‌কেল্‌ (চব্বিশ ৩৭)

গোড়ি[১] goʃi বি হাড়িকাঠ a wooden frame work to which the neck of a sacrificial victim is fixed at the time of immolation (কোচবি ২)

গোড়ি[২] goʃi বি নর্দমা a drain (নদিয়া ৬)

গোড়ি[৩] goʃi দ্র গোড়্‌[১] (মেদিনী ১৩) **~দেওয়া goʃi deŏa** ক্রি ঢেলে দেওয়া, ঝরিয়ে দেওয়া to pour, to strain off water from boiled rice জল গোড়ি দি—জল ঢেলে [গ্লাসে] দিই। ফ্যান্‌ গোড়ি দি—ফ্যান ঝরিয়ে দিই (মেদিনী ১৪) **~যাওয়া goʃi jaŏa** দ্র গোড়্‌হে যাওয়া মোর পাট্‌লা গোড়ি গিইসে—আমার পাটগুলো পচে গিয়েছে (দার্জিলি ৩) **~মাচ্‌ goʃi mac** দ্র গোটি মাচ্‌ (চব্বিশ ১৯ মেদিনী ৩০)

গোঁড়ি gõʃi দ্র গোড়াশি (মেদিনী ৮)

গোড়িয়া[১] goʃia দ্র গোইড়া[২] (বাঁকুড়া ৭ মেদিনী ২৫)

গোড়িয়া[২] goʃia বি ডোবা, ছোট পুকুর a small pool of water, a pond, a tank (পুরুলি ৫, ১২ বর্ধমা ১৮, ২৬ বাঁকুড়া ৩, ৭ মেদিনী ১৮, ৩১) দ্র গেরিয়া, গোইড়্‌হা

গোড়িয়া[৩] goʃia দ্র গোইড়া[১] (পদিনা ৯ বাঁকুড়া ৩, ৭, ১২ মেদিনী ২৫)

গোড়িয়া[৪] goʃia বি মাকড়সা the spider [opeira diademate] (মেদিনী ৬)

গোড়িয়ান্‌ goʃian বিণ ১ দ্র গোড়ান্‌ গোড়িয়ান্‌ রাস্তা — ঢালু রাস্তা (মেদিনী ১৩) ২ জল-নালা [বাড়ির জল বের হবার নালা—যা ঢালু হয়ে থাকে] outlet (মালদা ৩)

গোড়িয়ানি goʃiani বি লাটাইয়ের অংশ বিশেষ a reel, a spool or a bobbin made of bamboo slips and wood–used when flying kite, a part of the bobbin (পদিনা ১০)

গোড়িয়াল্‌ goʃial দ্র গোড়িয়ান্‌ ১ (বাঁকুড়া ১১)

গোড়িহাল্‌ goʃihal দ্র গোড়ি[৩] মাচ্‌ (দার্জিলি ১)

গোড়িয়ে goʃie দ্র গড়িয়া[৩] (নদিয়া ৯)

গোড়িয়ে যাওয়া goʃie jaŏa ক্রি জোর করে ঘস্‌টে ঘস্‌টে চলা to walk forcefully dragging (হুগলি ৫)

গোড়ুই মাচ্‌ goʃuĭ mac দ্র গোটি মাচ্‌ (হাওড়া ৩)



গোড়িয়ানি

গোড়ু-বাড়ি goʃu-baʃi দ্র গোচর্‌ মোর গোড়ু-বাড়ি যাবার খায়—আমাকে গোচারণ ক্ষেত্রে যেতে হবে (কোচবি ১)

গোড়ুর্‌ goʃur বি চৌকাঠের নিচের কাঠটি the particular wood under the rectilineal door-frame (পুরুলি ৩)

গোড়ে[১] goʃe বি ১ বেদি [ধানের গোলা তৈরির পূর্বে কয়েকটি বেদি তৈরি করে নেওয়া হয়। এগুলি ইঁটের গাঁথুনি দিয়ে হতে পারে অথবা পাথরের হতে পারে। উচ্চতা প্রায় দু'ফুটের মতো। গোলার আকৃতি অনুসারে ছয় থেকে দশটি পর্যন্ত বেদি মাটিতে বসানো হয়। এবার সেগুলির উপর গোলার কাঠামো তৈরি হয়] a platform, a dais (চব্বিশ ২৩) ২ কাঠের গুঁড়ির অংশ [এগুলি দিয়ে পুকুরের ঘাট বাঁধা হয়] a stock (হাওড়া ১০)

গোড়ে[২] goʃe দ্র গোড়িয়া[২] (বর্ধমা ১, ৪, ৯, ১৯ বীরভূ ১, ৭, ৮, ১০, ১৪)

গোড়ে[৩] goʃe দ্র গোড়িয়া[৩] (চব্বিশ ১১, ১৪ বর্ধমা ১৯ বাঁকুড়া ৪ বীরভূ ৫ হুগলি ১৫) **~ছেলে goʃe chele** বিণ নিষ্কর্মা ছেলে lazy, good for nothing, worthless (বর্ধমা ১৯)

গোড়ে[৪] goʃe দ্র গোড়াশি (চব্বিশ ১১ নদিয়া ১২ বর্ধমা ২৩ বাঁকুড়া ৪ মেদিনী ২৪ হাওড়া ১, ৩, ৮, ১০, ১১ হুগলি ৫, ১৮, ১৯)

গোড়ে[৫] goʃe বি এক প্রকার উকুন [আকারে বড়] one type of louse (হুগলি ১২)

গোড়ে[৬] goʃe বি গরুর গাড়ির পাটাতন the platform of a bullock-cart (চব্বিশ ৩৭)

গোড়ে[৭] goʃe বি আগাছা তোলার লাঙলের মোটা কাঠ [এই লাঙলের ফাল নেই। একটি মোটা কাঠে ১০/১২টি দণ্ড লাগানো থাকে। দণ্ডগুলির নিচের দিক একটু সূঁচালো।

গোঁড়োর্

ঐগুলি আগাছা তুলে নেয়। ঐ মোটা কাঠেই ইশ্ থাকে। তা এক জোড়া বলদের কাঁধে আটকানো জোয়ালের সঙ্গে বেঁধে দেওয়া হয়] the thick wood of the plough used to raise or to lift the weed (মুর্শিদা ১৮) **~জাল goɽe jal** বি ১ বেড় জাল [প্রায় সমস্ত পুকুর ঘিরে এই জাল টেনে বড় বড় মাছ ধরা হয়] a fence-net, an enclosed-net, a surrounding-net (বর্ধমা ১৬) ২ এক প্রকার খেওলা জাল, খেপ্‌লা জাল [প্রায় দশ হাত লম্বা এবং ১/২ ইঞ্চি ফাঁশযুক্ত এই জাল মাথা ঘুরিয়ে ফেলা হয়। মাঝারি আকারের সব মাছই এতে ধরা হয়] a cast net (বীরভূ ৮) **~পোকা goɽe poka** বি একপ্রকার পোকা [সাধারণত আলুক্ষেতে হয়] a kind of insect grown in the potato-field (হুগলি ৯)

গোড়েন্ goɽen দ্র গোড়িয়ান্ ১ গোড়েন্ জাগায় বোস্‌লি, গোড়ি পোড়বি এ্যাখুনি—ঢালু জায়গায় বসলি, এখনি গড়িয়ে পড়বি (বর্ধমা ৪ হাওড়া ১, ৩, ৮, ১০)

গোড়েন্ গুলি খ্যালা goɽen guli kʰæla বি এক প্রকার গুলি খেলা one type of rural outdoor-game playing with marble ball (চব্বিশ ১৪)

গোড়্যে goɽɛ দ্র গোড়িয়া[২] (বর্ধমা ১)

গোড়েয়া[১] goɽea দ্র গোড়াশি (মেদিনী ২৭)

গোড়েয়া[২] goɽea দ্র গোড়িয়া[৩] (পুরুলি ৩)

গোড়েয়্যা goɽeæ দ্র গোড়িয়া[২] (পুরুলি ৯ বাঁকুড়া ৭)

গোড়ো goɽo বি গ্রহণ the eclipse গোড়ো ছুটে গেল্—গ্রহণ কেটে গেল (পদিনা ৯)

গোঁড়ো gõɽo বি [গাছের] শিকড় সহ মূল অংশ the main portion of the trunk of a tree (বীরভূ ১২) তু গোড়া

গোড়োই (মাচ্) goɽoĭ (mac) দ্র গোড়ি[৩] মাচ্ (জলপা ৭ বাঁকুড়া ১, ৫, ৭ বীরভূ ৮, ১০ মেদিনী ১৫)

গোড়োইয়া goɽoĭa দ্র গোড়িয়া[১] (পুরুলি ৪)

গোড়োত্ goɽot ক্রিবিণ নিকটে, কাছে near, close মোর্ গোড়ত্ আয়ে—আমার কাছে আয় (পদিনা ১০) **~খোঁড়া goɽot kʰõɽa** ক্রি বনিয়াদ খোঁড়া [বাড়ি তৈরির জন্য] to dig the plinth/foundation (নদিয়া ২)

গোঁড়োর্ gõɽor বি শুঁয়োপোকা the caterpillar, the chrysalis (পুরুলি ৫)

গোড়োল্ goɽol দ্র গোড়ালে[১] (মালদা ৪)

গোড়্যা[১] goɽæ দ্র গোড়িয়া[১] (পুরুলি ৯)

গোড়্যা[২] goɽæ গোড়িয়া[২] (পুরুলি ১২ বীরভূ ১১)

গোড়্যা[৩] goɽæ দ্র গোড়িয়া[৩] (পুরুলি ৩ বাঁকুড়া ৩, ৭, ১২ মেদিনী ২৫)

গোড়্যাই যাওয়া goɽæĭ jaŏa ক্রি গড়িয়ে যাওয়া to go rolling, to flow on জল্‌টা গোড়্যাই জ্যে ছ্যে—জলটা গড়িয়ে যাচ্ছে (মুর্শিদা ২৩)

গোড়্যান্ goɽæn বি এক পশলা বৃষ্টি [সব সময় 'গোড়্যান্' শব্দটি ব্যবহৃত হয় না] rain, a shower, a short spell of fall [as of rain] এ্যাক্ ছ্যাঁচা গোড়্যান্ হোঅল—এক পশলা বৃষ্টি হোল (মেদিনী ৯)

গো-ঢাওড় goɖʰaoɽ দ্র গোডহর্ (মালদা ১)

গোঢ়োই goɽʰoi দ্র গোড়ি[৩] মাচ্ (বাঁকুড়া ১)

গোঢ়্যা goɽʰæ দ্র গোড়িয়া[২] (বীরভূ ৪ মুর্শিদা ১১)

গোঁঢ়্যা gõɽʰæ দ্র গোড়্[৩] (মুর্শিদা ২)

★**গোত্‌গোতানো gotgotano** ক্রি ব্যাঙের ঘোঁত ঘোঁত করা croak (of frog) ব্যাঙ গোতক্-গোতায়—ব্যাঙ ঘোঁত ঘোঁত করে অর্থাৎ ডাকে (কোচবি ৬)

গোত্‌নি gotni বি জা [অর্থাৎ দুই ভাইয়ের স্ত্রীদের মধ্যে সম্পর্ক] fem. a wife of one's husband's brother, a sister-in-low (পুরুলি ৪ মালদা ২, ৯, ১১ মুর্শিদা ২১) উ হাম্‌মার ছোটা গোত্‌নি—ও আমার ছোট জা (মালদা ৯)

গোত্‌রো gotro বি জ্ঞাতি a kinsman (fem. a kinswoman), a relative, a blood-relation (মুর্শিদা ১১)

গোতাই gotaĭ বিণ চুক্তিবদ্ধ agreement, a contract, a condition উ গোতাই আছে—সে চুক্তিবদ্ধ আছে (বর্ধমা ৮)

গোঁতাই দেয়া gõtaĭ dea ক্রি জুড়ে দেওয়া, মেরামত করা to join, to repair ছেঁড়া কাগজটা আঁঠা দিয়ে গোঁতাই দিচ্ছ—ছেঁড়া কাগজটা আঠা দিয়ে জুড়ে দিচ্ছ (বাঁকুড়া ১)

গোতাইন্ দেওয়া gotain deŏa দ্র গোঁতাই দেয়া (বর্ধমা ১৩)

গোতান্ দেওয়া gotan deŏa ক্রি খাওয়া শুরু করা to start eating ন্যাও, গোতান্ দাও—নাও, খাওয়া শুরু কর (জলপা ৩)

গোতাম্ gotam বি বোতাম a button (মেদিনী ২৯)

গোতা মাছ gata mach বি এক জাতীয় ছোট মাছ one type of small fish (পদিনা ২)

গোতি করা goti kɔra ক্রি মৃত দেহের সৎকার করা to perform obsequies, to cremate (কোচবি ৪)

গোতিয়া[১] gotia বি অতিথি a guest (পুরুলি ৫)

গোতিয়া[২] gotia বি বংশ a race, a family, pedigree তোমাদের গোতিয়াতে কে মরলো?—তোমাদের বংশে কে মারা গেল? হামাদের গোতিয়াতে এ্যাকটা মানুষ মোরিছে—আমাদের বংশে একজন মানুষ মারা গেছে (মুর্শিদা ১১)

গোতিয়া[৩] gotia বি জ্ঞাতি, আত্মীয় a kinsman, a relative, a blood-relation (মালদা ২, ৯) দ্র গোত্‌রো

গোতে যাওয়া gote jaŏa ক্রি ধানে চাল জমে যাওয়া—[গাছের শিষের প্রতিটি ধানে প্রথমে সাদা রস অর্থাৎ দুধ দেখা যায়। কয়েকদিন পর ঐ দুধ জমে শক্ত চাল হয়, পুষ্ট হয়] to grow rice ধানে চাল গোতে গেছে—ধানে চাল জমে গেছে (বর্ধমা ১৪)

গোতো[১] goto বিণ ঘুমকাতুরে [যারা খুব ঘুমোয় বা ঘুমোতে ভালোবাসে] who is too fond of sleep (হুগলি ১)

গোতো[২] goto বিণ্ ফাঁকিবাজ deceitful, evasive (হাওড়া ২)

গোতোবি চুল্ gotobi cul বি কোঁকড়ানো চুল, গুচ্ছ গুচ্ছ ধরনের চুল, গুয়াথুপি চুল curled hair, a tuft (চব্বিশ ৩১) দ্র গোথুবি

গোথা gothₐ ক্রি গাঁথা to lay (as bricks, stone etc. in constrution of building, to laid (পদিনা ২)

গোথুপি চুল্ gothupi cul দ্র গোতোবি চুল্ (চব্বিশ ২৭ হাওড়া ৮, ১০)

গোদা[৩]

গোথুবি gothubi বি, বিণ কোঁকড়া curly hair (হাওড়া ১০) > গুচ্ছ

গোথোনি gothoni বি গাঁথনি a manner of laying bricks, stones etc. in construction of buildings, brick-work, stone-work, mud-work (জলপা ৩)

গোথোপে চুল্ gothope cul দ্র গোতোবি চুল্ (চব্বিশ ৮)

গোথোবি চুল্ gothobi cul দ্র গোতোবি চুল্ (হাওড়া ১০)

গোদ্ ছাওয়াল্ god chaŏal বি কোলের ছেলে the youngest son (চব্বিশ ২৭)

গোদ্ড়া godɽa বি কাঁথা [ছেঁড়া কাপড় দিয়ে নরম, মোটা করে তৈরি] a cotton wrapper made of patch work (মুর্শিদা ১১)

গোদ্দা godda বিণ বড়, মোটা large, flappy গোদ্দাপারা—বড় মতো (হুগলি ৫) < গোদা (আ বা)

গোদ্দি[১] goddi বি গাছের কাণ্ড বা গুঁড়ি [গাছের গোড়া যখন মোটা হয় তখন তাকে গোদ্দি বলে] a stalk, a stem, a trunk, a stock of a tree, a bole (বর্ধমা ৪, ১৬)

গোদ্দি[২] goddi বি কামারশালে কামারের বসার নির্দিষ্ট স্থান a place of smithy where the black-smith does his work (মালদা ৩)

গোদ্দোম্ goddom বি খড়ের গাদা [খড়ের গুচ্ছগুলোকে গোল করে সাজিয়ে রাখা হয়। আঁটির মোটা দিক বাইরে, সরু দিক ভিতরে] the stack of hay (কোচবি ২)

গোদ্না godna বি গলা the throat (মালদা ৪)

গোদ্ন্যাই godnaĭ বি ছাগলের এক প্রকার অসুখ [এই অসুখ হলে ছাগল খুব চিৎকার করে ও লাফায়] a kind of goat deisease ছাগোল্টাকে গোদ্ন্যাই



গোদি খেলা

পেয়েছে—ছাগলটার চিৎকার করা ও লাফানো অসুখ হয়েছে (বীরভূ ৯)

গোঁদ্‌রা gõdra দ্র গোঁদুয়া মুয়া (মুর্শিদা ২২)

গোদ্‌রা godra দ্র গোদ্‌ড়া (মুর্শিদা ১৫)

গোদ্‌লা godla দ্র গোদ্‌ড়া (মালদা ৯ মুর্শিদা ১১, ২৩)

গোঁদ্‌লি gõdli বি জোয়ানের মতো দেখতে একরকম সুগন্ধি মশলা [এর অপর নাম 'চন্দনি'] one type of scented spice akin to ptychotis (হাওড়া ১০)

গোদ্‌হানি godhani বি উল্কি tattoo, a tatu (মালদা ৬)

গোদল্‌ godɔl বি শিশুদের দুধ খাওয়ানোর ঝিনুক [ধাতুনির্মিত] the cockle made of bell-metal (মেদিনী ১৭)

গোঁদল gõdɔl দ্র গোদল্‌ (মেদিনী ১১, ১৫ হুগলি ৪) ছ্যানা দুধ খায় গোঁদলে—বাচ্চা দুধ খায় ঝিনুকে (মেদিনী ১১)

গোদা[১] goda দ্র গোদ্‌দা (বর্ধমা ৫, ৯, ২০, ২২ মেদিনী ৯, ১৭, ৩৪ হুগলি ৫) গোদা গোদা ফোঁটায় বৃষ্টি পড়ছে—বড় বড় ফোঁটায় বৃষ্টি পড়ছে (বর্ধমা ২২) **~কাপড় goda kapɔʃ** বি মোটা কাপড় coarse cloth (বর্ধমা ২) **~গতর্‌ goda gɔtɔr** বি মোটা শরীর flabby body (মেদিনী ২৯) **~চিংড়ি goda ciŋʃi** বি মোটা মাথাওয়ালা চিংড়ি মাছ [এদের পা খুব লম্বা হয়] broad headed prawn, lobster (চব্বিশ ৩৬) **~বাঙলা goda baŋla** বি মোটা বাংলা [গ্রাম্য কথ্য ভাষা] rural dialect (বীরভূ ১৪ মেদিনী ৭, ২১)

গোদা[২] goda বি ভুশুড়ি, ভূতি [কাঁঠালের মাঝের দণ্ড] the inedible pulp with in a jack-fruit (চব্বিশ ২০)

গোদা[৩] goda বি চার আঙুল পরিমাণ one type of measurement equal to four-fingers (বর্ধমা ১৮)

গোদাগা godaga বি যাযাবর জাতীয় গো-চিকিৎসক [এদের কোনো স্থায়ী আবাস থাকে না। গরুর চিকিৎসা করা এদের জীবিকা] nomads, gypsies, wondering tribe who cures cattles (নদিয়া ১০)

গোদা (জোমি) goda (jomi) বিণ নিচু বা জলা (জমি) a low land, a maershy land (মেদিনী ১৯)

গোদান্‌ godan বি গোভূত [প্রচলিত লোকবিশ্বাস আছে যে, গরু ও ঘোড়া মরে এই ভূত হয় (বর্ধমা ১৪)। অন্যত্র লোকবিশ্বাস, এই ভূতের মাথা নেই। এরা শুধু গরুর অনিষ্ট করে। কখনো কখনো গরুকে মাটিতে পুঁতে ফেলে (চব্বিশ ৩৭)] the cow-ghost (চব্বিশ ৩৭ বর্ধমা ১৪)

গোদানা godana দ্র গোদান্‌ (বীরভূ ৮, ১১, ১৪ মুর্শিদা ১৩)

গোদানা ভূত godana bʰut দ্র গোদান্‌ (বীরভূ ১৩)

গোদা ভরত্‌ goda bʰɔrɔt বি একপ্রকার পাখি [ধূসর রঙ, ধূলায় থাকে, সাধারণত দৌড়ে চলে] one type of bird of smoke clour, usually hops (বীরভূ ১১)

গোদালোরি খেলা godalori kʰela বি একপ্রকার গ্রামীণ খেলা a kind of rural game (বর্ধমা ৮)

গোদা সাপ্‌ goda sap বি একপ্রকার সাপ [ছোট এবং মোটা আকৃতি বিশিষ্ট] a kind of snake (বর্ধমা ২৬)

গোদাহার্‌ godahar বি ভাগাড় [মৃত পাখি, গরু, ছাগল ফেলার জায়গা] a waste land for depositing caracas, a carrion depot (বর্ধমা ৫)

গোদি[১] godi দ্র গোদ্‌দি (কোচবি ২ পুরুলি ১৭ বর্ধমা ২, ৫ বাঁকুড়া ৬, ৭, ১০, ১২ বীরভূ ৩, ১১, ১৪ মুর্শিদা ২, ১০) গোদিটা ঠুলিয়্যে যা—কাঠের গুঁড়িটা নাড়িয়ে যা (মুর্শিদা ২)

গোদি[২] godi বি কোল the lap গোদিতে নেওয়া—কোলে নেওয়া (পদিনা ২)

গোদি খেলা godi kʰela বি গ্রামীণ খেলা দ্র গোজি খেলা a kind of rural game (মেদিনী ২৮, ৩৫)

গোঁদিয়ে যাওয়া gõdie jaõa ক্রি খারাপ গন্ধ হয়ে যাওয়া, নষ্ট হয়ে যাওয়া to rot, to putrefy, to decay ডাইল্‌ গোঁদিয়ে গেইচে—ডাল টক গন্ধ হয়ে গেছে (বর্ধমা ৫)

গোদি শাপ্‌ godi ʃap বি গোসাপ দ্র গোড়্‌কেল্‌ (চব্বিশ ৯)

গোদুড়্‌ goduʃ বি গুলি খেলার এক প্রকার মাপ সম্পর্কিত বিধি [দানপক্ষ বিপক্ষের ঘরে বসানো গুলিকে মারবার

জন্য ঘরের নিকটবর্তী স্থানে নিজের গুলিটি চালে। তবে ঐ চেলে দেওয়া গুলি যদি বিপক্ষের ঘরের কোনো গুলি থেকে চার আঙুল মাপের মধ্যে হয়, তবে বলা হয় 'গোদুড়্' হয়েছে। এর অর্থ হল যে, ঐ গুলিটি যে খেলোয়াড়ের সে এখন খেলতে পারবে না। তার দলের কোনো খেলোয়াড় গুলিটিকে মেরে একটু সরিয়ে দিলে (চার আঙুল মাপের বেশি তফাতে গেলে) ঐ খেলোয়াড় খেলতে পারবে। এছাড়া দানপক্ষের কোনো খেলোয়াড় যখন বিপক্ষের কোনো খেলোয়াড়ের গুলিকে মারে তখন দেখতে হয় মারার পরে ঐ দুটি গুলির (যেটি দিয়ে যাকে মারা হল) দূরত্ব চার আঙুলের মাপের মধ্যে পাশাপাশি আছে কিনা। যদি থাকে, তবে তখনও 'গোদুড়্' হয়ে যাবে] a mesurement maintained in the marble playing (বর্ধমা ১৫)

গোঁদুয়া মুয়া gõdua mua বিণ গোমড়ামুখো glum and grave, darkened with huff (বাঁকুড়া ১৮)

গোঁদুল্ gõdul দ্র গোদল (হাওড়া ১, ৮)

গোদো godo দ্র গোদ্দি গোদো থেকে দুই ফ্যাঙ্ড়া বের হাল্ছে—গাছের গুঁড়ি থেকে দুটো ফ্যাঁকড়া/ডাল বেরিয়েছে (মুর্শিদা ২)

গোদোইমা godoĭma বি দিনমজুর [পুং] a day-labourer (বর্ধমা ৮) দ্র কামিন্

গোঁদোর্ ভোঁদোর্ gõdor b^{h}õdor বিণ নাদুস নুদুস roly-poly (হাওড়া ১০)

গোঁদোল্ gõdol দ্র গোদল্ (মেদিনী ১২, ১৬, ৩৪)

গোধ্লি god^{h}li বি গোধূলিবেলা twilight (মেদিনী ৬)

গোধা[১] god^{h}a বি খোকা a little boy, an infant boy, a young son (মুর্শিদা ২৩)

গোধা[২] god^{h}a বিণ কাজ করে না এমন মানুষ বা পশু [আলস্য বা খলতা বশতঃ কর্মক্ষম হওয়া সত্ত্বেও কাজে অনিচ্ছা] lazy man or animal, slothful man or animal (মেদিনী ১৩)

গোঁধা তেল gõd^{h}a tel বিণ কেরোসিন তেল kerosine oil (মুর্শিদা ২২) < গন্ধ তেল

গোধান্ god^{h}an বি ঝরে পড়া ধান [এই ধান যথা সময়ে পাকার আগেই ঝরে যায়। এই ধানের চাল হয় না। মাঠেই নষ্ট হয়ে যায়] the premature paddy (মুর্শিদা ১৬)

গোধানি god^{h}ani দ্র গোদ্হানি (মালদা ৮)

গোঁধানে ত্যাল্ gõd^{h}ane tæl দ্র গোঁধা তেল (মুর্শিদা ২৩)

গোদুড়্

গোঁধালি পোতোর্ gõd^{h}ali potor বি গাঁদাল পাতা the leaf of dog's bane (paederia foetida) (মেদিনী ৮)

গোধাসনা god^{h}a sɔna দ্র গোদি শাপ্ (বীরভূ ৪)

গোধির্ god^{h}ir বিণ ভারি heavy বোজাটা খোরে গোধির্—বোঝাটা খুব ভারি (দার্জিলি ৩)

গোধিসাপ্ god^{h}isap দ্র গোদিশাপ্ (মেদিনী ১৮)

গোধুনি god^{h}uni দ্র গোধ্লি গোধুনি ব্যালা—গোধূলিবেলা (হুগলি ৬)

গোধে যাওয়া gõd^{h}e jaŏa ক্রি আটকে যাওয়া ['টাঁইখা গুলি খেলা'র সময় এই কথা খুব বেশি ব্যবহার হয়। গুলি খেলার যে ঘর থাকে সেই ঘরের দাগের চার আঙুল মাপের মধ্যে যদি দানপক্ষের গুলি আটকে যায়, তখন বলা হয় 'গোধে গ্যালো'] to be confined, to be detained (পুরুলি ৯) দ্র টাঁইখা খেল্

গোধেনু god^{h}enu দ্র গোধ্লি গোধেনু লগ্ন—গোধূলি বেলা (বর্ধমা ২২)

গোঁধোল্ gõd^{h}ol দ্র গোদল্ (মেদিনী ৩২)

গোন্[১] gon বি মাঠের ভিতরের কিংবা আলের উপরের পায়ে চলা সরু রাস্তা বা আলপথ [ঘাসের উপর দিয়ে চলতে চলতে এই সরু রাস্তা তৈরি হয়ে যায়। সাধারণত জমিগুলোর মাঝ বরাবর দূরত্ব কমাতে এই সরু রাস্তা থাকে] a narrow foot-path over the dyke or a path through an open field (বীরভূ ৭ হুগলি ১৯)

গোন্[২] gon বি দেরি delay (মেদিনী ১৫)

গোন্ আল্ gon al বি যাতায়াতের মেঠো আলপথ (বীরভূ ৭, ১১, ১২) দ্র গোন্[১]

গোন্জ্ gonj বি কাদার ছোট স্তূপ [ছোটখাট মাটির জিনিস

গোঁন্‌জাল

তৈরির জন্যে এই স্তূপ। বড় ধরনের মাটির জিনিস তৈরির জন্য স্তূপকে বলে 'কাইট'] a lamp of gluey mud (মালদা ১)

গোন্‌জা[১] gonja বি আবর্জনা the garbage (বর্ধমা ১৯)

গোন্‌জা[২] gonja বি বাঁশের তৈরি পেরেক a nail, made of bamboo-stick (পদিনা ১০)

গোন্‌জা[৩] gonja ক্রি গুঁজে দেওয়া to drive into (কোচবি ৬)

গোন্‌জা[৪] gonja বি গুঁজি [ধোক্‌ড়া, ধোকড় একপ্রকার পাটের তৈরি শিল্প। এগুলি তৈরির জন্য তাঁতের ক্ষুদ্র সংস্করণ জাতীয় সরঞ্জাম ব্যবহৃত হয়। সেই সরঞ্জামে ব্যবহৃত বিশেষ একটি বাঁশকে বলা হয় 'গোন্‌জা'] a part of handi-craft loom (পদিনা ৭)

গোঁন্‌জাল gõnjal বি বড় পেরেক, গজাল a large and thick nail, a peg (জলপা ৭)

গোন্‌জি gonji বি গেঞ্জি guernsey (কোচবি ২ জলপা ২ পদিনা ৩ মেদিনী ৫)

★**গোন্‌ডানো gonɖano** ক্রি চোখ রাঙানো, চোখ বিস্ফারিত করা to goggle চোখ্ গোন্‌ডায়—চোখ রাঙায়, চোখ বিস্ফারিত করে (কোচবি ৪, ৭)

গোন্‌ডার্ gonɖar বি গণ্ডার the rhinoceros (জলপা ৭, ৯)

গোন্‌ডাশ্ gonɖas ক্রি রাঙানো to redden one's eyes, to frown with angry eyes চোখ গোন্‌ডাশ্‌নি—চোখ রাঙাসনি (কোচবি ৩)

গোন্‌ডি[১] gonɖi বি রামধনু the rainbow (হাওড়া ৩)

গোন্‌ডি[২] gonɖi বি কর, শুল্ক the tax, the duty, the toll (কোচবি ২)

গোন্‌ডিবান্ gonɖiban দ্র গোন্‌ডি[১] (পুরুলি ৪)

গোন্‌ডোগুলে gonɖogule বিণ ঝগড়াটে a quarrelsome, cantankerous (বাঁকুড়া ১২)

গোন্‌দায় gondaɛ̆ ক্রি দুর্গন্ধ হওয়া বা ছড়ায় to give out bad odour ওটা গোন্‌দায়, আনিস না—ওটা দুর্গন্ধ ছড়ায়, আনিস না। এন্‌দুর মোরি গেলে গোন্‌দায়—ইঁদুর মরে গেলে দুর্গন্ধ ছড়ায় (কোচবি ২, ৩) নামধাতু

গোন্‌দাল্ gondal বি মাঠের প্রশস্ত আল [জমির সীমানা চিহ্নিত করার জন্য যে সরু আল থাকে, এটি সে জাতীয় নয়। মাঠের এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত যাতায়াতের পথ হিসেবেই এটিকে ব্যবহার করা হয় এজন্য একে 'পথ আল'ও বলা হয়] a broad ridge in the field (বর্ধমা ৭)

গোন্‌দি পোকা gondi poka বি গান্ধিপোকা a kind of cornfly, the rice bug [leptocrisa acuta] (কোচবি ১ জলপা ১)

★**গোন্‌দে যাওয়া gonde jaŏa** দ্র গোঁদিয়ে যাওয়া ডাল্ গোন্‌দে গ্যাচে—ডাল নষ্ট হয়ে গেছে (বর্ধমা ১২)

গোন্‌দো করা gondo kɔra দ্র গোন্‌দায় ডালে গোন্‌দো কোরছে—ডালে গন্ধ লাগছে (হুগলি ১১)

গোন্‌দোল্[১] gondol দ্র গোদল্ (বর্ধমা ২, ৯ বাঁকুড়া ১৪ বীরভূ ৫)

গোন্‌দোল্[২] gondol বি কোষাকুষি a small water-container shaped like a canoe used in Hindu rituals [made of copper] (বর্ধমা ২৬)

গোন্‌দোল্[৩] gondol বি গাঁদা ফুল the marigold flower (কোচবি ১)

গোন্‌ধাই উঠা gond^{h}aĭ uʈ^{h}a ক্রি গেঁজে যাওয়া, নষ্ট হয়ে যাওয়া to rot, putrefy গোন্‌ধাই উইঠাছে— গেঁজে গেছে, নষ্ট হয়ে গেছে (বীরভূ ৯)

গোন্‌ধি পোকা gond^{h}i poka দ্র গোন্‌দি পোকা (জলপা ১ মেদিনী ৮)

গোন্‌না[১] gonna বি গ্রহণ [সূর্য, চন্দ্র] an eclipse গোন্‌না ধইর্‌সে—গ্রহণ লেগেছে (কোচবি ৩)

গোন্‌না gonna বি গোলা [চালের গুঁড়োকে জল দিয়ে গোলা। সরুচাক্‌লি পিঠা তৈরির জন্য চালবাটা ও ডালবাটার পাত্‌লা মিশ্রণ] a liquid mixture made of rice/dal powder and water (বাঁকুড়া ১৩ মেদিনী ১১)

গোন্‌না পিঠা gonna piʈ^{h}a বি একপ্রকার পিঠা [গোলা

পিঠা] a variety of pan-cake prepared from liquide rice paste (মেদিনী ২৫)

গোন্ ভাজ্‌লা gon b^{h}ajla বি গাঁদাল গাছ the dog's bane tree (peoderia foectida) (মুর্শিদা ২২) দ্র গোঁধালি পোতর্

গোন্‌শাল্ gon/al বি গোয়াল ঘর [সন্ধ্যাবেলায় বাড়ির প্রাঙ্গণে যে জায়গায় গরু বেঁধে রাখা হয়] a cowshed where cows are tied (বর্ধমা ১৩)

গোন্‌সুই gonsuĭ বি গুনসূচ a bodkin, a packing-needle [বস্তা সেলাই করার কাজে ব্যবহার হয়] (চব্বিশ ৩৬)

গোনা gona ক্রি বোনা to weave, to knit আসন গুনি —আসন বুনি (মেদিনী ২৭)

গোনিক্‌দার্ gonikdar বি গণক, গণৎকার [যে ভাগ্য গণনা করে] an astrologer, a palmist (পদিনা ১০)

গোনিত্‌কার্ gonitkar দ্র গোনিক্‌দার্ (পদিনা ১০)

গোনে gone অ জন্য for এই শাড়িটা উয়ার গোনে রাখ্— এই শাড়িটা ওর জন্য রাখ (কোচবি ২)

গোনেলে gonele দ্র গোন্[১] গোনেলেতে চোলে যাও— আলপথ দিয়ে চলে যাও (বীরভূ ৮)

গোপ্[১] gop বি গোঁফ moustache গোপ্ কাটা—গোঁফ্ ছাঁটা (মেদিনী ৩২)

গোপ্[২] gop বি গর্ত hole ['ছিপ্‌টিন্ খ্যালা' নামক একটি খেলায় এই বিশেষ গর্তের প্রয়োজন হয়] (নদিয়া ৯)

গোপ্‌তা (খাওয়া) gopta k^{h}aŏa ক্রি আকাশে উড়ন্ত ঊর্ধ্বমুখী ঘুড়ি উড়ানোর কৌশলে বা আপনা আপনি নিম্নমুখী হওয়া ও নেমে আসা to come down [a flying kite with upward movement in the sky] (বর্ধমা ১৬)

গোপ্‌নি কতা gopni kɔta বি গোপন কথা [একে অন্যকে গোপনে বলে] secret talk (হাওড়া ৮)

গোপ্‌নো কাথা gopno kat^{h}a দ্র গোপ্‌নি কতা (কোচবি ১)

গোপ্‌পুয়া goppua বিণ গল্পবাজ লোক[যে ভাল গল্প করতে পারে] a good story teller [male], talkative (বাঁকুড়া ৫)

গোপ্‌পে goppe দ্র গোপ্‌পুয়া (বর্ধমা ২)

গোপ্‌প্যে goppɛ দ্র গোপ্‌পুয়া (পদিনা ১৪)

গোপ্‌প্যেনি goppɛni বিণ গল্পবাজ মেয়ে a good story teller [fem.] (পদিনা ১৪)

গোপালি

গোপ্‌ফি gopp^{h}i দ্র গোপ্‌পুয়া (পদিনা ৫)

গোপ্‌রো gopro বি গোখ্‌রো সাপ the cobra (নদিয়া ৪)

গোপ্‌সি gopsi দ্র গোপ্‌পুয়া (পদিনা ১০)

গো-পাব্‌বোন্ gopabbon বি গরুর পরব, গো-পার্বণ, গরু পূজা অনুষ্ঠান [ভ্রাতৃদ্বিতীয়ার দিন গরুকে স্নান করিয়ে, তার চারটি পায়ে হলুদ জল দেওয়া হয়। মাথায় তেল সিঁদুর এবং গলায় ফুলের মালা পরানো হয়। এই রকম পূজার্চনাকে 'গো পাব্‌বোন্' বলে] a holy ritual festival of cow connected with cow-warship (হাওড়া ১১)

গোপাল্‌ঘোগ্ gopalg^{h}og বি একপ্রকার ধান [এই ধানে মুড়ি তৈরি হয়] one type of paddy (চব্বিশ ২৭)

গোপাল্‌ভোগ্ gopalb^{h}og দ্র গোপাল্‌ঘোগ্ (চব্বিশ ১১)

গোপালি gopali বি গরুর লেজের চুল tuft of hair at the tail of the cow (নদিয়া ৬, ৯ বর্ধমা ৫, ১০) দ্র গোগাল্

গোপি[১] gopi বি বাচাল, আলাপী বাক্যবাগীশ, গল্পবাজ sociable, etoquent (পদিনা ১, ২ মালদা ৩, ১১) গোপি মানুষ—গল্পবাজ লোক (মালদা ১১) দ্র গোপ্‌পুয়া

গোপি[২] gopi ক্রি ঢুকিয়ে entering ম্যাট্‌টি ম্যা গোপি দেল্ কি—মাটিতে ঢুকিয়ে দিয়েছে (মালদা ৯) **~আ gopia** ক্রি ঢোকানো to drive, to enter (মালদা ৯)

গোপিদার্ gopidar দ্র গোপ্‌পুয়া (পদিনা ১১)

গোপিরাজ্ gopiraj দ্র গোপ্‌পুয়া (মেদিনী ৩৪)

গোপু gopu বি দুধ দোওয়ার পাত্র বিশেষ [পিতলের তৈরি] দোহনী a milk-pail, a milk-can (মুর্শিদা ১৮)

গোপুও gopuo দ্র গোপ্‌পুয়া (বর্ধমা ১৩)

গোপুয়া gopua দ্র গোপ্‌পুয়া (মেদিনী ১৩)



গোব্‌ড়াটি

গোপুলে **gopule** দ্র গোপ্‌পুয়া (বর্ধমা ১০)

গোঁপের কোলে হাসি **gõper kole hasi** বি মুচকি হাসি smirky, smile chuckle (বর্ধমা ২২)

গোপোড়িয়্যা **gopoɽiæ** দ্র গেদোহার্ (মেদিনী ১৯)

গোপোথ্ **gopot^{h}** দ্র গোন[১] (বীরভূ ৮)

গোপোবাজ্ **gopobaj** দ্র গোপ্‌পুয়া (হুগলি ৯)

গোঁফ্[১] **gõp^{h}** বি গুচ্ছ [সাধারণত ধান রোয়ার সময় চার-ছয়টি ধান চারা নিয়ে গুচ্ছ করে জমিতে পোঁতা হয়] the bunch of paddy-shoot (মেদিনী ১৩)

গোঁফ্[২] **gõp^{h}** বি থুতনি, চিবুক [গোঁফকে ' মোচ্' বলে] the chin (পুরুলি ৪)

গোফা[১] **gop^{h}a** দ্র গোপ্‌পুয়া (মেদিনী ৯)

গোফা[২] **gop^{h}a** বি খোঁপা hair dressed in a rounded mass, a bun, chignon (মেদিনী ২৭)

গোঁফা **gõp^{h}a** দ্র গোফা[২] (মেদিনী ১৫)

গো-ফাগুনে **gop^{h}agune** বি গোয়াল পূজা অনুষ্ঠান [তেরোই ফাল্গুন এই অনুষ্ঠান হয়] the ritual at the cow-shed (হুগলি ১৫)

গোফি **gop^{h}i** দ্র গোপ্‌পুয়া (দার্জিলি ৩ পদিনা ২)

গোফ্যেলা **gop^{h}ɛla** দ্র গোপোড়িয়্যা (বাঁকুড়া ৩)

গোব্ **gob** বি গর্ত a hole (মুর্শিদা ৩)

গোব্‌কুল **gobkul** বি গুগ্‌গুল্ [একরকম সুগন্ধি বস্তু। পূজার সময় এই পদার্থটিকে জ্বালালে সুগন্ধ যুক্ত ধোঁয়া বের হয়] the bdellium, frankinseenee (নদিয়া ১)

গোব্‌চ্যে **gobcɛ̃** অসক্রি বসে sitting লকটা গোব্‌চ্যে আছে—লোকটা বসে আছে (মেদিনী ৩২)

গোব্‌দা **gobda** বিণ গম্ভীর, গোমড়া, হাঁড়িপানা মুখ grave, solemn, sullen and silent মুক্ গোব্‌দা কোরি বোসে আচিস্—মুখ হাঁড়ি করে বসে আছিস্ (বর্ধমা ৫)

গোঁব্‌দা **gõbda** দ্র গোব্‌দা গোঁব্‌দামুখি—গোমড়ামুখি (বীরভূ ১).

গোব্‌দাপারা **gobdapara** দ্র গোব্‌দা (বীরভূ ৫)

গোব্‌ড়া ফুশ্‌কুড়ি **gobɽa p^{h}u/kuɽi** বি পায়ের তলার ফুস্কুড়ি a vesicle, a pimple, a pustule under the foot (বাঁকুড়া ৯)

গোব্‌ড়াটি **gobɽaṭi** বি চৌকাঠ [মাটির বাড়ির দরজা জানালা যেখানে বসানো হয়, তার মাথার দিকে বাঁশ কাঠ বিছিয়ে দেওয়া হয়। এর উপর পরবর্তী স্তরের দেওয়াল দেওয়া হয়। এই বাঁশ কাঠ বিছানো আচ্ছাদনের নাম গোব্‌ড়াটি] lintel (বর্ধমা ১৯)

গোব্‌ড়িয়া পোকা **gobɽia poka** বি গুব্‌রে পোকা the dung-beetle, the dor-beetle, the dor-fly (জলপা ৯)

গোব্‌ড়ে পুঁটি **gobɽe puṭi** বি [বড় আকারের পুঁটি মাছ] সরলপুঁটি a tiny fresh water-fish [saranna] (বর্ধমা ৪)

গোব্‌বিন্ **gobbin** বি বিণ গর্ভবতী [গরু, ছাগল ইত্যাদি] the cow or the goat to be big with young (বর্ধমা ৯, ১০, ১২ মেদিনী ৯, ১১)

গোব্‌বোল্ **gobbol** বি বগল the armpit, the flank (মুর্শিদা ৬)

গোব্‌ভিন্ **gobb^{h}in** দ্র গোব্‌বিন্ (পুরুলি ৮)

গোব্‌রা **gobra** বি চৌকাঠ [দরজার চার দিকের] rectilineal door frame, a door-sill (বর্ধমা ৫) দ্র গোব্‌ড়াটি ~কাট্ **gobra kaṭ** বি চৌকাঠের নিচের অংশ lower part of door's wooden frame (বর্ধমা ২২)

গোব্‌রাট **gobraṭ** দ্র গোব্‌রা (চব্বিশ ৯, ২৭ মেদিনী ৩৫ হাওড়া ৩)

গোব্‌রানা **gobrana** বিণ আধপাকা half-ripened গোব্‌রানা তেঁতুল—আধপাকা তেঁতুল (হুগলি ৮)

~গোব্‌রানো **gobrano** দ্র গোব্‌রানা তেঁতুল গোব্‌রানো—আধপাকা তেঁতুল (নদিয়া ৯ হুগলি ১৯)

গোব্‌রা পোকা **gobra poka** দ্র গোব্‌ড়িয়া পোকা (পদিনা ২)

গোব্‌রা ফসা **gobra p^{h}ɔsa** বি আঙুলহাড়া whitlow (বীরভূ ৯)

গোব্‌রি **gobri** বি গোবর the cow-dung (বাঁকুড়া ১৭)

গোব্‌রি পোকা gobri poka দ্র গোব্‌ড়িয়া পোকা (কোচবি ৬ জলপা ২, ৬)

গোব্‌রিয়া gobria বি নাড়িভুঁড়ি [গরু-ছাগলের] intestines/entrails of cow and goat (বাঁকুড়া ১১)

গোব্‌রো সাপ্‌ gobro ʃap দ্র গোপ্‌রো (চব্বিশ ৩৬)

গো-বক্‌ gobɔk বি একপ্রকার বক [সাদা রঙ, হলুদ রঙের ঠোঁট] one type of egret, heron, crane yellow beak (চব্বিশ ৩৭)

গো-বগ্‌ gobɔg বি এক ধরনের বক [একে 'গো-বক'ও বলে। এর রঙ সাদা, মাথায় টিকি থাকে] the cattle egret [bubulcus ibis coromandus] (চব্বিশ ৩৬ হুগলি ১১)

গোবথ্‌ gobɔt^h বি মেঠো পথ [এই রাস্তা দিয়ে গরুর গাড়ি ও মানুষ দুই-ই যায়] a narrow mud-built path in between two fields (বীরভূ ৫)

গোবর্‌কুধা gobɔrkud^{h}a বি গোবরগাদা [আস্তাকুঁড়, গোবর জমিয়ে রাখার স্থান] a dung-heap, a dung hill, a muck-heap (পুরুলি ৪)

গোবর্‌কুড়্‌ gobɔrkuɽ দ্র গোবর্‌কুধা (বর্ধমা ৮)

গোবর্‌খাত gobɔrk^{h}at দ্র গোবর্‌কুধা (হাওড়া ১)

গোবর্‌ গাড়্‌হা gobɔr gaɽ^{h}a দ্র গোবর্‌কুধা (মেদিনী ৩২)

গোবর্‌ঘাট্‌টি gobɔr g^{h}aʈʈi বি গাঙ শালিখ bank myna [acridotheros ginginianus (মালদা ২)

গোবর্‌ চোটি gobɔr coʈi বি ঘুঁটে [দেওয়ালে চাপড় দিয়ে এটি তৈরি করা হয়] a cake of dried dung used as fuel, a dung-cake (চব্বিশ ২৭)

গোবর্‌ ডিঙ্‌ gobɔr ɖiŋ দ্র গোবর্‌কুধা (পুরুলি ৫, ১২)

গোবর্‌ডোভা gobɔr ɖob^{h}a দ্র গোবর্‌কুধা (পুরুলি ১৫)

গোবর্‌নেড়ি gobɔrneɽi বি একপ্রকার জ্বালানি [পাটকাঠির উপর গোবর লেপে, তারপর রোদে শুকিয়ে এগুলি তৈরি করা হয়] one type of fuel made of jute plant stalk and cow-dung দ্র গোড়াহা[১] (নদিয়া ১২)

গোবর্‌নেদি gobɔrnedi দ্র গোবর্‌ চোটি (চব্বিশ ১৪)

গোবর্‌ মুর্‌চোনার্‌ গাড্‌ডা gobɔr murconar gaɖɖa দ্র গোবর্‌কুধা (হাওড়া ৬) [মুর্‌—মূত্র, চোনা—গরুর প্রস্রাব]

গোবর্‌রাশি gobɔrra/i দ্র গোবর্‌কুধা (মালদা ৫)

গোবরে পুঁটি gobɔre pũʈi বি একপ্রকার পুঁটি মাছ [সরল পুঁটির থেকেও মাপে ছোট, এর গায়ে একটি লাল দাগ

গোবর্‌ চোটি

থাকে] a kind of tiny fresh-water fish দ্র গোব্‌ড়ে পুঁটি (বাঁকুড়া ৬)

গোবরের্‌ ঢেড়ি gobɔrer ɖ^{h}eɽi দ্র গোবর্‌কুধা (মালদা ১)

গোবরের মান্‌ gobɔrer man দ্র গোবর্‌কুধা (মালদা ১)

গোবা[১] goba বিণ বোবা the dumb, mute (হাওড়া ৩)

গোবা[২] goba বিণ কষা [স্বাদ] bitter astringent test কাঁচা ফ্যাঁনদ্‌ খেলে গোবা লাগবেক—কাঁচা গাব খেলে কষা লাগবে (বাঁকুড়া ৭, ১১, ১২)

গোঁবাইন্‌ দেওয়া gõbain deõa ক্রি টুকরো করা to cut into pieces সুপারিগুলা গোঁবাইন্‌ দে—সুপারিগুলো টুকরো করে দে (বাঁকুড়া ৭)

গোবাগা gobaga বি গর্ভবতী গাভী মরে যে ভূত হয়—লোকবিশ্বাস one kind of ghost-spirite (মেদিনী ২৮)

গোবাগান্‌ gobagan বি গোচারণ ভূমি grazing ground (বীরভূ ৮)

গোবাচি gobaci দ্র গোপালি (বীরভূ ১৩)

গোবাড্‌ঢা gobaɖɖ^{h}a ক্রিবিণ প্রচণ্ড প্রহার to give one a severe or tremendous thrashing চোর্‌টাকে সব লোগ্‌ মিল্যা গোবড্‌ঢা বাটিছে—চোরটাকে সব লোক মিলে প্রচণ্ড মারধোর করেছে (মেদিনী ১৯, ২২, ২৬)

গোবাডঢন্‌ gobaɖɖ^{h}ɔn দ্র গোবাড্‌ঢা (মেদিনী ১৫)

গো-বাঁদ্‌না go-bãdna বি গরুর পরব, গরু পূজা, গো-পার্বণ অনুষ্ঠান [ভ্রাতৃদ্বিতীয়ার আগের দিন এটি অনুষ্ঠিত হয়। এদিন গরুর বিয়ে দেওয়া হয়। অর্থাৎ বিয়ের মতো অনুষ্ঠান করা হয়] a ritual of cow festival দ্র গোপাব্‌বোন্‌ (বাঁকুড়া ২০)

গোবার্‌ gobar দ্র গোব্‌রি (মালদা ৭)

গোবোর্ জোবোর্ খেল্

গোবাল্চি **gobalci** দ্র গোবাচি (বর্ধমা ৭ বীরভূ ৮)

গোবালি **gobali** দ্র গোবাচি (বাঁকুড়া ১২, ১৮ হুগলি ১, ৫)

গোবিন্[১] **gobin** দ্র গোব্বিন গোবিন্ হওয়া—গর্ভবতী হওয়া। গরুটা গোবিন্ হয়েছে—গোরুটা গর্ভবতী হয়েছে (নদিয়া ৯ বীরভূ ১২ মেদিনী ৭)

গোবিন্[২] **gobin** বিণ অলস lazy, idle, slothful (নদিয়া ১)

গোবিন্দো ভোগ্ **gobindo b^{h}og** বি একপ্রকার আমন ধান [সাদা, সরু এবং সুগন্ধযুক্ত হয় এই ধান] one type of winter rice, automn rice (মুর্শিদা ১৬)

গোবুর্ গাড়ি **gobur gaɽi** বি গোরুর গাড়ি [এই গাড়িতে করে সার ইত্যাদি জমিতে নিয়ে যাওয়া হয়] one type of bullock cart used for carrying the manure from place to place (বাঁকুড়া ৭)

গোবুর্ গাদা **gobur gada** দ্র গোবর্কুধা (মেদিনী ৭)

গোবুর্ ডোবা **gobur ɖoba** দ্র গোবর্কুধা (বাঁকুড়া ৭)

গো-বেইড়া মার্ **go beiɽa mar** বি গোরুকে যেমন মারা হয়, তেমন মার terrible/violent/sever beating or striking লেইক্টাকে গো-বেইড়া মার্ দিলেক্—লোকটাকে গোরুর মতো মারলো (পুরুলি ৬)

গো-বোগলা **go-bogɔla** দ্র গো-বক্ (মেদিনী ২৭)

গোবোত্[১] **gobot** দ্র গোপোড়িয়্যা (বীরভূ ১৩)

গোবোত্[২] **gobot** বি গ্রামের কাঁচা প্রশস্ত রাস্তা [মাঠের ভিতরের এই রাস্তা দিয়ে গোরু, মানুষ এবং গোরুর গাড়িও চলতে পারে] a wide mud-built path দ্র গোবথ্ (বর্ধমা ৭ বীরভূ ৭, ১২)

গোবোর্ কাঠি **gobor kaɽ^{h}i** দ্র গোবর্নেড়ি (হুগলি ১১)

গোবোর্কুর্ **goborkur** বি আস্তাকুঁড় the dust-bin (বর্ধমা ২)

গোবোর্চনা **gobor cɔna** বি গোয়ালের আবর্জনা [গোয়াল ঘর ঝাঁট দিয়ে গোবরের যে খণ্ডাংশ পাওয়া যায়] the waste product of cattle-shed (হুগলি ১) < গোময়-গোমূত্র

গোবোর্ জোবোর্ খেল্ **gobor jobor k^{h}el** বি এক প্রকার প্রাঙ্গণের খেলা [তিন বা ততোধিক ছেলেরা এটি খেলে। উপকরণ হিসেবে প্রত্যেকের একটি করে ছড়ি থাকে। সেটি প্রায় তিন হাত লম্বা] a kind of rural outdoor game (পুরুলি ৯)

গোবোর্ নাঠি **gobor naɽ^{h}i** দ্র গোবর্নেড়ি (হুগলি ১৯)

গোবোর্ নাদি **gobor nadi** বি গোবরের তাল a lump of cow-dung (চব্বিশ ১৮)

গোবোর্ নেদি **gobor nedi** বি কাঁচা ঘুঁটে undried dung cake দ্র গোবর্ চোটি (চব্বিশ ১ বর্ধমা ৬)

গোবোর্ পোকা **gobor poka** বি গুব্রে পোকা the dung beetle, the dor-beetle, the dor-fly (মেদিনী ১৩, ৩২)

গোবোর্ ফুশ্কুড়ি **gobor p^{h}u/kuɽi** বি একপ্রকার চর্মরোগ [পায়ের তলায় সাদা ফোস্কা ফোস্কা হয়। এরকম হলে গোবরকে পুড়িয়ে সেই ছাইকে নারকেল তেল দিয়ে লাগাতে হয়] a kind of skin-disease (বাঁকুড়া ১৩)

গোবোর্ লেদি **gobor ledi** দ্র গোবোর্ নেদি [ঘুঁটেকে 'ঘোসি' বলে] গোবোর্ লেদি দিচ্ছি—ঘুঁটে দিচ্ছি (বর্ধমা ৫)

গোবোরি **gobori** বি মাছের পটকা the bladder of a fish (বর্ধমা ১)

গোবোরের্ নাটি **goborer naɽi** দ্র গোবর্ নেড়ি (চব্বিশ ৩৭)

গোবোরের্ মুটে **goborer muɽe** দ্র গোবর্ নেড়ি (চব্বিশ ৩৭)

গোভ্ধ্যা মুখ্য **gob^{h}d^{h}æmuk^{h}ɛ** বিণ গোমড়ামুখী glum and grave, darkened with huff [fem.] বৌটা খুব গোভ্ধ্যা মুখ্য—বৌটা খুব গোমড়ামুখী (মুর্শিদা ১৭)

গোভা **gob^{h}a** দ্র গোব্ জায়গাটা গোভা হোয়্যা গ্যালা—জায়গাটা গর্ত হয়ে গেল (মুর্শিদা ২২)

গোভাগার্ **gob^{h}agar** দ্র গোদাহার্ (বর্ধমা ৫)

গোভিন্[১] **gob^{h}in** দ্র গোবিন্[১] (মুর্শিদা ১০)

গোভিন্[২] **gobʰin** বিণ দুর্বল ব্যক্তি [যার কাজ করবার সামর্থ্য নেই] weak and unable person এ গোভিন্ কাজ কইত্তে পাইর্‌বে না—এ দুর্বল ব্যক্তি কাজ করতে পারবে না (মুর্শিদা ২৪)

গোভির্ জমিন্ gobʰir jɔmin বি নিচু জমি low land, low-lying (মেদিনী ২৪)

গোভুত্ gobʰut বি এক প্রকার গরু-ভূত [গোরুর আকৃতি বিশিষ্ট] spirit of cow (চব্বিশ ১৮) দ্র গোবাগা

গোম্ gom বি গম the wheat (কোচবি ২, ৭ জলপা ২, ৪, ৭ পদিনা ৫ বর্ধমা ২, ৫ বীরভূ ৩)

গোম্ছুই gom cʰuĭ দ্র গোন্‌সুই (চব্বিশ ৩৭ নদিয়া ৩)

গোম্টা gomʈa বি গুমট sultry atmosphere or weather, sultriness, stuffiness, fustiness (কোচবি ২)

গোম্টা মুখি gomʈa mukʰi দ্র গোভ্‌ধ্যা মুখ্য (চব্বিশ ৩১)

গোম্ঠা gomʈʰa বিণ গোমড়া sullen and silent, glum and grave, darkened with huff গোম্ঠা মুখো—গোমড়া মুখো (বীরভূ ১১) দ্র গোঁদুয়া মুয়া

গোম্ড়া gomʈa বিণ গুম secret, unrevealed (মেদিনী ৭)

গোম্ড়ামুই gomʈa muĭ দ্র গোভ্‌ধ্যা মুখ্য (মেদিনী ২১)

গোম্ড়ি gomʈi বি (কুমারশালের) পনের মুখ [সমতল মাটি থেকে এক দুই হাত নিচে থাকে গোম্ড়ি। গোম্ড়ির উপরে চার থেকে ছয় হাত উঁচু চার-পাঁচ হাত লম্বা মাটির দেওয়াল থাকে। ঐ দেওয়ালের অপর দিকে নিচেও থাকে 'গোমড়ি'র গর্ত] the mouth of the potter's furnace দ্র গরা[৪] (পদিনা ১০)

গোম্ত্যাল্ gomtæl বি গন্ধতেল scented oil, perfumed oil (কোচবি ১)

গোম্দা gomda বিণ গম্ভীর প্রকৃতির লোক reserved and grave person (বাঁকুড়া ১৩)

গোম্না gomna বি একপ্রকার ফড়িং [লাল- কালো-সবুজ মেশানো] the grasshopper the dragon fly [odonata] (জলপা ২)

গোম্বরন্ রঙ gombɔrɔn rɔŋ বিণ গমের মত রঙ wheatish colour, fair complexion (বর্ধমা ২)

গোম্বো gombo বি, বিণ অহঙ্কার, গুমর, দেমাক pride, vanity (হুগলি ১৯)

গোম্ছুই

গোম্ভির্[১] **gombʰir** বিণ স্থির static, calm জলটা গম্ভীর হইয়েঁ আচে—জলটা স্থির হয়ে আছে (বাঁকুড়া ১৫)

গোম্ভির্[২] **gombʰir** বি শিবমন্দিরের ভিতরের শিবলিঙ্গ থাকার ঘর [এখানকার লোকবিশ্বাস শিব ঠাকুর পাতাল ফুঁড়ে আসেন] the temple-room where the phallic symbol of shiva is placed (বাঁকুড়া ৪)

গোম্মোহোরি gommohori বি মৌরি the aniseed, anise, fennel [foeniculum valgare] (মুর্শিদা ২৩)

গোম্লানো gomlano ক্রি কুলকুচি করা to rinse or swill one's mouth with water (পদিনা ১০)

গোম্হাই gomhaĭ বি গরুর মুখোশ [বাঁশের বা দড়ির তৈরি। যাতায়াতের পথে যাতে অন্যের ফসল নষ্ট না করে, এই জন্যে গরুর মুখে বেঁধে রাখা হয়] a net woven by a thin slip of bamboo/cord used as a covering of mouth of cow (মালদা ৬)

গোমই gomɔĭ দ্র গোব্‌রি (মেদিনী ১৫)

গোমা[১] **goma** দ্র গোম্হাই [বাঁশের তৈরি ফুলের সাজির মতো দেখতে হয় কখনো আবার দড়ির তৈরিও হয়] (কোচবি ৮ জলপা ১, ৩, ৬, ৭)

গোমা[২] **goma** দ্র গোপ্‌রো (জলপা ১, ২, ৪, ৬, ৭, ৯)

গোমা[৩] **goma** দ্র গোবাগা [অন্তঃসত্ত্বা গাভী মারা গেলে এই ভূত হয়। এটি এখানকার প্রচলিত লোকবিশ্বাস] (মেদিনী ৩৪)

গোমা[৪] **goma** ক্রি গরম হওয়া [ঘানিগাছের মধ্যে সরষে ইত্যাদি দিয়ে 'এ্যাক ঝিটে' অর্থাৎ ছিঁটে জল হাত দিয়ে বা ঝাপটা দিয়ে দিতে হয়। তাহলে সরষে ইত্যাদি ভাল ভাবে বের হয়। কলু এটা করে থাকেন] to apply heat (বীরভূ ১০)

গোমুড়ো

গোমাই[১] **gomaĭ** দ্র গোম্‌হাই [বেতের তৈরি] (পদিনা ৫, ১১, ১৪)

গোমাই[২] **gomaĭ** দ্র গোমই (চব্বিশ ১৭ মেদিনী ৩৪) < গোময়

গোমায় gomaĕ দ্র গোম্‌হাই (পদিনা ১৪)

গোমায় লোধি gomaĕ lod^{h}i দ্র গোবর্ চোটি গোমায় লোধি করা—গোবরের ঘুঁটে দেওয়া (মেদিনী ৩৫)

গোমা সাপ্ goma sap দ্র গোদি শাপ্ (জলপা ৩)

গোমাহি পুজা gomahi puja বি গোয়াল পূজা worship of cattle-shed দ্র গো-ফাগুনে (মেদিনী ২০)

গোমি gomi দ্র গোমই (মেদিনী ৬, ১৯, ২৬, ৩৪)

গোমি-চাপড়া gomi capɽa দ্র গোবোর্ নেদি (চব্বিশ ১৯)

গোমি জল্ gomi jɔl বি গোময়, গোমূত্র cow-dung and cow's urine (মেদিনী ৩৪)

গোমি যাওয়া gomi jaŏa দ্র গুমি যাওয়া গোম্‌সিবে না—গন্ধ হবে না (পদিনা ১১)

গোমুই gumuĭ দ্র গোম্‌হাই (পদিনা ১ মালদা ৪)

গোমুচ্ gomuc বি লঙ্কা the chilly কাঁচা গোমুচ্—কাঁচা লঙ্কা (মালদা ৬)

গোমুড়ো gomuɽo বি নাড়া [ধান কাটার পরে ধানগাছের গোড়ার যে অংশ জমিতে থেকে যায়] the stubble [cut stalks of cereal plants left stiking up after harvest] (বীরভূ ১২)

গোমুয়া gomua দ্র গোভুত্ (বাঁকুড়া ১৫ মেদিনী ১৪, ২১, ২৫)

গোমুয়া ভুত্ gomua b^{h}ut বি একপ্রকার ভূত [এই ভূত বিভিন্ন মূর্তি ধারণ করে বলে বিশ্বাস। এরা গরু, মোষ, ছাগল, মানুষ সব রূপ ধরতে পারে, এরা বড় বড় গাছে থাকে, মানুষকে ভয় দেখায়। তবে কেউ একা থাকলে তাকেই ভয় দেখায়, অনেক লোক থাকলে কিছু করতে পারে না। ভয় দেখিয়ে মেরেও ফেলতে পারে বলে এদের বিশ্বাস] one type of spirit (মেদিনী ৯)

গোমুহা ভুত্ gomuha b^{h}ut দ্র গোমুয়া ভুত্ (মেদিনী ২৫)

গোমের্ ঝুরি gomer j^{h}uri বি একপ্রকার মুখরোচক ঝুরিভাজা [কিছুটা গমকে দুদিন জলে ভিজিয়ে রাখতে হবে। তারপর তাকে শিলে বাটতে হবে। তারপর উনুনে তেলহীন কড়াইতে ঢেলে দিতে হবে। তার মধ্যে একটু কালো জিরা এবং একটু নুন দিতে হবে। এবারে একটু নাড়াচাড়া করে নামিয়ে একটা গামছার মধ্যে পুঁটলি করে রাখতে হবে। (আগে একটি টিনে লম্বা লম্বা ফুটো করে রাখতে হবে) তারপর ঐ টিনটির উপর গামছার পুঁটলি রেখে হাত দিয়ে ডলা দিলে সরু সরু হয়ে গমের লেই পড়বে। সেটা রোদে শুকিয়ে কাঁচের শিশিতে করে তুলে রাখতে হয়। পরে তেলে ভেজে খাওয়া হয়] a kind of crisp and palatable snack made of pulverized pigeon-pea (নদিয়া ১১)

গোমোই[১] **gomoĭ** দ্র গোমহাই (পদিনা ৭, ১১)

গোমোই[২] **gomoĭ** দ্র গোমই (মেদিনী ২৮, ৩৪, ৩৫)

গোমোড়্ gomoɽ দ্র গোম্‌বো (চব্বিশ ৩৩ নদিয়া ১০ বর্ধমা ৬) ছেলেটার বড্ড গোমড়্ বেড়েছে—ছেলেটার খুব দেমাক বেড়েছে (নদিয়া ১০)

গোমোর্ হওয়া gomor hɔŏa ক্রি ধানগাছে শীষ হওয়ার ঠিক আগের অবস্থা just before stage of cornstalk (পদিনা ১০)

গোমোহা gomoha বি, বিণ গরুর বিকলাঙ্গ বাছুর deformed calf (মেদিনী ২০)

গোয়া goa বি স্ত্রীলোকের প্রস্রাবের দ্বার, জরায়ু the urinal passage, the uterous (পদিনা ৫, ১০)

গোঁয়া gŏa বিণ বোবা [কিন্তু কালা নয়, এরা কথা বুঝতে পারে, কিন্তু বলতে পারে না। অল্প স্বরস্ফুটও হয়] the dumb (নদিয়া ৯)

গোয়াইল্ goail বি গোয়াল ঘর a cowshed (কোচবি ৭)

গোয়া উঠা goauɽ^{h}a ক্রি বিয়ের দিন ধার্য করা to fix up the marriage day পঁচিশ তারিখে বিয়ের গোয়া উঠা হোল—বিয়ের দিন পঁচিশ তারিখে ধার্য হল (মালদা ১১)

গোয়াড়্চা মাছ goaɽca mac^{h} বি একপ্রকার মাছ [অনেকটা ফেসা মাছের মতো দেখতে, উজ্জ্বল রূপালি রঙ, পাতলা

আকৃতি। স্বচ্ছ আঁশ। পিঠের রেখা সরল। চোখের তারা কালো] one type of fresh water fish (চব্বিশ ১৫)

গোয়াড়ু ধরা **goaɽ dʰɔra** ক্রি বায়না ধরা an insistent/ unreasonable demand গোয়াড়ু ধরচে—বায়না ধরেছে (মেদিনী ২১) তু গোঁয়ার (আবা)

গোঁয়াড়ে **gõaɽe** বিণ একরোখা stubborn, self-willed, (চব্বিশ ৩১)

গোয়াথুপি চুল্ **goatʰupi cul** দ্র গোতোবি চুল্ (মেদিনী ২০, ২৭, ৩৫)

গোয়াথুবি চুল্ **goatʰubi cul** বি বেতো চুল [প্রত্যেকের মাথায় দুই-একটা থাকে। একটু কোঁকড়ানো এবং শক্ত] one type of stiff and curled hair (মেদিনী ২৪)

গোয়া মহুরি **goa mɔhuri** দ্র গোম্মোহোরি (মালদা ২)

গোঁয়ারে **gõare** বিণ একগুঁয়ে, গোঁয়ারে লোক stubborn, obstinate (হাওড়া ১০)

গোঁয়ারিক্তি নোক **gõarikti nok** দ্র গোঁয়ারে (বর্ধমা ৯)

গোয়াল্[১] **goal** বি হাঁস বা মুরগির থাকার ঘর the duck and chicken coop (বাঁকুড়া ১৮) দ্র আত্রি[১]

গোয়াল্[২] **goal** বি গোয়ালা the milk-man (পদিনা ২, ৭, ৯, ১০, ১২ মালদা ১১) ~ নি **goalni** বি গয়লানি the milk-maid (পদিনা ৭, ১০, ১২ মালদা ১১) ~ নিয়া **goalnia** দ্র গোয়াল্নি (মালদা ১১)

গোঁয়াল্ **gõal** বি ইঁদুরের গর্ত [জমির আলে বা জমিতে ইঁদুর এই গর্ত করে] the rat's hole (বীরভূ ৭)

গোয়াল্ কাড়া **goal kaɽa** ক্রি গোয়ালঘর পরিষ্কার করা to clean the cow-shed (বর্ধমা ১২)

গোয়াল্ গোয়াল্ খেল **goal goal kʰel** বি একপ্রকার গ্রামীণ খেলা [এতে একটি ছড়ার ভিতর দিয়ে দুজন রাখালের প্রশ্নোত্তর আছে। ছড়াটি নিম্নরূপ—

প্র— গোয়াল রে গোয়াল!

উ—কেন রে গোয়াল?

প্র—তোর গরু ধান খালে।

উ—ধান কি খায় পাতাল খালে।

প্র—তোর গরু কতখান দুধ হোচে, হাগচে কেতে?

উ—লাদে লাদ।

প্র—রাখফো কোন্ঠে?

উ—মনার তল।

প্র—বান্হে দুবো, না ছাড়ে দুবো?

উ—বানে ছম্।



গোয়ালি কোটা

একজনের ক্ষেতে আর একজনের গরু ধান খেয়েছে। সেই দুজনের কথোপকথন হচ্ছে। যার গরু, কয়েকজন তার হাত ধরে থাকে। কথাগুলো শেষ হবার পরে দু'হাতের ফাঁক দিয়ে অন্য ছেলেরা গলে যায়। এতে প্রতিবারে এক একজনের যাওয়ার পরে তার হাত বুকের উপর দিয়ে প্যাঁচ খেয়ে যায় a kind of rural game of boys (পদিনা ২)

গোয়াল্ ঘরা **goal gʰɔra** দ্র গোন্শাল্ (পদিনা ১)

গোয়াল্ডানি **goalɖani** বি ফড়িং the dragon fly [odonata] (কোচবি ৪)

গোয়াল্ননি **goalnɔni** বি প্রজাপতি the butterfly (কোচবি ৩)

গোয়াল্ পুজো **goal pujo** বি গোয়ালপূজা অনুষ্ঠান [গ্রামীণ পর্ব বিশেষ। এটি রাধা অষ্টমীর দিন অনুষ্ঠিত হয়। এদিন সকালে দশটা এগারোটা নাগাদ গরু বাঁধার স্থানটি পরিষ্কার করে নিকোতে হয়। তারপর আলপনা দিয়ে ঘট-স্থাপন করে পুরোহিত পূজা করেন। নৈবেদ্য, পায়েস ইত্যাদি উপকরণ ছাড়াও এই পূজায় ঝিঙে বলি দেওয়া হয়। খড়ের বিঁড়ের উপর ঝিঙে রেখে কাস্তের উল্টোদিক দিয়ে একঝোপে সেটি বলি দেওয়া হয়। একে বলে 'ঝিঙে-পাঁটা বলি'। পূজার শেষে ঘটটি জলে ভাসিয়ে দেওয়া হয়] worship of cattle-shed—one type of ritual] (বর্ধমা ২) দ্র গো-ফাগুনে

গোয়াল্বাড়ি **goalbaɽi** দ্র গোন্শাল্ (হুগলি ১)

গোয়াল্হি ঘরা **goalhigʰɔra** দ্র গোন্শাল্ (পদিনা ৩)

গোয়ালি[১] **goali** দ্র গোন্শাল্ (কোচবি ৩, ৪ পদিনা ২)

গোয়ালি[২] **goali** দ্র গোয়াল্ননি (কোচবি ৩)

গোয়ালি কোটা **goalikoɽa** বি মাটিকোটা বাড়ি [মাটির বাড়ির দোতলা, তবে দোতলায় বারান্দা, জানালা ইত্যাদি থাকে

গোঁর্ঘা

না। আর দোতলার উচ্চতা পাঁচ-ছয় ফুটের মধ্যে হয়। একতলায় দুই বা ততোধিক ঘর থাকলেও, দোতলায় একটানা একটিই ঘর থাকে] a kind of mud-built house consisting low-hight one room first floor (বীরভূ ৫)

গোয়ালি ঘর্ goali g^{h}ɔr দ্র গোন্‌শাল্ (কোচবি ২, ৪, জলপা ৪, ৬ দার্জিলি ২ নদিয়া ৩ পদিনা ১, ৯ মালদা ৪)

গোয়ালিঘরা goalig^{h}ɔra দ্র গোন্‌শাল্ (পদিনা ৪, ১১)

গোয়ালিঘোরা goalig^{h}ora দ্র গোন্‌শাল্ (মালদা ৪)

গোয়ালিন্[১] goalin দ্র গোয়াল্[২] (পদিনা ৯ পুরুলি ১১)

গোয়ালিন্[২] goalin বি মাটির পুতুল the clay-doll, puppet (পদিনা ২)

গোয়াবালি goabali বি একপ্রকার আমন ধান [এই ধান সাদা এবং মোটা] one type of winter paddy, autumn paddy (পুরুলি ১৩) দ্র কলম্ কাঠি, দ্র গোবিন্‌দো ভোগ্

গোয়ি goi দ্র গোন্‌জি (মালদা ১১)

গোঁয়েত্ ধরা gŏet d^{h}ɔra ক্রি [ক্ষিদের সময়ের] পেট ডাকা to make undesirable or morbid noise [due to hunger] (কোচবি ৬)

গোয়েল্ ঘর্ goel g^{h}ɔr দ্র গোন্‌শাল্ (মেদিনী ১১)

গোর্[১] gor বি পুঁজযুক্ত ঘামাচি the prickly-heat with pus (চব্বিশ ১)

গোর্[২] gor বি আবর্জনা [কাদা করা জমিতে মই দিলে, মইয়ের ফাঁকে ফাঁকে যেসব আবর্জনা জমে যায়] the garbage দ্র গোন্‌জা[১] (হুগলি ৫)

গোর্[৩] gor বি পা the foot (মেদিনী ২, ১৮, ২০) গোর্‌টা ঝিন্‌ঝিনা মারিচে—পা-টা ঝিন্‌ঝিন্ করছে (মেদিনী ২) গোর্ পাটেটে—পা কনকন করছে (মেদিনী ২০)

গোর্[৪] gor বি কবরখানা a burial ground, a grave-yard, a tamb (বীরভূ ১১ হুগলি ৮) উ গোর্ খুঁড়্‌ছে—ও কবর খুঁড়ছে (বীরভূ ১১)

গোর্[৫] gor বি গড়ানে বৃষ্টির জল [এই জল রাস্তা দিয়ে গড়িয়ে এসে পুকুরে পড়ে] the rolling rain-water পখুরে গ্রামের গোর্‌টা ঢুকছে, মাছ ভাল হবে—পুকুরে গ্রামের জলটা ঢুকছে, মাছ ভাল হবে— (বীরভূ ১২)

গোঁর gõ r বি নারকেলের ফোঁপর [অর্থাৎ ঝুনো নারকেলের মধ্যস্থিত গজানো অঙ্কুর বিশেষ। সেটি পরে শক্ত আবরণ ভেদ করে বেরিয়ে আসে এবং চারাগাছের আকার ধারণ করে] the vegetating seed within a coconut (হাওড়া ১০)

গোর্‌কি gorki বিণ ঢালু slanting রাস্তাটা খুব গোর্‌কি—রাস্তাটা খুব ঢালু (মালদা ১১)

গোর্‌খিয়া gork^{h}ia বি রাখাল [কয়েক জনের গরু এক সঙ্গে চরায়, এমন ছেলে] the cowherd, the cowboy (পুরুলি ৪)

গোর্‌গেল্ gorgel দ্র গোদি-শাপ্ (হাওড়া ১০) **~শাপ্ gorgel ʃap** দ্র গোপ্‌রো (মেদিনী ১৭)

গোর্‌গোরা gorgora বিণ গভীর, তলদেশ, অতল bottomless extremely deep (কোচবি ২)

গোর্‌গোরিয়া gorgoria দ্র গোর্‌কি (জলপা ৭)

গোঁর্‌ঘা gõrg^{h}a বি বাঁক [জিনিসপত্র বহনের জন্য বাঁশ দিয়ে তৈরি করা সরঞ্জাম বিশেষ। ভুল্‌কা বাঁশ' অর্থাৎ যে বাঁশের গাঁটগুলি ঘন ঘন থাকে। 'পাব' অর্থাৎ দুই গাঁটের মধ্যবর্তী স্থান ছোট হয়। এগুলি খুব শক্ত বাঁশ। এই রকম বাঁশ দিয়েই বাঁক তৈরি হয়] a curvature, a piece of long and bend pole borne on one's shoulder or carrying loads fastened to its ends (পদিনা ৩)

গোর্‌দন্ gordɔn বি কাঁধ, ঘাড়, গর্দান the shoulder ছাওয়াটা গোর্‌দনাৎ ফেলাই নি— ছেলেটাকে কাঁধে ফেলে [নিয়ে] নিই (কোচবি ৪)

গোর্‌দনা gordɔna দ্র গোর্‌দন্ (কোচবি ২)

গোর্‌দা গালি gordagali বি গম্ভীর [স্বভাবের মেয়ে] glum and grave natura girl মেয়েটা খুব গোর্‌দা গালি—মেয়েটা খুব গম্ভীর স্বভাবের (মেদিনী ৭)

গোর্‌দোন্ gordon দ্র গোর্‌দন্ (পদিনা ১১)

গোর্‌বিন্‌ **gorbin** দ্র গোববিন্‌ (বাঁকুড়া ১) **~হওয়া gorbin** ক্রি গর্ভবতী হওয়া, গাভিন হওয়া to be big with young (বাঁকুড়া ১১)

গোর্‌ভিতানি **gorb^{h}itani** বি গর্বিতা [মেয়ে] radiant with pride, glory (মেদিনী ১২)

গোর্‌ভিন্‌ **gorb^{h}in** দ্র গোর্‌বিন্‌ (মেদিনী ৫)

গোর্‌মুড়ো **gormuɽo** বি গোড়ালি the heel (চব্বিশ ৩৬)

গোর্‌মুরো **gormuro** দ্র গোর্‌মুড়ো (চব্বিশ ৩৬)

গোর্‌মে যাওয়া **gorme jaŏa** ক্রি গরম হয়ে যাওয়া to become hot (মুর্শিদা ২২)

গোর্‌মে ভাত্‌ **gorme b^{h}at** বি পোষ্টি ভাত [গরম ভাতে জল ঢেলে ভিজানো ভাত] hot rice sprinkled with water (দার্জিলি ৩)

গোর্‌হা **gorha** দ্র গোবর্‌নেড়ি (মালদা ৯)

গোর্‌হিন্‌ **gorhin** দ্র গোন্‌না[১] গোর্‌হিন্‌ লাগা—গ্রহণ লাগা (পদিনা ২)

গোরট্‌ **gorɔt** বি বাড়ির ভিত, বনিয়াদ [মাটির বাড়ি তৈরি করার সময় প্রায় এক হাঁটু গর্ত করা হয়। তার উপর দেওয়াল গাঁথা হয়] plinth, foundation of the house (বীরভূ ১০)

গোরা[১] **gora** দ্র গোর্‌মুড়ো (কোচবি ১ পদিনা ৫, ১১)

গোরা[২] **gora** বি গাছের কাণ্ড (of a tree) a stalk, a stem, a trunk (জলপা ৭)

গোরা[৩] **gora** বিণ ফরসা fair-complexion (কোচবি ২ পুরুলি ৮, ৯, ১৭)

গোরা[৪] **gora** বি গোয়াল ঘরে উঁচু মাটি বা সিমেন্টের বেদি [এর উপর গরুকে খেতে দেবার পাত্র বা নাদা বসানো হয়] a platform to set up a tub in cowshed (নদিয়া ১, ৭ মুর্শিদা ৯, ২৪)

গোরাট্‌ **goraɽ** দ্র গোরট্‌ (বর্ধমা ৪)

গোরাদান্‌ **goradan** বি আঙিনায় খোলা গোশালা an open cattle-shed where cows are fed (মেদিনী ১৫)

গোরাশি **gora/i** বি বাঁশের গোড়া, গাছের কাণ্ড the bottom, a stem, trunk (জলপা ১ দার্জিলি ৩)~ **শিয়া** বি মূল শিকড় principal root (দার্জিলি ৩)

গোরাহা **goraha** দ্র গোবর্‌ নেড়ি (মালদা ২ মুর্শিদা ১১)

গোরিংয়া **goriηa** দ্র গোঁর্‌ঘা (মালদা ১১)



গোরট্‌

গোরি দিয়া **gori dia** ক্রি লাথি মারা to kick গোরি দিল—লাথি মারল (মেদিনী ৭)

গোরিপ্‌ **gorip** বিণ গরিব poor (দার্জিলি ৩)

গোরি মাচ্‌ **gorimac** বি ল্যাটা মাছ [গড়ই, টাকি] ophiocephalus punctatus, o barca (মেদিনী ২৬)

গোরিয়া[১] **goria** বি ছোট পুকুর দ্র গাড়হিয়া[১] (বীরভূ ১১ মেদিনী ৩১)

গোরিয়া[২] **goria** বি চড়াই পাখি the house sparrow [passer domesticus] (পদিনা ২)

গোরিয়া[৩] **goria** দ্র গাগ্‌ড়া (বাঁকুড়া ১১)

গোরিয়া ভার্‌ **goria b^{h}ar** বি নীল পূজার জন্য জলভরা দুটি কাঁসার ঘটি [গাজন উৎসবের প্রধান সন্ন্যাসী পাটভক্ত নীল পূজার দিন সন্ধ্যাবেলায় পুকুরের জল তুলে দুটি কাঁসার ঘটি ভর্তি করে। এই ঘটিকে বলে 'গোরিয়া ভার্‌'। ঘটি দুটি বেত গাছির (বেতের তৈরি থাম) দুইদিকে ঝুলিয়ে কাঁধে নেয়। একজন সন্ন্যাসী তার মাথায় ছাতা ধরে থাকে। অন্যেরা তাদের বেতগাছির সাহায্যে গোল করে ঘিরে আনে। তারপর ঐ ঘটির জল শিবের মাথায় দেওয়া হয়] a small pitcher-shaped metal water-pot for the worship of Shiva (মেদিনী ১৬)

গোরিয়াল মাচ্‌ **gorial mac** দ্র গোরি মাচ্‌ (দার্জিলি ৩)

গোরিয়্যা[১] **goriæ** দ্র গোরিয়া[১] (বর্ধমা ১৮)

গোরিয়্যা[২] **goriæ** দ্র গোরিয়া[৩] (বাঁকুড়া ৭)

গোরিস্‌টি **goristi** বি গুমোট sultry atmosphere, stuffiness এ্যাখন খুব গোরিস্‌টি রেখেছে, জল হবে—এখন খুব গুমোট হয়েচে, বৃষ্টি হবে (বাঁকুড়া ৮)

গোরু উকুনি **goru ukuni** বি গরুর গায়ের পোকা—এঁটুলি a variety of diptera, a tick (মেদিনী ১৮)

গোরুর্ কাপোড়্

গোরু কেঁচুয়া **goru kẽcua** বি এক প্রকার সাপ [লালচে রঙ, নির্বিষ, আদিবাসী সম্প্রদায় এই সাপ খায়] a kind of non-venomous snake (মেদিনী ৩৪)

গোরু খোউড়ান্ ব্যালা **goru k^{h}oŭɽan bæla** দ্র গোধ্‌লি (মেদিনী ১২)

গোরু গুয়াল্ **goru gual** দ্র গোন্‌শাল্ (মেদিনী ১৫)

গোরু গুহাল্ **goru guhal** দ্র গোন্‌শাল্ (বাঁকুড়া ৫ মেদিনী ৮)

গোরু ঘর্ **goru g^{h}ɔr** দ্র গোন্‌শাল্ (দার্জিলি ১ পদিনা ৯)

গোরু ঘরা **goru g^{h}ɔra** দ্র গোন্‌শাল্ (দার্জিলি ৩)

গোরু ঘোর্ **goru g^{h}or** দ্র গোন্‌শাল্ (পদিনা ২)

গোরুঘোরা **goru g^{h}ora** দ্র গোন্‌শাল্ (পদিনা ২)

গোরু চারুয়া **goru carua** দ্র গোর্‌খিয়া (মালদা ১)

গোরু চুয়ান্ **goru cuan** বি গো-পার্বণ (গরুপূজার অনুষ্ঠান) a holy festival to worship cow দ্র গো-পার্‌বোন্ (পুরুলি ৯)

গোরুচুয়ানি পুজা **goru cuani puja** দ্র গোরু চুয়ান্ [এই অনুষ্ঠানকে 'বাখর্‌খরা' অথবা 'চিতি বাখর'ও বলে] (জলপা ১৩)

গোরু চোখা **goru cok^{h}a** বি, বিণ ডাগর ডাগর চোখ the large, wide eyes (পদিনা ২)

গোরু চোরা **goru cora** দ্র গোর্‌খিয়া (দার্জিলি ৩)

গোরু ডাগ্‌ড়া **goru ɖagɽa** বি ভাগাড় দ্র গোদাহার্ (মালদা ৭)

গোরু ডাগ্‌রা **goru ɖagra** দ্র গোরু ডাগ্‌ড়া গোরু ডাগ্‌রায় গরুটাকে ফেলা দিয়ায়—ভাগাড়ে গরুটাকে ফেলে দিয়ে আয় (মালদা ২)

গোরু ডেগ্‌রা **goru ɖegra** বি ছায়াপথ the milky way, the galaxy (মালদা ১১)

গোরু ঢিপ্‌কায় **goru ɖ^{h}ipkaĕ** ক্রি গরু গুঁতায় to thrust or butt by the cow (পদিনা ২)

গোরু দুতিয়া **goru dutia** দ্র গো-পার্‌বোন্ [ভাই ফোঁটার আগের দিন, গরুকে তেল, হলুদ, সিঁদুর দিয়ে ফোঁটা দেওয়া হয়। তারপর পাঁচ রকমের জিনিষ খাওয়ানো হয়] (নদিয়া ৪)

গোরুপুজো **gorupujo** দ্র গো-পারবোন্ [এখানে বছরের প্রথম দিনে গরুকে ভাল করে স্নান করিয়ে ফুলের মালা দিয়ে পুজো করা হয়] (চব্বিশ ১১)

গোরু বাগাল **goru bagal** দ্র গোর্‌খিয়া (বর্ধমা ১৯)

গোরুবাড়ি **goru baɽi** দ্র গোরুগুয়াল্ (জলপা ৭)

গোরু বাথান্ **goru bat^{h}an** গোরুদের বিশ্রামের জন্য একত্রিত করার জায়গা [মাঠে এক জায়গায় গরুগুলোকে বিশ্রামের জন্য একত্রিত করা হয়। ঐ জমায়েত হওয়াকেই 'বাথান্' বলে] the place where the cows are assembled for rest গোরুগুলা মাঠে বাথান্ দিয়ে আয়—গরুগুলোকে মাঠে একত্রিত করে দিয়ে আয় (বাঁকুড়া ৭)

গোরু বাঁদ্‌না **goru bãdna** দ্র গো-পার্‌বোন্ [গ্রাম বাংলায় বিশেষভাবে প্রচলিত। এটি গরুর বিবাহ। তেল, হলুদ, আলতা, সিঁদুর, গৈরিক পাথর ঘষা, দোয়াকো গাছ, শ্যাওলতা, ধানের শিষ প্রভৃতি দিয়ে অনুষ্ঠিত হয়] (বর্ধমা ১৩)

গোরুবালা **gorubala** বি গরু বিক্রেতা the cow traders (মালদা ১১)

গোরুমনা **gorumɔna** দ্র গোর্‌খিয়া (মেদিনী ৩১)

গোরুর্ কাপোড়্ **gorur kapoɽ** বি গলকম্বল [গরুর] the dewlap (চব্বিশ ১৭)

গোরুর গাড়া **gorur gaɽa** বি আঙিনায় খোলা গোশালা [দিনের বেলায় গরুকে বেঁধে রাখার স্থান। এটি 'গোয়ালের বাইরে চালা-বিহীন কোনো জায়গা] the open space where the cows are tied during the day (বর্ধমা ৫)

গোরুর্ ঘর্ **gorur g^{h}ɔr** দ্র গোরু গুয়াল্ (পদিনা ২)

গোরুর্ চাকে **gorur cake** বি নবজাত শিশুর গায়ের সবুজ দাগ [সব শিশুর গায়ে এই দাগ থাকে না। বড় হলে এগুলো মিলিয়ে যায়] the green patch on the skin of the newly born baby (পদিনা ১০)

গোরুর্ চাট্ gorur caʈ দ্র গোরুর্ চাকে (পদিনা ১০)

গোরুর্ ঠাঁই gorur ʈʰaĭ দ্র গোরুর গাড়া (বর্ধমা ২)

গোরুর্ পরব্ gorur pɔrɔb বি গ্রামীণ পর্ব বিশেষ [কালী পূজার পরের দিন এই পর্ব অনুষ্ঠিত হয়। এতে গো-মাতার পূজা করা হয়। এজন্য প্রথমে গরুকে স্নান করানো হয়, তারপর শিং ও পায়ের ক্ষুরে তেল মাখানো হয় এবং কপালে ও শিংয়ে হলুদ সিঁদুর মাখানো হয়। গেরিমাটি ও খড়িমাটি জলে ঘষে সেই রঙে কল্‌কে ডুবিয়ে গরুর সারা গায়ে ছাপ দেওয়া হয়। গরুর গলায় গোললতা নামক একপ্রকারের লতার মালা পরানো হয়। গরুকে ভাল করে খাওয়ানো হয়—ভাত, ডাল, শাক, ভাজা (পাঁচরকম) মিশিয়ে। এ ছাড়া চোদ্দ রকম শাকও খাওয়ানো হয়। তারপর গরুর ক্ষুরে জল দেওয়া হয় এবং ধান-দুর্বা দিয়ে পুজো করা হয়] a holy festival of cow (বর্ধমা ২ বীরভূ ৭) দ্র গো-পার্‌বোন্

গোরুর্ ফোঁটা gorur pʰõʈa বি (মেয়েলি) ব্রত বিশেষ [কার্তিক মাসে, ভাইফোঁটার আগের দিন অর্থাৎ প্রতিপদের দিন বিকেলে এই অনুষ্ঠান হয়। সধবা, বিধবা, কুমারী সকলেই এই অনুষ্ঠান করতে পারে। কাঁচা হলুদ বাটা, চন্দন, সিঁদুরগোলা একটি বাটিতে বা পাতায় রাখা হয়। তারপর গরুর কপালে ঐ সব দিয়ে টিপ পরাতে হয়। গাই গরুর সিঁথিতে সিঁদুর দেওয়া হয়। গরুর পা ধুইয়ে দিয়ে, আয়না দিয়ে মুখ দেখানো হয়। তারপর গরুকে মিষ্টিমুখ করিয়ে প্রণাম করা হয়। তখন শঙ্খধ্বনি করে পাখার বাতাস করা হয়] a vow [religious or secular] practice of austerities in order for attaining something (নদিয়া ১২)

গোরুর্ লতা gorur lɔta দ্র গোরুর্ কাপোড় (মুর্শিদা ১১)

গোরুর্ লাদ্ gorur lad বি গোবর the cowdung গোরু লাদে—গরু পায়খানা করে (বাঁকুড়া ১৭)

গোরে gore বি ডোবা দ্র গাড়ুহিয়া[১] (বর্ধমা ৫, ৯)

গোরো goro বিণ ফরসা গৌরবর্ণ fair complexion (পদিনা ১০, ১২ বর্ধমা ২ বীরভূ ৭)

গোরোই মাছ্ goroĭ macʰ দ্র গোরিমাচ্ (মেদিনী ৮, ১৭)

গোরোট্ goroʈ ১ দ্র গোরট্ আজকে আমাদের গোরোট্ খুঁদা হবে—আজকে আমাদের বাড়ির ভিত খোঁড়া হবে (নদিয়া ২ বীরভূ ৭, ৮, ১১ মুর্শিদা ১২) ২ মাটির বাড়ির প্রথম দেওয়াল the first layer of the wall of the

গোল্[৬]

mud-built house (মুর্শিদা ১২) **~করা goroʈ kɔra** ক্রি মাটির বাড়ি তৈরির জন্য ঢিবি সমতল করা to plain the mount/heap to build the mud-house, to smooth the heap of mud for building a mud-house (বীরভূ ৫) **~ধরা goroʈ dʰɔra** ক্রি প্রথম ভিত তৈরি করা to build the base of the mud-built house কাল সকালো কোরিয়্যে আসিস্, দ্যাল্-বারুই আইস্‌বে, গোরোট্ ধর্‌তে হবে—কাল তাড়াতাড়ি করে আসিস, দেয়ালি আসবে, ভিত তৈরি করতে হবে (মুর্শিদা ১৬)

গোরোঠ্ goroʈʰ দ্র গোরট্ (বীরভূ ৪)

গোরোত্ gorot বিণ কাছে, নিকটে near, near-by বইটা মোর্ গোরোত্ আছে—বইটা আমার কাছে আছে (পদিনা ৭, ১০, ১২)

গোরোদ্ করা gorod kɔra দ্র গোরোট্ ধরা আজ আমাদের গোরোদ্ করা হবে—আজ আমাদের বাড়ির ভিত খোঁড়া হবে (বীরভূ ১২)

গোরোন্ goron দ্র গোন্‌না[১] (পদিনা ১)

গোরোল্ gorol বি ঘরের চাল তৈরিতে বাঁশের কাঠামোর পরিবর্তে শরের গুচ্ছ [পনের-যোলোটি শরকে গোছা করে বেঁধে দীর্ঘাকার দণ্ডের মতো তৈরি করা হয়। একে বলে 'গোরোল্'। এর প্রতি ছয় ইঞ্চি অন্তর শক্ত বাঁধন থাকে। ঘরের চালের কাঠামোয় বাঁশের বিকল্প হিসেবে এই গোরোল্ ব্যবহৃত হয়] in some cases the reed used to make the frame of a thatched house instead of bamboo (বীরভূ ১)

গোরোস্থান্ gorostʰan দ্র গোর্[৪] (পদিনা ৮)

গোর্‌য়া[১] goræ দ্র গাগ্‌ড়া (পুরুলি ১১)

গোর্‌য়া[২] goræ দ্র গাড়ুহিয়া[১] (বীরভূ ৭)



গোল্[৮]

গোল্[১] **gol** দ্র গোন্‌শাল্ (বর্ধমা ২, ৪ মেদিনী ৭, ১৫, ২৮ হুগলি ১, ৫ হাওড়া ১)

গোল্[২] **gol** বি কচ্ছপ the tortoise (চব্বিশ ২০ মেদিনী ১৫)

গোল্[৩] **gol** বি গণ্ডগোল, গোলমাল tumult, uprour, disturbance, disorder, confusion, complication difficulty, hitch এ্যাত গোল্ কচ্ছিস ক্যানে—এত গোলমাল করছিস কেন? (মেদিনী ৫, ১৫)

গোল্[৪] **gol** বি, বিণ গরুর গাড়ির চাকার দাগ, লিক [অন্য গাড়ির চাকার দাগকে 'গোল' বলে না] the mark made by the wheel of a bullock-cart (বর্ধমা ২, ৪, ৫ ১০ বাঁকুড়া ২, ১৯ বীরভূ ১, ৫, ৭) গাড়ির গোলে গোলে চলে যা—গরুর গাড়ির চাকার দাগ ধরে ধরে চলে যা (বাঁকুড়া ১৯)

গোল্[৫] **gol** বি গ্রামের কাঁচা রাস্তা the mud-built village-path (বর্ধমা ১০)

গোল্[৬] **gol** বি ঘাস, মাটি, জঞ্জাল আবর্জনা [লাঙল চালাবার সময় কাদা জমিতে লাঙলের ফালের ফাঁকে যে সব জিনিস আটকে যায়] the things thrown away or left as worthless. Refuse [as grass, clay, garbage, weed etc. (বাঁকুড়া ১৩) দ্র গহল্[২]

গোল্[৭] **gol** বি, বিণ চিৎকার shout, গোল করে কাঁদা—চিৎকার করে কাঁদা (বাঁকুড়া ১৫) ~করা **gol kɔra** ক্রি গোলমাল করা, চিৎকার করা to shout, to yell (মেদিনী ১৩, ৩৪)

গোল্[৮] **gol** বি পোড়া তামাকের ছাই the ash of [burnt] tobacco (বাঁকুড়া ১১)

গোল্[৯] **gol** বি ১ হুঁকোর কলকের ভিতরের মাটির অথবা পাথরের গুলি, ঠিকরি, ঠিকরা a small ball of brick (পুরুলি ২ মালদা ৪) ২ হুঁকোর কলকের ভিতরের ছোট তামাকের ডেলা the lump of tobacco in the bowl of a hookah/chillum (মালদা ৪)

গোল্[১০] **gol** বি গোলমরিচ the black pepper [piper nigram] (বর্ধমা ২, ২৩)

গোল্[১১] **gol** বি বড় ধরনের নৌকোর পিছন দিকে লাগানো কাঠের হালের দণ্ড a particular wooden piece of rudder in a boat (মালদা ৭)

গোল্[১২] **gol** বি পিক[পানের] spittle thrown out after chewing betel leaves পানের গোল—পানের পিক (বীরভূ ১০)

গোল্ আউ **gol aŭ** বি গোল আলু, বিলাতি আলু potato [solanum tuberosum] (মেদিনী ২৪)

গোল্ কাগ্‌জি **gol kagji** বি পাতিলেবু a variety of lemon [citrus] (জলপা ৯)

গোল্‌কাটা **gol kaʈa** ক্রি গরুর গাড়ি চলার জন্য রাস্তা তৈরি করা [গোরুর গাড়ি চলার সুবিধার জন্য ধান জমির আলে চাকার মাপে রাস্তার দুধারের আল কোদাল দিয়ে কেটে পথ তৈরি করা] to make a way by cutting ridge for bullock-cart (বীরভূ ১২)

গোল্ কাড়া **gol kaʈa** দ্র গোয়াল্ কাড়া (চব্বিশ ৭)

গোল্ কিত্ কিত্ খেলা **gol kit kit kʰela** বি একপ্রকারের এক্‌কা দোক্‌কা খেলা [তবে এখানে কোনো দম নেওয়া হয় না] a rural out door game (মেদিনী ১৩)

গোল্‌খাশি **golkʰa/i** দ্র গোল্[২] (চব্বিশ ১৯)

গোল্ গঙ্গা **gol gɔŋga** বি সন্তানের মার জন্ম-অশৌচ পালনের একটি অনুষ্ঠান বিশেষ [শিশু জন্মাবার কুড়িদিন পরে, অর্থাৎ একুশ দিনের দিন সন্তানের মা পরিষ্কার কাচা কাপড় পরে, গোয়ালঘরে গিয়ে মাথায় গঙ্গা জলের ছিটে দিয়ে নিজেকে পরিশুদ্ধ করে] a maternity ritual [a new born's mother cleans herself after three week's seclusion (হুগলি ৯)

গোল্‌গান্‌দা **gol ganda** দ্র গোঁদোর্ ভোঁদোর্ খুব গোল্‌গান্‌দা ছে ছুয়াটা—ছেলেটা খুব নাদুস-নুদুস (মালদা ১১)

গোল্ গোবোর্ শারা **gol gobor ʃara** দ্র গোয়াল্ কাড়া (হাওড়া ৩)

গোল্‌গোলিয়া হওয়া **gol golia hɔŏa** ক্রি গলগলে হওয়া

to decompose গোল্‌গোলিয়া হোইয়্যা গেইজ্যে—গলগলে হয়ে গেছে (মুর্শিদা ৫)

গোল্‌ঘন্‌ট golg^{h}ɔnʈɔ বি শোরগোল an uproarious noise, hue and cry, clamour তোমাদের বাড়িতে এ্যাতো গোল্‌ঘন্‌ট হচ্ছে ক্যানো গো?—তোমাদের বাড়িতে এত শোরগোল হচ্ছে কেন গো? (বর্ধমা ৯)

গোল্‌ঘর্‌ golg^{h}ɔr দ্র গোন্‌শাল্‌ (চব্বিশ ১৫, ১৮, ২৭, ৩৩ বর্ধমা ২১ হাওড়া ৩ হুগলি ৮)

গোল্‌ঘাট্‌ করা gol g^{h}aʈ kɔra ক্রি প্রচার করা, রটনা করা to circulate, to make public আমার ভাই সব কথা গোল্‌ঘাট করছে—আমার ভাই সব কথা প্রচার করে দিয়েছে (বাঁকুড়া ৮)

গোল্‌ঘোইরা খ্যালা golg^{h}oĭra k^{h}æla বি গ্রামীণ মেয়েদের প্রাঙ্গণের খেলা [এতে আটটি গোল ঘর কাটা থাকে। খেলার অন্যান্য নিয়ম এক্কা দোক্কা খেলার মতো] a rural outdoor game of girls (মেদিনী ১৯)

গোল্‌চালা golcala বি গোয়াল ঘরের বাইরে অস্থায়ী গোচালা temporary open cowshed outside the cowshed (হুগলি ৫)

গোল্‌ চির্‌চিরি গাছ golcirciri gac^{h} বি আপাঙ গাছ a medicinal plant, achyranthes aspera (মালদা ৭)

গোল্‌চোরি ঘর্‌ golcori g^{h}ɔr বি চৌচালা বাড়ি [সাধারণত রান্না বা গোয়ালঘর হিসাবে এই বাড়ি ব্যবহৃত হয়। এই বাড়ির বারান্দা থাকে না। অনেক সময়ে এতে একটা পরচালা থাকে] a hut (usu. a thatch) with a roof having four distinct parts (বর্ধমা ৭)

গোল্‌জোত্‌ goljot বি জোয়ালের অংশবিশেষ—জোয়ালের দড়ি [এই দড়ি দিয়ে জোয়ালকে গরুর গলার সঙ্গে আটকানো হয়] the cord or rope of a yoke (পদিনা ২)

গোল্‌ঝাঁপ্‌ড়ি gol j^{h}ãpʈi বি একপ্রকার ভূত [লোকবিশ্বাস এবং সংস্কার আছে যে, এই ভূত গোয়ালে থাকে। গোরুর সেবাযত্ন করে। মানুষের এরা ক্ষতি করে না] one type of spirit (হাওড়া ১০)

গোল্‌ডাড়ি goldaʈi বি বৃত্তাকার চিহ্ন a circular sign (কোচবি ৪) < গোলাকার দাঁড়ি

গোল্‌ডার্‌ goldar বি মাটির চাঁই a lump of clay (বাঁকুড়া ১)

গোল্‌ভাটি

গোল্‌টিপি দেওয়া gold^{h}ipi deŏa ক্রি ধানের আঁটি সাজানোর বিশেষ প্রক্রিয়া [ধানের শিষগুলো মাঝখানে রেখে আঁটির গোড়ার দিকগুলো বাইরের দিকে রেখে ধানের গাদা করার প্রক্রিয়া। এতে গরু ছাগল ধান খেতে পারে না] the order/arrangement of keeping the bundle of paddy–a stack (বর্ধমা ১৪)

গোল্‌তি[১] golti বি গলদ an error, a defeat, a fault (কোচবি ২)

গোল্‌তি[২] golti বি গোলরক্ষক the goal-keeper (পদিনা ১১)

গোল্‌দাড়ি goldaʈi বি মুদি a grocer গোলদাড়ির দোকান—মুদির দোকান (বর্ধমা ২, ৮, ৯, ১৩, ১৮, ২৬) উই জিনিসটা গোল্‌দাড়ি দুকান্‌ ছাড়া কুথাও পাবি নায়—ঐ জিনিসটা মুদিখানা ছাড়া কোথাও পাবি না (বাঁকুড়া ১৪)

গোল্‌দার্‌ goldar দ্র গোল্‌দাড়ি (পুরুলি ১২ বীরভূ ৮)

গোল্‌দারি দকান্‌ goldari dɔkan বি মুদির দোকান a grocer's shop (পুরুলি ৫)

গোল্‌দারি দুকান্‌ goldari dukan দ্র গোলদারি দকান্‌ (বর্ধমা ৪, ৯, ১৩, ১৮, ১৯ বাঁকুড়া ৭, ১১ বীরভূ ৮)

গোল্‌পড়া golpɔʈa বি নদীর বালির চরে চলাচলের ফলে নির্মিত রাস্তা the path made on the river sandbed by movement of the pedestrians গোলে গোলে চলে যা—নদীর চরের রাস্তা ধরে চলে যা। গোলে গোলে গাড়ি নিয়ে যা—নদীর চর ধরে গাড়ি নিয়ে যা (বীরভূ ৮)

গোল্‌ পারা gol para বিণ গোলমতো roundish (মেদিনী ১১ হুগলি ১০, ১১) গোলপারা নাকের গয়না—গোলমতো নাকের গয়না [নাকচাবি] (মেদিনী ১১)

গোল্ল্যা

গোল্ পালুই gol paluĭ বি খড়ের গাদা a stack দ্র গোদ্‌দোম্ (বাঁকুড়া ৭)

গোল্‌পিদার্ golpidar বি গল্পবাজ a tale-teller (মুর্শিদা ২২)

গোল্‌পিয়ার্ golpiar দ্র গোল্‌তি[২] (কোচবি ১)

গোল্‌পুজো golpujo দ্র গো-ফাগুনে [এই অনুষ্ঠান বছরে কয়েকবার হয়। বিভিন্ন সময়ের পূজার আচার-আচরণ ভিন্ন। পয়লা বৈশাখে অনুষ্ঠিত গোল্‌পুজোতে দুধের ক্ষীর দেওয়া হয় (চব্বিশ ১১) ভাদ্র মাসেও এই পূজা হয় (হুগলি ৪)]

গোল্‌পে golpe দ্র গোল্‌পিদার (বর্ধমা ৯)

গোল্‌ফিদার golp^{h}idar দ্র গোল্‌পিদার্ (পদিনা ১১)

গোল্‌ফো golp^{h}o বি গল্প the story, the tale (মেদিনী ২৫)

গোল্‌বেলিয়ে golbelie অসক্রি গোলমাল হয়ে to get upset, to get confounded কথা গোল্‌বেলিয়ে যাবে—কথা গোলমাল হয়ে যাবে (হুগলি ১৮)

গোল্‌ভাটি gol b^{h}aṭi বি কুমোরের পন [কুমোরশালে মৃৎপাত্র পোড়ানোর গোলাকৃতি পন] the potter's furnace (মেদিনী ২৯)

গোলম্‌চো golɔmco বি লতা জাতীয় একপ্রকার গাছ [মোটা লতার পাতাগুলো পানের মতো। বন-জঙ্গলে উৎপন্ন এই গাছ গরুর স্বাস্থ্যের পক্ষে উপকারী] one type of creeper (হুগলি ১৯)

গোল্‌মুরো golmuro বি পায়ের গোড়ালি the heel (চব্বিশ ২৩)

গোল্‌মেলিয়ে যাওয়া golmelie jaŏa ক্রি [মাথা] গোলমাল হয়ে যাওয়া to be confused, to lose one's head (হুগলি ১৮)

গোল্‌ম্যারিচ golmæric দ্র গোল্[১০] (মালদা ৯)

গোল্‌লা[১] golla বি আধা তরল চালবাটা [সরু-চাকলি পিঠে তৈরি করার সময় প্রয়োজন মতো তরল করে নেওয়া চালবাটা] a thick paste made by rice-powder and water (হাওড়া ১০)

গোল্‌লা[২] golla বি বড় চিংড়ি মাছ the prawn, the lobster (মালদা ২ মুর্শিদা ২৩) দ্র গোদাচিংড়ি

গোল্‌লা[৩] golla বি হামান দিস্তা a mortar and pestle made of iron (চব্বিশ ১৪) ~ **শাবোল golla ʃabol** দ্র গোল্‌লা[৩] (চব্বিশ ৯)

গোল্‌লা[৪] golla বি মুখের লালা saliva (কোচবি ৫ জলপা ৯ দার্জিলি ৪ পদিনা ৫, ১০)

গোল্‌লা[৫] golla বি রসগোল্লা a sweet and juicy drop made of possot and farina, rasgulla (পদিনা ৬)

গোল্‌লা[৬] golla বি ভাতের ফ্যান, মাড় [liquefied] starch extracted from boiled rice (কোচবি ৪)

গোল্‌লা[৭] golla বি আঁটি [ধান বা খড়ের আঁটি। দুই তিন মুঠো ধান গাছকে একসঙ্গে আঁটি করে বাঁধা হয়] a bundle (চব্বিশ ৩৩)

গোল্‌লা খেলা golla k^{h}ela বি গ্রামীণ একপ্রকার প্রাঙ্গণের খেলা [বড় বড় ঘর কেটে এই খেলা হয়] a rural outdoor game (জলপা ৭)

গোল্‌লা ছুট্ খেলা golla chuṭ k^{h}ela বি গ্রামীণ একপ্রকার খেলা one type of rural game (জলপা ১)

গোল্‌লাতি gollati বি ফ্যানাভাত the gruel-rice—rice with liquefied starch (মালদা ৯)

গোল্‌ল্যা gollæ ক্রি কুমোরের তৈরি মাটির হাঁড়ি কলসি ইত্যাদিকে প্রথমবার পিটানো [কাঠের চ্যাপ্টা মুগুর দিয়ে পেটানো হয়। এই সময় এগুলো একটু অসমান থাকে] to shape potter's works after a primary heating with wooden mallet (বাঁকুড়া ১৮)

★ **গোল্‌সা golsa** ক্রি গলা, গলে যাওয়া to be almost rotten, to be more softened আমটা গোল্‌সে গেল্‌ছে—আমটা গলে গেছে (মুর্শিদা ১০) দ্র গোল্ গোলিয়া

গোল্‌সে যাওয়া golse jaŏa ক্রি গলে যাওয়া to decompose ফলটা পেকে গোল্‌সে গেল্‌ছে—ফলটা পেকে গলে গেছে (মুর্শিদা ১০, ২২) দ্র গোল্‌সা

গোল্‌হাত্‌তি golhatti দ্র গোল্‌লাতি (মালদা ৯)

গোল্‌হারি **golhari** বি গলাসি [গরু ছাগল মোষের গলায় বাঁধা দড়ি] the neck-rope for an animal (পদিনা ২)

গোলা[১] **gola** বি চালগুঁড়ো জলে গুলে পাতলা একটি পদার্থ বিশেষ [পিঠে তৈরি করতে এটি লাগে] a thin paste made by rice-powder and water (চব্বিশ ৭) দ্র গোল্‌লা[১]

গোলা[২] **gola** বি গলা, কণ্ঠ the neck, the throat (জলপা ৭, ৯ পদিনা ১৫ মেদিনী ১, ১২, ৩০)

গোলা[৩] **gola** বি মাটির কলসি, হাঁড়ি [পচুই মদ রাখা হয়] the earthen pitcher (বীরভূ ৭, ১১)

গোলা[৪] **gola** বি গোবর ও কাদা মিশ্রিত জল [মাটির ঘর লেপা হয়] the cowdung is blended with water and mud (চব্বিশ ১১)

গোলা[৫] **gola** বি আমের মাড় the thick juce of ripe mango (নদিয়া ৩)

গোলা[৬] **gola** দ্র গোল্‌দারি দকান্‌ (পদিনা ৬)

গোলা[৭] **gola** বি মুনিব, মালিক the master, employer ~ঘর **gola gʰɔr** বি মালিকের বাড়ি master's house (বাঁকুড়া ৫, ১৫)

গোলা[৮] **gola** বি ধানের গোলা, মরাই [গোলাকার হলে 'কড়ুই' বলে (চব্বিশ ৭)। গোল আকৃতি বাঁশের তৈরি (হুগলি ১২)] the corn-bin (চব্বিশ ৭ হুগলি ১২)

গোলা[৯] **gola** বি লেচি [আটা বা ময়দার মণ্ড, যা দিয়ে রুটি বা লুচি তৈরি হয়] a lump of dough to be rolled and fried or baked (পদিনা ১০)

গোলা[১০] **gola** বি পাঁক the slime, silt (মালদা ৬)

গোলাই **golaï** দ্র গোরুর্‌ কাপোড়ু (বর্ধমা ২৬)

গোলাইচ্যা **golaïcæ** বি যে গলায় দড়ি দিয়ে মারা গেছে a man who committed suicide by hanging (বর্ধমা ১৩)

গোলা কম্‌বোল্‌ **gola kɔmbol** দ্র গোলাই (বর্ধমা ১৮)

গোলা কাইব্‌রা **gola kaïbra** দ্র গোলাই (মেদিনী ২৮)

গোলা কাশুন্‌ **gola ka/un** বি কাসুন্দি a pickle [usu. made of dried slices of green mango] preserved in mustard oil and salt (পদিনা ১২)

গোলা কেঁক্‌টি **gola kẽkʈi** বি গরুর গলাফোলা রোগ [এই সময় গরু কিছু খায় না এবং নির্জীব হয়ে পড়ে থাকে। গলা ফুলে যায়। দু-তিন দিনের মধ্যে গরু মারা যায়]



গোলান্‌

one type of cattle disease [inflammation of the throat] (মেদিনী ১৫)

গোলাকোট্‌কি **gola koʈki** দ্র গোল্‌কেঁক্‌টি (মেদিনী ৩২)

গোলা কোবিতোর্‌ **gola kobitor** বি সাধারণ পায়রা the pigeon (মুর্শিদা ১৩)

গোলাঘর[১] **golagʰɔr** বি অপেশাদার মজুরের চুক্তিবদ্ধ নিয়োগকারীর বাড়ি [শিশু শ্রমিক বা অপটু শ্রমিককে গ্রামের কোনো সম্পন্ন গৃহস্থ বাৎসরিক চুক্তিতে কাজে নিয়োগ করে। মজুরি হিসেবে শ্রমিক থাকা খাওয়ার সুযোগ পায়। এছাড়া বাৎসরিক একশ থেকে দুশো টাকা নগদ পায়। এদের কাজের নির্দিষ্ট কোনো সময় থাকে না। বাড়ির নানা জনের নানা প্রকার ফরমাশ শুনতে হয়] the house of the employer of the bonded child-labour (বাঁকুড়া ১২) দ্র গোলা[৭]

গোলাঘর্‌[২] **gola gʰɔr** বি ধান রাখার ঘর a large corn-bin made of bamboo or wood (কোচবি ৭)

গোলাচি **golaci** বি কলসির গলায় বাঁধা দড়ি [খেজুর বা তালগাছের রস নেবার জন্য যে দড়ি ব্যবহৃত হয় কলসি টাঙানোর কাজে] the rope tied to the neck of a pitcher (হাওড়া ৮)

গোলাড়ু **golaʈu** বি গোল আলু the potato [solanum tuberosum] (মেদিনী ২, ৩৩)

গোলা দোড়ে ভুত্‌ **gola doʈe bʰut** বি একপ্রকার ভূত [এখানে লোকবিশ্বাস আছে যে, গলায় দড়ি দিয়ে মারা গেলে এই ভূত হয়] a man died of hanging becomes a ghost (হাওড়া ৩)

গোলান্‌ **golan** বি গলাসি [এক প্রকার দড়ি। গরু যখন গোয়ালে থাকে তখন তার গলায় এই দড়ি বাঁধা হয়।



গোলাশি[১]

এটি লম্বায় ছোট থাকে] the neck-rope of an animal (হাওড়া ৮) ~দোড়ি **golan doɽi** বি গরু বাঁধার একপ্রকার লম্বা দড়ি [এই দড়ি সাধারণত যে সব গরু দড়ি ছেঁড়ে না, তাদের গলায় বেঁধে মাঠে ঘাস খেতে দেওয়া হয়। দড়ির শেষ প্রান্তটি একটি 'গোঁজে' বা 'খুঁটায় বাঁধা থাকে। খুঁটাটি মাটিতে পোঁতা হয়। যে গরুর শিং নেই তাদের গলায় এই দড়ি বাঁধা হয়। যাদের শিং আছে, তাদের শিঙে বাঁধা হয়। দুষ্টু গরুর আবার শিঙে বাঁধার পরে ফাঁস দিয়ে কানে জড়িয়ে দেওয়া হয়] দ্র গোলান্ (হাওড়া ১, ৮)

গোল্‌ান্‌তি **golanti** দ্র গোলাচি (বর্ধমা ১৯)

গোলান্‌দি **golandi** দ্র গোলান্ (পুরুলি ১৫ বর্ধমা ১৮ বাঁকুড়া ১) [গোলান্‌দির সঙ্গে যে লম্বা দড়ি থাকে, সেটা কখনও টানা এক ভাগ থাকে, আর কখনও বা দুভাগও হয়ে যায়, তাকে বলে 'ছান্‌দ'] (বাঁকুড়া ১)

গোলানি[১] **golani** দ্র গোলান্ (মেদিনী ১১)

গোলানি[২] **golani** বি গোবর গোলা জল [এই জল দিয়ে গ্রামের মেয়ে-বৌরা মাটির বাড়িতে ছড়া দেয়] the cow-dung solution for sprinkling (মালদা ১)

গোলা পায়রা **gola paĕra** বি বাড়িতে পোষা পায়রা domesticated pigeon (মুর্শিদা ১৩)

গোলা পিঠে **gola pit^{h}e** বি সরুচাক্‌লি পিঠে a pan-cake [made by a mixture of rice powder, pulse powder and water] (চব্বিশ ২৭)

গোলা পুজো **gola pujo** বি একটি পুজা অনুষ্ঠান [গোলা অর্থাৎ ধান সংরক্ষণের আধারটিকে নিয়ম অনুসারে পুজা করে, তারপর তাতে নতুন ধান রাখা হয়। সাধারণত এই পুজা অগ্রহায়ণ মাসে হয়] worship of cornbin (চব্বিশ ১১)

গোলা প্যায়রা **gola pæĕra** দ্র গোলা পায়রা (মেদিনী ২৭)

গোলা ফোঁড় (সুচ) **gola p^{h}ŏɽ** (suc) বি লোহার তৈরি এক প্রকার বড় মাপের সুঁচ বিশেষ [বাঁশের বাতার গোলা তৈরি করার সময় লোহার শিকের তৈরি একটি সুঁচ ব্যবহার করা হয়। এটিতে দড়ি গলিয়ে বাতার বুনুনির মধ্যে ঢুকিয়ে সেলাই করা হয়] a very large needle used to sew bamboo chips to make a cornbin (নদিয়া ৯)

গোলা বাড়ি **golabaɽi** দ্র গোলাঘর (বাঁকুড়া ১২)

গোলাব্যালা **golabæla** বি গোলা-হাঁড়ি [ঘর লেপার মাটির হাঁড়ি। এই হাঁড়িতে গোবর জল গুলে রাখা হয়] an earthen pot in which cowdung is mixed with water for plastering a mud-built house (পদিনা ৫)

গোলাম্ **golam** দ্র গোলান্ (হাওড়া ৬, ৮ হুগলি ১২)

গোলামোনি খেলা **golamoni k^{h}ela** বি একপ্রকার গ্রামীণ খেলা one type of rural game (কোচবি ১)

গোলার্ কাপড় **golar kapɔɽ** দ্র গোরুর কাপোড় (মেদিনী ২৪, ৩৪)

গোলার্ ছোটা **golar c^{h}oṭa** বি বিচালির বাঁধন a tied bundle of straw (চব্বিশ ২৭)

গোলাশি[১] **gola/i** দ্র গোলাচি [এর আকৃতি বাংলা চার এর মতো হয়। কলসির গলায় দড়ির একটি দিক বাঁধতে হয় বলে, এইরকম নাম] (চব্বিশ ৪)

গোলাশি[২] **gola/i** বি দুই আঙুলের মধ্যবর্তী ফাঁক the space in between two fingers (চব্বিশ ৪, ১৫, ৩১, ৩৩)

গোলাশি-দড়ি **gola/i dɔɽi** দ্র গোলাশি[১] [খেজুর গাছের সঙ্গে যে দড়িটি বাঁধা থাকে তাকে বলে 'টিকে দড়ি'] (চব্বিশ ৮)

গোলাশি দোড়ি **gola/i doɽi** দ্র গোলান্ (চব্বিশ ১৭)

গোলাসা **golasa** বি শ্মশান the burning ghat (বাঁকুড়া ১২)

গোলাহাঁড়ি **gola hăɽi** দ্র গোলাব্যালা (চব্বিশ ১১, ৩১)

গোলি[১] **goli** দ্র গোলাশি[২] (চব্বিশ ১৮ নদিয়া ৪ বর্ধমা ৯ মেদিনী ৩ হাওড়া ৩ হুগলি ১) ২ পায়ের আঙুলের মধ্যবর্তী ফাঁক the space in between two foot-fingers (হাওড়া ৩)

গোলি[২] **goli** বি বাড়ির উঠোনের জমা জল নিষ্কাশনের নালা

বিশেষ a drain—drainage system of a house (বীরভূ ৩, ৫, ৮, ৯ মেদিনী ৯)

গোলি[৩] **goli** বি জালের [সুতোর] ফাঁক বা গর্ত [একে 'পাশ'ও বলে] a loop of the net (বাঁকুড়া ১৫)

গোলি[৪] **goli** বি খামার the farm house (মালদা ১১)

গোলি[৫] **goli** বি খিড়কি পথ the back-door path (পদিনা ৩)

গোলি[৬] **goli** বি প্রাঙ্গণ the courtyard or out side of a house (মুর্শিদা ১২)

গোলি[৭] **goli** বি নাকের গর্ত nostril (বর্ধমা ৯)

গোলি[৮] **goli** বি পাড়ার ভিতরের সরু রাস্তা village path or lane (বীরভূ ৯)

গোলি[৯] **goli** বি মাটির দেওয়ালের গায়ের গোল গর্ত the round shaped hole on the surface of the mud-built wall (বাঁকুড়া ১৫)

গোলি[১০] **goli** বি গবাক্ষ [মাটির বাড়ির দেওয়ালের জানালা বিশেষ। এই জানালায় কোনো কাঠের চৌকাঠ বা লোহার রড থাকে না—শুধু মাত্র গর্ত] a bay-window [a ventilator in the mud-house used as a window (বাঁকুড়া ১৩)

গোলি[১১] **goli** বি অসুখ বিশেষ [মাঠে বা অসমতল জায়গায় চলাচল করার ফলে পায়ের আঙুলের বা পায়ের তলার চামড়া ফেটে যায়। এই অংশকে তখন 'গোলি' বলে। এই রোগের গ্রামীণ চিকিৎসা পদ্ধতি হল—কাপড়ের সল্‌তেকে সরষের তেলে ভিজিয়ে প্রদীপের শিখায় অল্প পুড়িয়ে, গরম করে ঐ অংশে বেঁধে রাখতে হয়। দুই-তিন দিন বাঁধা থাকলে সেরে যায়] one type of disease in between two toes (বাঁকুড়া ১)

গোলিঘর্ **golig^{h}ɔr** দ্র গোন্‌শাল্ (জলপা ৫, ৭)

গোলিধরা **golid^{h}ɔra** দ্র গোল্[৬] (হাওড়া ১০)

গোলি বাট্ **goli baʈ** বি মাঝারি মাপের প্রশস্ত রাস্তা the wide road medium in size (মেদিনী ৮)

গোলিয়্যে পড়া **goliɛ pɔɽa** ক্রি গড়িয়ে পড়া [রস] to come out pouring রসখান্ গোলিয়্যে পড়্‌চ্যে—রসটা গড়িয়ে পড়ছে (পদিনা ৩)

গোলি রাস্‌তা **goli rasta** বি সরু, কাঁচা রাস্তা [বাড়িতে ঢোকার গলিপথ বা পাড়ার ভিতরের সরুপথ] the narrow path made of mud, cutcha path, unmetalled (চব্বিশ ১২, ১৮ মুর্শিদা ২৪ মেদিনী ৯)

গোলুই[১]

গোলুই[১] **goluĭ** বি গলুই [নৌকার প্রান্তভাগ। নৌকার একপাশের ঢাকা অংশ, যেখানে মাঝি বসে হাল চালনা করে] either of the tapering parts at the front and the back of a boat, the prow, the stern (চব্বিশ ১৫ নদিয়া ৪)

গোলুই[২] **goluĭ** দ্র গোলি[১] (বর্ধমা ২৫ হাওড়া ৮, ১০ হুগলি ৪, ৯, ১০, ১৯) জল ঘেঁটে ঘেঁটে হাত পায়ের গোলুইয়ে হাজা হোইচে—জল ঘেঁটে ঘেঁটে হাত-পায়ের আঙুলের ফাঁকে হাজা হয়েছে (হাওড়া ১০)

গোলুই কাঠ্ **goluĭ kaʈ^{h}** বি কলুর ঘানির কাঠের পাটাতন [ভারী জিনিস চাপানোর জন্য] এবং ঘানিগাছের মধ্যে সংযুক্তকারী সরু কাষ্ঠখণ্ড [এটি পৌনে এক হাত লম্বা, ধনুকের মতো বাঁকানো। ঘানিগাছের গা বেষ্টন করে কাঠের পাটাতনকে ঘুরতে সাহায্য করে] a part of a wooden grinder (বাঁকুড়া ৯)

গোলে **gole** দ্র গোলি[১] আঙুলের গোলে—আঙুলের মধ্যবর্তী ফাঁক (নদিয়া ৫)

গোলেন্[১] **golen** বি নদীর বালুচরে গরুর গাড়ি চলার ফলে তৈরি রাস্তা the path in the sand-bed made by moving/going/passing of bullock-cart (বীরভূ ১০)

গোলেন্[২] **golen** বি গুল্‌তির হাতল the handle of the catapult (হুগলি ৮)

গোলেবালা গুলি খ্যালা **golebala guli k^{h}æla** বি একপ্রকার গ্রামীণ গুলিখেলা [দুই বা ততোধিক ছেলে প্রত্যেকে নিজের মুন্সীয়ানা দেখায়। প্রথমে একটি ছোট ঘর দাগ দিয়ে কাটে। প্রত্যেকে কয়েকটি করে গুলি দিয়ে যৌথ গুলির ভাণ্ডার করে। তারপর নির্দিষ্ট দূরত্বের দাগ



গোলক্ ধান্দা খ্যালা

থেকে ঐ ছোট ঘরে প্রত্যেকে একে একে একটি করে নিজের গুলি চালে। ঐ ছোট ঘরের মাঝে বা তার নিকটবর্তী যে হয় সে প্রথম হয়। এবার সে ঐ যৌথ গুলিসমূহকে ঘরে বসিয়ে আবার নির্দিষ্ট দুরত্বের দাগ থেকে ঘরের দিকে গুলি চালে। যেখানে এসে তার গুলি থামলো সেখান থেকে ঘরে বসানো গুলি সমূহের একটিকে মারে। যেটিকে মারবে সে সেইগুলিটি পাবে। আর মাঝেরটায় মারলে সব পাবে] one type of marble game played by the village-boys (বাঁকুড়া ৯)

গোলোই[১] **goloï** দ্র গোলি[১] (মেদিনী ৭ হুগলি ৫, ৬, ১২)

গোলোই[২] **goloï** বি ছিপের বঁড়শির সুঁচলো ডগা বা অগ্রভাগ [বঁড়শিকে এখানে বলে কাঁটা] the sharp edge of the fish-hook (বাঁকুড়া ১২)

গোলোই কাট্ goloï kaʈ দ্র গোলুই কাঠ্ (পুরুলি ১৩)

গোলোক্ খাঁদা golok d^{h}ãda দ্র গোমা[১] (চব্বিশ ৩৬)

গোলোক্ ধান্দা খ্যালা golok d^{h}anda k^{h}æla বি গ্রামীণ খেলা বিশেষ [দুজন খেলোয়াড়, প্রত্যেকে বারটি করে গুটি নিয়ে একটি নির্দিষ্ট ছক কেটে খেলে। ছকের মাঝের কেন্দ্রবিন্দুতে প্রথমে কোনো গুটি বসানো থাকে না। ঐখান থেকেই প্রথম চাল আরম্ভ হয় এবং একে অন্যের গুটি ডিঙিয়ে সেই গুটিটি মারে। এই ছকের বাইরের অর্ধ গোলাকার দাগও চালের ক্ষেত্রে ব্যবহার হয়] a rural game of checker board (কোচবি ৬)

গোলোক্ধাম্ খ্যালা golok d^{h}am k^{h}æla বি গ্রামীণ কিশোর কিশোরীদের একপ্রকার খেলা বিশেষ [কাগজের বোর্ডের উপর বিভিন্ন ছবি থাকে। যেমন—জন্মভূমি, নরক, গোলোক ধাম ইত্যাদি। এই খেলার ছকে গোলোক ধামে পৌঁছানোই মূল উদ্দেশ্য] a kind of rural game played by the village girls and boys (চব্বিশ ৮ মেদিনী ৩৪)

গোশ্ go/ বি মাংস the meat (বর্ধমা ২৫)

গোশ্ ভাত্ খ্যালা go/ b^{h}at k^{h}æla বি খেলনাবাটি খেলা one type of game where the children acting of cooking and serving out of meals (পদিনা ২)

গোশা go/a বি প্রদীপ, লম্ফ the lamp, the kerosine lamp (জলপা ৭)

গোশাই go/aï বি পুরোহিত the priest (পদিনা ৬)

গো শালুক go /aluk বি শুয়ে শালিক, গো-শালিক pied myna [sturnopastor contra] (চব্বিশ ৮, ১৫, ২৮)

গোশুল্ go/ul বি স্নান bathing (মালদা ১১)

গোশোই go/oï বি [মাথার] চুল hair (মেদিনী ২৯)

গোশোল্ (করা) go/ol (kɔra) ক্রি স্নান করা [মৃতদেহকে পরিষ্কার করাও গোশোল্] to bathe (চব্বিশ ২৭ পদিনা ১০) তু আরবি গুসল

গোস্[১] **gos** দ্র গোশ্ (পদিনা ২, ৮ মালদা ৯ মেদিনী ৭)

গোস্[২] **gos** বি চারাগাছের পাশে গুঁজে দেওয়া দণ্ড a stick to support saplings (জলপা ৮)

গোস্[৩] **gos** বি হাতুড়ির অংশ বিশেষ [লোহাটির পাতলা, ছোট, আয়তকার অংশ] a part of hammer (জলপা ৭)

গোস্টো gosʈo দ্র গোস্[১] (চব্বিশ ৩৬)

গোস্তান্[৪] **gostan** বি ভাগাড় দ্র গোদাহার্ (মালদা ৩)

গোস্তি gosti বি ব্যবসা [দোকানের জিনিসপত্র নিয়ে মাঠে ঘাটে ফিরি করে বিক্রির জন্য। মাঠে কর্মরত কৃষকদের মধ্যে মাল বিক্রি করে, পরিবর্তে ফসল (ধান, খড়) ইত্যাদি সংগ্রহ করে। একে বলে 'গোস্তি করা'] a pedlar who procures paddy, straw etc. from the farmers, selling goods to them গোস্তি করা—ফিরি করা (মালদা ২ মুর্শিদা ৪, ১৭)

গোস্তো gosto দ্র গোশ্ (কোচবি ২ জলপা ৯ চব্বিশ ২৭, ৩৩ হুগলি ৮)

গোসল্ gosɔl দ্র গোশুল্ (হুগলি ৮)

গোসল্ করা gosɔl kɔra ক্রি ১ দ্র গোশোল্ (করা) (বর্ধমা ৫ মুর্শিদা ৩, ১৯) ২ গা-হাত পা ধোয়া to wash (বর্ধমা ৫)

গোসা[১] **gosa** দ্র গোশা (জলপা ১, ২, ৬, ৭, ৯)

গোসা[২] **gosa** বি রাগ anger, temper (পদিনা ২, ৩)

গোসা[৩] **gosa** বিণ দড়কচা partly ripe, imperfectly mellowed; (of vegetable, meat etc.) refusing to be thoroughly softened by boiling অটা গোসা বটে, অটা সিঝা হব্যে না—ওটা দড়কচা, ওটা সিদ্ধ হবে না (পুরুলি ৮)

গোঁসাই[১] **gõsaĭ** ক্রি মুখ হাঁড়ি করা to make glum face মুক্ গোঁসাই কোরে আছে—মুখ হাড়ি করে আছে (মেদিনী ৫)

গোঁসাই[২] **gõsaĭ** বি প্রতিমা an icon (বীরভূ ৭)

গোসাগাঙা **gosagɔŋa** বি শ্মশান a creamation ground (নদিয়া ১)

গোঁসাঙ্ **gõsaŋ** বি প্রতিমা an icon, an image, an idol (বীরভূ ১১)

গোঁসাপ্ **gõsap** দ্র গোদিসাপ্ (বর্ধমা ২১)

গোসি **gosi** বি একপ্রকার মাছ [দেখতে চ্যাপ্টা, লম্বা, মুখও লম্বাটে] one type of fish (জলপা ৭)

গোসুড়া **gosuɽa** দ্র গোদাহার্ (মেদিনী ১৫)

গোসুরা **gosura** দ্র গোসুড়া (মেদিনী ২৭, ৩৪)

গোসোই **gosoĭ** দ্র গোশোই (মেদিনী ২৯)

গোসোল্ করা **gosol kɔra** দ্র গোশোল্ (করা) (বর্ধমা ৫ মুর্শিদা ২)

গোসো হোয়ে যাওয়া **goso hoe jaŏa** ক্রি কোনো চারা গাছ বা ফল রোদের তাপে শুকিয়ে কুঁক্ড়ে অকালে নষ্ট হয়ে যাওয়া premature death or decay (esp. of plants) due to over exposure to sun গোসো হোই গেল—(কোনো চারা গাছ বা ফল) রোদের তাপে শুকিয়ে কুঁকড়ে অকালে নষ্ট হয়ে গেল (মেদিনী ১২)

গোহ্মা **gohma** দ্র গোপ্রো (দার্জিলি ২)

গোহল্ **gohɔl** বি গরুর গলায় বাঁধা লাঠি [এই লাঠি গলায় বাঁধা থাকে, যাতে ফসল খেতে না পারে। ফসল খাবার সময় এই লাঠি পায়ে লেগে যায়] a neck-guard for cow (পুরুলি ৯)

★ গোহলে **gohɔle** অসক্রি, রোগ যন্ত্রণা পেয়ে suffering from disease গোহলে গোহলে লোকটা মোল্য—রোগযন্ত্রণা পেয়ে পেয়ে লোকটা মরল (বাঁকুড়া ১৭)

গোহাইল্ **gohail** দ্র গোন্শাল্ (মেদিনী ৩২)

গো হাঙোর্ **gohaŋor** দ্র গোঁসাপ্ (নদিয়া ১৩)

গোহাড্ডা **gohaɖɖa** দ্র গোসুড়া (মালদা ৭)

গোহি

গো-হাড়ুকেল্ **go haɽkel** দ্র গোঁসাপ্ (চব্বিশ ৩৭ হাওড়া ৩)

গোঁহাড়া **gõhaɽa** দ্র গোবর্ নেড়ি (পদিনা ২)

গোহাড়ি **gohaɽi** বি লাথি a kick গোহাড়ি দিলি—লাথি মারলি (পুরুলি ১৫) গোহাড়ি মারা—লাথি মারা (বাঁকুড়া ৭)

গোঁহাড়ি **gõhaɽi** দ্র গোহাড়ি গোঁহাড়ি দেওয়া—লাথি দেওয়া (বাঁকুড়া ১)

গোহাম্ **goham** বি গম the wheat (মালদা ৯)

গোহার্কেল্ **goharkel** দ্র গোহাড়্কেল্ (চব্বিশ ১)

গোহারান্ **goharan** বি নির্মম পরাজয় disgraceful defeat (মেদিনী ১৫)

গোহারি **gohari** দ্র গোহাড়ি গোহারি মারা—লাথি মারা। গোহারি দেয়া—লাথি দেওয়া (বাঁকুড়া ৭)

গোঁহারি **gõhari** দ্র গোহাড়ি গোঁহারি মারা—লাথি মারা, গোঁহারি দেয়া—লাথি দেওয়া (পুরুলি ৩ বাঁকুড়া ১)

গোহাল্ **gohal** দ্র গোহাইল্ (পুরুলি ৫, ৯ মালদা ১১ মেদিনী ৫, ১৩, ২১, ২৫, ৩১) ২ হাঁস মুরগির ঘর residental shed of goose, hen etc. হাঁস গোহাল্—হাঁসের ঘর (বাঁকুড়া ১৬) কাঁড়া কোহাল্—মহিষের গোয়াল (মেদিনী ৫) গোহাল্ ঘর—গোয়াল ঘর (পুরুলি ৯ মেদিনী ১৩, ২৯, ৩২)

গোহাঁল **gohãl** দ্র গোহাইল্ (পুরুলি ১১)

গোহালি **gohali** দ্র গোহাইল্ (মালদা ৭)

গোহি **gohi** বি নালা বিশেষ [আলু চাষের জমির দুই লাইনের মধ্যবর্তী নালা] a narrow canal in between two rows of potato plants (দার্জিলি ২)



গ্যাইড়া

গোহিন্ gohin বিণ গভীর dead of night গোহিন্ রাত্—গভীর রাত (বর্ধমা ১৪ হাওড়া ৩)

গোহির্ gohir দ্র গোহিন্ (বর্ধমা ৯ বীরভূ ৫ মেদিনী ১৩, ২০) গোহির্ ঘুম্—গভীর ঘুম, গোহির্ পাকুর্—গভীর পুকুর (বীরভূ ৫) গোহির্ পোখুর্—গভীর পুকুর (মেদিনী ১৩) গাড়িয়াটা খুব গোহির্—পুকুরটা খুব গভীর (মেদিনী ২০) **~জমি gohir jomi** বি নিচু জমি low land (মেদিনী ২০) **~রাত gohir rat** বি গভীর রাত, মধ্যরাত্রি mid-night (বর্ধমা ৬)

গোহিল্ gohil দ্র গোহাইল্ (বীরভূ ৪, ৯ মুর্শিদা ১১, ১৭, ২২, ২৩ গোহিল্ ঘর—গোয়াল ঘর (মুর্শিদা ৯, ১৭, ২৩)

গোহিলি gohili বিণ পঙ্গু lame, handicapped (জলপা ৭)

গোহিলি ধড়া gohili dʰɔɽa বি বন্ধ্যা গাভী a sterile caw (জলপা ৭)

গোহিলে gohile ক্রি লুটিয়ে যাওয়া to roll on the ground তোর কাপড়ের ছোট্‌টা গোহিলে যাচ্ছে—তোর কাপড়ের খুঁট্‌টা লুটিয়ে যাচ্ছে । তোর কাপড়্‌টা গোহিলে গ্যাল রে— তোর কাপড়টা লুটিয়ে গেল রে (বাঁকুড়া ৫)

গো-হেঁড়্‌কেল্ gohẽɽkel দ্র গোঁসাপ্ (নদিয়া ১২)

গোহোড়্ gohoɽ দ্র গোহাইল্ গোহোড়্ ঘর—গোয়াল ঘর (মেদিনী ৪)

গোহোড়াই gohoɽaĭ দ্র গোহাড়ি গোহোড়াই দেয়া—লাথি মারা (পুরুলি ১৪)

গোহোড়ি gohoɽi বি লাঙলের ফালের ফাঁকে জমা কাদা, ঘাস ইত্যাদি refusal at the time of ploughing (মেদিনী ২০)

গোহোপোবাশ্ gohopoba/ বি গৃহপ্রবেশ অনুষ্ঠান caremony of entering new built house চোব্বিশ তারিকে গোহোপোবাশ হলো—চব্বিশ তারিখে গৃহপ্রবেশ অনুষ্ঠান হল (হাওড়া ৩)

গোহোমা gohoma বি সাপের ফণা a snake's hood (দার্জিলি ৩)

গোহোমা সাপ্ gohoma sap বি গোখ্‌রো সাপ the cobra (পদিনা ২)

গোহোরা gohora দ্র গোঁহাড়া (দার্জিলি ৩)

গোহোল্ gohol দ্র গোহোড়ি [জমিতে লাঙল চালাবার সময় লাঙলের ফালের ফাঁকে জমা ঘাস, মাটি ইত্যাদি] (বাঁকুড়া ৫)

গোহোলি goholi দ্র গহলি (মেদিনী ১৩)

গ্যাইচে gæĭce ক্রি গেছে has gone (বর্ধমা ২০)

গ্যাইড়া gæĭɽa বি গেঁড়ি—ছোট জাতের শামুক a snail (মেদিনী ২৮)

গ্যাইশে gæĭ/e দ্র গ্যাইচে কুটুম্ খাবার গ্যাইশে—কুটুম বাড়ি নিমন্ত্রণ খেতে গেছে (জলপা ৬)

গ্যাওড়া পখি gæŏɽa pɔkʰi বি চড়াই পাখি a sparrow (দার্জিলি ১)

গ্যাওড়া পোখি gæŏɽa pokʰi দ্র গ্যাওড়া পখি (দার্জিলি ৩)

গ্যাওন্‌ডা পোখি gæonɖa pokʰi দ্র গ্যাওড়া পখি (দার্জিলি ৩ পদিনা ৩)

গ্যা-কাম্‌ড়ি gækamɽi বি চুলকানি itches, scabbies (মেদিনী ২৯)

গ্যাগ্‌রা gægra বি পিতলের কলসি a pitcher made of brass, brazen (মেদিনী ১, ৬, ১৯, ২২, ২৬) দ্র গাগড়ি

গ্যাঙ্‌ঠা gæŋʈʰa বি একপ্রকার ছোট সাদা পাথরের টুকরো [কুমোরেরা যে মাটি দিয়ে জিনিস তৈরি করে সেই মাটির সঙ্গে এগুলি মিশে থাকে। তারা এগুলি বেছে মাটি থেকে বাদ দেয়] a kind of pebble (মেদিনী ২০)

গ্যাঙ্‌ড়া gæŋɽa দ্র গ্যাওড়া পখি (মালদা ৬)

★ **গ্যাঙ্‌রানো gaŋrano** ক্রি মোষের ডাক roar of buffalo মোষটা গ্যাঙ্‌ড়াচ্চে—মোষটা ডাকছে, চিৎকার করছে (নদিয়া ২)

গ্যাঙ্‌লা gæŋla বিণ রোগা, পাতলা lean, thin গ্যাঙ্‌লা ছেলে—রোগা ছেলে (বাঁকুড়া ১৪)

গ্যাঙালা gæŋala বি আব (মালদা ১১)

গ্যাছা **gæc^{h}a** বি ১ লম্ফ, কুপি a kerosene lamp ২ প্রদীপ a lamp (দার্জিলি ৩ পদিনা ৯)

গ্যাজ্ **gæj** বি অঙ্কুর [যে কোনো বীজের অঙ্কুর, তাল, নারকেল ইত্যাদির বেলায়ও গ্যাজ্ বলে] the frist sprouting of plants (চব্বিশ ১০ বীরভূ ১১ মালদা ২, ১০, ১১)

গ্যাঁজ[১] **gæ̃j** বি ছোট কাঠের টুকরো [কাঠের আসবাবপত্র তৈরি করার কাজে পেরেকের বদলে এটি ব্যবহার হয়] a wooden peg (মেদিনী ২৮)

গ্যাঁজ্[২] **gæ̃j** বি ফোঁপড়, ফোঁপ্ড়া [পাকা তালের আঁটির ভিতরে, কিংবা ঝুনো নারকেলের ভিতরে এই শাঁস তৈরি হয়] soft carnel inside the stone of palm or coconut fruit (হুগলি ৮, ১১)

গ্যাঁজ্[৩] **gæ̃j** বি গজাল্ [বড় মাথাওয়ালা পেরেক] a large nail (মেদিনী ২৬)

গ্যাঁজ[৪] **gæ̃j** বি দাঁতের মাড়ি ফোলা inflammation of gums (নদিয়া ১)

ঘুট্‌ঘুটি খেলা g^{h}uʈg^{h}uʈi k^{h}ela বি গ্রামীণ জুয়া খেলা বিশেষ [কৌটার মধ্যে গুটি রেখে এই খেলা হয়] a kind of rural gambling (কোচবি ৬)

ঘুট্‌ঘুটে g^{h}uʈg^{h}uʈe দ্র ঘুগ্‌ড়া[২] (হুগলি ১১)

ঘুট্‌টি g^{h}uʈʈi বি হাঁটু the knee (মালদা ১, ২, ৭ মুর্শিদা ১১)

ঘুট্‌টিয়া g^{h}uʈʈia দ্র ঘইশা (বর্ধমা ২৬)

ঘুট্‌টু[১] g^{h}uʈʈu দ্র ঘুট্‌টি (মালদা ২)

ঘুট্‌টু[২] g^{h}uʈʈu দ্র ঘুঁইট্‌টা (মুর্শিদা ১৭)

ঘুট্‌টেয়া g^{h}uʈʈea দ্র ঘইশা (মেদিনী ১৭)

ঘুট্‌ট্যাপাশ্‌ g^{h}uʈʈæ pa/ বি ঘুঁটের ছাই the ash of a dungcake (মেদিনী ১৫) [পাশ = পাঁশ—ছাই]

ঘুট্‌নি g^{h}uʈni দ্র ঘাট্‌নি[১] (কোচবি ৩)

ঘুঁট্‌নি g^{h}ũʈni দ্র ঘাট্‌নি[১], ঘুট্‌নি ঘুঁট্‌নি দিয়ে ডাইল সম্‌বার

দেই—ডালের কাঁটা দিয়ে ডাল নেড়ে ফোড়ন দিই (কোচবি ৩)

ঘুটা[১] **gʰuʈa** দ্র ঘইশা (মেদিনী ৩) ~ **চাব্ড়ানো gʰuʈa cabʈano** ক্রি ঘুঁটে তৈরির জন্য গোবরের তালকে চাপড় মারা to slap a clod of cowdung to make a dung-cake (মেদিনী ৩)

ঘুটা[২] **gʰuʈa** বি চারপাশে ধানজমির মাঝে কিছুটা স্থান, যা উঁচু, নিচু বা গর্ত হতে পারে এবং পতিত অবস্থায় পড়ে আছে [এই স্থানটি জলহীন হয় (বাঁকুড়া ১৬) কুম্ভকার তাঁর মৃৎপাত্রে রঙ লাগানোর উপযোগী 'বনক মাটি' নামক মাটি এই স্থান থেকেও সংগ্রহ করে থাকেন] a depressed land, surrounded by the paddy-fields, from which a potter usually callects a kind of coloured soil (পুরুলি ৮) ~ **ভাত gʰuʈa bʰat** বি ফেনাভাত (পুরুলি ৮) the rice from which the water is not strained off (চব্বিশ ২৩)

ঘুঁটা[১] **gʰũʈa** দ্র ঘইশা (মেদিনী ১৭, ২৯)

ঘুঁটা[২] **gʰũʈa** ক্রি রিপু করা to darn ঘুঁটেছে—রিপু করেছে (চব্বিশ ৩১)

ঘুঁটা[৩] **gʰũʈa** দ্র ঘাঁটা[৯] (চব্বিশ ২৭ নদিয়া ১৩ মেদিনী ৫) ঘুঁটতে হবে—নাড়তে হবে (চব্বিশ ২৭) চুল্টা ঘুঁটিয়ে গেলো—চুলটা ঘেঁটে গেল (নদিয়া ১৩)

ঘুঁটা[৪] **gʰũʈa** ক্রি গুলে দেওয়া to blend by pressing and rubbing ঘুঁটে খাবি—গুলে খাবি (মেদিনী ২৯)

ঘুটানি gʰuʈani দ্র ঘাট্নি[১] (কোচবি ৪)

ঘুটি[১] **gʰuʈi** বি সময়ের তারতম্য বিশেষ [পূর্ণিমার পর থেকে অমাবস্যা পর্যন্ত প্রতিদিন যে সময়ের তারতম্যে চাঁদ ওঠে তাকে এক এক 'ঘুটি' বলে] the difference of time between two moon-rise the luner day does not tally with a solar day (পদিনা ৮) ~ **নিয়া gʰuʈi nia** ক্রি পূর্ণিমার পর প্রতিদিন চাঁদের কলা হ্রাস পাওয়া lessening of the cresent moon after the 'full moon' (দার্জিলি ৩) ~ **মারা gʰuʈi mara** বি কৃষ্ণপক্ষ [দ্র ঘুটি[১]] dark fortnight (পদিনা ৩)

ঘুটি[২] **gʰuʈi** বি ছাগলের মুখের ঘা বিশেষ [ঘাঁটা[৮] দ্র] a kind of sore on the mouth of a goat (নদিয়া ৪)

ঘুটি[৩] **gʰuʈi** বি কুঠির জোড় [ধান রাখার পাত্র] লাগাবার জন্য উঁচু খাঁজ an aperture (মালদা ১১) ~ **করা gʰuʈi kɔra** ক্রি আটার লেচি করা to prepare a lump of



ঘুটি[৩]

dough (হুগলি ১১) ~ **বেগুন gʰuʈi begun** বি একপ্রকার ফল বিশেষ যা সাধারণ অর্থে ফল নয় [বেগুন গাছের মতো দেখতে একপ্রকার গাছ। এই গাছে কমলা রঙের ছোট ছোট ফল হয়, তা কোনো কাজে লাগে না। তবে এই ফলের বীজ স্তন্যদুগ্ধের সঙ্গে মিশিয়ে শিশুকে খাওয়ালে ছোট শিশুর কাশি সেরে যায়। এর অপর নাম 'বিত্তেকি বেগুন'] a kind of wild frout (পদিনা ৬)

ঘুঁটি[১] **gʰũʈi** বি ১ জমির সীমানা নির্ধারক স্তূপ বিশেষ [যে সব জমিতে বেশি জল থাকে, সেখানে আল দেওয়া সম্ভব হয় না, সেই কারণে আগাছা-ঘাস-কাদা ইত্যাদি দিয়ে স্তূপ তৈরি করে জমির সীমা চিহ্নিত করা হয়। এই ঢিবিগুলিকে 'ঘুঁটি' বলে] the heap of weed, grass mud etc. which ascertains the boundary of a marshy agricultural field (চব্বিশ ১১, ৩১ হাওড়া ১০ হুগলি ৬, ১৫) ২ জমির সীমানা নির্ধারক খুঁটি pillars in a field to indicate border (মেদিনী ২৮)

ঘুঁটি[২] **gʰũʈi** বি গরুর পা the leg of a cow (মালদা ২)

ঘুঁটি[৩] **gʰũʈi** বি গোড়ালি the ankle (মুর্শিদা ১৯) ~ **দুল্ gʰũʈi dul** বি গ্রামীণ খেলা বিশেষ [মেয়েরা পাঁচটি পাথরের ছোট টুকরো নিয়ে খেলে। এই খেলায় বিভিন্ন পর্ব থাকে এবং প্রতি পর্বের বিভিন্ন নাম থাকে a kind of rural game of girls (চব্বিশ ৮)

ঘুটিং gʰuʈiŋ বি সাদা গোলাকৃতি ছোট ছোট পাথর বিশেষ [এগুলি মাটিতে মিশ্রিত অবস্থায় থাকে এবং খুব শক্ত বলে আঘাতেও ভাঙে না। এগুলি পোড়ালে চুন হয়। কুম্ভকার এক শ্রেণীর লোহার পাত দিয়ে মাটিতে মিশ্রিত এই পাথর বেছে ফেলেন] the white pebbles (বর্ধমা ২, বীরভূ ৪, ১৪) ~ **খ্যালা gʰuʈiŋ kʰæla** বি গ্রামীণ

ঘুঁটি[৩] দুল্

ঘুঁটি খেলা বিশেষ a kind of rural game with a pawn (বর্ধমা ১৬)

ঘুঁটিং **gʰũʈiŋ** দ্র ঘুটিং (বর্ধমা ১৯)

ঘুটিয়া **gʰuʈia** দ্র ঘইশা (জলপা ২)

ঘুঁটিয়্যা **gʰũʈæ** দ্র ঘইশা (মেদিনী ১১, ২০)

ঘুটিয়া বুড়ি **gʰuʈia buɽi** বি লোকদেবী বিশেষ [সাধারণত বৈশাখ মাসে শীতলা পূজার সময় এঁর পূজা হয়। 'কালতি' নামক একটি গাছের নীচে পাথরের টুকরোকে দেবী কল্পনা করে ক্ষীর, দুধ, কলা, নারকেল দিয়ে পূজা করা হয়।] the folk-goddess (মেদিনী ২০)

ঘুটু[১] **gʰuʈu** দ্র ঘুঁটি[১] (পুরুলি ৯)

ঘুটু[২] **gʰuʈu** বি পায়ের গোড়ালির কাছে যেখানে পায়ের পাতা ও পায়ের সংযোগ ঘটেছে সেই স্থানের দুপাশে দুটি যে উঁচু হাড় থাকে সেই হাঁড় the ankle (মালদা ৭) দ্র ঘুঁটি[৩]

ঘুটু[৩] **gʰuʈu** বি হাঁটু the knee (মালদা ২)

ঘুঁটু **gʰŭʈu** দ্র ঘাটা[৭] (নদিয়া ৬)

ঘুটুনি **gʰuʈuni** দ্র ঘাট্‌নি[১] (জলপা ৯)

ঘুটুম্ **gʰuʈum** দ্র গুটুম্ (হাওড়া ৩)

ঘুটুমুটু **gʰuʈumuʈu** দ্র ঘুঁঞাঘাটা কাপড়টা ঘুটুমুটু কোরে পোর্‌চিস্ ক্যানে, ধেত্‌রিং জেছে—কাপড়টা এলোমেলো করে পরেছিস কেন, লুটিয়ে যাচ্ছে (বীরভূ ৭)

ঘুটুর্‌ঘুমা **gʰuʈurgʰuma** বি হুতোমপেঁচা a brown fish owl (ketupa zeylonensis—জী. অ) (মেদিনী ১৮)

ঘুটে **gʰuʈe** বি আঁচিল a wart (চব্বিশ ৩৭) ~ **দেওয়া** **gʰuʈe deŏa** দ্র ঘুঁটা[২] (চব্বিশ ১৫) ~ **ঘুঁটে দেওয়া** **gʰũʈe deŏa** ক্রি তরকারি নেড়ে দেওয়া to stir a curry during the cooking time (মুর্শিদা ২৪) ~ **দেওয়া** **gʰuʈe deoa** ক্রি (বেসন) ফেটিয়ে দেওয়া, ঘেঁটে দেওয়া to whisk (pulse meal) (মুর্শিদা ২৪)

ঘুঁটে **gʰũʈe** দ্র ঘাটা[৭] ঘুটে[২] [সুপরিচিত ঘুঁটেকে এখানে 'নেদি' বলা হয়] (চব্বিশ ২১)

ঘুটের্ চাব্‌ড়া **gʰuʈer cabɽa** দ্র ঘইশা (চব্বিশ ৩৩)

ঘুটো[১] **gʰuʈo** দ্র ঘইশা (চব্বিশ ২১ মুর্শিদা ২৪)

ঘুটো[২] **gʰuʈo** বিণ চুমুক, ঢোঁক a sip, a gulp গটে ঘুটো জল্ খাইনি—এক চুমুক জল খেয়ে নিলাম (মেদিনী ১৮)

ঘুঁটো[১] **gʰũʈo** দ্র ঘইশা (বর্ধমা ২ বীরভূ ২ মেদিনী ৩৩)

ঘুঁটো[২] **gʰũʈo** ঘুঁটি[১] (চব্বিশ ২৭)

ঘুঁটোনো **gʰŭʈono** ক্রি বাগানের জমিতে ঘাস, আগাছা নষ্ট করার উদ্দেশ্যে কোদাল দিয়ে কুপিয়ে মাটি উল্টে দেওয়া to loosen the soil of a field or garden with a spade (হুগলি ১৮)

ঘুঁট্যা[১] **gʰŭʈæ** দ্র ঘইশা (মেদিনী ৯, ১৩, ২৫, ২৬)

ঘুঁট্যা[১] **gʰŭʈæ** বি ১ দ্র ঘাটা[৭] ২ দ্র ঘাটাঘুটে (মেদিনী ১১)

ঘুঠা **gʰuʈʰa** বি কোনো কিছু পুড়ে যাবার পর ছাইয়ের যে অংশগুলি ধুলো হয়ে যায় না, শক্ত থাকে—অঙ্গার cinder (পদিনা ১০)

ঘুঁঠ্যা **gʰũʈʰæ** দ্র ঘইশা (পুরুলি ৩, ৫)

ঘুড্‌ডি **gʰuɖɖi** দ্র ঘঁড়ি (পুরুলি ৬ বর্ধমা ১, ৮ বীরভূ ১১)

ঘুড্‌ঘুড়া **gʰuɽgʰuɽa** ক্রি সুড়সুড়ি দেওয়া to tickle কান্‌টা বড় চুলকাইতেসে, মুই ঘুড্ ঘুড়াই—কানটা খুব চুলকাচ্ছে, আমি সুড়সুড়ি দিই (কোচবি ১)

ঘুড্‌ঘুড়ি **gʰuɽgʰuɽi** দ্র ঘুঘ্‌ড়ি[২] (মালদা ৩)

ঘুড্‌ম্যাং ঘুড্‌ম্যাং **gʰuɽmæŋ gʰuɽmæŋ** বি মেঘ গর্জনের শব্দ (গুড়ুম গুড়ুম) thundering sound ঘুড্‌ম্যাং ঘুড্‌ম্যাং নাগাইশে—(মেঘ) গর্জন—গুড়ুম্ গুড়ুম্ করছে (কোচবি ২)

ঘুড়া[১] **gʰuɽa** দ্র ঘাগ্‌রা (কোচবি ২)

ঘুড়া[২] **gʰuɽa** ক্রি পরিধান করা to wear (মেদিনী ২)

ঘুড়া[৩] **gʰuɽa** ক্রি ছেয়ে দেওয়া, ঢাকা দেওয়া to cover, to thatch ঘরটা ঘুড়াইন্ দে— বাড়ির চালটা (খড় দিয়ে) ছেয়ে দে (বর্ধমা ৮)

ঘুড়ানি ডাড়ি **gʰuɽani ɖaɽi** বি বৃত্তাকার চিহ্ন a roundish mark (কোচবি ৪)

ঘুড়িকাট্ **gʰuɽikaʈ** বি গরুর গাড়ির কাঠামোর অংশ বিশেষ [দুটি 'ঘুড়িকাট'-এর উপর 'চাতাল' অর্থাৎ বসার

কাঠামোটি লাগানো হয়] a particular part of the structure of a cart (চব্বিশ ২১)

ঘুড়িমুড়ি g^{h}u[i mu[i অসক্রি জড়িয়ে মোড়িয়ে wrapping কাপট্‌টা গায়ে ঘুড়িমুড়ি লে—কাপড়টা গায়ে জড়িয়ে মোড়িয়ে নে (মেদিনী ২৬)

ঘুঁড়ে কাট্‌ g^{h}ũ[e ka[দ্র ঘুড়িকাট্‌ (বর্ধমা ১৯)

ঘুড়োট্‌g^{h}u[o[বিণ ঘুর round about রাস্তাটা ঘুড়োট্‌ হয়—রাস্তাটা একটু ঘুর হয় [ঘুরে যেতে হয় এবং তার ফলে দূরত্ব বেশি হয়ে যায়] (বর্ধমা ১৩)

ঘুতা^{1} g^{h}uta বি গুঁতো বা খোঁচা a shove ঘুতেই—খোঁচাই (কোচবি ৪) ঘুতা মারা—গুঁতো মারা (পদিনা ২, ৩, ৬) ছেইলেটাকে গোরুটা ঘুতিং দিয়েছে রে—ছেলেটাকে গরুটা গুঁতিয়ে দিয়েছে রে (বীরভূ ৭, ১১)

ঘুতা^{2} g^{h}uta বি ঘুসি a fisticuff সে মোকে ঘুতেই দিলা—সে আমাকে ঘুসি মারলো (মেদিনী ১)

ঘুতি^{1} g^{h}uti বি কাকতাড়ুয়া the spare-crow (দার্জিলি ২, ৩)

ঘুতি^{2} g^{h}uti বি খড়ের তৈরি মশাল বিশেষ [খড় পাকিয়ে তৈরি এই মশাল মৌচাক ভাঙার সময় ব্যবহার করা হয়] a flambeau made of straw (দার্জিলি ৩)

ঘুঁতোনো g^{h}ũtono ক্রি গুঁতোনো to shove (চব্বিশ ৮ হুগলি ১২)

ঘুতোনো গোরু g^{h}utono goru বি যে গরু সর্বদা মানুষ দেখলে গুঁতোয় a cow ready to gore (বীরভূ ৭)

ঘুত্যা g^{h}utæ দ্র ঘুতা^{1} ঘুত্যা দ্যায়—খোঁচায় (কোচবি ৪)

ঘুন্‌কুচি g^{h}unkuci ক্রিবিণ কোনো বস্তু বা বিশেষত আনাজের অত্যন্ত সরু সরু করে কাটা অবস্থা chopped finely or very small ঘুন্‌কুচি করে মোচা কাট্‌— মোচা অত্যন্ত সরু সরু করে কাট্‌ (নদিয়া ৭ হাওড়া ৬) [ঘুন পোকা যে ভাবে কাঠ ইত্যাদিকে ক্ষুদ্রাতিক্ষুদ্র টুকরো করে সেইরকম ক্ষুদ্র অংশ হল ঘুনকুচি]

ঘুন্‌খোগো বাঁশ্‌ g^{h}unk^{h}ogo bã/ বি বাঁশঝাড়ের মধ্যে পচা অগ্রভাগযুক্ত বাঁশ [অর্থাৎ বাঁশটিতে ঘুণপোকা লেগেছে বলে মনে করা হয়] the bamboo which is affected by wood-mite in the bamboo-clump (মুর্শিদা ১৬)

ঘুন্‌গুচি সেলাই g^{h}unguci selaĭ বি অতি ক্ষুদ্র ফোঁড়ের সেলাই, সচরাচর কাঁথায় ব্যবহৃত হয় [দ্র 'ঘুন্‌কুচি' শব্দের শেষাংশ] a smallest stitch (বাঁকুড়া ১৫)

ঘুড়িকাট্‌

ঘুন্‌ঘুইনা পানি g^{h}un g^{h}uĭna pani দ্র ঘিন্‌ঘিনে^{1} (পুরুলি ২)

ঘুন্‌ঘুইনে জাল্‌ মাছ্‌ g^{h}ung^{h}uĭne jal mac^h দ্র ঘুংসি জাল্‌ মাচ্‌ [এই মাছগুলি এত ছোট যে চোখে দেখা যায় না। কাপড় দিয়ে ছেঁকে এগুলি ধরা হয় এবং বেটে বড়া ভেজে খাওয়া হয়] (বীরভূ ৮)

ঘুন্‌ঘুনানি জল্‌ g^{h}ung^{h}unani jɔl দ্র ঘিন্‌ঘিনে^{1} (বর্ধমা ১৮)

ঘুন্‌ঘুনি মাচি g^{h}ung^{h}uni maci বি কুকুরের গায়ের পোকা [একে কোথাও কোথাও (হাওড়া ১) 'কুকুরে মাছি' বলা হয়] flies in a dog-body (কোচবি ১)

ঘুন্‌ঘুনিয়া g^{h}ung^{h}unia দ্র ঘিন্‌ঘিনে^{1} ঘুন্‌ঘুনিয়া জল হইছে যে রে—ঝিরঝিরে বৃষ্টি হচ্ছে যে রে! (পুরুলি ৯)

ঘুন্‌ঘুনুনি g^{h}ung^{h}ununi দ্র ঘিন্‌ঘিনে^{1} (বীরভূ ৩)

ঘুন্‌ঘুনে g^{h}ung^{h}une দ্র ঘিন্‌ঘিনে^{1} (বাঁকুড়া ১২)

ঘুন্‌ঘুন্যা g^{h}ung^{h}unæ দ্র ঘিন্‌ঘিনে^{1} (পুরুলি ৯)

ঘুন্‌ঘুন্যা মাচি g^{h}ung^{h}unæ maci বি বড় আকারের কালো বা নীলচে রঙের মাছি, বিশেষ করে কাঁঠালের গন্ধে আসে a kind of fly—blue and big size (পুরুলি ৬)

ঘুন্‌চা g^{h}unca বি পাখি মারার সরঞ্জাম বিশেষ an equipment to hunt a bird (পুরুলি ১২) ~ **মুসা g^{h}unca musa** বি কাঠবিড়ালি the squirrel (মেদিনী ১৬, ২০)

ঘুন্‌চি g^{h}unci দ্র ঘমুশি (চব্বিশ ২৭ নদিয়া ১১ মেদিনী ৫, ২১)

ঘুন্‌চোনো g^{h}uncono দ্র ঘুংচা (নদিয়া ১১)

ঘুন্‌ জাল্‌ g^{h}un jal বি মাছধরার কাজে ব্যবহৃত এক প্রকার শঙ্কু আকৃতির ছাঁকনি জাল a scoop-net, a dipping-



ঘুন্টুরা

net (বর্ধমা ১৯, ২০ হুগলি ৫)

ঘুন্টি[১] **g^{h}unʈi** বি ঘানির অংশ বিশেষ a part of the grinding -tree (পদিনা ৪)

ঘুন্টি[২] **g^{h}unʈi বি** (বিড়িতে সুতোর) গিঁট a knot of thread on a slender cigarette rolled in a tree-leaf (biri) ঘুন্টি কোসে দিলাম্—বিড়িকে সুতো দিয়ে বেঁধে দিলাম (মুর্শিদা ২২)

ঘুন্টুরা g^{h}unʈura বি শিশুদের কোমরে বাঁধা ছোট্ট ঘন্টি a small bell, tied on a cord, on the waist of babies (পদিনা ১)

ঘুন্ঠ্যা g^{h}unʈ^{h}æ দ্র ঘইশা (পুরুলি ৯)

ঘুন্ডি কলা g^{h}unɖi kɔla বি কাঁঠালি কলা a superior variety of banana (বর্ধমা ৪)

ঘুন্ডি ঘাপা খ্যালা g^{h}unɖi g^{h}apa k^{h}æla বি একপ্রকার গ্রামীণ খেলা [দু-দলে প্রতিযোগিতা হয়। দশ-বারো বৎসরের বালকদের খেলা। এই খেলায় কোনো উপকরণ নেই] a kind of rural game of boys (মুর্শিদা ২৪)

ঘুন্ডিয়া g^{h}unɖia বি মুরগি রাখার ছোট মাটির ঘর বিশেষ a small mud-cell to shelter the domestic fowls (পদিনা ১০)

ঘুন্না g^{h}unna বি কুঁড়ো the powdery crust of rice beneath the husk (মালদা ৭)

ঘুন্নি[১] **g^{h}unni** দ্র ঘঁড়ি (নদিয়া ১ মুর্শিদা ১৪)

ঘুন্নি[২] **g^{h}unni** বি ডিগ্‌বাজি a vault, a somersault ঘুন্নি খ্যালা—ডিগবাজি খেলা (পদিনা ১০)

ঘুন্নি[৩] **g^{h}unni** বি ১ মাথার তালুর কাছে চুলে যে চক্রের মতো হয়, বিশেষত ছেলেদের ক্ষেত্রে the whirl of hair near the crown of the head [especially of men] < ঘুর্‌নি (মেদিনী ৯) ২ টিকি a tuft of never cut hair kept on the head to maintain personal holiness (বাঁকুড়া ৫)

ঘুন্নি[৪] **g^{h}unni** বি বিবাহের অনুষ্ঠান বিশেষ [মাটিতে তিনটি বৃত্ত আঁকা হয়। এরপর প্রথমে কনে ও তার পিছনে বর এই বৃত্তগুলিকে প্রদক্ষিণ করে এসে বসে ও তারপর সিঁদুরদান হয়। এই প্রদক্ষিণ করাকে বলা হয় 'ঘুন্নি'] an act of going around three marked circles on the ground by the bride and the bridegroom in a marriage ceremony (মেদিনী ২৮) ~ **তে বসা g^{h}unnite bɔsa** ক্রি ডিমে তা দিতে বসা to hatch, to sit upon eggs মুর্‌গি ঘুন্নিতে বোসেছে—মুরগি ডিমে তা দিতে বসেছে (বর্ধমা ২৩) ~ **পালোই g^{h}unni paloĭ** ধান বা খড়ের গোলাকৃতি গাদা a roundish stack of paddy or hay (বাঁকুড়া ১৩) ~ **পুয়ান্ g^{h}unni puan** বি কুমারশালের গোলাকৃতি পন [অন্যত্র ত্রিকোণাকৃতি পন দেখা যায়, তার নাম 'শিম্‌নি পুয়ান্'] a kind of pitter's kiln (বাঁকুড়া ১৫) ~ **বশা g^{h}unni bɔʃa** দ্র ঘুন্নিতে বসা মুরগিটা ঘুন্নি বোশিয়েছে—মুরগিটা ডিমে তা দিতে বসেছে (পুরুলি ৯, ১১, ১২) মুরগিটা ঘুন্নি বোইসেছে—মুরগিটা ডিমে তা দিতে বসেছে (বাঁকুড়া ১৫, ১৬) ~ **বান্নি g^{h}unni banni** দ্র ঘন্নি[২] (মালদা ৪) ~ **ভাটি g^{h}unni b^{h}aʈi** দ্র ঘুন্নি পুয়ান্ (মেদিনী ২৯) ~ **মাতা g^{h}unni mata** দ্র ঘুন্নিতে বসা (পুরুলি ২, ৪,) ~ **মাতাল g^{h}unni matal** বিণ যে মুরগি ডিমে তা দেওয়ার প্রস্তুতি নিচ্ছে [ডিম পাড়ার পর মুরগি চুপচাপ বসে থাকে, এই অবস্থাকে কোথাও কোথাও 'কুড়ুক নেওয়া' বলে] the hen ready to incubate (পুরুলি ৫)

ঘুন্নিয়া খুক্‌ড়ি g^{h}unnia k^{h}ukʈi বি যে মুরগি তা দেবার জন্য ডিমে বসতে চায় the hen who wanted to sit upon eggs (পুরুলি ১০)

ঘুন্সি চিংড়ি g^{h}unsi ciŋʈi দ্র ঘুংসি জাল্ মাচ্ (মুর্শিদা ১৮)

ঘুন্সিয়া ছুঁচ্ g^{h}unsia c^{h}ũc দ্র ঘনা ছুই (বাঁকুড়া ৬, ১২)

ঘুনা[১] **g^{h}una** দ্র ঘিন্‌ঘিনে[১] ঘুনা বৃষ্টি—টিপটিপে বৃষ্টি (বাঁকুড়া ৩) ঘুনেচ্চে—ইল্‌শে গুঁড়ি বৃষ্টি হচ্ছে (বাঁকুড়া ৭)

ঘুনা[২] **g^{h}una** বি মশারি a mosquito curtain ঘুনা খেট্‌কে দিলুম্—মশারি টাঙিয়ে দিলাম (চব্বিশ ১৪)

ঘুনা[৩] **gʰuna** দ্র ঘাঁটা[৯] চুল ঘুনা—চুল ঘাঁটা (মেদিনী ১০) চুল ঘুনা হয়্যা গ্যাচে—চুল ঘেঁটে গেছে (মেদিনী ১১)

ঘুনাঅ gʰunaɔ ক্রি টিপ্‌টিপ্‌ করে বৃষ্টি পড়া [দ্র ঘিন্‌ঘিনে[১]] to drizzle জল ঘুনুইছে—টিপ্‌টিপ্‌ করে বৃষ্টি পড়ছে (বীরভূ ৩)

ঘুনি gʰuni দ্র ঘংগা (চব্বিশ ৩৬, ৩৭ নদিয়া ১৩ বর্ধমা ২, ২২ বাঁকুড়া ১১ বীরভূ ২ মেদিনী ৫, ১১, ৩২ হাওড়া ৩ হুগলি ১, ১০ ~ **কাপড়্‌ gʰuni kapɔ[** বি থান কাপড় a loin cloth without any coloured border or edge (চব্বিশ ১৯ মেদিনী ৩০) ~ **ঘুনি**[১] দ্র ঘিন্‌ঘিনে[১] (পুরুলি ১৫) ~ **ঘুনি**[২] **gʰuni gʰuni** বিণ বারে বারে off and on ঘুনিঘুনি জল হইয়িন্‌ছে—বারে বারে বৃষ্টি পড়ছে (বর্ধমা ১) ~ **জাল্‌ gʰuni jal** বি একপ্রকার খেওলা জাল [পাঁচ-ছয় হাত লম্বা এই জালে খুব বড় মাছ ধরা পড়ে না] a kind of fishing net (চব্বিশ ২৭)

ঘুনিয়া gʰunia দ্র ঘুইন্যা (পুরুলি ৫) স্ত্রী ঘুনিয়ান্‌

ঘুনিয়ান্‌ gʰunian বি জেলেনি বা জেলের স্ত্রী a fisher woman, or wife (পুরুলি ৫)

ঘুনিয়ার্‌ gʰuniar দ্র ঘম্‌না (দার্জিলি ২)

ঘুনিয়ে বসা gʰunie bɔsa ক্রি তা দিতে বসা to sit upon the egg মুরগিটা ঘুনিয়ে বসেচে—মুরগিটা (ডিমে) তা দিতে বসেছে (বর্ধমা ২৩)

ঘুনুঘুনু gʰunu gʰunu দ্র ঘিন্‌ঘিনে[১] ঘুনুঘুনু জল পোড়্‌চে—ঝির্‌ঝিরে বৃষ্টি হচ্ছে (বীরভূ ১০)

ঘুনে দেওয়া gʰune deŏa দ্র ঘশ্‌কান (হাওড়া ১০)

ঘুনে ফ্যালা gʰune pʰæla ক্রি ঘেঁটে ছত্রাকার করা বা তছ্‌নছ্‌ করা to mess up, to make things disorderly (মেদিনী ৩৫)

ঘুনো[১] **gʰuno** বি ঘুণপোকা a kind of woodmite or wood-worm ঘুনো খাইচি—ঘুণ পোকায় খেয়েছে বা ঘুণ ধরেছে (মেদিনী ৮, ৩১)

ঘুনো[২] **gʰuno** দ্র ঘপ্‌শা পুকুরের মাছ্‌ ঘুনো হয়েছে—পুকুরে খুব বেশি (ঘন) মাছ হয়েছে (চব্বিশ ৯) ঘুনো লোক এয়েচে—অনেক লোক এসেছে (বর্ধমা ২১)

ঘুন্যান্‌ gʰunæn বি, বিণ মেছুনি, যে স্ত্রীলোক মাছ বিক্রি করে a fisher-woman (পুরুলি ৪)

ঘুন্যে ঘুন্যে gʰunɛ gʰunɛ দ্র ঘঁচ্‌ঘঁচ্‌ ঘুন্যে ঘুন্যে মেগ্‌ডা চমক্যেচ্যে—ঘন ঘন মেঘ চমকাচ্ছে (পদিনা ৩)

ঘুনি জাল্‌

ঘুপ্‌কোরি gʰupkori ক্রিবিণ হঠাৎ করে, হুট্‌ করে suddenly লোকটা ঘুপ্‌ কোরি সোন্‌দাইল্‌—লোকটা হঠাৎ করে ঢুকল (জলপা ৭)

ঘুপ্‌চা ঘাপ্‌চি gʰupca gʰapci বি অলিগলি nook and corner (কোচবি ২) তু ঘুপ্‌চি বা ঘোঁজ বা গলি ঘুঁজি [তু ঘুক্‌শি = গলি]

ঘুপ্‌টি[১] **gʰup[i** বি ঘাপ্‌টি, লুকিয়ে অপেক্ষা a laying in/wait (কোচবি ২ মেদিনী ৬, ১১, ২৬) ~ **মারা gʰup[i mara** ক্রি লুকিয়ে বসে থাকা to lie in wait ঘুপ্‌টি মেরে বুইসা আছে—লুকিয়ে বসে আছে (মেদিনী ২১)

ঘুপ্‌টি[২] **gʰup[i** বি অন্ধকারাচ্ছন্ন ছোট অপরিসর স্থান, ঘোঁজ dark and narrow nook and corner (মেদিনী ১৫)

ঘুপ্‌সি gʰupsi দ্র ঘুগ্‌সু দিন্‌টা ঘুপ্‌সি করিকা রাখিয়েছে—দিনটা মেঘলা হয়ে রয়েছে (মালদা ৭) ~ **মেরে শোনা gʰupsi mere ʃona** ক্রি আড়ি পেতে শোনা to go in hiding for overhearing (নদিয়া ৯)

ঘুব্‌সুনি gʰubsuni বি ঝোপ a bush (চব্বিশ ২৭)

ঘুম্‌[১] **gʰum** বি (বাঁশের) শ্যাওলা the moss or lichen on a bamboo (পদিনা ১)

ঘুম্‌[২] **gʰum** দ্র ঘংও (পুরুলি ৩) ঘুম্‌ টানা—ঘোমটা টানা (মেদিনী ২৪) ~ **করা gʰum kɔra** ক্রি ঘুম পাড়ানো to lull to sleep উয়াক্যে ঘুম্‌ করাই দে—ওকে ঘুম পাড়িয়ে দে (বাঁকুড়া ১৮) ~ **কাজিয়া gʰum kajia** বিণ অনিদ্রা রোগগ্রস্ত he who suffers from insomnia (জলপা ১) ~ **গাদা gʰum gada** বিণ ঘুমকাতুরে, যে ব্যক্তি অধিক সময় ঘুমায় বা ঘুমানো পছন্দ করে prone to sleeping over-much (বাঁকুড়া ৬) ~ **গাধা gʰum gadʰa** দ্র ঘুম্‌ গাদা (পুরুলি ১৩) ~ **গোড়িয়া**

ঘুম্ চামুসা

gʰumgoʃia দ্র ঘুইস্‌র‍্যা এ ম্যায়াটা খুব্ ঘুম্‌গোড়িয়া—এই মেয়েটা খুব ঘুম-কাতুরে (বাঁকুড়া ১৭) ~ **চামুসা gʰum camusa** বি কাঠবিড়ালি the squirrel (মেদিনী ২০) ~ **ধরা gʰum dʰɔra** দ্র ঘুম্ করা থাব্‌রি থাব্‌রি ঘুম্ ধরা—চাপড়ে চাপ্‌ড়ে ঘুম পাড়া (মুর্শিদা ২৩) ~ **নাই খেল্ gʰum naĭ kʰel** বি গ্রামীণ গুটি খেলা বিশেষ [দুইজন খেলোয়াড় প্রত্যেকে বারটি করে গুটি নিয়ে খেলে। একাধিক গুটি মারা যায়। এই জন্য ছক কাটা হয় বিশেষভাবে] a kind of rural game with a number of small globular object (পদিনা ৪) ~ **পানা gʰumpana** বিণ ঘুম ঘুম, তন্দ্রা nap, drowsiness, siesta ঘুম্‌পানা ভাব্ আসছে—ঘুমঘুম ভাব আসছে (চব্বিশ ৯) ~ **পাড়া gʰum paʃa** ক্রি ঘুমানো, ঘুমিয়ে পড়া to sleep মুই এ্যালায় ঘুম্ পাড়িম্—আমি এখন ঘুমাব (কোচবি ১) ঘুমপাড়া হইয়ে গ্যালো—(শিশু) ঘুমিয়ে পড়ল (পদিনা ৫) ~ **ভার gʰumbʰar** বিণ ঘুমের ঘোর sound sleep লোকটা ঘুম্ ভারে রয়েচে—লোকটা ঘুমের ঘোরে রয়েছে (চব্বিশ ৮) ~ **লাগা gʰum laga** ক্রি ঘুম পাওয়া to feel asleep ঘুম লাগছে—ঘুম পাচ্ছে (মেদিনী ৩৩)

ঘুম্‌চা[১] **gʰumca** দ্র ঘুকু ঘাস্ (মেদিনী ২০)

ঘুম্‌চা[২] **gʰumca** বিণ কোঁকড়া curled ঘুম্‌চা চুল—কোঁকড়া চুল (পুরুলি ২, ১৭ মুর্শিদা ১১)

ঘুমচি[১] **gʰumci** দ্র ঘমুশি (চব্বিশ ৪ মেদিনী ১৮, ৩১, ৩২ হুগলি ১১)

ঘুম্‌চি[২] **gʰumci** দ্র ঘম্‌চি (পদিনা ২, ৯)

ঘুমচি[৩] **gʰumci** বি পাক, প্যাঁচ (দুই বা তার বেশি সুতো বা দড়ির জড়ানো অবস্থা) a tangle of thread ঘুম্‌চি লাগ্যে গ্যাল—পাক লেগে গেল (মালদা ৫)

ঘুম্‌টা gʰumʈa দ্র ঘুতেই ঘুম্‌টা মারা—ঘুসি মারা (মেদিনী ২৯) ~ **মুকো gʰumʈa muko** বিণ গোমড়ামুখো sullen and silent (male) (নদিয়া ১) ~ **মুকি gʰumʈa muki** বিণ গোমড়ামুখি sullen and silent (female) (নদিয়া ১)

ঘুম্‌টো gʰumʈo দ্র ঘংও (মেদিনী ৩৪)

ঘুম্‌ড়ু gʰumʃu দ্র ঘাগ্‌রা (মুর্শিদা ১৭)

ঘুম্‌ড়ো gʰumʃo বিণ খাড়া, ঋজু upright straight আপ্‌নার মাথার চুলগুলো ঘুমড়ো ঘুম্‌ড়ো—আপনার মাথার চুলগুলো খাড়া খাড়া (বীরভূ ৫)

ঘুম্‌না gʰumna দ্র ঘম্‌না (দার্জিলি ৩)

ঘুম্‌নি gʰumni বি (মাথায়) চক্কর feeling giddy মোর মাথা ঘুম্‌নি ধুইচে—আমার মাথা এখন ঘুরছে (কোচবি ২ পদিনা ৩) ~ **বাতাস gʰumni batas** বি ঘূর্ণিঝড় cyclone (পদিনা ৭, ১০)

ঘুম্‌নিয়ার্ gʰumniar দ্র ঘম্‌না (দার্জিলি ২)

ঘুম্‌শানি gʰum/ani বি গুমোট a sultry atmosphere or weather (পদিনা ১৪)

ঘুম্‌শি পড়া গরম্ gʰum/i pɔʃa gɔrɔm বি গুমোট গরম a sultry weather (নদিয়া ৩, ৭)

ঘুম্‌সি gʰumsi দ্র ঘমুশি (চব্বিশ ৪, ১৫, ১৭, ২০ বর্ধমা ২২ মেদিনী ৬, ৮, ১৪, ১৭,১৮, ২০, ২২, ২৭, ৩৪, ৩৫ হাওড়া ১, ৬, ৮, ১০ হুগলি ১৬) [বি. দ্র. চব্বিশ ১৫ এবং হাওড়া ১, ৮ অঞ্চলে কালো ঘুন্‌সিকে 'কার' বলা হয়]

ঘুমট gʰumɔʈ দ্র ঘংও (মুর্শিদা ২০) ~ **কাড়া gʰumɔʈ kaʃa** ক্রি মাথায় ঘোমটা দেওয়া to veil, to cover with a veil (মুর্শিদা ২০)

ঘুমন্ত ঘায়ে gʰumɔnʈɔ gʰae বিণ ঘুমন্ত অবস্থায় while asleep ঘুমন্ত ঘায়ে আপনাকে ধরলো—ঘুমন্ত অবস্থায় আপনাকে ধরল (চব্বিশ ২৭)

ঘুমা[১] **gʰuma** ক্রি ঘোরা to reel, to spin গাড়ির ফ্যাঁটা খুব্ ঘুম্যেছ্যে—গাড়ির চাকাটা খুব ঘুরছে (পদিনা ৯)

ঘুমা[২] **gʰuma** ক্রি ঘুম পাড়ানো to lull to sleep ছোয়াক্‌টাক্ ঘুমাই দে—ছেলেটাকে ঘুম পাড়িয়ে দে (মালদা ১১) দ্র ঘুম্‌পাড়া

ঘুমানি gʰumani দ্র ঘুম্‌নি মাথা ঘুমানি খাইলো—মাথা ঘুরে গেল (কোচবি ২)

★ **ঘুমানো g^{h}umano** ক্রি নিদ্রা যাওয়া to sleep ঘুমিং যাওয়া—ঘুমিয়ে পড়া (বীরভূ ২) আমি ঘুমাল্‌ছি—আমি ঘুমিয়েছি (মুর্শিদা ১০) আমি ঘুমিব—আমি ঘুমাব। সে ঘুমিছে—সে ঘুমিয়েছে। সে ঘুমিল—সে ঘুমালো। ঘুমিথল—ঘুমিয়েছিল। ঘুমিবু—ঘুমাব। ঘুমাইঠু—ঘুমাচ্ছিস্। ঘুম্যায়ঠে—ঘুমিয়েছে। টকাটা ঘুমি পড়িছে—বাচ্চাটা ঘুমিয়ে পড়েছে (মেদিনী ৬, ১৯, ২৬, ২৯)

ঘুমাফিরা করা g^{h}uma p^{h}ira kɔra ক্রি ঘোরাফেরা করা to ramble (পদিনা ২) দ্র ঘুমা[১]

ঘুমায়ে ধরা g^{h}umae d^{h}ɔra ক্রি পেঁচিয়ে ধরা to clutch round, to cling to in coils (পদিনা ২)

ঘুমিয়ার্ g^{h}umiar দ্র ঘম্‌না (দার্জিলি ৪)

ঘুমুর্[১] g^{h}umur দ্র ঘংও (জলপা ৭)

ঘুমুর্[২] g^{h}umur বি এক প্রকার ছোট ঘুঙুর বিশেষ [কলকাতা শহরে মানুষে-টানা রিক্‌শায় রিক্সাওলার হাতে এই ঘুঙুর বা ঘন্টা থাকে। গ্রামে গঞ্জে ছোট শিশুর কোমরে ঘুন্‌সির সঙ্গে, গরু ছাগলের গলায় এটি বাঁধা হয় এবং বলদের গলায় একাধিক ঘুঙুরের মালা পরানো হয়] দ্র ঘুন্‌টুরা small bells fitted on domestic animals, babies with cords (হাওড়া ১, ৮) ~ **গাতা মল্ g^{h}umur gata mɔl** বি পায়ে পরার মল বিশেষ [রূপার তৈরি এই মলে ঘুঙুর দেওয়া থাকে] a silver anklet with a string of bells (হুগলি ১৫)

ঘুমৌরি g^{h}umoŭri দ্র ঘম্‌চি (পুরুলি ৫)

ঘুর্[১] g^{h}ur দ্র ঘুড়োট্ রাস্তাটা খুব্ ঘুর্—রাস্তাটা খুব আঁকাবাঁকা বা ঘোরানো (বাঁকুড়া ৪) ~ **পেচ্ g^{h}urpec** ঘোরপ্যাঁচ, কূটবুদ্ধি অর্থে intricacy, angularity হামার ভিতর্যে কুন ঘুর্ পেচ্ নি ছেক্—আমার মধ্যে কোনো ঘোরপ্যাঁচ নেই (মালদা ১১)

ঘুর্[২] g^{h}ur ক্রি ১ শীতকালে ঠাণ্ডার থেকে আত্মরক্ষা করার জন্য ঘুঁটে, কাঠ, খড়কুটি ইত্যাদি জড় করে জ্বেলে আগুন পোহানো to make fire to drive out cold ২ গোয়ালে মশামাছি তাড়ানোর জন্য ভিজে খড়কুটি, ঘুঁটে ইত্যাদি জ্বেলে ধোঁয়া দেবার ব্যবস্থা to make fire & smoke in cattle-shed to drive out mosquitoes [খোট্টা] (মালদা ৭)

ঘুর্[৩] g^{h}ur বিণ খুব, ঘোর deep ঘুর্ অন্ধকার—ঘোর অন্ধকার (বর্ধমা ২৩)

ঘুর্‌কি

ঘুর্‌কি g^{h}urki বিণ কুঁজো humpbacked ঘুর্‌কি ক্যা বুনোই—কুঁজো হয়ে হাঁটছে [খোট্টা] (মালদা ৯)

ঘুর্‌কুচি g^{h}urkuci দ্র ঘাট্‌নি[১] (পদিনা ৫)

ঘুর্‌কুচ্যা g^{h}urkucæ দ্র ঘুগ্‌ড়া[২] (মেদিনী ৬)

ঘুর্‌ঘুইরা g^{h}urg^{h}uïra দ্র ঘুগ্‌ড়া[২] (মেদিনী ৫, ৯, ১৩, ২৮, ৩২)

ঘুর্‌ঘুটে g^{h}urg^{h}uʈe দ্র ঘুর্[৩] (নদিয়া ৬)

ঘুর্‌ঘুট্যা g^{h}urg^{h}uʈæ দ্র ঘুর্ (মেদিনী ১৫)

ঘুর্‌ঘুরি জাল্ g^{h}urg^{h}uri jal বি শঙ্কু আকৃতির মাছ ধরার সরঞ্জাম বিশেষ [প্রসঙ্গত ঘুগি[২] দ্র। এই জাল জল নির্গমনের নালায় জলস্রোতের অনুকূল ও প্রতিকূলে দুই হাতে ধরে ঘোরানো হয় এবং এইভাবে ছোট মাছ ছেঁকে তোলা হয়] a kind of fishing equipment (বাঁকুড়া ৫)

ঘুর্‌ঘুরিয়া g^{h}urg^{h}uria দ্র ঘুগ্‌ড়া ২ (মেদিনী ৮, ১৬, ১৮, ৩১)

ঘুর্‌ঘুরি লাগা g^{h}urg^{h}uri laga ক্রি গরুর লেজের লোম উঠে যাওয়া—এটি একপ্রকার গো-ব্যাধি বিশেষ a kind of cattle-disease when tail-hairs fall (বীরভূ ৮)

ঘুর্‌না g^{h}urna দ্র ঘংও (বাঁকুড়া ১৭)

ঘুর্‌নি g^{h}urni দ্র ঘুন্‌নি[৩] (মালদা ২ মেদিনী ৯)

ঘুর্‌নি[২] g^{h}urni দ্র ঘঁড়ি (কোচবি ২)

ঘুর্‌নি[৩] g^{h}urni বি গরু বাঁধা দড়ির মাঝখানে যে কাঠের টুকরো বাঁধা থাকে—a piece of wood tied across the halter peg of cows (মেদিনী ২৪, ৩৪)

ঘুর্‌নি[৪] g^{h}urni বি ডিমে তা act of sitting upon eggs (চব্বিশ ২৩) ~ **তে মাতা g^{h}urnite mata** ক্রি মুরগির ডিমে তা দেওয়ার ইচ্ছা হওয়া [এইসময় মুরগি চুপচাপ বসে থাকে] to be ready to incubate (of a hen)



ঘুর্‌নি পাইত্‌ খেলা

মুর্‌গিটা ঘুর্‌নিতে মেইতেছে, এইবার ওকে তাওয়ায় দিতে হবে—মুরগিটার ডিমে তা দেবার ইচ্ছা হয়েছে, এখন ওকে তা দেবার সুযোগ দিতে হবে [ডিমের উপর রাখতে হবে] (নদিয়া ১১) [দ্র ঘুন্‌নি[৪] মাতাল]

ঘুর্‌নি পাইত্‌ খেলা g^{h}urni pait k^{h}ela বি গ্রামীণ খেলা বিশেষ [দুজন এই খেলা খেলে এবং চিত্রের মত একটি ছকে খেলাটি হয়। প্রত্যেক খেলোয়াড়ের নয়টি করে গুটি থাকে। কেন্দ্রের চিহ্নে একজন একটি গুটি এগিয়ে নিয়ে যায়, অপরজন সেই গুটিকে নিজের গুটি দিয়ে ডিঙিয়ে বা টপ্‌কে গিয়ে গুটিটি 'খায়'। এইভাবে যখন একজনের গুটি শেষ হয় তখন খেলার অবসান এবং অন্যজনের জয় হয়। খেলাটিতে পাশের তীর চিহ্নিত দিক হলো গুটি চালনা করার পথ নির্দেশ] a kind of rural game between two players with eighteen small globular object (কোচবি ৪)

ঘুর্‌নি বাউ g^{h}urni baŭ দ্র ঘুম্‌নি বাতাস্‌ (পদিনা ৫)

ঘুর্‌নি বেশ্‌লাখাই g^{h}urni be/lak^{h}aĭ বিণ যে মুরগি ডিমে তা দিতে বসেছে the hen which is in the process of hatching (চব্বিশ ২৩)

ঘুর্‌নি মালা g^{h}urni mala বি মাথাধরা নিরাময়ের জন্য ধারণীয় এক প্রকার ছোট্ট মালা [তিনটি বা পাঁচটি কাঠের পুঁতি সুতোয় গেঁথে কানে পরা হয়] a beaded chain worn to cure headache (চব্বিশ ১)

ঘুর্‌মুনি g^{h}urmuni বি ঘূর্ণি a whirl (মালদা ৪)

ঘুর্‌মো g^{h}urmo দ্র ঘুম্‌নি (মেদিনী ১০)

ঘুর্‌লি g^{h}urli দ্র ঘুম্‌নি বাতাস্‌ (হুগলি ৯)

ঘুর্‌লো g^{h}urlo দ্র ঘুম্‌নি বাতাস্‌ "ঘুরুলে বাতাস লয়ে জলের ঘুরুলে"—ভারতচন্দ্র (নদিয়া ৩)

ঘুর্‌শি g^{h}ur/i বি ছুলি nettle-rash, a skin disease akin to ringworm, urticaria (বীরভূ ৮) ~ **লাগা g^{h}ur/i laga** ক্রি ছুলি হওয়া attacked by nettle-rash গালে ঘুর্‌শি লেগেছে—গালে ছুলি হয়েছে (বীরভূ ৮)

ঘুরন্‌ চৌকি g^{h}urɔn coŭki বি গ্রামীণ খেলা বিশেষ [একটি মাটির ঢেলার সঙ্গে সুতো বেঁধে বন্‌বন্‌ করে ঘোরানো হয়] a kind of rural game (বর্ধমা ২০)

ঘুরা[১] g^{h}ura দ্র ঘুমাফিরা করা ঘুরুৎ ক'দিন?—কতদিন ঘুরব? (বর্ধমা ৫) ঘুর্‌যা ঘুর্‌যা কাটাউঠু তুই আছু ভালো—ঘুরে ঘুরে কাটাচ্ছিস, তুই আছিস ভাল (মেদিনী ১৯, ২২, ২৬) ২ ক্রি (গরু ইত্যাদি) চরানো to graze the cattle গোরু ঘুরাবে—গরু চরাবে (মেদিনী ১২)

ঘুরা[২] g^{h}ura ক্রি ১ ফিরে আসা to return back রাম ঘুঁর্‌ল?—রাম ফিরল? (বাঁকুড়া ৫) উ ঘুইর্‌যে এস্‌ব্যে টেস্‌ব্যে ত ?—ও ফিরে আসবে তো? (মুর্শিদা ২২) ঘুর্‌যাইলে কথাটা কোইব—ফিরে এলে কথাটা বলব (মেদিনী ১৯, ২২, ২৬) ২ ফিরিয়ে আনা to turn one's back উয়াক্যে ঘুরাবার্‌ চেষ্টা কোল্‌লম্‌, থাক্‌লনি—ওকে ফেরাবার চেষ্টা করলাম, থাকল না (বাঁকুড়া ১২) ৩ ফিরে পাওয়া to get back ঘুরায়ে পানু—ফিরে পেলাম (পদিনা ৩)

ঘুরা[৩] g^{h}ura ক্রি ঘুরানো to revalve হাতটা ঘুরাং—হাতটা ঘুরাই (কোচবি ২)

ঘুরা[৪] g^{h}ura ক্রিবিণ বারে বারে অর্থে, ঘুরিয়ে ঘুরিয়ে, ঘুরে ফিরে repeatedly ঘুরাই ঘুরাই এ্যাক্‌টা কথা ক্যান বলছু?—বারে বারে একটা কথা কেন বলছিস? (বাঁকুড়া ১২)

ঘুরাঘুরি g^{h}urag^{h}uri বিণ আঁকাবাঁকা zigzag পথটা ঘুরাঘুরি—পথটা আঁকাবাকা [দ্র ঘুড়োট্‌] (পদিনা ৮) ~ **খেল্‌ g^{h}urag^{h}uri k^{h}el** বি গ্রামীণ খেলা বিশেষ।[দ্র ঘরুনি চোগে খ্যালা, ঘুল্‌লা খ্যালা। এখানের খেলার বৈশিষ্ট্য হলো যে, ছুটে বেরিয়ে যাওয়া খেলোয়াড়কে বিপক্ষের যে কোনো খেলোয়াড় এমন স্থানে বা দূরত্বে মারে যেখান থেকে সে তিন লাফে কেন্দ্রীয় গোলদাগে আসতে পারে। যদি পারে তবে দানপক্ষের ঐ ছুটে বেরিয়ে যাওয়া খেলোয়াড় মোর হয়] a kind of rural game (কোচবি ১, ৩ পদিনা ২)

ঘুরাট্‌ g^{h}ura[দ্র ঘুড়োট্‌ (বাঁকুড়া ৭, ১৩ পুরুলি ১২)

ঘুরান্ দেওয়া g^{h}uran deŏa ক্রি ফেরৎ দেওয়া, পরিশোধ করা to repay (পুরুলি ৫)

ঘুরানা g^{h}urana দ্র ঘাঁটা[৯] (পুরুলি ২)

ঘুরানি g^{h}urani বি ঊষাকাল dawn এখনো ঘুরানি আছে উঠিস্ না—এখনও অল্প অন্ধকার আছে উঠিস্ না (মুর্শিদা ১২, ১৬)

ঘুরানো g^{h}urano ক্রি জড়ানো to wrap ঘুরি পোরিঠি-[শাড়ি] জড়িয়ে পরেছি (মেদিনী ১৬) দ্র ঘুড়িমুড়ি

ঘুরা ফেরা লগন্ g^{h}ura p^{h}era lɔgɔn বি বিবাহের পরের অনুষ্ঠান বিশেষ [বিবাহের কয়েকদিন পরে বর-কনে একত্রে কনের বাড়ি যায় এবং সেইদিন অথবা দুই-এক দিন পরে আবার বরের বাড়ি ফিরে আসে। যাত্রা করার দিন বিভিন্ন স্থানে বিভিন্ন রকম, কোথাও বিবাহের চতুর্থ দিনে অর্থাৎ বৌভাতের পরদিন, (যেদিন যায় সেইদিনেই ফেরে) কোথাও অষ্টম দিনে অষ্টমঙ্গলা। হাওড়া, চব্বিশ পরগনা, মেদিনীপুরের তমলুক ইত্যাদি অঞ্চলে একে 'ধুলো পায়ে লগ্ন' বলে] the custom of the newly married couples going to the father-in law's house and coming back within eight days (মেদিনী ৫)

ঘুরায় দেওয়া g^{h}uraĕ deŏa ক্রি প্রত্যাখ্যান করা, ফিরিয়ে দেওয়া to refuse, to reject (পদিনা ৯)

ঘুরি g^{h}uri বি গরুর গাড়ির কাঠামোর অংশবিশেষ a part of the structure of a bullock-cart (চব্বিশ ২৩)

ঘুরিঘুরি[১] g^{h}uri g^{h}uri দ্র ঘুরা[৪] ঘুরিঘুরি কথাটা বল্ছু ক্যানে?—বারবার কথাটা বলছিস কেন? (বাঁকুড়া ৩) ঘুরিঘুরি যাওয়া কোরিস্ না—বারে বারে যাস্ না (মালদা ১১) ঘুরিঘুরি বিজ্‌লি ছিট্‌কিছে—বারে বারে বিদ্যুৎ চমকাচ্ছে (মালদা ১১)

ঘুরিঘুরি[২] g^{h}uri g^{h}uri অসক্রি ঘুরে ঘুরে wandering আমি মাঠে মাঠে ঘুরি ঘুরি ব্যাড়াইচি—আমি মাঠে মাঠে ঘুরে ঘুরে বেড়াচ্ছি (নদিয়া ৭)

ঘুরুক্ ঘুরুক্ g^{h}uruk g^{h}uruk ক্রিবিণ ঘুর্‌ঘুর্ continuous prying movement (বর্ধমা ২)

ঘুরুনি[১] g^{h}uruni দ্র ঘুইলো ঝড়্ (বীরভূ ২)

ঘুরুনি[২] g^{h}runi বি ডালের কাঁটা a fork with a long handle which is used for cooking soup of pigeon-pea. (বর্ধমা ১)

ঘুরুনি চোণ্ডে খ্যালা g^{h}uruni conḍe k^{h}æla বি গ্রামীণ খেলা বিশেষ [দুই দলে বিভক্ত হয়ে গ্রামের প্রাঙ্গণে ছেলেরা

ঘুরুনি[২]

এই খেলা খেলে থাকে। প্রতি দলে তিন-চার জন খেলোয়াড় থাকে। প্রাঙ্গণের কেন্দ্রস্থলে এক হাত ব্যাসবিশিষ্ট বৃত্তাকার দাগ কাটা হয়। প্রথম দলের দলনেতার এক পা ঐ দাগের মধ্যে এবং অন্য পা দাগের বাইরে থাকে। ঐ দলের অপর খেলোয়াড়রা ক্রমান্বয়ে একে অপরের হাত ধরে। এইভাবে দাঁড়ানোর পর দলনেতাকে কেন্দ্রে রেখে দলনেতা সহ সব খেলোয়াড় দ্রুত ঘুরতে থাকে। যদি অপর খেলোয়াড়দের টানে দলনেতার পা দাগের বাইরে চলে যায় তবে এই দলের দান শেষ। তখন বিপক্ষ দল একই পদ্ধতিতে খেলতে থাকবে। যে সব খেলোয়াড় ঘোরার সময় হাত ছেড়ে দেবে বা পড়ে যাবে, তারা সেই দানে বাতিল বলে গণ্য হবে। মূলত যে দল বেশিক্ষণ ঘুরতে পারে তারাই গর্বিত হয় [এই ধরনের 'ঘুল্‌লা খ্যালা,' 'ঘুরাঘুরি খেল্' দ্র] a kind of rural game (চব্বিশ ৩৬)

ঘুরুনিয়া হাওয়া g^{h}urunia haŏa বি ঘূর্ণি বাতাস [এই বাতাস মাঠের মাঝে কিছুটা স্থান জুড়ে আবর্জনা ইত্যাদির সঙ্গে পাক খেতে খেতে উপরের দিকে ওঠে] a whirlwind (হাওড়া ২ হুগলি ৮)

ঘুরুয়া g^{h}urua বি গরুর গাড়ির ছই a portable covering made of straw or species of aquatic grass or a slip of bamboo for a bullock cart (বাঁকুড়া ১২)

ঘুরুলি g^{h}uruli দ্র ঘুইলো ঝড়্ (হুগলি ৬,৮) ~ **পাক্ g^{h}uruli pak** দ্র ঘুইলো ঝড়্ (হাওড়া ২) ~ **বাতাস g^{h}uruli batas** দ্র ঘুইলো ঝড়্ (হাওড়া ২)

ঘুরে g^{h}ure ক্রিবিণ পুনরায় again খ্যালা ভাঁই গ্যাচ্যে, ঘুরে খ্যালো—খেলা ভেঙে গেছে আবার খেলো (মেদিনী ৫) ~ **আসা g^{h}ure asa** ক্রি (পয়সা) ফেরৎ আসা to get



ঘুল্‌লা খ্যালা

back specially money (বর্ধমা ২০) ~ **পড়া g^{h}ure pɔ[a** ক্রি টলে পড়া to totter, to tumble (মেদিনী ১০)

ঘুরেনি g^{h}ureni বি মাটির বাড়ির দেয়ালের বা চালের প্রস্থের দিক the width side of a wall or roof of a mud-house (মুর্শিদা ১৮)

ঘুরে বেড়াবাড়ি g^{h}ure be[a ba[i বি চতুর্দিক প্রাচীর দিয়ে ঘেরা বাড়ি the house which is enclosed with a wall (বাঁকুড়া ১০)

ঘুরো g^{h}uro বি গরুর গাড়ির চাকার অংশবিশেষ a part of the wheel of a bullock cart (চব্বিশ ২৩)

ঘুরোন্ g^{h}uron দ্র ঘুড়োট্ এই রাস্তাটা খুব ঘুরোন্—এই রাস্তাটা খুব ঘুরপথ (মুর্শিদা ১৬) ~ **চোপ্তি খেলা g^{h}uron cond[i k^{h}ela** বি দ্র ঘুরুনি চোপ্তে খ্যালা [এই অঞ্চলে খেলাটির বিশেষ পার্থক্য হল—যারা পরস্পরের হাত ধরাধরি করে ঘোরে তারা এই অবস্থায় বিপক্ষের কোনো খেলোয়াড়কে স্পর্শ করলে সে 'মোর্' অর্থাৎ বাতিল গণ্য হবে] (চব্বিশ ৩১)

ঘুল্‌গুলানি g^{h}ulgulani দ্র ঘাঁট্‌লুয়া ঘুল্‌গুলানি জল্—ঘোলা জল (বাঁকুড়া ১৪)

ঘুল্‌ঘুলি g^{h}ulg^{h}uli বি দেওয়ালে বাতাস চলাচলের জন্য সৃষ্ট জাফরির মতো ফাঁক ফাঁক অংশ a bay-window (বাঁকুড়া ৪ হুগলি ৮)

ঘুল্‌ডি g^{h}uld[i দ্র ঘুরুনিয়া হাওয়া [একে 'ঘুল্‌ডি বাতাস' বা 'ঘুল্‌ডি হাওয়া'ও বলা হয়] (বর্ধমা ১৪)

ঘুল্‌নি g^{h}ulni বি স্বর্ণকারের কাজে ব্যবহৃত সরঞ্জাম বিশেষ [এটি কাঁসার তৈরি স্কেলের মতো দেখতে দুই খণ্ড বিশিষ্ট সরঞ্জাম, যার মাঝে লম্বা গর্ত থাকে। এই গর্তে সোনা বা রূপা রেখে দুই খণ্ডকে উপরে-নিচে একত্রিত করে ঘষলে ফাঁপা বা নিরেট বল তৈরি হয়। এই সব ক্ষুদ্র ক্ষুদ্র বল অলংকারে লাগানো হয়] an instrument of a gold-smith (মালদা ১)

ঘুল্‌লা খ্যালা g^{h}ulla k^{h}æla বি গ্রামীণ খেলা বিশেষ [সমান সংখ্যক খেলোয়াড়ে বিভক্ত হয়ে দুই দলের প্রতিযোগিতা মূলক এই খেলাটি হয় প্রাঙ্গণে। প্রাঙ্গণের মাঝামাঝি অংশে একটা দুই ফুট বৃত্তাকার দাগ কাটা হয়। একদল ঐ বৃত্তাকার ঘরটি কেন্দ্র করে পাশাপাশি হাত ধরে দাঁড়ায়। ঐ দলের অধিনায়ক ঐ বৃত্তাকার ঘরে অন্তত একটি পা সর্বদা রাখবে, নতুবা ঐ দলের দান চলে যাবে। ধরা যাক, প্রতি দলে তিনজন খেলোয়াড় আছে। দান পাওয়া দলের অধিনায়ক বৃত্তাকার দাগের মধ্যে এক পা রেখে অপর দুই জনের সঙ্গে হাত ধরাধরি করে দাঁড়ায়। প্রায় দশ ফুট দূরত্বে আর একটি বৃত্তাকার দাগ থাকে। বিপক্ষ দলের তিনজন ঐ দাগের তিন দিকে দাঁড়াবে। এবার দানপক্ষের তিনজন পরস্পর হাত ধরাধরি করে গোল হয়ে সবেগে ঘুরতে থাকবে। এই সবেগে ঘুরতে থাকার সময় দানপক্ষের কোনো খেলোয়াড় অন্যদের থেকে হাত ছেড়ে পড়ে গেলে বিপক্ষ দলের কোনো খেলোয়াড় এসে তাঁকে ছুঁয়ে দিলে সে বাতিল গণ্য হয়। আর সবেগে ঘুরতে ঘুরতে যদি বড় দাগের বাইরে চলে যায় এবং বিপক্ষের কেউ না ধরতে পারে তবে সে বাতিল গণ্য হবে না। তার দলের অপর দুইজনের সঙ্গে এসে সে পুনরায় যোগ দেয় এবং খেলা চালাতে থাকবে। তবে বেশির ভাগ ক্ষেত্রেই দানপক্ষের খেলোয়াড়দের ঐ বড় ঘরের মধ্যেই বিপক্ষ দল ছুঁয়ে দেয় এবং তাকে 'মোর' (বাতিল) করে। এইভাবে মোর হতে হতে দানপক্ষের সবাই 'মোর' হয়ে যায় এবং তাদের দান চলে যায়। তারপর বিপক্ষ দল দান পায়] a kind of rural game (নদিয়া ১১)

ঘুল্‌লি[১] g^{h}ulli দ্র ঘুন্‌নি (চব্বিশ ২১)

ঘুল্‌লি[২] g^{h}ulli দ্র ঘুরুনিয়া হাওয়া (নদিয়া ৩, ১০)

ঘুল্‌লো g^{h}ullo দ্র ঘুরুনিয়া হাওয়া (নদিয়া ৪, ১৩)

ঘুলা[১] g^{h}ula বিণ পচা (ডিম) [কেবল পচা ডিমের ক্ষেত্রেই প্রযুক্ত হয়] rotten [especially egg] (বীরভূ ৭)

ঘুলা[২] g^{h}ula দ্র ঘুঁটা (মালদা ৪)

ঘুলি[১] g^{h}uli বি গোবর, ভুসি ইত্যাদি দিয়ে তৈরি মাছ ধরার চার bait used to catch fish prepared with cow-dung, husk etc. (দার্জিলি ৪)

ঘুলি[১] **g^{h}uli** বি কলাই ডালের ভুসি the refuse or husk of pigeon pea (বাঁকুড়া ১৯)

ঘুলি[৩] **g^{h}uli** দ্র ঘুক্‌শি (মেদিনী ৭ হাওড়া ২, ১০) ~ ঘুলি রাত্ **g^{h}uli g^{h}uli rat** দ্র ঘুরানি (বর্ধমা ৫)

ঘুল্যে ঘুল্যে **g^{h}ulɛ g^{h}ulɛ** দ্র ঘুরানি (বর্ধমা ২২)

ঘুল্‌লো **g^{h}ullo** দ্র ঘুইলো ঝড় (নদিয়া ১৩)

ঘুশ্ **g^{h}u/** দ্র ঘম্‌চি (মেদিনী ২৮, ৩৫) ~ ঘুশ্ **g^{h}u/g^{h}u/** অ উস্‌খুস্ fidgetting impatient (চব্বিশ ৪)

ঘুশ্‌ড়া **g^{h}u/[a** বিণ যে ধীরে ধীরে কাজ করে sluggish, delatory (মেদিনী ২) ~ পৈশা **g^{h}u/[a poĭ/a** বিণ অচল পয়সা counterfeit coin (মেদিনী ৩০)

ঘুশ্‌ড়েই দেওয়া **g^{h}u/[eĭ deŏa** ক্রি কচ্‌লে বা ঘষে কাচা to wash with squeezing (পদিনা ১০)

ঘুশ্‌রা[১] **g^{h}u/ra** বি আবর্জনা garbage, refuse (of any kinds) (দার্জিলি ৪ পদিনা ২, ৪, ৯) ~ টিপ্ **g^{h}u/ra d^{h}ip** বি আঁস্তাকুড় a dustbin (দার্জিলি ৩ পদিনা ৪)

ঘুশ্‌রা[২] **g^{h}u/ra** বি ছায়া shadow (পদিনা ২)

ঘুশ্‌লা **g^{h}u/la** দ্র ঘুশ্‌রা[১] (দার্জিলি ৩)

ঘুশ্‌শা জাল্ মাচ্ **g^{h}u//a jal mac** দ্র ঘুংসি জাল মাচ্ (বীরভূ ১১)

ঘুশা[১] **g^{h}u/a** দ্র ঘুতা[২] (কোচবি ১ পদিনা ৯)

ঘুশা[২] **g^{h}u/a** ক্রি পুনঃপুনঃ আবৃত্তি করে মুখস্থ করা [সাধারণত গ্রামের পাঠশালায় ছাত্রদের মধ্যে একজন 'সর্দার পড়ুয়া' থাকে। সে নামতার এক একটি পর্যায় একবার বলে, অন্য সকলে তখন সেটি একত্রে বলে, এইভাবে নামতা পড়া হয়। একে বলে নামতা ঘুষা অর্থাৎ নামতা ঘোষণা করা] to commit to memory by repeating lines (of humerical tables) (বাঁকুড়া ১, ৭)

ঘুঁশানো[১] **g^{h}ū/ano** দ্র ঘুঁতোনো গোরু ঘুঁশোয়—গরু গুঁতোয় (বর্ধমা ১০)

ঘুঁশানো[২] **g^{h}ū/ano** ক্রি খোঁচানো [দ্র ঘুতা[১]] to prick ঘুঁশ্‌রে ঘাঁশ্‌রে উনুনটা ভেঙে দিয়েছে—খুঁচিয়ে খুঁচিয়ে উনুনটা ভেঙে দিয়েছে (বর্ধমা ২২)

ঘুশি **g^{h}u/i** দ্র ঘইশা (পদিনা ৬ মেদিনী ২০) ~ গুঠা **g^{h}u/i gu[^{h}a** দ্র ঘইশা (দার্জিলি ২)

ঘুঁশি[১] **g^{h}ū/i** দ্র ঘইশা (মালদা ১)

ঘুঁশি[২] **g^{h}ū/i** বি পাটকাঠির গায়ে গোবর মাখিয়ে তৈরি জ্বালানি বিশেষ a stalk of the jute plant with a



ঘুস্[৩] ভাঙ্গা

coating of cow-dung used as fuel (পদিনা ২) ~ যাওয়া **g^{h}ū/i jaŏa** ক্রি ফস্কে যাওয়া to miss (পুরুলি ৪)

ঘুশিম্ **g^{h}u/im** দ্র ঘুটিং (বাঁকুড়া ৯ হাওড়া ২ হুগলি ১২)

ঘুশুক্ পায়রা **g^{h}u/uk paĕra** বি সাদা রঙের গৃহপালিত পায়রা a home bred pegion (পুরুলি ৩)

ঘুশুড়্ **g^{h}u/u[** বি শুয়োর a hog (পুরুলি ১১)

ঘুশুড়া **g^{h}u/u[a** দ্র ঘুশ্‌রা[১] (মালদা ৬) ~ টিপ্ **g^{h}u/u[a d^{h}ip** দ্র ঘুশ্‌রাটিপ্ (দার্জিলি ১)

ঘুশুড়িয়া **g^{h}u/u[ia** বিণ আত্মকেন্দ্রিক এবং তজ্জন্য অসামাজিক self-centred and unsocial person ঐ লোক্‌গিলা খুব্ ঘুশুড়িয়া—ঐ লোকগুলো কোনো ব্যাপারে খবর রাখে না আত্মকেন্দ্রিক ও অসামাজিক (জলপা ৭)

ঘুশুড়্যা **g^{h}u/uræ** বি পোয়ালখড় straw (জলপা ৭)

ঘুশুম **g^{h}u/um** বি নুড়ি দ্র ঘুটিং [সচরাচর গ্রামের বালিকারা এই নুড়ি নিয়ে খেলা করে] a pebble (হাওড়া ১, ৮)

ঘুশুর্ **g^{h}u/ur** দ্র ঘুশুড়্ (কোচবি ৪) ~ পায়রা **g^{h}u/ur paĕra** বি গৃহপালিত সাদা পায়রা [এর পা ছোট ছোট পালক দিয়ে ঢাকা থাকে। এরা ঘরের বাইরে যায় না] home bred pegion–white in colour (পুরুলি ১২, ১৬)

ঘুশুরা **g^{h}u/ura** দ্র ঘুশ্‌রা[১] (দার্জিলি ২)

ঘুশে ছুঁচ **g^{h}u/e c^{h}ūc** দ্র ঘনা ছুই (বর্ধমা ৪)

ঘুশো মাচ্ **g^{h}u/o mac** বি চুনো মাছ any variety of tiny fish (হাওড়া ১০)

ঘুস্[১] **g^{h}us** দ্র ঘম্‌চি (মেদিনী ২৭, ৩৫)

ঘুস্[২] **g^{h}us** বি খোস, চর্মরোগ বিশেষ scabies দ্র ঘাফোট্ (মেদিনী ৩৪)

ঘুস্‌কি রাস্তা

ঘুস্[৩] **g^{h}us** বি গোয়ালা (ঘোষ) a milkman (মুর্শিদা ২৪) [স্ত্রী ঘুসাইন্] ~ **ঘর্ g^{h}usg^{h}ɔr** বি কুম্ভকারের পণের ভিতরের অংশ the inner portion of the furnace of a pottery (হাওড়া ৩) ~ **ভাঙ্গা g^{h}us b^{h}a,ŋga** ক্রি উনানের আগুন খুঁচিয়ে ঝেড়ে দেওয়া [যাতে আঁচ আরো ভালো হয়] to poke an oven for better fire (চব্বিশ ১)

ঘুঁস্ g^{h}ũs বি আলু বা পেঁয়াজের বীজ রোপণের জন্য লাঙলের ফালের দ্বারা সৃষ্ট গর্ত the hole created with a ploughshare to plant the seed of potato or onion (জলপা ১)

ঘুস্‌কা চোর্ g^{h}uska cor বি ছিঁচ্‌কে চোর a pilferer (বাঁকুড়া ১, ৭, ১২)

ঘুস্‌কি রাস্তা g^{h}uski rasta বি সরু পথ বা সরু আলপথ a narrow lane or a narrow ridge of earth set up around a piece of agricultural land (মালদা ১১)

ঘুস্‌কু g^{h}usku অনু সর্, সরে যা [দ্র ঘইশ্‌কা] move away ১ হামি ত্র্যাকন্ ঘোস্‌কে বসিহি—আমি একটু সরে বসছি ২ এ্যাক্‌ন ঘুস্‌কু—একটু সর্ (মালদা ১১)

ঘুস্‌ঘুসিয়া g^{h}usg^{h}usia বিণ গম্ভীর প্রকৃতির (লোক) reserved and grave কি বিরাট্ ঘুস্‌ঘুসিয়া বট্যে—কি ভীষণ রাশভারী লোক (বাঁকুড়া ১২)

ঘুস্‌ড়া[১] **g^{h}us[a** দ্র ঘুইস্‌র্যা (মেদিনী ২০)

ঘুস্‌ড়া[২] **g^{h}us[a** দ্র ঘর্‌সোরিয়া (মালদা ৪)

ঘুস্‌ড়ি যাওয়া g^{h}us[i jaŏa ক্রি লুটিয়ে পড়া to roll especially on the ground ১ কপ্‌ড়াটা খুলি ঘুস্‌ড়ি যাউচি—কাপড়টা খুলে লুটিয়ে যাচ্ছে (মেদিনী ১৮) ২ কাপড়্‌টা ঘুস্‌ড়ি যায়টে—কাপড়টা লুটিয়ে যাচ্ছে (মেদিনী ২০)

ঘুস্‌ড়্যা g^{h}us[æ দ্র ঘর্‌সোরিয়া (বাঁকুড়া ১৩)

ঘুস্‌রা[১] **g^{h}usra** দ্র ঘুশ্‌রা[১] (দার্জিলি ১ পদিনা ১)

ঘুস্‌রা[২] **g^{h}usra** বি বাড়ির বাইরে নির্দিষ্ট গর্তে আবর্জনাদি পচিয়ে তৈরি করা সার compost manure, compound manure (পদিনা ২)

ঘুস্‌রো g^{h}usro দ্র ঘুশ্‌রা[১] (পদিনা ১)

ঘুস্‌লি g^{h}usli বি হামাগুড়ি crawling ঘুস্‌লি টানি—হামাগুড়ি দিই (জলপা ৯) ~ **টানা g^{h}usli ʈana** ক্রি হামাগুড়ি দেওয়া to crawl (জলপা ৯)

ঘুস্‌সা g^{h}ussa দ্র ঘুতা[১] গরুটা খুব্ ঘুস্‌সাই দিলো—গরুটা খুব গুঁতিয়ে দিল (মালদা ১১)

ঘুস্‌সাই দেওয়া g^{h}ussaĭ deŏa দ্র ঘুঁতোনো গরুটা খুব ঘুস্‌সাই দিলো—গরুটা খুব গুঁতিয়ে দিল (মালদা ১১)

ঘুসা[১] **g^{h}usa** বিণ ছোট small (মেদিনী ১৫)

ঘুসা[২] **g^{h}usa** বি কুচো চিংড়ি shrimp (মেদিনী ৭)

ঘুসা[৩] **g^{h}usa** ক্রি ডিমে তা দেওয়া to hatch, to incubate মুরগিটা ডিমাটা ঘুসিছে—মুরগিটা ডিমে তা দিচ্ছে (মালদা ৫)

ঘুসা[৪] **g^{h}usa** ক্রি ঘষা, রগড়ানো to rub পাকা তাল ঘুসে নে—পাকা তাল ঘষে নে [তালের মাড়ি বা ক্বাথ বের করার জন্য] (বর্ধমা ৪)

ঘুসা[৫] **g^{h}usa** ক্রি নিরাময় হওয়া to be cured রোগ ঘুসে—রোগ নিরাময় হয় (কোচবি ৪) < ঘুচে যাওয়া

ঘুঁসা[১] **g^{h}ũsa** দ্র ঘুসা[৪] চোক ঘুঁস্‌চে—চোখ রগ্‌ড়াচ্ছে (মেদিনী ৯) গায়ে সাবান ঘুঁসে দাও—গায়ে সাবান ঘষে দাও (মেদিনী ১৩)

ঘুঁসা[২] **g^{h}ũsa** ক্রি প্রবেশ করা to enter ই গাড়্‌হিটা টুকু আগ্ করা, তবে উটা ঘুঁস্‌ব্যাক্—এই গাড়িটা একটু এগোও, তবে ওটা ঢুক্‌বে (পুরুলি ১৪)

ঘুঁসা[৩] **g^{h}ũsa** দ্র ঘুসা[৩] মুরগিটা ডিম ঘুঁস্‌ছে—মুরগিটা ডিমে তা দিচ্ছে (বীরভূ ৯)

ঘুসাইন্ g^{h}usain বি গয়লানি a milkmaid, a milk woman (মুর্শিদা ২৪) [পুং ঘুস্[৩]] < ঘোষ

ঘুসাঘুসি খেলা g^{h}usa g^{h}usi k^{h}ela বি গ্রামীণ খেলা বিশেষ [দুই দল খেলোয়াড় এই খেলা খেলে। প্রতি দলে পাঁচ-ছয় জন করে থাকে। একদল লুকায় ও অপরদল তাদের প্রত্যেককে খুঁজে বের করে। না পারলে 'পাটি' অর্থাৎ একটা জয় হয়] a kind of rural game (কোচবি ৪)

ঘুসা চিংগুড়্ **gʰusa ciŋguɽ** দ্র ঘুসা[২] (মেদিনী ২৮)

ঘুসা ঠুগা **gʰusa ʈʰuga** দ্র ঘুঁতোনো ঘুসাঠুগ্‌বে—গুঁতোবে (পদিনা ৩)

★ঘুসানো **gʰusano** ক্রি (উনানের আগুন) উস্কে দেওয়া to poke চুলোটা ঘুসিয়ে দে—উনানটা উস্কে দে (চব্বিশ ২৭)

★ঘুঁসানো **gʰũsano** ক্রি ঘুষি মারা to box, to fisticuff ঘুঁসাইসে—ঘুষি মারছে (জলপা ৯) ঘুঁসাচ্ছে—ঘুষি মারছে (বর্ধমা ২০) ঘুঁসেই দিল—ঘুসি মারল (মেদিনী ১২)

ঘুসাল **gʰusal** ক্রি মিশানো mixture (বর্ধমা ১)

ঘুসি[১] **gʰusi** ১ দ্র ঘুলি[২] [ছোট ছোট শুকনো ডালপালা সমেত খোসা] (মেদিনী ১১) ২ বি ভুসি the husk (মেদিনী ১১)

ঘুসি[২] **gʰusi** দ্র ঘইশা (পদিনা ৯, ১৪ মালদা ৬,৮ মুর্শিদা ২ মেদিনী ৩৪)

ঘুঁসি **gʰũsi** দ্র ঘইশা (বীরভূ ৯)

ঘুসিং[১] **gʰusiŋ** দ্র ঘুটিং (বাঁকুড়া ৬, ১৫)

ঘুসিং[২] **gʰusiŋ** দ্র ঘুতা[২] (বীরভূ ১১)

ঘুসিক্ **gʰusik** দ্র ঘুটিং (পুরুলি ৩, ৮, ৯, ১৬ বাঁকুড়া ৭)

ঘুসি চিংড়ি **gʰusi ciŋɽi** দ্র ঘুসা[২] খোসাসর্বস্ব চিংড়ি অর্থে (চব্বিশ ১)

ঘুঁসিন্ **gʰũsin** দ্র ঘুতা[২] ঘুসিন্ মার্‌ব—ঘুসি মারব (বীরভূ ৮)

ঘুসিয়া **gʰusia** দ্র ঘুতা[১] ১ ওয়াক্ ঘুসিয়াই দিনু—ওকে গুঁতো দিলাম বা খোঁচা দিলাম ২ লটুইটা দিয়া ঘুসিয়াইছে—লাঠিটা দিয়ে খোঁচাচ্ছে (মালদা ১১)

ঘুসুইরে বুলা **gʰusuĭre bula** দ্র ঘুস্‌লি টানা ছেলে ঘুসুইরে বুল্‌ছে—ছেলে হামাগুড়ি দিচ্ছে (বাঁকুড়া ৫)

ঘুসুড়া **gʰusuɽa** দ্র ঘুলি[২], ঘুসি[১] (মালদা ৪)

★ঘুঁসুড়া **gʰũsuɽa** দ্র ঘুস্‌লি টানা ঘুঁসুড়্‌ছে—হামাগুড়ি দিচ্ছে ঘুঁসুড়ি ঘুঁসুড়ি যাচ্ছে—হামাগুড়ি দিয়ে যাচ্ছে (বাঁকুড়া ১৮)

ঘুসুম্ **gʰusum** বি দ্র ঘুটিং (হাওড়া ১)

ঘুসুর্ **gʰusur** দ্র ঘুশুড় (মেদিনী ১৬)

ঘুঁসুর্ **gʰũsur** দ্র ঘুশুড় (বাঁকুড়া ১৮)

ঘুঁসে **gʰũse** দ্র ঘইশা (বর্ধমা ২২)

ঘুসো **gʰuso** দ্র ঘুসা[২] (হাওড়া ১, ৮) ~চিংড়ি **gʰuso ciŋɽi** দ্র ঘুসা[২] (বাঁকুড়া ৪ হাওড়া ১, ৮, ১০ হুগলি ১০) ~জোঁক্ **gʰuso jõk** বি ঘাসের মধ্যে থাকে এমন



ঘেউচ্

এক প্রকার সরু জোঁক a thin banch which lives in grass (মেদিনী ৩৪) ~মাচ্ **gʰuso maɔ** দ্র ঘুসা[২] (মেদিনী ১১ হাওড়া ২ হুগলি ১৮)

ঘে **gʰe** ১ সম্বোধনসূচক শব্দ [স্ত্রী জাতির ক্ষেত্রে] a word in the vocative case (especially for women) মা ভাত দে না ঘে—মা ভাত দাও না গো (মুর্শিদা ২২) তু রে, গো, লো ইত্যাদি। ২ তোর্ ঘে বাড়ি কুন্‌ঠে—তোর বাড়ি কোথায় (মুর্শিদা ২২)

ঘেউচ্ **gʰeuc** বি দড়ির গাঁট a large bundle of rope (মেদিনী ১৫)

ঘেউটিয়া সাপ্ **gʰeŭʈia sap** বি হেলে সাপ a non-venomous snake, polyodontophis (দার্জিলি ৩)

ঘেঁক[১] **gʰẽk** বি গলগণ্ড goitre (পদিনা ২)

ঘেঁক[২] **gʰẽk** বি আম, আমড়া, পারিজাত প্রভৃতি গাছের গুঁড়িতে অনেক সময় বড় ফুলো মতো গাঁট হয়। মানুষের আব্ বা আঁচিলের সাদৃশ্যে একেও গাছের আব্ বলা হয় a swelling on the stem of a big tree (মালদা ১১)

ঘেগ[১] **gʰeg** বি কাঁঠালের মাঝের দণ্ড the spine like hard portion inside a jack fruit (মালদা ৩)

ঘেগ[২] **gʰeg** বি থোড় the spathe of a banana tree before it shoots from the stem (পদিনা ২)

ঘেগান্ দিন **gʰegan din** বি ২রা মাঘ [পৌষ সংক্রান্তি বা মকর সংক্রান্তির পরে মাঘ মাসের দ্বিতীয় দিন। পৌষ সংক্রান্তির পিঠে তৈরি করার পার্বণের রেশ এই দিন পর্যন্ত থাকে] the second day of the tenth month of the Bengali calendar. The festival of offering sweet pies etc. made of new rice on the last day of the ninth month of *Paus* continues to subseqent days (বাঁকুড়া ৩)

ঘেচু

ঘেঁঘি **gʰẽgʰi** বি খেলার সময় যে জোচ্চুরি করে a player who takes unfair means during play (পুরুলি ৫)

ঘেঙ্টি **gʰeɲʈi** দ্র ঘেঁঘি (পুরুলি ১২)

ঘেঙ্টিয়া **gʰeɲʈia** বি একপ্রকার সাপ [দৈর্ঘ্যে দেড় হাত পরিমাণ এবং সরু এই সাপের গায়ে চিত্র বিচিত্র দাগ থাকে। এই সাপ মাটির মধ্যে থাকে। একে 'শিবের সাপ' বলা হয়] a kind of snake dedicated to lord Shiva (জলপা ১, ৪, ৬, ৭)

ঘেঙ্রি **gʰeɲri** ১ বি ঘাগ্‌রা, স্ত্রী জাতির পরিধেয় বস্ত্র বিশেষ a skirt (পুরুলি ৫) ২ সেমিজ a chemise (পুরুলি ৫)

ঘেঙা **gʰeɲa** বি মাছ বিশেষ [এগুলি থর জালে (মাছ ধরার একপ্রকার জাল) ধরা পড়ে] a kind of fish (চব্বিশ ১৫)

ঘেঙারি **gʰeɲari** বিণ গোঙানি act or noise of groaning or whining (জলপা ১)

ঘেচ্‌কুটিয়া **gʰeckuʈia** বিণ দর্‌কচা imperfectly ripened (of vegetalbes, meat etc.) (পদিনা ৪)

ঘেচ্‌মিঠা **gʰecmiʈʰa** দ্র ঘেচ্‌কুটিয়া (মালদা ৪)

ঘেচ্‌লো **gʰeclo** ক্রিবিণ ফুলে শক্ত হয়ে যাওয়া to be stiff and inflated গাচ্‌তে পোড়ে নে মোর্ একটা ঠ্যাংখানত্ ঘেচ্‌লো হোই গেল—গাছ থেকে পড়ে গিয়ে আমার পায়ে আঘাত লেগে ফুলে শক্ত হয়ে গেল (পদিনা ২)

ঘেঁচা **gʰẽca** বি ১ কণ্ঠ the throat (পুরুলি ৩) ২ ঘাড় the neck (পুরুলি ৩)

ঘেঁচামিচি **gʰẽcamici** বি চিৎকার চেঁচামিচি hullabaloo বসবার বাগ্ নেই, দু-নাগানে এয়েচে, ঘেঁচামিচি করচে—বসার উপায় নেই, ঝগড়াটি বা কলহবাজ এসেছে, চেঁচামিচি করছে (বর্ধমা ২১)

ঘেচু **gʰecu** বি ফিঙে পাখি a species of fork-tailed passerine bird, the drongo (কোচবি ৭)

ঘেঁচু[১] **gʰẽcu** বি কচুরিপানা water-hyacinth (মালদা ১)

ঘেঁচু[২] **gʰẽcu** বি হীন অর্থে [যেমন কাঁচকলা, ঘণ্টা ইত্যাদি] nothing, figs আমার ঘেঁচু হবে—আমার কিছুই হবে না (বাঁকুড়া ১) দ্র ঘন্‌টার্

ঘেঁচে যাওয়া[২] **gʰẽce jaŏa** ক্রি থেঁতলে যাওয়া to be smashed (নদিয়া ১২) তু ছেঁচে যাওয়া

ঘেচেরি **gʰeceri** বিণ ১ দীর্ঘসূত্রী procrastinating (জলপা ৭) ২ অলস slathful (জলপা ৭)

ঘেচোল্ **gʰecol** দ্র ঘেঁক্ (মালদা ৫)

ঘেঁচোল্[১] **gʰẽcol** দ্র ঘেঁক্ (মালদা ৩)

ঘেঁচোল্[২] **gʰẽcol** বি ওলের কন্দ a bulb or tuber of an edible bulbous plant akin to orum or turnip named stanley's wash tub (জী অ) (মালদা ৩)

ঘেট্ কুন্‌ঢা **gʰeʈ kunɖʰa** বি মিষ্টি কুমড়া sweet gourd, pumpkin (জী. অ) (দার্জিলি ৩)

ঘেটল্ পাতা **gʰeʈɔl pata** বি ঘেঁটুফুলের পাতা a kind of flower (হুগলি ১১)

ঘেটা **gʰeʈa** দ্র ঘিটা (মেদিনী ২৯)

ঘেঁটা **gʰẽʈa** দ্র ঘিটা ১ জল ঘিঁট্‌চে—জল পান করছে ২ জল ঘেঁটা হোচ্‌ছে—জল পান করা হচ্ছে বা জল গিল্‌ছে (হুগলি ৪)

ঘেটাল্ **gʰeʈal** দ্র ঘাটিয়ার্[২] (মেদিনী ১৭)

ঘেটু **gʰeʈu** দ্র ঘন্‌ট (পদিনা ১১)

ঘেঁটু[১] **gʰẽʈu** দ্র ঘেঁচা ২ (পুরুলি ৫)

ঘেঁটু[২] **gʰeʈu** বি শালুক ফুলের বীজাধার a seed-vessel of a stalk of water-lily (বর্ধমা ২১) **খ্যালা** **gʰẽʈu kʰæla** বি গ্রামীণ খেলা বিশেষ [দুই দলে পাঁচ-ছয় জন করে খেলোয়াড় প্রাঙ্গণে এই খেলা খেলে। পনেরো যোলো হাত দূরত্বের ব্যবধানে দুইটি ঘর কাটা হয়। প্রথম ঘরে ঘেঁটু অর্থাৎ একজন 'বুড়ি' জাতীয় নিরপেক্ষ খেলোয়াড় থাকে। অপর ঘরে থাকে দান পক্ষের খেলোয়াড়রা। বিপক্ষের খেলোয়াড়রা 'ঘেঁটু'র ঘরের দুইপাশে ছড়িয়ে থাকে। 'ঘেঁটু' তার ঘরের বাইরে গেলেই বিপক্ষীয়রা তাকে স্পর্শ করবে, তখন 'ঘেঁটু' 'মরা' অর্থাৎ মোর্ বা বাতিল হবে। অথচ 'ঘেঁটুর' কাজ হল কোনোভাবে দানপক্ষের ঘরে প্রবেশ করা। এই কাজে 'ঘেঁটু' সফল

হলে তাদের এক 'গেম' হয়। এই কাজে 'ঘেঁটুকে' সাহায্য করার জন্য দানপক্ষীয়রা পথ ধরে এসে বিপক্ষীয়দের তাড়না করে। সেই সুযোগে 'ঘেঁটু' দানপক্ষের ঘরে আসে] one type of rural game (বর্ধমা ২) ~ গাচ্ **gʰẽʈu gac** বি এক প্রকার গাছ [এই পাতার রস লবণ সহ খেলে কৃমি ভালো হয়] clerodendron infortu natum (হুগলি ৪)~**পুজো gʰẽʈu pujo** বি এক প্রকার গ্রামীণ দেবতার পূজা ফাল্গুন মাসের সংক্রান্তি অর্থাৎ শেষ দিনে এই পূজা করা হয়। এই দেবতার কোনো নির্দিষ্ট পূজার স্থান, মন্দির থাকে না। পথের ধারে একটি স্থান গোবরজল দিয়ে পরিষ্কার করে সেখানে একটি মাটির হাঁড়ি উপুড় করে রাখা হয়। গ্রামের প্রতি বাড়ির মেয়েরা হলুদ, কড়ি, ঘেঁটুফুল (ঘেঁটুগাচ্ দ্র) গোবর, সরষের তেল আনে। একজন বয়স্কা-মহিলা এই সমস্ত জিনিস দিয়ে হাঁড়িটিকে সাজান। প্রতি বাড়ি থেকে আতপ চাল, ডাল, চিনি গুড়, বাতাসা এনে নৈবেদ্য সাজানো হয়। মেয়েরাই পূজা করে এবং পূজার পর ছেলেরা লাঠি দিয়ে হাঁড়িটা ভেঙে দেয়। এরপর ঐ ভাঙা হাঁড়ির টুকরো করে সামান্য গোবর মেয়েরা বাড়িতে নিয়ে যায়।

ঐদিন সন্ধ্যাবেলায় পাড়ার ছেলেরা বাঁশের বাখারি দিয়ে একটি অস্থায়ী মাচাঘর তৈরি করে ঘেঁটুঠাকুরের জন্য। লাল-নীল কাগজ এবং ঘেঁটুফুল ও বিভিন্ন ফুল দিয়ে ঐ ঘরটিকে সাজানো হয়। ছোট ছোট খেলনা ঠাকুর ঘরে রাখা হয়। এবার ছেলেরা গান গেয়ে গেয়ে দল বেঁধে প্রতি বাড়িতে গিয়ে চাল-ডাল-তেল ইত্যাদি সংগ্রহ করে। গ্রামের কোনো বাড়িতে প্রবেশের পূর্বে তারা সমস্বরে গায়—'ঘেঁটু যায়, ঘেঁটু যায় গিরো্সতোর বাড়ি আশ্পাশ্ মুলোর হাঁড়ি।' এরপর বাড়িতে ঢুকে সবাই বসে গান ধরে। একজন বা দুজন মূল গানটি গায় এবং অপর সকলে ধুয়া ধরে। এই ধরনের একটি গান হল,—'ঘেঁটুরাজার মেয়ে দেখিতে যাই ষোলজনা। মেয়েটির কি লম্বা গলা—তাই পরেছে মটরমালা। নাকখানি তার কাস্তের মতো—চোখ দুটি টানা।'] worship of ghetu–is a sort of spring festival (হাওড়া ১, ৮) ~**পোকা gʰẽʈu poka** বি এক প্রকার পোকা [ধানের গোলায় যে ছোট ছোট সাদা পোকা হয়। এগুলি কামড়ায় না] an insect found in paddy corn bin (হাওড়া ৮)

ঘেঁটু[৩] **gʰẽʈu** বি 'ঘেঁটুখ্যালা' নামক গ্রামীণ খেলায় নিরপেক্ষ খেলোয়াড় দ্র ঘেঁটু খ্যালা a player of the rural game-

ঘেঁটুগাচ্

remains neutral (বর্ধমা ২)

ঘেঁটুয়াল্ gʰẽʈual দ্র ঘাঁটুলা জল্টা বড় ঘেঁটুয়াল্—জলটা বড় ঘোলা (বাঁকুড়া ৬)

ঘেঁটুরে gʰẽʈure বিণ খর্বকায় short লোক্টা বড় ঘেঁটুরে—লোকটা খুব বেঁটে (বাঁকুড়া ৪)

ঘেটুলি gʰeʈuli দ্র ঘাঁটুলা জলটা ঘেটুলি করে দিলে—জলটা ঘোলা করে দিল (বীরভূ ১০)

ঘেঁটে gʰẽʈe দ্র ঘাটা[৭] (চব্বিশ ১৪) ~**দেয়া gʰẽʈe dea** ক্রি ধানজমিতে দ্বিতীয়বার হাত দিয়ে কাদা ঘেঁটে দেওয়া। ধান রোয়ার আড়াই-তিন মাস পরে এই কাজ করা হয় to reshuffle earth under paddyfield for the second time (বর্ধমা ২৩)

ঘেট্যে gʰeʈɛ বি মৃতব্যক্তির যে সব আত্মীয়স্বজন অশৌচ পালনকারীদের অশৌচ ত্যাগ করায় [এই কাজ সাধারণত মৃতের সন্তানদের মামাবাড়ি ও শ্বশুড়বাড়ির লোকজনেরাই করে থাকেন। একে বলা হয় 'ঘাটে তোলা'। ঘাট কর্মের দিন অশৌচকারীদের নদী বা পুকুরে স্নানের পর নতুন বস্ত্র পরিধান করতে হয়। এই সব আত্মীয়স্বজন এজন্য নতুন কাপড় মালা-ঘুনসি ইত্যাদি নিয়ে আসেন] relatives of offsprings of the diceased who bear the cost of funeral rites on the '*ghat*' day (বাঁকুড়া ১০)

ঘেটো ভাঙা gʰeʈo bʰa*ya* বি ঘেঁটু পূজার অনুষ্ঠানের অন্যতম অঙ্গ [ফাল্গুন মাসের সংক্রান্তির দিন একটি মাটির হাঁড়ি দরজার সামনে উপুড় করে অল্প গোবরের তাল, তিনটি কড়ি, সিঁদুর, ছেঁড়া চুল, ঘেঁটুফুল হাঁড়ির উপর রাখা হয়। পরে হাঁড়িটি ভেঙে দেওয়া হয়। বিস্তারিত বিবরণের জন্য 'ঘেটু পুজো' দ্র] a part of the *Ghetu* puja ceremony like "All Fools Day." (হুগলি ১৫)



ঘেতোকুমারি

ঘেড়ুয়া g^{h}eɽua বি মালপোয়ার মতো একপ্রকার মিষ্টান্ন [রন্ধন প্রক্রিয়া মালপোয়ার মতোই, কেবল মালপোয়াতে কালজিরা দেওয়া হয়, ঘেড়ুয়াতে দেওয়া হয় না] a saucer-shaped sweetmeat made of flour fried in ghee or oil and dipped in sugarjuice (বীরভূ ৮)

ঘেড়ো g^{h}eɽo দ্র ঘেগ্[১] (চব্বিশ ১, ৭, ১০, ১৫)

ঘেঁড়ো g^{h}ẽɽo বি গাছের পাতার মাঝের মোটা শিরা the medial rib of leaves (চব্বিশ ৩৭)

ঘেত্কুত g^{h}etkut বি কাতুকুতু tickling তুই মোক্ ঘেত্কুতাইস্ না—তুই আমাকে কাতুকুতু দিস না (দার্জিলি ৩)

ঘেত্কুতানিয়া g^{h}etkutania ক্রি কাতুকুতু দেওয়া to tickkle, to titillate (পদিনা ১০)

ঘেত্কুতি g^{h}et kuti দ্র ঘেত্কুত্ (দার্জিলি ২)

ঘেতোকুমারি g^{h}etokumari বি ঘৃতকুমারী নামক সুবিখ্যাত উদ্ভিদ [এর পাতা মোটা এবং আনারস পাতার মতো কাঁটাযুক্ত। পাতার ভিতর নরম থল্থলে মিছরির মতো পদার্থ থাকে। পা মচ্কে গেলে এই পাদর্থটি লাগালে ব্যথা সারে। এটি আয়ুর্বেদীয় ঔষধ তৈরির কাজে লাগে] aloe—a medicinal herb (হুগলি ৫)

ঘেতুয়াই g^{h}etuaĭ বি আলস্য idleness খপ্খপ্ কাজ করে না, ঘেতুয়াই করছে—চট্পট্ কাজ করে না, আল্সেমি করছে (বাঁকুড়া ১২)

ঘেতেই দেওয়া g^{h}eteĭ deŏa ক্রি লেলিয়ে দেওয়া to incite (as a dog), to set (মেদিনী ৮)

ঘেতো g^{h}eto বিণ অলস idle (চব্বিশ ১১)

ঘেন্টি g^{h}enṭi বি (সাইকেলের) ঘণ্টি a bell (of a cycle) (পদিনা ২)

ঘেন্টিয়া g^{h}enṭia দ্র ঘেঙ্টিয়া (জলপা ৭, ৯)

ঘেন্টু g^{h}enṭu দ্র ঘন্টার, ঘেঁচুঘেন্টু জানি—ঘন্টা জানি অর্থাৎ কিছুই জানি না (জলপা ৯)

ঘেন্ডা g^{h}enḍa বি শামুক the snail (পুরুলি ৩)

ঘেন্না g^{h}enna দ্র ঘড়্না বাগান্টাই ঘেন্না দিছে—বাগানটায় বেড়া দিয়েছে (জলপা ৯ পুরুলি ৯)

ঘেন্নি[১] g^{h}enni দ্র ঘাট্নি[১] (মালদা ১১)

ঘেন্নি[২] g^{h}enni বি হ্যারিকেনের কল অর্থাৎ যে অংশটি ঘুরিয়ে সল্তে ওঠানো নামানো হয় burner of a lantern (মালদা ৩)

ঘেন্নি[৩] g^{h}enni দ্র ঘংগা (মেদিনী ১৪)

ঘেনা[১] g^{h}ena দ্র ঘিন্ (বীরভূ ৮)

ঘেনা[২] g^{h}ena দ্র ঘিনা[৩] (মেদিনী ২) **~মারা g^{h}ena mara** ক্রি ঘুড়ি ওড়ানোর সময় সুতো ধরে টানা tugging thread of a kite (বর্ধমা ২৩)

ঘেনু g^{h}enu দ্র ঘি (চব্বিশ ২১ নদিয়া ১২)

ঘেনো g^{h}eno দ্র ঘি (নদিয়া ৪)

ঘেব্ড়ে উটা g^{h}ebɽe uṭa ক্রি ভয়ে শিহরণ জাগা বা গায়ে কাঁটা দেওয়া বা গায়ের লোম খাড়া হয়ে যাওয়া to shiver, to shudder গা ঘেব্ড়ে উট্ছে—ভয়ে গায়ে কাঁটা দিয়ে উঠছে (মুর্শিদা ২২)

ঘেম্চানো g^{h}emcano ক্রি দ্র ঘিম্চানো উ আমাকে ঘেম্চাচ্ছে—ও আমাকে ভেংচাচ্ছে (বাঁকুড়া ১০) তু আমাকে ঘেম্চাইল্ ক্যানে—তুই আমাকে ভেংচালি কেন? (বীরভূ ৭)

ঘেম্চি g^{h}emci দ্র ঘম্চি (হাওড়া ১০)

ঘেম্চো g^{h}emco দ্র ঘম্চি (হাওড়া ৮, ১০)

ঘেম্নি g^{h}emni বি প্রজাপতি a butterfly (পদিনা ৭)

ঘেমাচি g^{h}emaci দ্র ঘম্চি (হাওড়া ৮)

ঘের্[১] g^{h}er বি বড় আল (জমির) a ridge of earth set up around a piee of agriculturel land (চব্বিশ ১১)

ঘের্[২] g^{h}er বি শোলার মুকুটের অংশ বিশেষ a part of the crown made of spongewood (চব্বিশ ১১)

ঘের্[৩] g^{h}er বি ঘড়া[২] (বাঁকুড়া ১)

ঘের্[৪] g^{h}er বি গরুর খাবার পাত্র বসানোর জন্য মাটির তৈরি উঁচু ঢিবির মতো স্থান the basement to set up tub (নদিয়া ৬)

ঘের্[৫] g^{h}er বি বেড়ি [রন্ধনের সরঞ্জাম বিশেষ। লোহার

তৈরি এই সরঞ্জামটি দিয়ে উনানের উপর থেকে চাটু নামানো হয়] a kind of tangs for gripping cooking utensils (নদিয়া ৬)

ঘের্[৬] **g^{h}er** ক্রি ঢেকে দেওয়া অর্থে to overcast, to cover কুয়াসায় ঘেরে লিল্যে—কুয়াশায় ঢেকে দিল (মালদা ১১)

ঘের্[৭] **g^{h}er** বি স্কার্ট a skirt (নদিয়া ৬)

ঘের্না g^{h}erna দ্র ঘড়্না (জলপা ৯)

ঘের্পাড়্ g^{h}erpaɽ বি মাটির বাড়ির চালের শেষ প্রান্ত দ্র 'ছাঁচা', ছেঁচ [বর্ধমানে একে 'ছাঁচা' বা ছেঁচ্ বলে] eaves (হুগলি ৫)

ঘের্রি g^{h}erri বি তাঁতযন্ত্রের অংশবিশেষ, খিল a part of a handloom (মেদিনী ৩৩)

ঘেরা[১] **g^{h}era** ১ দ্র ঘড়্না (পদিনা ৬ বর্ধমা ২৩) ২ বি কামারশালে জ্বালমুখ এবং হাপরের মধ্যবর্তী মাটি বা ইঁটের দেওয়াল a partition between the furnace and the bellows of blacksmith's (মালদা) ৩ বি কুমোরের চাকের বাইরের বৃত্তাকার বেষ্টনী an outer circle of a potter's whell (বাঁকুড়া ৯)

ঘেরা[২] **g^{h}era** দ্র ঘিনা[২] (দার্জিলি ৩ মালদা ১১)

ঘেরা[৩] **g^{h}era** বি বাঁশ চিরে তৈরি লম্বা আকারের চুপড়ি [এটি দিয়ে গাছ ঢেকে রাখা হয় যাতে গরু-ছাগল না খায়] a wicker basket to cover up saplings (বর্ধমা ৯)

ঘেরান্[১] **g^{h}eran** বি দুর্গন্ধ an offensive smell, a bad odour (বর্ধমা ১৬) < ঘ্রাণ

ঘেরান্[২] **g^{h}eran** বি, বিণ সুগন্ধ a sweet-smelling ফুলের ঘেরান্ ছুট্শে—ফুলের সুগন্ধ বেরোচ্ছে (কোচবি ৩)

ঘেরানদা g^{h}eranda বি প্রাচীর a rampart, a surrounding wall (পুরুলি ৩)

ঘেরাবেড়া ঘর্ g^{h}erabeɽa g^{h}ɔr দ্র ঘুরে বেড়া বাড়ি (বাঁকুড়া ১০)

ঘেরি g^{h}eri দ্র ঘড়্না [পান বরোজকে খড় ও গরান গাছের ডাল দিয়ে বিশেষ ধরনের একটি বেড়া দেওয়া হয়] (চব্বিশ ১৯) ~**দেওয়া g^{h}eri deŏa** ক্রি তাড়িয়ে দেওয়া drive away ঘেরি দেইচি—তাড়িয়ে দিয়েছি (মেদিনী ২) ~ **পাকা g^{h}eri paka** ক্রি ঘিরে ফেলা, ঘেরাও করা to surround তাকে ঘেরি পেকিসে—তাকে ঘিরে ফেলেছে (মেদিনী ১৬)

ঘের্রি

ঘেরুয়া মাচ্ g^{h}erua mac বি আঁশহীন, কালচে রঙের, লম্বা, চ্যাপটা মাথাযুক্ত তিনটি কাঁটা-ওয়ালা একপ্রকার মাছ a kind of fresh-water fish (মুর্শিদা ১১)

ঘের্যা g^{h}eræ দ্র ঘড়্না [দিনের বেলায় হাঁসের থাকার জন্য পুকুরের একাংশে বাঁশ দিয়ে ঘিরে দেওয়া হয়] (বর্ধমা ২৫)

ঘ্যেরা g^{h}ɛra ক্রি নিবা, নিভা, নিভে যাওয়া (of a light or fire) to go out ফু দিয়্যে ঘ্যেরায় দে—ফুঁ দিয়ে নিবিয়ে দে (পদিনা ৩) সিসট ঘ্যেরাই যাব্যে—সলতেটা নিবে যাবে (মালদা ১১)

ঘেল্কুতি g^{h}elkuti দ্র ঘেত্কুত্ (দার্জিলি ৩)

ঘেল্ঘেলিয়া[১] **g^{h}el g^{h}elia** বিণ প্যাচ্প্যাচে slimy or miry ঘেল্ঘেলিয়া কাদু—প্যাচ্প্যাচে কাদা (মালদা ১১)

ঘেল্ঘেলিয়া[২] **g^{h}el g^{h}elia** বিণ থুরথুরে trembling constantly or unable to stand steady ঘেল্ঘেলিয়া বুড়ি— থুরথুরে বুড়ি (পদিনা ১১)

ঘেলিয়া g^{h}elia দ্র ঘাইলা (বাঁকুড়া ১৫)

ঘেলু g^{h}elu দ্র ঘি (পদিনা ১২)

ঘেলুয়া g^{h}elua দ্র ঘাঁট্লুয়া (বাঁকুড়া ১২)

ঘেশ্ g^{h}e/ দ্র ঘিশ্ (হাওড়া ১)

ঘেঁশ্[২] **g^{h}ẽ/** দ্র ঘপ্শা (চব্বিশ ১৫)

ঘেশ্ কেটে চলা g^{h}e/ keɽe cɔla দ্র ঘুঁসুড়া ছোয়াড়া ঘেশ্ কেটে চোলোউশি—ছেলেটা হামাগুড়ি দিয়ে চলে এল (পদিনা ৯)

ঘেশ্কেতে g^{h}e/ keɽe দ্র ঘেশ্ কেটে চলা ছোয়াড়া ঘেশ্কেতে চোলোউশি—ছেলেটা হামাগুড়ি দিয়ে চলে এল (পদিনা ৯)

ঘেশ্ড়ে কাটা g^{h}e/ɽe kaɽa ক্রি পেঁচিয়ে পেঁচিয়ে কাটা to



ঘেঁসো কলাই

cut by repeated incision (পদিনা ১১)

ঘেশো জোঁক্ g^{h}e/o jõk দ্র ঘুসো জোঁক (হুগলি ১১)

ঘেস্[১] g^{h}es দ্র ঘিশ্ (মেদিনী ১৪)

ঘেস্[২] g^{h}es ঘপ্শা ঘেস্ বসতি—ঘন বসতি (হুগলি ৬)

ঘেঁস্ড়ে চলা g^{h}ẽsʈe cɔla ক্রি হিঁচড়ে চলা, কোনোক্রমে পা ঘষে ঘষে চলা to move by dragging limbs (নদিয়া ৫)

ঘেসা g^{h}esa বি মাছের পেটের ময়লা বিশেষ [সাধারণত বড় রুই, কাতলা প্রভৃতি মাছের পেটে সবুজ রঙের এই ময়লা পুকুরের শ্যাওলা ইত্যাদি খাওয়ার ফলে উৎপন্ন হয় এবং মাছ কাটলে পাওয়া যায়] the grassy refuse in the stomach of a fish (বাঁকুড়া ১৭)

ঘেঁসুড়ে g^{h}ẽsuʈe বিণ যে মাঠে ঘাস কাটে one who deals in or cuts grass professionally a grass-cutter (বীরভূ ৮)

ঘেঁসো g^{h}ẽso দ্র ঘেসা (হাওড়া ১, ৬, ৮) **~কলাই g^{h}ẽso kɔlaĭ** বি বিউলি ডাল বা কলাই black gram, a variety of husked pigeon-pea (বীরভূ ১৪)

ঘো g^{h}o বি ঘোল whey, buttermilk (মেদিনী ৩৫) [মেদিনীপুরে সাধারণত শব্দের শেষ হলন্ত বর্ণটি উচ্চারিত হয় না]

ঘোই g^{h}oĭ বি আলু, পটল, পিঁয়াজ প্রভৃতির ক্ষেতে জলসেচের জন্য প্রতি সারির পাশে একটি করে যে লম্বা নালা থাকে water shed in between rows of plants in a vegetable garden (কোচবি ১ জলপা ৩, ৫)

ঘোইকে g^{h}oĭke অসক্রি পিছলে slipping পা ঘোইকে পোড়্হে গ্যালো—পা পিছলে পড়ে গেল (মুর্শিদা ১৯)

ঘোইতা g^{h}oĭta দ্র ঘইতা ওউ ম্যায়াটার্ ঘোইতা যায়টে—ঐ মেয়েটার স্বামী যাচ্ছে (মেদিনী ২০, ৩০, ৩১)

ঘোইতে পোইতে g^{h}oĭte poĭte বি আত্মীয়স্বজন kith and kin (মেদিনী ১৭)

ঘোইল্টে যাওয়া g^{h}oĭlʈe jaŏa ক্রি (ঘুমে) নেতিয়ে পড়া to droop or flag in sleep বিছ্নায় ঘোইল্টে গেলো—বিছানায় ঘুমে নেতিয়ে পড়ল (মেদিনী ২৫) তু ঘুমিয়ে কাদা হওয়া

ঘোই শ্কে যাওয়া g^{h}oĭ/ke jaŏa ক্রি কোনো কিছুতে হেলান দিয়ে বসা অবস্থায় ধীরে ধীরে পড়ে যাওয়া বা বসে হড়্কে যাওয়া a gradual fall, falling down from a leaning position (বর্ধমা ২৩)

ঘোইশা g^{h}oĭ/a দ্র ঘইশা (কোচবি ২)

ঘোইসা g^{h}oĭsa দ্র ঘর্সোরিয়া লোক্টা খুব্ ঘোইসা—লোকটা খুব অপরিচ্ছন্ন স্বভাবের (মুর্শিদা ৩)

ঘোইসিয়া g^{h}oĭsia দ্র ঘইশা (কোচবি ৪)

ঘোউরা g^{h}ŭra বিণ ঘরোয়া of home/household (মেদিনী ৩৪)

ঘোউশু g^{h}oŭ/u বি আগামীকালের পরের তৃতীয় দিন অর্থাৎ আগামী কাল, এরপর পরশু, তোরশু, এরপর ঘোউশু the third day after tomorrow (বর্ধমা ৫)

ঘোং g^{h}oη বি একপ্রকার চিতা বাঘ জাতীয় পশু [ছাই রঙের দেহের উপর কালো চক্র যুক্ত এই পশু উত্তরবঙ্গের তরাই অঞ্চলে দেখা যায়। এর স্থানীয় নাম ফুলেশ্বরি বাগ p^{h}ulessari bagh] a kind of clouded leapard (দার্জিলি ৪)

ঘোংগট্ g^{h}oηgɔʈ দ্র ঘংও (বীরভূ ১)

ঘোংগা g^{h}oηga দ্র ঘুংগা (মুর্শিদা ২৩)

ঘোংগো g^{h}oηgo দ্র ঘংও (মালদা ১১)

ঘোংগোর্[১] g^{h}oηgor বি বিবাহানুষ্ঠানে বর ও কনের ব্যবহৃত চাদর বিশেষ [বরের চাদরটি সাদা এবং কনেরটি রঙিন হয়] scarf of the bride and the groom (দার্জিলি ৩)

ঘোংগোর্[২] g^{h}oηgor ঘংও (পদিনা ১, ৯ মালদা ৪)

ঘোংঘা[১] g^{h}oηg^{h}a দ্র ঘেন্ডা (পুরুলি ৫)

ঘোংঘা[২] g^{h}oηg^{h}a দ্র ঘোংগা (মালদা ২)

ঘোংঘোর্ পিটা g^{h}oη g^{h}or piʈa দ্র ঘঁড়্ ঘঁড়ানো লোকটা ঘোংঘোর্পিটো হোই—লোকটার নাক ডাকছে অর্থাৎ লোকটা নাক ডেকে ঘুমাচ্ছে (পুরুলি ৯)

ঘোংটা[১] g^{h}oηʈa দ্র ঘংও (জলপা ৪ পুরুলি ১৪ বর্ধমা ৪, ২৩ বীরভূ ১০)

ঘোংটা[২] **g^{h}oɣʈa** দ্র ঘুড়্ঘুড়া কান ঘোংটা—কান সুড়সুড়ি দেয় (কোচবি ৪)

ঘোংঠি **g^{h}oɣʈ^{h}i** দ্র ঘংও কইনাটাৎ মাথার ঘোংঠি দিয়াৎ—কনেটির মাথায় ঘোম্‌টা দেওয়া (মালদা ৪)

ঘোংড়া **g^{h}oɣɽa** বি হাই yawn (পদিনা ২)

★ঘোংড়ানো **g^{h}oɣɽano** ক্রি হাই তোলা to yawn ঘোংড়িছে—হাই তুলছে (পদিনা ২)

ঘোংড়ি **g^{h}oɣɽi** দ্র ঘংও (কোচবি ৩)

ঘোংরা[১] **g^{h}oɣra** দ্র ঘঁড়্ঘঁড়ানো (পদিনা ৪)

ঘোংরা[২] **g^{h}oɣra** বি গরুর গলায় বাঁধা ছোট ঘন্টা বা ঘন্টি [দ্র ঘন্‌টা[২]] a small bell tied on the neck of a cow (মালদা ১১)

ঘোংলা **g^{h}oɣla** বি মাটির তাল a large lump of clay (মালদা ২)

ঘোক্‌টা দিয়া **g^{h}okʈa dia** দ্র ঘাঁটা[৯] ঘোক্‌টা দিবা হবে—ঘেঁটে দিতে হবে (পদিনা ৪)

ঘোক্‌টি **g^{h}okʈi** দ্র ঘইট্‌কা (কোচবি ৪, ৬ জলপা ৬)

ঘোক্‌টিয়া **g^{h}okʈia** দ্র ঘইট্‌কা (কোচবি ৬)

ঘোক্‌শা কথা **g^{h}ok/a kɔt^{h}a** বি চাষাড়ে কথা, স্থূল কথা uncultured or vulger language (কোচবি ৬)

ঘোগ্[১] **g^{h}og** দ্র ঘগ্‌লা (চব্বিশ ৮, ১১, ২৪ নদিয়া ১২, ১৩ বর্ধমা ১৪ হাওড়া ১, ৩, ৮, ১০ হুগলি ১, ৪, ১৫)

ঘোগ্[২] **g^{h}og** বি খেলার মাঠে প্রতিপক্ষের দুর্বল খেলোয়াড় [দ্র ঘগ্‌লা, ঘোগ্[১], এরই অর্থবিস্তার হয়েছে এখানে] an unskilful player of the opponent in a play-ground (হাওড়া ১, ৩, ৮, ১০)

ঘোগ্[৩] **g^{h}og** বি ছিদ্র, ফাঁক a hole or an aperture (মেদিনী ১৫)

ঘোগ্[৪] **g^{h}og** বি 'টাঁই জাল্' নামক একপ্রকার মাছধরার জালের পিছনের সরু অংশ [এই জাল দুজন ব্যক্তি দুই হাতে ধরে নদী বা খালে টানে। ফলে মাছ এই অংশে জমা হয়] part of a fishing net (চব্বিশ ৩১)

ঘোগ্[৫] **g^{h}og** বি মাছ ধরার উপযোগী গর্ত বা ফাঁদ [সাধারণত জমি, পুকুর, নদীবাঁধ ইত্যাদির চোরা ছিদ্র পথে জল এবং সেই সঙ্গে মাছও নির্গত হয় (এ বিষয়ে দ্র ঘগ্‌লা, ঘোগ[১] ১ ইত্যাদি) এই অংশ থেকে মাছ ধরা যায়] a hidden aperture of a dam or dyke from which fishes can be caught (চব্বিশ ১১)

ঘোগ্‌গা **g^{h}ogga** দ্র ঘংও (মালদা ১, ৯)



ঘোগাডার্ খেল্

ঘোগ্‌টা **g^{h}ogʈa** দ্র ঘংও ঘোগ্‌টা নিয়া—ঘোম্‌টা দেওয়া (মেদিনী ১৩, ২৯, ৩২)

ঘোগ্‌রা **g^{h}ogra** দ্র ঘড়্ঘড়া[২] (মালদা ৮)

ঘোগ্‌লা[১] **g^{h}ogla** বি যবের খোসা the skin of barly (বর্ধমা ৫)

ঘোগ্‌লা[২] **g^{h}ogla** দ্র ঘগ্‌লা (বর্ধমা ৫, হাওড়া ৮)

ঘোঁগর্ **g^{h}õgɔr** দ্র ঘংও ঘোঁগর্ কেটেছে—ঘোম্‌টা টেনেছে (মুর্শিদা ২৩)

ঘোগা[১] **g^{h}oga** ১ বি মাছ ধরার সরঞ্জাম বিশেষ [নারকেল পাতার কাঠি দিয়ে তৈরি এই বস্তুটি কিছুটা পিরামিডের আকৃতিবিশিষ্ট হলেও গোল। ধানজমির আল কেটে এটি বসিয়ে দেওয়া হয় এবং মাছ এসে এতে ধরা পড়ে] a kind of fishing-trap made of the chip of coco-nut-leaf (বর্ধমা ২০) ২ বি বাঁশের তৈরি মাছ ধরার সরঞ্জাম a kind of fishing-epuipment made of bamboo (বীরভূ ৫)

ঘোগা[২] **g^{h}oga** বি 'ঘোগাডার্ খেল্' নামক খেলার ছকের মাঝের লম্বা দাগ the long mark in the middle of the checker-board of a rural game named 'g^{h}ogaɽar k^{h}el' (পদিনা ৩)

ঘোগা[৩] **g^{h}oga** দ্র ঘেন্‌ডা (পুরুলি ৯)

ঘোগাডার্ খেল্ **g^{h}ogaɽar k^{h}el** বি দাড়িয়াবান্ধা খেলা বা গিজো খেলা নামক গ্রামীণ খেলা বিশেষ a kind of rural game (পদিনা ৩)

ঘোঁগোট্ **g^{h}õgoʈ** দ্র ঘংও (বর্ধমা ২ মালদা ১১) ঘোঁগোট্ টানিয়া লিল, শরম্ কোর্‌লো—ঘোমটা টেনে নিল, লজ্জা করল (মালদা ১১) ~কাড়া **g^{h}õgoʈ kaɽa** ক্রি ঘোমটা টানা to veil (বর্ধমা ২)

ঘোগোমোগো **g^{h}ogomogo** বি বাচ্চাদের বাজানোর ঢোলক

ঘোড়ুরি

a dram, a tomtom (পদিনা ৯)

ঘোগোর্ টানা g^{h}ogor ʈana ক্রি নাক ডাকা to snore (চব্বিশ ৩৬)

ঘোঁঘি g^{h}õg^{h}i দ্র ঘোংগা (পুরুলি ২)

ঘোঙর g^{h}oŋɔr দ্র ঘংও (জলপা ৯ দার্জিলি ৪ মালদা ৩)

ঘোঙা^{১} g^{h}oŋa দ্র ঘেন্ডা (পুরুলি ২ মালদা ১ মুর্শিদা ১১)

ঘোঙা^{২} g^{h}oŋa বি মাছ ধরার সরঞ্জাম বিশেষ a kind of fishing-equipment (মেদিনী ২৪)

ঘোঙট্ g^{h}oŋɔʈ দ্র ঘংও, ঘংটা (মালদা ১১)

ঘোঙোট্ g^{h}oŋoʈ দ্র ঘংও (মালদা ৪)

ঘোঙোর্^{১} g^{h}oŋor দ্র ঘংও (কোচবি ২ পদিনা ৩ মালদা ২, ৩ মুর্শিদা ২৩)

ঘোঙোর্^{২} g^{h}oŋor দ্র ঘাগ্‌রা (চব্বিশ ২১)

ঘোচা g^{h}oca বি খোঁচা a prick ঘোচায় ছেঁড়া—খোঁচায় ছেঁড়া (বর্ধমা ১২)

ঘোঁচা^{১} g^{h}õca বি খড়্‌কে কাঠি a toothpick (বর্ধমা ১২)

ঘোঁচা^{২} g^{h}õca দ্র ঘোচা ঘোঁচা মাচ্চে—খোঁচা মারছে (হুগলি ১৬, ১৮)

ঘোঁচা^{৩} g^{h} õca বিণ যে গরুর দুটি শিংই সামনের দিকে বাঁকানো first bracket horns of a cow (বীরভূ ১১)

ঘোঁজ্ g^{h}õj বিণ বাঁকা uneven, not uniform জোমিটা খুব্ ঘোঁজ্—জমিটা খুব বাঁকা (নদিয়া ১৩)

ঘোঁজ্‌লা g^{h}õjla দ্র ঘুক্‌শি (বর্ধমা ৯)

ঘোট্^{১} g^{h}oʈ বি ঘটি a small pitcher-shaped metal water-pot (পদিনা ৮)

ঘোট্^{২} g^{h}oʈ বি ঢোক, ঢোঁক a gulp, gulping এ্যাক্ ঘোট্ জল্—এক ঢোক্ জল (মেদিনী ১৭, ২৬, ২৮, ২৯ হাওড়া ৩, ১০) **~পয়া g^{h}oʈ pɔĕa** বি পাঁকাল মাছের মতো একপ্রকার মোটা মাছ **~মারা g^{h}oʈ mara** ক্রি ১ ঢোঁক গেলা to gulp ঘোট্ মারছে—ঢোঁক্ গিলছে (মেদিনী ২৮) ২ গিলে খাওয়া to swallow (মেদিনী ১৫, ২৮) **~মেরে খাওয়া g^{h}oʈ mere k^{h}aŏa** ক্রি ঢোক্ গিলে খাওয়া eating something in gulps (মেদিনী ১৯)

ঘোঁট্ g^{h}õʈ দ্র ঘোট্^{২} এ্যাক ঘোঁট্ পি লিয়া—এক ঢোঁক (জল) পান করলাম (মালদা ৯)

ঘোট্‌কি g^{h}oʈki দ্র ঘইট্‌কা (জলপা ৭ পদিনা ৫, ১১)

ঘোট্‌না g^{h}oʈna দ্র ঘন্‌টা^{২} (মুর্শিদা ১১ দার্জিলি ২)

ঘোট্‌পয়া g^{h}oʈ pɔĕa বি একপ্রকার মাছ [পেট একটু মোটা] a kind of fish (দার্জিলি ৩)

ঘোট্‌রি g^{h}oʈri দ্র ঘোট্^{১} (বাঁকুড়া ৭)

ঘোঁটা g^{h}õ ʈa ক্রি রিপু করা to repiar, to ment (চব্বিশ ৭)

ঘোটানো^{২} g^{h}oʈano ক্রি গড়াগড়ি দেওয়া to welter, to wallow ছেলেটা ধুলোতে ঘোটাচ্ছে—ছেলেটা ধুলোতে গড়াগড়ি দিচ্ছে (নদিয়া ৩)

ঘোঁটি g^{h}õʈi দ্র ঘোট্^{২} ঘোঁটি লেল্‌কি—ঢোঁক গিললাম (মালদা ৯)

ঘোটিং g^{h}oʈiŋ দ্র ঘুটিং (বর্ধমা ৫) **~খেলা g^{h}oʈiŋ k^{h}ela** বি গ্রাম্য বালিকাদের ঘুঁটি খেলা বিশেষ [এই খেলার পাঁচটি গুটি বা খুঁটি থাকে] a kind of rural game of girls with five pebbles (মুর্শিদা ৩)

ঘোটিম্ g^{h}oʈim দ্র ঘুটিং (বর্ধমা ৬,৯)

ঘোটুকি g^{h}oʈuki দ্র ঘইট্‌কা (চব্বিশ ২৭)

ঘোটে g^{h}oʈe ক্রিবিণ অল্প একটু a little ঘোটে চা খাইনু—একটু চা খেলাম (মেদিনী ৮)

ঘোটোকি g^{h}oʈoki দ্র ঘইট্‌কা (পদিনা ১০)

ঘোঠোলো g^{h}oʈ^{h}olo বি হাত বা পায়ের কড়া a corn on the skin (দার্জিলি ৩)

ঘোড়্^{১} g^{h}oɽ বি পায়ের তলা the underneath of foot (পুরুলি ১২)

ঘোড়্^{২} g^{h}oɽ বি ওয়াড়a cover of a pillow etc. দ্র ঘুজ্‌নি (মেদিনী ২০)

ঘোড়্‌রি g^{h}oɽri বি বাবুই দড়ি (এক প্রকার ঘাসের দড়ি) পাকানোর যন্ত্র বিশেষ a rope twister (বাঁকুড়া ১৬)

ঘোড়্‌ঘাট্‌টি g^{h}oɽgaʈʈi বিণ বৃদ্ধিহীন (চুল) undeveloped (hair) ঘোড়্‌ঘাট্‌টি চুল ত্যাল দিলেও বাড়্‌বে না—ও চুলের বাড় নেই, তেল দিলেও বাড়্‌বে না (মুর্শিদা ১৯)

ঘোঁড়স্ ঘোঁড়স্ g^{h}õɽɔs g^{h}õɽɔs ক্রিবিণ ভোঁস ভোঁস (নাক ডাকার শব্দ) denoting noise of deep and loud

breathing or snoring (হাওড়া ১০)

ঘোড়া gʰoɾa বি দোতারা কিংবা সারেন্‌জা নামক বাদ্যযন্ত্রের অংশবিশেষ [এটি চামড়ার উপর লোহার উঁচু বাঁকানো পাত বা কাঠের টুকরো। তার গুলি এর উপর দিয়ে টান করে বাঁধা থাকে] fittings in musical instruments to regulate strings/cords (জলপা ৭)

ঘোঁড়া gʰõɾa বি ১ ধান ঝাড়ার বাঁশের মাচা বা পাটাতন ঢালুভাবে রাখার জন্য ব্যবহৃত দুটি কাঠের খণ্ড [তিনকোণা কাঠ এবং তার সঙ্গে লম্বা কাঠ বা বাঁশ জুড়ে এটি তৈরি হয়। এর উপরে বাঁশের পাটাতনকে একদিক উঁচুতে ও অন্যদিক নিচুতে এইভাবে রেখে ধান ঝাড়া হয়। এটি স্থান বিশেষে বিভিন্ন আকৃতির পাওয়া গেছে] two pieces of a stand to place the paddy thresher (চব্বিশ ৪, ১৯ মেদিনী ১৫ হুগলি ৫) ২ বি ঝুড়ি বোনার জন্য সরু বাঁশের কাঠিকে চাঁচার সময় যে সরঞ্জামটির উপর রাখা হয় [এটি দুই-আড়াই হাত লম্বা একখণ্ড সরু বাঁশ, যার একদিক দুইটি কাঠির সাহায্যে উঁচু করে রাখা হয়, অন্য দিক নিচুতে থাকে। এই বাঁশটির উপর সরু সরু বাঁশের কাঠি রেখে দা ইত্যাদির সাহায্যে চাঁচা হয়] an equipment on which bamboo-chips are rested for sharpening (বাঁকুড়া ১৬)

ঘোড়াকাট্ gʰoɾakat বি ধান পিটানোর সময় ব্যবহৃত সরঞ্জাম [কোনো গাছের ডালের এমন অংশ নেওয়া হয় যেখান থেকে আরো দুটি ডাল বেরিয়েছে। অর্থাৎ তিনটি ডালের সঙ্গমস্থল] a threshing board (বর্ধমা ৯) দ্র ঘোঁড়া ১

ঘোঁড়াকাট্ gʰõɾakat দ্র ঘোঁড়া ১ (হুগলি ৫)

ঘোড়াকাঠ্ gʰoɾakatʰ বি শবদাহের কাজে ব্যবহৃত কাঠ বিশেষ the thickwood that is used in cremation (বাঁকুড়া ১২)

ঘোড়া কেন্নো gʰoɾakenno বি মেটে রঙের খুব বড় আকারের কেন্নো বিশেষ a large centeped of brown colour (চব্বিশ ২১, ৩৭)

ঘোড়াগাড়ি খেল্ gʰoɾa gaɾi kʰel বি একটি গ্রামীণ খেলা বিশেষ [সমান সংখ্যক দুই দল। x-চিহ্নিত দল দান পেয়েছে। o-চিহ্নিত দল বিপক্ষ। এই বিপক্ষ দলের একজন সীমানার ধারে গোল চিহ্নিতস্থানে থাকবে। এর নাম ঘোড়া। ক-ঘরের উপরের দাগে বিপক্ষ দলের আর একজন খেলোয়াড় আছে। এদের যুগ্ম চেষ্টায় x-চিহ্নিত কোনো



ঘোড়াগাড়ি খেল্

খেলোয়াড় ক-ঘরে আসতে পারবে না। x-চিহ্নিত খেলোয়াড়রা তবুও আসবে। এখন যে ক-ঘর অতিক্রম করে এলো সে বা তারা ক্রমান্বয়ে খ, গ, ঘ, ঘর অতিক্রম করে 'ঙ' ঘরে পৌঁছাবে এবং বিপক্ষের ঘোড়া খেলোয়াড়কে ডাকবে। ঘোড়া তখন ছবি-অনুসারে নির্দেশ রেখার গতিপথ ধরে এসে ঘরের দাগের মধ্যে প্রবেশ করবে। ইতিমধ্যে ঘোড়া ইচ্ছা করলে এবং সুযোগ পেলে ঐ একই গতিপথে (সীমানার দাগ ধরে) হাত বাড়িয়ে কাউকে মারতে পারে। দলের কোনো একজনকে মারলে গোটা দল মোর হয়। আর কোনো একজন মোর না দিয়ে দান-পাওয়া দলের কোনো একজন যদি ক্রমান্বয়ে ঘ, ঙ, চ, ছ, জ এবং জ-এর উপরের ঘরে যেতে পারে তবে তারা জিতলো] a type of rural outdoor game (পদিনা ৯)

ঘোড়াগুট্ খেলা gʰoɾaguṭ kʰela বি গ্রামীণ খেলা বিশেষ a kind of rural game (কোচবি ৪)

ঘোড়া ঘাই gʰoɾa gʰaï দ্র ঘোড়াগাড়ি খেল্ (দার্জিলি ৩)

ঘোড়া ঘোড়া খ্যালা gʰoɾa gʰoɾa kʰæla বি গ্রামীণ খেলা বিশেষ [তিন বা ততোধিক খেলোয়াড় এই খেলাটি প্রাঙ্গণে খেলে। প্রত্যেকের হাতে থাকে মৃৎপাত্রের ভাঙা টুকরো, স্থানীয় ভাষায় যার নাম 'ডিগ্‌গাল্'। ক, খ, গ এই তিনজন যদি খেলাটি খেলে তবে দুইটি 'খাল' অর্থাৎ গর্ত খোঁড়া হবে এমনভাবে যাতে—গর্ত দুইটির মধ্যে সাত হাত পরিমাণ ব্যবধান থাকে এবং ক ও খ দুইটি গর্তের পাশে থাকে। প্রথমে ক নিজের 'ডিগ্‌গাল্' খ-এর গর্তে ফেলবে। যদি এতে সক্ষম হয় তবে ক এসে খ-এর ঘাড়ে চাপবে এবং গ তখন 'ক'-এর ঘরে যাবে। এবার 'খ' 'গ'-এর ঘরে গুটি ফেলবে এবং সক্ষম হলে খ গ-এর পিঠে চড়বে। এই সময় 'ক' 'খ'-এর পিঠ থেকে নেমে খ-এর ঘর থেকে

ঘোড়া ঘোড়া খ্যালা

'গ'-এর ঘরে গুটি ফেলবে। এইভাবে খেলাটি চলতে থাকে। হার-জিত নির্ণয় হবে কে কতবার অন্যের পিঠে চাপল তার হিসেবে] a kind of rural game (পদিনা ৭)

ঘোড়াচাঁদান্যা g^{h}oɾa cãdanæ বি গরুর অসুখ বিশেষ [এই রোগে গরু ঘোড়ার মতো লাফাতে থাকে এবং একসময় মুখথুব্‌ড়ে পড়ে মরে যায়] a disease of cow (বীরভূ ৯)

ঘোড়াচিম্‌টি g^{h}ɾcimʈi বি কাঠ পিঁপড়ে a variety of large and black ant living on trees (চব্বিশ ২৩)

ঘোঁড়া চুল্ g^{h}õɾa cul বি বেতো চুল [মাথার এক একটি চুল খুব শক্ত ও কোঁচকানো মতো থাকে, যার বৃদ্ধি বিশেষ হয় না] a rough and undeveloped hair, stiff and curly (মুর্শিদা ১৯)

ঘোড়াজালি g^{h}oɾajali বি একপ্রকার অসুখ [এই রোগে পায়ের তলায় হাজা হয়ে চালুনির মতো ফুটো ফুটো হয়ে যায়] a kind skin disease (বাঁকুড়া ৪)

ঘোড়া ডু খ্যালা g^{h}oɾa ɖu k^{h}æla দ্র ঘোড়াগুট্ খেলা (জলপা ৭) বউবসা/বুড়ি বসা খেলার নামভেদ

ঘোড়াদৌড়া গাছ g^{h}oɾadoŭɾa gac^h বি একপ্রকার পত্রহীন সহস্রমূল বিশিষ্ট গাছ [শরীরের কোনো হাড় ভেঙে গেলে এই গাছের মূল বেটে গরম করে সেই ভাঙা অংশে লেপন করে বেঁধে ব্যাণ্ডেজ করে রাখলে দুদিন পরে সেরে যায়। তবে শিশুদের ক্ষেত্রেই এই চিকিৎসা সফল হয়। বয়স্কদের ক্ষেত্রে বা বিলম্বে ব্যবস্থা নিলে এই পদ্ধতি সফল হয় না] a cactus like plant having medicinal property to cure broken-bones (মেদিনী ২৫)

ঘোড়ান্‌চি g^{h}oɾanci দ্র ঘড়ান্‌চি[২] (হাওড়া ১)

ঘোড়ান্‌চে g^{h}oɾance দ্র ঘড়ান্‌চি[২] (হাওড়া ১, ৮)

ঘোড়ানাকি g^{h}oɾanaki বিণ তীক্ষ্ণ নাক বিশিষ্ট মহিলা the woman who has a sharp nose (বীরভূ ৩)

ঘোড়ানাগ্ সাপ্ g^{h}oɾanag sap বি একপ্রকার বিষধর সাপ a kind of venomous snake (মেদিনী ৩৪)

ঘোড়াপালা g^{h}oɾa pala বি ধানের গাদা বিশেষ [অর্থাৎ যে গাদা বা স্তুপের একদিকে ধানের আঁটির গোড়া ও অপর দিকে ধানের শীষ ভাগ যাবে। এই গাদা গোলাকার হয় না; লম্বালম্বি হয় এবং দীর্ঘস্থায়ী হয় না, সাময়িক ভাবে করা হয়। মুর্শিদাবাদ জেলায় একে 'দিগপালা' বলা হয়] primary stacking of paddy plants (নদিয়া ৬)

ঘোড়াপোঁকা g^{h}oɾa põka বি ধান, চাল, গম প্রভৃতি শস্যে যে কালো পোকা হয় [এর অপর নাম সরুই পোকা। হাওড়া, চব্বিশ পরগনায় একে 'উকুনে পোকা' বলে] a kind of black worm like the louse which grows in paddy, rice or wheat (বীরভূ ১১)

ঘোড়াবজ্ g^{h}oɾabɔj বি মাছ ধরার মশলা বা চার bait (use to entice or catch fish) (চব্বিশ ১১)

ঘোঁড়াবাড়ি g^{h}õɾabaɾi দ্র ঘোঁড়া ২ (বর্ধমা ১৯ বাঁকুড়া ১০)

ঘোড়াভুত্ g^{h}oɾab^{h}ut বি ঘোড়া মরলে যে ভূত হয় বলে লোক প্রচলিত বিশ্বাস gobblin of horse (চব্বিশ ১ মেদিনী ২০)

ঘোড়ামুখি g^{h}oɾamuk^{h}i বি, বিণ ধানের আধপাকা অবস্থা [ধানের মধ্যে চাল তৈরি হওয়ার ফলে শীষের ভারে ধান গাছ এই সময় নত হয়ে থাকে] the half-ripen condition of paddy ধান ঘোড়ামুখি হয়েচে—ধান আধপাকা হয়েছে (বীরভূ ৭)

ঘোড়ামুগ্ g^{h}oɾamug বি এক জাতীয় বড় মুগ কড়াই an inferior kind of pigeon-pea chiefly used as food for horses, gram (চব্বিশ ২১)

ঘোড়ালাদি g^{h}oɾaladi বি একপ্রকার লতানে গাছ [বড় গাছকে অবলম্বন করে ওপরে ওঠে। শিকড়টা মোটা শাঁকালুর মতো। আঙুলহারা, পা ফোলার ওষুধ] a creeper having medicinal property to cure swelling of feet, whitlow etc. (বাঁকুড়া ৭)

ঘোড়া লেবু[২] g^{h}oɾa lebu বি গোঁড়া লেবু the citron (নদিয়া ১২)

ঘোড়ালো g^{h}oɾalo বিণ গাঢ় (রঙ) deep (colour)

ঘোড়ালো পারা বটে—গাঢ় মতো রঙ [পারা = মতো] (বর্ধমা ৪)

ঘোড়াহাসি g^{h}oɽahasi বি অট্টহাসি a very loud or roaring laughter (হুগলি ৪)

ঘোড়ি[১] g^{h}oɽi দ্র ঘঁড়ি (চব্বিশ ৪, ৭ পুরুলি ১২ বাঁকুড়া ১২ মেদিনী ৩৪ হাওড়া ১)

ঘোড়ি[২] g^{h}oɽi বি মুহূর্ত, সময়, ঘণ্টা অর্থে a moment, an hour, time তাম্‌হা কি এ্যালায় ঘর্ য্যাবান্ আর্ এক্ ঘোড়িত্ রহ—তোরা কি এখন বাড়ি যাবি, আর একটুক্ষণ অপেক্ষা কর্ (দার্জিলি ২) তুই এ্যাক্ ঘোড়ি ঘুরি আসু—তুই একটু সময় ঘুরে আয় (পদিনা ১০) এ্যাক্ ঘোড়িতে হটো কোরে মোরে গেইল—এক মুহূর্তে হঠাৎ মারা গেল (বর্ধমা ২৬)

ঘোড়ি[৩] g^{h}oɽi বি পিতলের গোলাকৃতি ঘণ্টা [কাঠের হাতুড়ি দিয়ে আঘাত করে যা বাজানো হয় [সাধারণত বিদ্যালয়ে এই ধরনের ঘণ্টা দেখা যায়] a round shaped brozen bell (which exists in a school) (চব্বিশ ১৯)

ঘোড়ি[৪] g^{h}oɽi দ্র ঘড়া[১] (নদিয়া ৭)

ঘোড়ি[৫] g^{h}oɽi বি কিনারাহীন একপ্রকার কাঁসি a dish of rimless bell metal (চব্বিশ ১৯) **~কার্ g^{h}oɽi kar** বি সরু কার বিশেষ [এই কার দিয়ে গহনা পরা হয়] a black cord (especially one made of silk) (মুর্শিদা ২) **~ঘোড়ি g^{h}oɽi g^{h}oɽi** দ্র ঘঁচ্‌ঘঁচ্ (মেদিনী ৫)

ঘোড়িয়া[১] g^{h}oɽia দ্র ঘওড়া[১] (কোচবি ২)

ঘোড়িয়া[২] g^{h}oɽia বি শবদাহের পূর্বে মৃতদেহকে যে বিশেষ আধারে শোয়ানো হয় [চারটি খুঁটির সঙ্গে বাঁশ ও দড়ি দিয়ে একটি মাচা তৈরি করা হয়। একেই বলে ঘোড়িয়া। ঘোড়িয়া শুদ্ধ মৃতদেহ চিতায় রাখা হয়] a funeral pyre made of bamboo (বাঁকুড়া ১৫)

ঘোড়িয়া[৩] g^{h}oɽia দ্র ঘোঁড়া ২ (মালদা ১১)

ঘোঁড়িয়া g^{h}õɽia বিণ দীর্ঘকায় tall, tall-bodied (মালদা ৯)

ঘোড়িয়া বাড় g^{h}oɽia baɽ বি ছিটে বেড়া [কঞ্চি ও ছেঁচা বাঁশের ঘন বেড়ার গায়ে কাদা লেপন করে গড়া বেড়া বিশেষ] a wall made of mud-plastered bamboo, or chips (বাঁকুড়া ১২)

ঘোড়িয়্যা g^{h}oɽiæ বি গরুর গাড়ির কাঠামোর ওপর দুই চাকার দুদিকে আড়াআড়িভাবে বসানো দুইটি কাষ্ঠখণ্ড [এই কাঠ দুটি প্রত্যেকটি তিন-সাড়ে তিন হাত লম্বা। এগুলির দুই প্রান্তে খুঁটি আটকে দুধারে দুইটি বেড়া লাগানো

ঘোড়িয়্যা কাট্

হয় সার বা ধান ইত্যাদি বহন করার সুবিধার্থে] pieces of wood fitted at the back side of a bullock cart. They help carrying goods like manure, paddy etc. (বাঁকুড়া ১, ৮, ১৩ মালদা ১) **~কাট্ g^{h}oɽiæ kaɽ** বি কর্মকারের ব্যবহৃত সরঞ্জাম বিশেষ [একখণ্ড চতুষ্কোণ কাঠের একদিকে হাতখানেক লম্বা একটি কাঠের হাতল থাকে। এই কাঠের উপর দা, কাস্তে, বঁটি ইত্যাদি রেখে ফাইল বা উকো দিয়ে ঘষা হয়] an equipment used by a blacksmith (মেদিনী ২৭)

ঘোড়ুয়া g^{h}oɽua বিণ ঘওড়া[১] ঘোড়ুয়া ভাশা—ঘরোয়া ভাষা অর্থাৎ দেশি কথা (কোচবি ৩) ঘোড়ুয়া খাতা—ঘরোয়া কথা (দার্জিলি ৩)

ঘোড়ে g^{h}oɽe দ্র ঘওড়া[১] (কোচবি ১,৮)

ঘোড়েল খ্যালা g^{h}oɽel k^{h}æla বি বুড়িবসা খেলা a kind of rural game of girls (চব্বিশ ৯)

ঘোড়ো g^{h}oɽo দ্র ঘুজ্‌নি (মেদিনী ৩০)

ঘোড়োন্ g^{h}oɽon বি গরুর গাড়ির বাঁশের বাতাগুলিতে পাকানো তারের বাঁধন iron band tying planks of bullock cart (বর্ধমা ১৫)

ঘোতানো g^{h}otano দ্র ঘুঁতোনো গরু ঘুতিয়ে দিয়েছে—গরু গুঁতিয়ে দিয়েছে (চব্বিশ ২১ হুগলি ১)

ঘোন্‌চল্ g^{h}onc͡ol দ্র ঘুংচা ঘোন্‌চল্ চুল্—কোঁক্‌ড়া চুল (পুরুলি ৫)

ঘোন্‌জাল্ g^{h}on jal দ্র ঘুন্‌জাল (বর্ধমা ২০)

ঘোন্‌টা g^{h}onʈa দ্র ঘংও (চব্বিশ ৯, ১৪, ২১, ৩৭, পদিনা ৩ মেদিনী ৩)

ঘোন্‌টি g^{h}onʈi দ্র ঘন্‌টা[২] (বর্ধমা ২৩)

ঘোন্‌নি[১] g^{h}onni দ্র ঘন্‌নি[১] (কোচবি ২)

ঘোপু

ঘোন্‌নি[২] **g^{h}onni** দ্র ঘন্‌নি (জলপা ১, ৭ দার্জিলি ২ পদিনা ৩)

ঘোন্‌নি বসা g^{h}onni bɔsa ক্রি মুরগির ডিমে তা দেওয়া to sit upon eggs (মেদিনী ২০)

ঘোন্ নিমাই g^{h}on nimaï বি ঘোড়ানিম গাছ a kind of the margosa tree (কোচবি ৩)

ঘোনা[১] **g^{h}ona** দ্র ঘুনা[২] (চব্বিশ ৩৭ বর্ধমা ৫)

ঘোনা[২] **g^{h}ona** দ্র ঘান্ গাছ্ (হাওড়া ১০)

ঘোনা[৩] **g^{h}ona** বি নারকেল কাঠির তৈরি মাছ ধরার খাঁচা বিশেষ a fishing trap made of coconut leaves stick (চব্বিশ ১৫) দ্র ঘংগা

ঘোনি g^{h}oni দ্র ঘংগা (চব্বিশ ১২, ২৭) ★~ **ঘোনি g^{h}oni g^{h}oni** ক্রিবিণ ঘ্যান্‌ঘ্যান whining, whimpering ঘোনিয়্যে ঘোনিয়্যে কি কথা বোলিস?—ঘ্যান্ ঘ্যান্ করে কি কথা বলিস? (মুর্শিদা ২৪)

ঘোনো[১] **g^{h}ono** বিণ ঘন, গাঢ় [দ্র ঘোড়ালো] deep ঘোনো করে গুলতে হবে—ঘন করে গুলতে হবে (চব্বিশ ২১) ঘোনো রঙ্—গাঢ় রঙ (চব্বিশ ২১) ঘোনো দুধ্—ঘন দুধ thickened condensed milk (পদিনা ২)

ঘোনো[২] **g^{h}ono** বিণ বেশি, অধিক অর্থে too much ঘোনো কথা—বেশি কথা (চব্বিশ ২১)

ঘোপ্ g^{h}op বি মাটির বাড়িতে জানালা হিসাবে ব্যবহৃত একপ্রকার গর্ত [দরিদ্র গ্রামবাসী জানালা তৈরির খরচ বাঁচানোর উদ্দেশ্যে দেওয়ালে এক বা একাধিক গোল গর্ত রাখে। এগুলির আকার এত ছোট হয় যে চোর ঢুকতে পারে না] a bay window in mud-hut (দার্জিলি ৪)

ঘোপা[১] **g^{h}opa** বি নদীর পাশে যে নিচু জমিতে প্রায়ই জল জমে থাকে এবং বর্ষাকালে ডুবে যায় low land by river side (কোচবি ৫)

ঘোপা[২] **g^{h}opa** ক্রি উনান ঝাড়া বা উনান খোঁচানো to poke ovens চুল্‌হা উস্‌কুটিয়া দিয়্যে ঘোপ্যায়ে দে—উনান টা উনান খোঁচানোর শিক দিয়ে ঝেড়ে দে (মালদা ৫)

ঘোঁপা g^{h}õpa বি খোঁপা a bun, hair dressed in a rounded mass (মেদিনী ১৪, ৩৩, ৩৪)

ঘোপু g^{h}opu বি (খেজুর রসের) ছোট ভাঁড় বিশেষ a small earthen cup (মুর্শিদা ১৩)

ঘোম্ g^{h}om দ্র ঘংও (মেদিনী ২০)

ঘোম্‌না g^{h}omna দ্র ঘম্‌না (জলপা ২, ৫)

ঘোমোড়ি g^{h}omoɽi দ্র ঘম্‌চি (মালদা ৬)

ঘোমোর্[১] **g^{h}omor** দ্র ঘংও মাথায় ঘোমোর্ দিছি—মাথায় ঘোম্‌টা দিয়েছি (কোচবি ২)

ঘোমোর্[২] **g^{h}omor** দ্র ঘাগ্‌রা (চব্বিশ ২০ নদিয়া ১০) ঘোমোর্ দেয়া আংউট্—ঘুঙুর [ছোট ছোট বল জাতীয় দেয়া পায়ের আঙুলে পরার আংটি] দ্র ঘুমুর্ গাতা মল (নদিয়া ১০)

ঘোঁয়য়া g^{h}õĕa ক্রিবিণ ছড়ানো, ছত্রাকার scattered about in a disorderly manner ঘোঁয়য়া হোয়্যা আছে—ছড়ানো হয়ে আছে (মেদিনী ১৯)

ঘোয়া g^{h}oa বি মাছ ধরার সরঞ্জাম বিশেষ a fishing equipment (চব্বিশ ১১)

ঘোয়ালি g^{h}oali বি গোয়াল ঘর a cow-shed (মালদা ৯)

ঘোর[১] **g^{h}or** দ্র ঘগ্‌লা (মেদিনী ৩৪)

ঘোর[২] **g^{h}or** দ্র ঘুড়োট্ রাস্তাটা খুব্ ঘোর্—রাস্তাটা খুব এঁকে বেঁকে গেছে বা ঘুরে গেছে (হুগলি ১৫)

ঘোর[৩] **g^{h}or** ১ দ্র ঘুর্[৩] আমটা ঘোর্ পাকা—আমটা খুব বেশি পাকা (বাঁকুড়া ১৬) ২ বিণ খুব বেশি অর্থে—টক্‌টকে, ধব্‌ধবে, কুচ্‌কুচে, ঘন, গাঢ় ইত্যাদি বোঝাতে too much deep (colour) excessive ঘোর্ রং—গাঢ় বা ঘন রং, ঘোর নাল—টুকটুকে লাল। ঘোর কালো—কুচকুচে কালো। ঘোর আঁদার কোইরে মেগ্ এসেচে—খুব কালো অন্ধকার করে মেঘ এসেছে। ঘোর সাদা—ধব্‌ধবে সাদা (বর্ধমা ২, ১০, ১৮, ২১ বীরভূ ৮ মুর্শিদা ১৬ মেদিনী ৩৪ হাওড়া ১০ হুগলি ৪, ৫, ৮)

ঘোর্[৪] **g^{h}or** বিণ কালো মেঘের জন্য যে অন্ধকার হয়, মেঘলা darkness due to cloud ঘোর্ কোরে আসা—খুব মেঘ করে অন্ধকার হওয়া (চব্বিশ ২১) **~করা g^{h}or kɔra**

ক্রি মেঘলা করা pent up cloud আকাশ্‌ট ঘোর্‌ কোইল্‌ল—আকাশটা মেঘলা করল (পুরুলি ৬) **~খাওয়া g^{h}or k^{h}aŏa** ক্রি সামলানো to manage ব্যাফার্‌টা ঘোর্‌ খাউক, শ্যালায় মুই যাইম্‌—ব্যাপারটা সামলে যাক, তারপর আমি যাব (জলপা ৭) **~ঘার্‌ g^{h}or g^{h}ar** বি অন্ধকার darkness এ্যাখন ঘোর্‌ঘার্‌ আছে ফস্‌সা হয়নি—এখনও অন্ধকার আছে, ফরসা হয়নি (মুর্শিদা ৫) **~ঘোইরা g^{h}or g^{h}oĭra** বিণ খুব বেশি too much আমটা ঘোর্‌ঘোইরা পাকিয়্যে গ্যাছ্যে—আমটা খুব পেকে গেছে (বাঁকুড়া ১৬) **~ঘোরিয়া g^{h}or g^{h}oria** দ্র ঘোর্‌ঘোইরা আমটা পাকে ঘোর্‌ঘোরিয়া হয়েঁ গেছে—আমটা পেকে টুসটুসে হয়ে গেছে (বাঁকুড়া ১৬) **~ঘোরুইয়া g^{h}or g^{h}oruĭa** বি ছাতার কল অর্থাৎ ঘোড়া, যেটি টিপে ছাতা বন্ধ করতে হয় the clip of an umbrella which shuts and opens the canopy (জলপা ৪) **~জিয়া g^{h}orjia** দ্র ঘর্‌জামাত্‌ ঐ চ্যাংড়াটা ঘোর্‌জিয়া থাকে—ঐ ছেলেটা ঘরজামাই থাকে (পদিনা ৪ মালদা ৮) **~তোর্‌ g^{h}ortor** বিণ গুরুতর very serious, grave, important (পুরুলি ৬) **~দোর্‌ খেলা g^{h}ordor k^{h}ela** বি ঘোড়দৌড় বা দৌড়ছুট খেলা a type of rural game (কোচবি ১) **~পালা g^{h}orpala** দ্র ঘোর্‌[৪] ম্যাগ্‌টা ঘোর্‌পালা হঁয় আইস্‌ছে—আকাশটা মেঘলা হয়ে আসছে (বীরভূ ৫) <ঘোর পারা **~ফের্‌ g^{h}orp^{h}er** হেরফের difference, alteration (জলপা ১) **~ভোথুয়া[২] g^{h}orb^{h}ot^{h}ua** বিণ চুক্তিবদ্ধ মজুর a labourer hired on contract (পুরুলি ৪) **~হাওয়া[১] g^{h}or haŏa** মুরগি বা হাঁস ডিম দিতে দিতে বন্ধ করে দিলে সেই অবস্থা incomplete hatching, defective (নদিয়া ৯) **~হাওয়া[২] g^{h}or haŏa** ক্রি অজ্ঞান হওয়া to be fainted ছেলেটা ঘোর্‌ হইং গেলো—ছেলেটা অজ্ঞান হয়ে গেল (পুরুলি ১৫)

ঘোর্‌নি[১] g^{h}orni দ্র ঘন্‌নি[১] (জলপা ১ মেদিনী ৬)

ঘোর্‌নি[২] g^{h}orni দ্র ঘর্‌কাম্‌লা (পদিনা ৫)

ঘোর্‌সু g^{h}orsu দ্র ঘোউশু (বর্ধমা ২১)

ঘোরা[১] g^{h}ora দ্র ঘোড়া (জলপা ৭)

ঘোরা[২] g^{h}ora দ্র ছিদ্র a hole eye of a needle বিন্দির ঘোরা—সুচের ছিদ্র (জলপা ৮) **~জামুরি g^{h}ora jamuri** বি পাতিলেবুর মতো একপ্রকার বড় লেবু, জামির the citron, the lime (জলপা ৮, ৯) **~পোকা g^{h}ora poka** দ্র ঘোড়াপোঁকা (মুর্শিদা ২৪) **~বেরা বাড়ি g^{h}ora bera baṭi** দ্র ঘুরে বেড়া বাড়ি (বাঁকুড়া ১০)



ঘোর্‌ ঘোরুইয়া

ঘোরাটি g^{h}oraṭi বি অশ্বারোহী a horseman, a rider (কোচবি ৩)

ঘোরান্‌চি g^{h}oranci দ্র ঘড়ান্‌চি[১] (মুর্শিদা ১৭)

ঘোরানি g^{h}orani বি ভোরের পূর্বমুহূর্ত time before down (মুর্শিদা ১২)

ঘোরামি[১] g^{h}orami দ্র ঘওড়া[১] ঘোরামি কথা—ঘরোয়া কথা (চব্বিশ ১৯)

ঘোরামি[২] g^{h}orami বি ঘরামি one who builds huts professionally (চব্বিশ ১৯ হাওড়া ১০)

ঘোরার্‌ ঝোল্‌ g^{h}orar j^{h}ol বি সারেন্‌জা নামক বাদ্যযন্ত্রের অংশবিশেষ [ঘোড়ার কেশরের তৈরি তার, এটি সারেন্‌জা বাজানোর বাঁশের ছড়ে বেঁধে রাখা হয়] (দ্র ঘোড়া) the string made of mane of horse and tide up to the bow of a musical instrument (জলপা ৭)

ঘোরালো g^{h}oralo দ্র ঘোনো[১], ঘোর্‌[৩] ২ ঘোরালো রং—গাঢ় রং (নদিয়া ১২)

ঘোরি[১] g^{h}ori বি বাড়ির কর্তা the master of a house or family দাসুবাবু এ বাড়ির ঘোরি—দাসুবাবু এ বাড়ির কর্তা (বীরভূ ৭)

ঘোরি[২] g^{h}ori কাঁসার ঘটি a small pitcher-shaped water-pot made of bell-metal (বর্ধমা ১৫)

ঘোরিএ্য g^{h}oriɛ বি গরুর গাড়িতে খাট্‌লা [দ্র খাট্‌লা] বা বেড়া বসানোর জন্য গাড়ির চাকার দুদিকে যে আড়াআড়ি কাঠ থাকে [এই কাঠ গাড়ির মূল কাঠামোর বাঁশ দুটির (উদল দ্র) উপর বসানো থাকে] (বর্ধমা ৮)

ঘোঁরিচ্ছে g^{h}õricc^{h}e ক্রি নাক ডাকছে shoring (মেদিনী ১২)



ঘোল্[২] মাথানি

ঘোরুই g^{h}oruĭ দ্র ঘোরি[১] (বীরভূ ১৩)

ঘোরুটে g^{h}oruṭe দ্র ঘওড়া[১] (বীরভূ ১৪ মেদিনী ৩৫)

ঘোর্যাল্ g^{h}oræl বি মেছো কুমির a piscivorous corcodile (মুর্শিদা ২১) < ঘড়িয়াল

ঘোরেল্ খ্যালা g^{h}orel k^{h}æla বি গ্রামীণ খেলা বিশেষ [কোনো কোনো জেলায় এই খেলাকে 'বউবসা খেলা' বলা হয়] এই খেলায় যে 'বউ' বা 'বুড়ি' হয় তাকে 'ঘোরেল' বলে] a kind of rural game (পুরুলি ৩ বর্ধমা ২২)

ঘোরোন্চি g^{h}oronci দ্র ঘড়ান্চি[২] (হাওড়া ৮)

ঘোরো বাঁশ g^{h}oro bã/ বি একপ্রকার দীর্ঘাকৃতি শক্ত বাঁশ a type of long and hard bamboo (হাওড়া ৩)

ঘোল্[১] g^{h}ol বি জলের ঘূর্ণি a whirlpool, eddy ঘোল্ মাচ্চে—জলে ঘূর্ণি ঘুরছে (বর্ধমা ২৩)

ঘোল্[২] g^{h}ol বি দুগ্ধজাত তরল পানীয় বিশেষ [এটির প্রস্তুত প্রণালী বিচিত্র ধরনের। প্রথমে দুধ ফুটিয়ে নিয়ে দুটি পাত্রে ঢালাঢালি করা হয়। এর ফলে দুধের প্রচুর ফেনার উৎপত্তি হয়। এরপর সেগুলি শুকিয়ে যায়। পুরু সরটি তুলে নিয়ে কাঁসা ব্যতীত অন্য যে কোনো পাত্রে পাঁচদিন রাখা হয়। এরপর সরটি একটি কাঁসার বাটিতে রেখে হাত দিয়ে চেপে চেপে চট্‌কানো হয়। এবার একটু জল দিয়ে নাড়তে হয়। জলের উপর যে পদার্থ ভেসে থাকে তাকে ননী বলে, এই ননী গরম করে ঘি তৈরি হয়। অবশিষ্ট জলকে বলা হয় 'ঘোল্'] a type of whey or buttermilk which is prepared by churning milk into butter [এছাড়া দধিমন্থন করেও একপ্রকার 'ঘোল' প্রস্তুত হয়—দ্র ঘোল্‌মুলা] (বর্ধমা ১৯) **~মাথানি g^{h}ol mat^{h}ani** বি ঘোল মন্থন দণ্ড [একটি লম্বা কাঠ বা বাঁশ পাশে দড়ি দিয়ে বাঁধা থাকে। অপর একটি দড়ি কাঠটির মাঝখানে লাগিয়ে টেনে টেনে ঐ বাঁশ বা কাঠটিকে ঘুরিয়ে ননী তোলা হয়] a churning-stick (বাঁকুড়া ১৩) **~মাথানি g^{h}ol mad^{h}ani** দ্র ঘোল্ মাথানি [এখানে বাঁশের দণ্ড ব্যবহৃত হয়] (পুরুলি ৩, ১৪) **~মিশাল্ g^{h}ol mi/al** মিশ্রিত, একাকার mixed up together, mixed up confusedly ঘোল্ মিশাল হোই গেল্‌জে—সব মিশে গেছে (মালদা ৫) **~মুচি g^{h}ol muci** দ্র ঘোল্ মাথানি (হাওড়া ১) **~মুতুনি g^{h}ol mutuni** দ্র ঘোল্ মাথানি (হুগলি ১) **~মুতুনি শোস্‌টি g^{h}ol mutuni /osṭi** বি কার্তিক মাসে অনুষ্ঠিত গ্রামীণ ব্রত বিশেষ [মেয়েরা এই ব্রত করে। তল্‌দা বাঁশকে (একপ্রকার সরু ও নমনীয় বাঁশ) ফাটিয়ে চার টুকরো করে 'বিদ' করে হাঁড়ির ভিতরে এই ঘোল্‌মুতুনি অর্থাৎ ঘোল মন্থন দণ্ড দিয়ে পুকুরঘাটে রেখে ব্রাহ্মণ দ্বারা পূজার্চনা করা হয়] a religious observation in the month of *Kartik* observed by women (হুগলি ৪) **~মুথোনি g^{h}ol mut^{h}oni** দ্র ঘোল্ মাথানি (হাওড়া ১) **~মুলা g^{h}ol mula** ক্রি দধি মন্থন করে ঘোল তৈরি করা to churncurd into whey (মেদিনী ২৮) **~মোত্‌নি g^{h}ol motni** দ্র ঘোল্ মাথানি (হুগলি ১১) **~মোনি g^{h}ol moni** দ্র ঘোল্ মাথানি (হাওড়া ৩) **~মোয়া g^{h}ol moa** দ্র ঘোল মুলা (হুগলি ৯, ১১)

ঘোল্[৩] g^{h}ol বি দই, চিনি, নুন দিয়ে প্রস্তুত সরবৎ বিশেষ [এই সমস্ত উপকরণ জলে মিশ্রিত ও ঢালাঢালি করে এই সরবৎ প্রস্তুত হয়] a type of whey prepared by mixing up curd, sugar and salt into water (চব্বিশ পরগনা, বর্ধমান, হাওড়া প্রভৃতি প্রায় সব জেলাতেই প্রচলিত)

ঘোল্[৪] g^{h}ol বি সরুগলি a narrow lane (মেদিনী ১১)

ঘোল্[৫] g^{h}ol বি গোবর ও মাটির নরম মিশ্রণ যা মাটির ঘর লেপনের কাজে ব্যবহৃত হয় a soft mixture of cow-dung and clay used to smear a mud-built house (দার্জিলি ৪)

ঘোল্[৬] g^{h}ol দ্র ঘোই (মেদিনী ৩, হাওড়া ১, ৮)

ঘোল্[৭] g^{h}ol বি জমির সরু খণ্ডাংশ বিশেষ [এই খণ্ডাংশের বৈশিষ্ট্য হল বিভিন্ন কারণে এটি সাময়িক অনাবাদী থেকে যায়। যেমন, চারা রোপণের সময় চারার অভাবে অথবা ত্রিকোণী জমিতে লাঙল করার সময় বা বীজ রোপণ করার অসুবিধা জনিত কারণে খণ্ডাংশ হিসাবে

গণ্য হয়। তবে অনাবাদী থেকে যায় না] a portion of land left temporary uncultivated for various reasons (মেদিনী ৩ হাওড়া ১, ৮)

ঘোল্[৮] **g^{h}ol** বি 'ঘোল্খ্যালা' (দ্র ঘোল্ খ্যালা) নামক গ্রামীণ খেলায় পরাজয় স্বীকার অর্থে 'ঘোল' শব্দটি উচ্চারণ করে পরাজয় স্বীকার করে the special word used by a defeated player to acknowledge his defeat in a kind of compititive rural game (চব্বিশ ৩৬) **~খ্যালা g^{h}ol k^{h}æla** বি গ্রামীণ প্রতিযোগিতা মূলক খেলা বিশেষ [একটি নির্দিষ্ট দাগকে কেন্দ্র করে দুই দলের মধ্যে টানাটানি হয়। দাগের বাইরে কোনো দলকে আনতে পারলে যে দল টেনে আন্‌লো তারা জয়ী হয়। পরাজিত দল 'ঘোল' বলে অর্থাৎ পরাজয় স্বীকার করে] (চব্বিশ ৩৬)

ঘোল্ঘোসি g^{h}ol g^{h}osi বি দ্রোণপুষ্প [বর্ষজীবী ঘন পত্রবিশিষ্ট একপ্রকার তুলসীগাছের মতো উদ্ভিদ। এর সাদা ফুল চোঙের মতো দেখতে, বর্ষায় ও শীতকালে ফোটে। ফলের উপরে তিনটি পাতা স্তরে স্তরে বিন্যস্ত থাকে— সরু, লম্বা, ছোট। এই উদ্ভিদ ছোট ও বড় দুই প্রকারের হয়। ছোট 'ঘোলঘোসি'র ফুলের বহিরাবরণ মসৃণ এবং বড় 'ঘোলঘোসি'র বহিরাবরণ রোঁয়াযুক্ত। অনেকে শাক হিসাবে এই উদ্ভিদ খান। এর পাতা ও ফুল পিত্তনাশের ঔষধ হিসাবে ব্যবহৃত হয়] leucus linifolia spreng (বাঁকুড়া ৭, ১৮) < ঘলঘসা (উ. অ.), দ্রোণপুষ্পী (উ. অ.)

ঘোল্টে g^{h}olṭe অসক্রি উল্টে বা গড়িয়ে (পড়া) to tumble or roll over/down ঘোল্টে পড়া—১ উল্টে পড়া ২ গড়িয়ে পড়া (পুরুলি ১৪) গেলাসটা ঘোল্টে যাচ্ছে তুলে ফ্যাল—গেলাসটা গড়িয়ে যাচ্ছে তুলে ফেল (বাঁকুড়া ১) ঘোটিটা ঘোল্টাই দিয়ে চোলি গেল—ঘটিটা উল্টে দিয়ে চলে গেল (বাঁকুড়া ১) ঘোল্টে পোড়ে যাওয়া—উল্টে পড়ে যাওয়া (মেদিনী ২৫)

ঘোল্পাক্ g^{h}olpak বি ভুলচুক errors and omission (বর্ধমা ৬)

ঘোল্ মওয়া g^{h}ol mɔ̆a ক্রি ঘোল মন্থন করা to churn butter (নদিয়া ২)

ঘোল্ মুচুনি g^{h}ol mucuni বি ঘোল-মন্থন দণ্ড a churning-stick (হাওড়া ৩)

ঘোলা[১] **g^{h}ola** বিণ পচা [কেবল ডিমের ক্ষেত্রে] rotten



ঘোল্ঘোসি

(egg) ঘোলা ডিম—পচা ডিম (জলপা ১) ঘোল পড়েছে—ডিম নষ্ট হয়ে গেছে অর্থাৎ যে ডিম থেকে বাচ্চা ফুটবে না (বাঁকুড়া ১২)

ঘোলা[২] **g^{h}ola** বি, বিণ যে জমি পরিষ্কার দৈর্ঘ্য সমন্বিত নয়। অর্থাৎ বাঁকা-ট্যারা, বৃত্তাকার বা বিভিন্ন কোণাকৃতি জমি a land with irregular borders with different angles (চব্বিশ ১১)

ঘোলা[৩] **g^{h}ola** বি জোয়ারের শুরুতে নদীর দুই কূলে পূর্ববর্তী ভাঁটার যে টান অবশিষ্ট দেখা যায় condition of river water by the sides at the juncture of two tides (চব্বিশ ৮)

ঘোলা[৪] **g^{h}ola** বি ভূষি [খেঁসারি কলাইকে মাড়াই করার পর যে খোসা পাওয়া যায়, এটি গোখাদ্য হিসাবে ব্যবহৃত হয়] the husk of a variety of pigeon-pea named lathyrus sativus, used as fodder (হাওড়া ১০)

ঘোলা[৫] **g^{h}ola** ক্রি গুলে দেওয়া to blend with water by pressing and rubbing ১ রঙ্টো পানিতে ঘুলছে না—রঙ্টা জলে গুলছে না ২ রঙ্টো কি ঘোলা হয়েছে?—রঙ্টা কি গুলে দেওয়া হয়েছে? ৩ রঙ্টো ঘুল্বে না—রঙ্টা গুলবে না (বীরভূ ৭)

ঘোলা[৬] **g^{h}ola** বি ঘি গলিয়ে নেওয়ার পর বাটিতে পড়ে থাকে যে অবশিষ্টাংশ বা তলানি the sediment after melting ghee (বর্ধমা ২১)

ঘোলা[৭] **g^{h}ola** বি রাজমিস্ত্রীর কাজে ব্যবহৃত সিমেন্ট এবং রঙের একপ্রকার তরল মিশ্রণ [ঘরের মেঝে তৈরির সময় লাল বা কালো রঙ, সিমেন্ট ও জলের এই মিশ্রণ তৈরি করে মেঝেতে ঢেলে দেওয়া হয়] a liquid mixture of cement and dye used by the mason (পুরুলি ৩ মালদা ২) **~চোক্ g^{h}ola cok** বি কটা চোখ a brown-

ঘোলানি[১]

ish eye as of a cat (চব্বিশ ৯ জলপা ৬) **~ডিম g^{h}ola ɖim** দ্র ঘোলা[১] (পুরুলি ৯ মুর্শিদা ১২) **~ পায়রা g^{h}ola paĕra** বিণ গোলা পায়রা untrained and ordinary pigeon (মুর্শিদা ২৪)

ঘোলান্‌টিয়া g^{h}olanʈia বিণ ঘোলা turbid, muddy ঘোলান্‌টিয়া জল—ঘোলা জল (পদিনা ১০)

ঘোলানি[১] g^{h}olani বিণ আধপাকা [তেঁতুলের ক্ষেত্রে ব্যবহৃত] half-ripe (মুর্শিদা ১৮)

ঘোলানি[২] g^{h}olani বি অন্ধকার darkness (মুর্শিদা ২)

ঘোলার্ টান্ g^{h}olarʈan দ্র ঘোলা[৩] (চব্বিশ ২৭)

ঘোশ্[১] g^{h}o/ দ্র ঘোল্[৬] [এছাড়া লাঙল দেওয়ার সময় লাঙলের ফালের দ্বারা সৃষ্ট লম্বা গর্তের দুধারে মাটি স্তূপাকার হয়ে যে নালার সৃষ্টি করে] mounds of earth uplifted by plough (কোচবি ১ দার্জিলি ৪ পদিনা ২)

ঘোশ্[২] g^{h}o/ বি ঘুষ a bribe, illegal gratification (পদিনা ৩ বর্ধমা ২৬)

ঘোশ্‌লা ঘুশ্‌লি g^{h}o/la g^{h}u/li ক্রিবিণ ঘষাঘষি act of repeated rubbing (কোচবি ৬)

★**ঘোশ্‌লানো g^{h}o/lano** ক্রি রগড়ানো to rub চোক্ ঘোশ্‌লাই—চোখ্ রগড়াই (কোচবি ৬)

ঘোশাইন্[২] g^{h}o/ain বি গোয়ালিনী a milk-maid, a milk-woman (মুর্শিদা ৬, ১১, ১২) < ঘোষ (স্ত্রী)

ঘোঁশা দেওয়া g^{h}õ/a deŏa ক্রি পুরানো খড়ের চালের পচা খড় ফেলে সেই অংশে নতুন খড় চাপিয়ে দেওয়া to put on new straw instead of old rotten straw (বীরভূ ১৩)

ঘোশি g^{h}o/i ১ দ্র ঘইশা (কোচবি ৮ জলপা ৭ দার্জিলি ২ পদিনা ১, ৪, ৭, ৮, ১০ বর্ধমা ৫, ৬, ২১ বীরভূ ৭, ১৩) ২ দ্র ঘাটা[৭] ঘুটে[২] [এখানে 'ঘুঁটে'কে বলা হয় 'উপ্‌লি'] (হুগলি ১, ১৯) **~র্ পোর্ g^{h}o/ir por** বি ঘুঁটের স্তূপ বিশেষ [বর্ষাকালে গোয়ালে মশা তাড়ানোর জন্য এই ঘুঁটের ঢিবি জ্বেলে ধোঁয়া দেওয়া হয়] piled up dried cow-dung used to drive away mosquitoes with the smoke created by lighting it (বর্ধমা ৬)

ঘোশিম্ g^{h}o/im দ্র ঘুশুম্ (হুগলি ১)

ঘোশিমে কাঁকড়া g^{h}o/ime kākʈa বি কাঁকড়া বিশেষ [এই কাঁকড়ার রঙ 'ঘোশিম' অর্থাৎ নুড়ি পাথরের মতো এবং গায়ে টিপ্‌টিপ্ দাগ আছে] a type of crab (হুগলি ১)

ঘোশো মুখ্ g^{h}o/o muk^h বি বীজধানের থেকে সদ্য চারা বের হয়েছে এমন অবস্থা first sprouting of seeds (চব্বিশ ১১)

ঘোস্[১] g^{h}os দ্র ঘোশ্[২] ঘোস্ লাগিবেক্—ঘুষ লাগবে (বর্ধমা ২৬)

ঘোঁস্‌টানি g^{h}õsʈani বি ঘর্ষণ act of rubbing ঘোঁস্‌টানি লেগে ছেঁচ্‌রিং জেল্‌ছে—ঘষা লেগে ছড়ে গেছে বা নুনছাল উঠে গেছে (শরীরের কোনো স্থানে) (বীরভূ ১১)

ঘোস্‌ড়া g^{h}osʈa বি আবর্জনা sweepings (মালদা ৭)

ঘোস্‌ড়ে যাওয়া g^{h}osʈe jaŏa ক্রি লুটিয়ে পড়া, মাটিতে ঘশ্‌টে যাওয়া অর্থে to roll especially on the ground কাপড়টা ঘোস্‌ড়ে যাঠে—কাপড়টা লুটিয়ে যাচ্ছে (মেদিনী ৩৪)

ঘোস্‌রে কাচা g^{h}osre kaca ক্রি কচ্‌লে (কাপড়) কাচা to squeeze while washing clothes (হাওড়া ১০)

ঘোসি g^{h}osi ১ দ্র ঘইশা, ঘোশি (চব্বিশ ১৯ নদিয়া ৪, ৯ মুর্শিদা ২৪ মেদিনী ২, ৬, ৮, ১১, ১৮, ১৯, ২০, ২৬, ৩০) ঘোসি মারা—ঘুটে দেওয়া (মেদিনী ২০) ২ গোবরকে ঘুঁটে না করে আস্ত রেখে শুকিয়ে যে জ্বালানি তৈরি হয় dried dung used as fuel (বর্ধমা ১০)

ঘোহোরা g^{h}ohora বি জ্বালানি বিশেষ [পাটকাঠিতে গোবর মাখিয়ে শুকিয়ে এই জ্বালানি প্রস্তুত করা হয়] a stalk of the jute-plant coated with cow-dung used as fuel (পদিনা ৯)

ঘ্যাং g^{h}æŋ বি আব, অর্বুদ, রোগজনিত মাংসপিণ্ড a tumour (মালদা ১০) তু ঘ্যাক্, ঘ্যাগ্

ঘ্যাংগোর্ g^{h}æŋgor বি শুকনো কাশি dry cough (পদিনা ৯)

ঘ্যাংঘর্ g^{h}æŋg^{h}ɔr দ্র ঘড়্‌ঘড়া[২] (দার্জিলি ৪)

ঘ্যাংড়া **gʰæɲɽa** বিণ টক, অম্লস্বাদবিশিষ্ট sour ঘ্যাংড়া বহির—টক কুল (মালদা ১১)

★ঘ্যাংড়ানো **gʰæɲɽano** দ্র ঘঁড়্ঘঁড়ানো (পদিনা ১০)

ঘ্যাংরা **gʰæɲra** ঘড়্ঘড়া[২] (পদিনা ৫, ১২)

ঘ্যাংশো **gʰæɲʃo** বিণ পরনিন্দা gossip মোর ঘ্যাংশো করেহ্যা—আমার নামে নিন্দা করেছে (মালদা ১১)

ঘ্যাক্[১] **gʰæk** দ্র ঘ্যাং (কোচবি ২)

ঘ্যাক্[২] **gʰæk** বি গরুর গলকম্বল a dewlap (জলপা ৯)

ঘ্যাক্কাউ **gʰækkaŭ** ক্রিবিণ ঘ্যাঁক (করে কামড়ানো অর্থে) act of biting suddenly with anger কুকুর ঘ্যাক্কাউ কোরি কাম্ড়াইল—কুকুর ঘ্যাক্ করে কামড়াল (কোচবি ৭)

ঘ্যাগ্ **gʰæg** দ্র ঘেক্ (কোচবি ১ জলপা ৭ মুর্শিদা ২২)

ঘ্যাগ্রা **gʰægra** দ্র ঘাট্নি[১] (মালদা ৬) **~কলাই** **gʰægra kɔlaĭ** বি বরবটি (মালদা ৬)

ঘ্যাগ্লা **gʰægla** বি ঘ্যাক্[২] (মালদা ১১)

ঘ্যাগাঘেগি **gʰægagʰegi** বি কচুরিপানা water-hyacinth (জলপা ৩ পদিনা ৯)

★ঘ্যাগান[১] **gʰæganɔ** ক্রি (বারেবারে বলা অর্থে) ঘ্যান্ ঘ্যান্ করা to whine, to whimper উ টাকার লেগ্যে ঘ্যাগাছ্যে—ও টাকার জন্য বারে বারে বলছে (মুর্শিদা ২২)

★ঘ্যাগান[২] **gʰæganɔ** ক্রি ভগ্নস্বরে চিৎকার করা to shout in a hoarse voice ঘ্যাগাছে—ভগ্নকণ্ঠে চেঁচাচ্ছে (পদিনা ১৩)

ঘ্যাঙর্ **gʰæɲɔr** দ্র ঘড়্ঘড়া[২] (পদিনা ৮)

ঘ্যাঙল্ **gʰæɲɔl** ঘড়্ঘড়া[২] (পদিনা ১৩)

ঘ্যাঙা[১] **gʰæɲa** বি ফড়িং the grasshopper (পদিনা ১৩)

ঘ্যাঙা[২] **gʰæɲa** বিণ লম্বা (লোক) tall (man) (বাঁকুড়া ১৩)

ঘ্যাঙোর্ **gʰæɲor** দ্র ঘড়্ঘড়া[২] (দার্জিলি ৩ পদিনা ৩, মালদা ৮)

ঘ্যাচ[১] **gʰæcɔ** বিণ সংকীর্ণ, সরু narrow (বাঁকুড়া ১১, ১৮)

ঘ্যাচ[২] **gʰæcɔ** বিণ ঘন সন্নিবিষ্ট অর্থে thickly ঘর্গুলো খুব ঘ্যাচ ঘ্যাচ—বাড়িগুলো খুব ঘেঁষাঘেঁষি (বাঁকুড়া ৭)

ঘ্যাচা **gʰæca** বি ছোট শিশু a baby (মেদিনী ১৫)

ঘ্যাঁচা[১] **gʰæ̃ca** বি ১ গলা neck ২ ঘাড় shoulder (পুরুলি ২, ৫, ৭)



ঘ্যাঙা[১]

ঘ্যাঁচা[২] **gʰæ̃ca** বি গরু মহিষাদির কাঁধ shoulder of cattle (পুরুলি ৫)

ঘ্যাঁচো **gʰæ̃co** বি ঘিঞ্জি thickly populated, congested (মেদিনী ৭)

ঘ্যাঁট্ **gʰæ̃ʈ** বি চচ্চড়ি বা ছ্যাঁচ্ড়া নামক তরকারি বিশেষ [পুঁইশাক, কচু, মুলো, কুমড়ো, আলু, আলুর খোসা, ডাঁটা ইত্যাদি সব রকম আনাজ একত্রে রান্না করে এই তরকারি প্রস্তুত করা হয়, কখনো কখনো এতে মাছের কাঁটা দেওয়া হয়] a dry dish of spiced vegetables cooked in oil and often with fish-bones (বাঁকুড়া ১, ৫ মুর্শিদা ১৪ মেদিনী ১১)

ঘ্যাঁট্লাই **gʰæ̃ʈlaĭ** অসক্রি ঘেঁটে stirring কাদা ঘ্যাঁট্লাই ঘ্যাঁট্লাই এ্যাক কেজি মাজ্ ধরেচি— কাদা ঘেঁটে ঘেঁটে এক কেজি মাছ ধরেছি (পুরুলি ৮)

ঘ্যাটা **gʰæʈa** দ্র ঘাটা[৭] ঘুটে[২] [এটি প্রচলিচ অর্থে ঘুঁটে নয়] (বর্ধমা ২০) **~ঘুঁটে** **gʰæʈa gʰũʈe** দ্র ঘাটা[৭] (চব্বিশ ১৪)

ঘ্যাঁটা **gʰæ̃ʈa** বি কড়া [হাত বা পায়ের চামড়া শক্ত হয়ে সৃষ্টি হয়] a corn on the skin of hand or leg হাতে ঘ্যাঁটা পোরেছে—হাতের তালুতে কড়া পড়ে গেছে [কোদাল ইত্যাদি একনাগাড়ে ধরার ফলে] (বর্ধমা ২৩)

ঘ্যাঁটারি **gʰæ̃ʈari** বিণ বামন a dwarf (নদিয়া ৯)

ঘ্যাঁতা **gʰæ̃ta** দ্র ঘ্যাঁচা[১] ১ ঘ্যাঁতায় পরায়—গলায় পরায় [বিবাহের মালাবদল অনুষ্ঠানে গলায় মালা পরায় অর্থে] (মেদিনী ১৩)

ঘ্যান্[১] **gʰæn** বি ঘিলু the soft or gray matter within the skull, brains (নদিয়া ৬)

ঘ্যান্[২] **gʰæn** বি, বিণ কথার প্যাঁচ a tricky or shrewd turn of chat হামার কথার্ ঘ্যান্ নাই সল্কা ভাসা—

ঘ্যারা[৩]

আমার কথার প্যাঁচ নাই, সোজা ভাষা অর্থাৎ ভাষা জটিল নয় বা কথায় কোনো মারপ্যাঁচ নেই (মালদা ৪)

ঘ্যান্[৩] g^{h}æn বি ঘ্রাণ smell (বীরভূ ১০)

ঘ্যান্[৪] g^{h}æn ক্রিবিণ কোণাকুণি diagonally ঘ্যান্ দিয়ে এখ্নে আয়—কোণাকুণি ভাবে এখানে আয় (মালদা ৯)

ঘ্যান্ঘেনি g^{h}æng^{h}eni বি বায়না an insistant and unreasonable or capricious demand ছোয়াডা ঘ্যান্ঘেনি ধোরিচ্যে—ছেলেটা বায়না ধরেছে (পদিনা ৩)

ঘ্যান্ঘ্যান্ g^{h}æng^{h}æn অ ঘিন্ ঘিন্ a feeling of loathing or detestation (মেদিনী ২৬)

ঘ্যান্টা g^{h}ænʈa দ্র ঘ্যাঁট্ (নদিয়া ১) < ঘণ্ট

ঘ্যানর্ ঘ্যানর্ করা g^{h}ænɔr g^{h}ænɔr kɔra ঘ্যান্ ঘ্যান্ (করা) to whine, to whimper অস্টোপোরি ঘ্যানর্ ঘ্যানর্ কোরিসি না—অষ্টপ্রহর (সারাক্ষণ) ঘ্যান্ঘ্যান্ করিস না (মেদিনী ২৬)

ঘ্যানা g^{h}æna বিণ কৃশ lean, thin of a slender frame ও লোকটি খুব ঘ্যানা—ও ছেলেটা খুব রোগা (চব্বিশ ২১, ৩৯ নদিয়া ৩)

ঘ্যাবোশ্ g^{h}æbo/ বি ট্যাঁড়শ the lady's finger or the kidney-vetch (চব্বিশ ৩৬)

★ঘ্যাম্চানো g^{h}æmcano ক্রি ভেঙানো to make faces (at) মুক্ ঘ্যাম্চাচ্ছে—মুখ ভেঙাচ্ছে (মেদিনী ১২, ৩৩)

ঘ্যামাচ্ g^{h}æmac দ্র ঘম্চি (পদিনা ১, ৪)

★ঘ্যামানো g^{h}æmano ক্রি আলো নেভানো to put out lamps, light ঘ্যামায়—আলো নেভায় (দার্জিলি ৩) লল্টন্টা ঘ্যামায়ে দে—লণ্ঠনটা নিভিয়ে দে (পদিনা ৩) ঘ্যামায়েছে আলোখান্—আলোটা নিভিয়েছে (পদিনা ৯)

ঘ্যার্ g^{h}ær বি বাড়ি [পাকা বা মাটির সব ক্ষেত্রেই প্রযোজ্য] a house (মালদা ৯) **~পোচ্ছা g^{h}ær pocc^{h}a** বি পাকা ঘর মোছার ন্যাতা a mop made of rag (মালদা ৯)

ঘ্যারা[১] g^{h}æra বি বেড়া a fence (পদিনা ৬, ১৫ মালদা ৩) খেতের ঘ্যারা—ক্ষেতের বেড়া (পদিনা ১৫)

ঘ্যারা[২] g^{h}æra অসক্রি ঘিরে surrounding এ্যাক্টা কাপড় ঘ্যারা দিবে—একটা কাপড় (দিয়ে) ঘিরে দেবে (মেদিনী ৫)

ঘ্যারা[৩] g^{h}æra বি ধুঁদুল a kitchen-vegetable cylindrical and tapering at both ends, bath sponge (জী. অ.) (দার্জিলি ২, ৩)

ঘ্যারা[৪] g^{h}æra বি ঝিঙে a kind of vegetable, cucurbitaceous plant and its fruit, luffa (জী. অ.) (মালদা ১১)

ঘ্যারা[৫] g^{h}æra বি চিচিঙ্গা a kind of green kitchen vegetable looking like a long tube tapering at both ends. Snake-ground, trichosanthes anguina (যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি) (পদিনা ৩) **~জাল্ g^{h}æra jal** বি ছোট ফাঁসযুক্ত খুব বড় ও লম্বা মাছধরার জাল বিশেষ [নদীতে ভাঁটার সময় এই জাল বসানো হয় যে কোনো মাছ ধরার জন্য] one type of a scoop net or a dipping or fishing net (মেদিনী ২০)

★ঘ্যারানো g^{h}ærano দ্র ঘ্যামানো [বিড়ির আগুন, বাড়ির আগুন ইত্যাদি নিভানোকেও বলা হয়] ঘ্যারাই যাওয়া—আলো নিভে যাওয়া (পদিনা ১) আগুনটা ঘ্যারাই দে—আগুনটা নিভিয়ে দে (মালদা ৩) ঘ্যারায়ে দে—নিভিয়ে দে (মালদা ৩) ঘ্যারায়ে রাখা—নিভিয়ে রাখা (মালদা ১১)

ঘ্যারামো g^{h}æramo বি ঘরামি one who builds huts (মালদা ২)

ঘ্যাঁরাই g^{h}æ̃ral̆ বি ময়লা বা আবর্জনা অর্থে refuse, sweepings (মেদিনী ১৫)

ঘ্যাল্ঘাঁট্ g^{h}æl g^{h}ãʈ বিণ ঘোলা turbid, muddy জলটা ঘ্যাল্ঘাঁট্ করি দিল—জলটা ঘোলা করে দিল (পুরুলি ১১)

ঘ্যাল্ঘ্যালিয়া g^{h}æl g^{h}ælia বিণ পেকে গল্গলে হয়ে যাওয়া, খুব বেশি গলিত অবস্থা over much ripee, softered overmuch due to ripe আম্টা ঘ্যাল্ঘ্যালিয়া হাইয়েঁছে—আম পেকে গলে গিয়েছে (পুরুলি ৩)

ঘ্যাশ্কাটা g^{h}æ/kaʈa দ্র ল্যাশ্কাটা (মালদা ৩)

ঘ্যাশঘ্যাশ **gʰæ̃/ɔgʰæ/ɔ** দ্র ঘ্যাচ[২] (পুরুলি ১৬)

ঘ্যাশাড়্ **gʰæ/a(** দ্র ঘ্যাচ[২] ঘ্যাশাড়্ দেওয়া—গা ঘেঁষে থাকা ক্যানে মোর্ গতরৎ ঘ্যাশাড়্ দিহিস—কেন আমার গায়ে ঘেঁষে আছিস? (মালদা ৩)

ঘ্যাস্ **gʰæs** বি ঠেস্ act of leaning গায়ে ঘ্যাস্ দিস্ না—গায়ে ঠেসান্ দিস না (বর্ধমা ৬) **~লাগানো gʰæs lagano** ক্রি স্পর্শ করা to touch (পদিনা ১৪)

ঘ্যাস্ঘেসিয়্যা **gʰæsgʰesiæ** দ্র ঘ্যাচ্[২] (মেদিনী ২৬)

ঘ্যাঁস্ড়া **gʰæ̃s(a** বি ন্যাওটা (of a child etc.) extremely brought under perfect control by means, child's extreme fondness for & thereby dependence or adherence to a particular relative or person মা-ঘ্যাস্ড়া—মা-ন্যাওটা (ছেলে) (বাঁকুড়া ৬)

★ঘ্যাস্রানো **gʰæsrano** ক্রি ঘষা to rub, to massage তেলটা গতরৎ ঘ্যাস্রাই দে—তেলটা গায়ে ঘষে দে (মালদা ১১)

ঘ্যাস্সোর্ **gʰæssore** বি নোংরা ugly dirty (মুর্শিদা ১৩)

ঘ্যাঁসা[১] **gʰæ̃sa** বি দড়ি প্রভৃতির দ্বারা ঘর্ষণে দেহে সৃষ্ট ক্ষত বিশেষ a sore due to frietion (মেদিনী ১৫)

ঘ্যাঁসা[২] **gʰæ̃sa** বি ১ কাছে আসা [দ্র ঘ্যাস্ লাগানো] ২ বিণ যে কাছ ঘেঁষে থাকে too much attached to or dependent on আচ্ছা কোল্ ঘ্যাঁসা ছেলে বটে?—এ ছেলেটা খুব কোলে চড়ে থাকা ছেলে (বাঁকুড়া [illegible], ৭)

ঘ্যের্ঘ্যেরি **gʰɛrgʰɛri** দ্র ঘোড়্রি (মেদিনী ২৯)